আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রতিবেদন
২০১৬ - ২০১৭

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রতিবেদন
২০১৬-২০১৭

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আবুল মাল আবদুল মুহিত এম. পি
মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আবুল মাল আবদুল মুহিত
মন্ত্রী

মুখবন্ধ

সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রেখে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং উন্নয়নের অন্যতম পূর্বশর্ত হচ্ছে আধুনিক ও দক্ষ আর্থিক খাত। দেশের সব ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান এ লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। আর্থিক খাতসহ অন্যান্য সব খাতের সমন্বিত কার্যকর ভূমিকা এবং সর্বোপরি বর্তমান সরকারের ধারাবাহিক বলিষ্ঠ নেতৃত্বের ফলে ২০১৬ সালে বাংলাদেশ বিভিন্ন স্বীকৃত আন্তর্জাতিক ঋণমান সংস্থা কর্তৃক নির্ণীত রেটিং-এ অত্যন্ত সন্তোষজনক ঋণমান অর্জন করেছে। এ রেটিং দেশের অর্থনীতির সুদৃঢ় ভিত্তির পরিচয় বহন করে।

আর্থিক খাতের তত্ত্বাবধানে কেন্দ্রীয় ব্যাংকের সক্ষমতা বৃদ্ধি অব্যাহত আছে। ব্যাংক খাতের প্রুডেন্সিয়াল রেগুলেশনগুলোকে আন্তর্জাতিক সর্বোত্তম রীতি-পদ্ধতির সাথে সামঞ্জস্য বিধানসহ ব্যাসেল-৩ বাস্তবায়নে প্রস্তুতিমূলক নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দক্ষতার সাথে ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে প্রচলিত তত্ত্বাবধান পদ্ধতির পরিবর্তে ঝুঁকিভিত্তিক তত্ত্বাবধান পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। সরকারের সম্প্রসারণমূলক রাজস্ব নীতির সাথে সমন্বয় রেখে বাংলাদেশ ব্যাংক মূল্যস্তর স্থিতিশীল রাখার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টিকারী অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে ষান্মাষিক ভিত্তিতে মুদ্রানীতি ঘোষণা করে আসছে। সরকারের গৃহীত নানাবিধ সংস্কারমূলক কার্যক্রমের ফলে বাংলাদেশের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা আন্তর্জাতিক মান অর্জনে সক্ষম হয়েছে।

দেশের অর্থনীতিতে দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজারের ব্যাপক ভূমিকা রয়েছে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পুঁজিবাজারের উন্নয়নের লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর অংশ হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড) রুলস, ২০১৬ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে। পুঁজিবাজারের দৈনন্দিন লেনদেন নিষ্পত্তির জন্য পৃথক একটি ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট কোম্পানি প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অর্থনৈতিক উন্নয়নে বীমা খাতের গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয় বিবেচনা করে এ খাতের উন্নয়নে প্রযুক্তিনির্ভর যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) ইন্টারন্যাশনাল এসোসিয়েশন অব ইন্স্যুরেন্স সুপারভাইসরস (আইএআইএস)-এর সদস্যপদ গ্রহণ করেছে।

দেশের ক্ষুদ্রঋণ খাতকে অধিকতর গতিশীল, স্বচ্ছ এবং জবাবদিহিমূলক করার লক্ষ্যে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) অব্যাহতভাবে কাজ করছে। এমআরএ'র সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলো দেশের অবহেলিত, দরিদ্র ও ব্যাংকিং সেবা বঞ্চিত ৩৫ মিলিয়ন গ্রাহককে ক্ষুদ্রঋণের মাধ্যমে আর্থিক সেবা প্রদানের পাশাপাশি সঞ্চয়ে উৎসাহিত করছে। এখাতে সদস্যদের সঞ্চয় দাঁড়িয়েছে ১৭০.০০ বিলিয়ন টাকার ওপরে।

প্রতিবেদনটি প্রণয়নে সঠিক তথ্য-উপাত্ত সরবরাহ করে আর্থিক প্রতিষ্ঠানগুলো প্রশংসনীয় ভূমিকা পালন করেছে। মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ পুস্তিকাটি প্রকাশে অক্লান্ত পরিশ্রম করেছে এজন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। নীতি-নির্ধারক, গবেষক, শিক্ষার্থী এবং সাধারণ পাঠকবৃন্দ প্রতিবেদনটি ব্যবহার করে উপকৃত হবেন-এ প্রত্যাশা করি।

(আবুল মাল আবদুল মুহিত এম পি)

এম.এ.মান্নান এমপি
প্রতিমন্ত্রী
অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

দেশের অর্থনীতিকে মজবুত, সুসংহত এবং স্থিতিশীল করার মাধ্যমে বর্তমান উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে আর্থিক প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে চলেছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের নিমিত্তে সমাজের সুবিধাবঞ্চিত এবং আর্থিক-সেবা বহির্ভূত গোষ্ঠিকে বিশেষ করে কৃষক, তাঁতী, পরিচ্ছন্নতা-কর্মী, পাদুকা ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী ক্ষুদ্র কারখানার কারিগর, বিলুপ্ত ছিটমহলবাসী, পোশাক শ্রমিক, প্রতিবন্ধী ব্যক্তিসহ বিভিন্ন শ্রেণী ও পেশার মানুষকে ব্যাংকিং সেবার আওতায় আনার লক্ষ্যে ন্যূনতম ১০ টাকা প্রাথমিক জমার মাধ্যমে ব্যাংকের হিসাব খোলার কার্যক্রম চালু করা হয়েছে। ২০১৬ পর্যন্ত এখাতে প্রায় ১,৬৭,৫৫,২৫৮টি হিসাব খোলা হয়েছে। এছাড়াও, শিক্ষার্থীদের জন্য স্কুল ব্যাংকিং এবং সকল শ্রেণীর জনগণের নিকট ব্যাংকিং সেবা পৌঁছানোর লক্ষ্যে মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। ইতোমধ্যে ১৩টি ব্যাংকের মাধ্যমে এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান করা হচ্ছে। দেশে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস)-এর আওতায় ১৭টি ব্যাংকের মাধ্যমে লেনদেন চলছে। বর্তমানে এর নিবন্ধিত গ্রাহকের সংখ্যা প্রায় ৫০ মিলিয়ন। এখাতে ২০১৭ সালের ফেব্রুয়ারি মাসে প্রায় ২২৩.২৭ বিলিয়ন টাকা লেনদেন হয়েছে। একই মাসে দৈনিক গড় লেনদেনের পরিমান ৭.৯৭ বিলিয়ন টাকা।

দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়ন ও টেকসই প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে প্রান্তিক পর্যায়ে কৃষিঋণ কার্যক্রম আরও গতিশীল করতে ২০১৬-১৭ অর্থবছরেও কৃষি ও পল্লীঋণ নীতিমালা ও কর্মসূচি পূনর্বিন্যাস করা হয়েছে। ফলশ্রুতিতে, ২০১৬-১৭ অর্থ বছরে এ যাবত কালের মধ্যে সর্বোচ্চ ১৭৫.৫০ বিলিয়ন টাকা কৃষি ও পল্লীঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত লক্ষ্যমাত্রার ৭৯.৩৭ শতাংশ অর্জন সম্ভবপর হয়েছে। কৃষিতে অধিকতর অংশগ্রহণের লক্ষ্যে কৃষি ও পল্লীঋণ বিতরণের ক্ষেত্রে নারীদেরকে অগ্রাধিকার প্রদান করার জন্য কৃষি ও পল্লীঋণ নীতিমালা ও কর্মসূচিতে ব্যাংকসমূহকে বিশেষ নির্দেশনা প্রদান করা হয়েছে। পাট চাষীদের ন্যায্যমূল্য প্রাপ্তির লক্ষ্যে রপ্তানির সাথে সংশ্লিষ্ট সকল পাটকল ও পাট ব্যবসায়ীদেরকে স্বল্পসুদে ঋণ প্রদানের জন্য একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। উক্ত তহবিল হতে মার্চ ২০১৭ পর্যন্ত মোট ১৭৩৮.৮ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে।

বীমা খাতের সার্বিক উন্নয়ন এবং এ খাতের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে ১৯৩৮ সালের বীমা আইন যুগোপযোগী করে "বীমা আইন, ২০১০" প্রণয়ন এবং ২০১১ সালে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়েছে। প্রতিষ্ঠার পর থেকে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এ খাতের শৃঙ্খলা রক্ষা ও উন্নয়নে সর্বাত্নক প্রচেষ্ঠা চালাচ্ছে। বীমা আইন, ২০১০ এর অধীনে ইতোমধ্যে ১৭টি বিধিমালা/প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে।

পরিশেষে, প্রতিবেদনটি ব্যবহার করে দেশের নীতি নির্ধারক, গবেষক, শিক্ষার্থী ও আগ্রহী পাঠকবৃন্দ উপকৃত হবেন বলে আশা করি।

(এম.এ.মান্নান)

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কার্যক্রমের ইতিবৃত্ত

বিগত এক দশক ধরে বিশ্বব্যাপী অর্থনৈতিক প্রবৃদ্ধিতে মন্থরগতি বিরাজমান থাকা সত্ত্বেও সরকারের সঠিক ও দূরদৃষ্টিসম্পন্ন পদক্ষেপের ফলে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি ৬.০ শতাংশের উপরে অর্জিত হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ নিম্ন-মধ্যম আয়ের দেশের মর্যাদা লাভ করেছে। এ অভূতপূর্ব অর্জনের ক্ষেত্রে দেশের আর্থিক প্রতিষ্ঠানসমূহ চালিকাশক্তি হিসেবে কাজ করেছে। ২০১৬-১৭ অর্থবছরের মার্চ পর্যন্ত দেশে সামষ্টিক অর্থনৈতিক এবং রাজনৈতিক স্থিতিশীলতার পাশাপাশি পরিমিত রপ্তানি প্রবৃদ্ধি, নির্মাণ, সেবা এবং ক্ষুদ্র ও মাঝারি খাতে অভ্যন্তরীণ চাহিদার তেজীভাব বজায় রয়েছে এবং অর্থবছরের অবশিষ্ট সময়ে এ ধারা অব্যাহত থাকলে কাঙ্ক্ষিত অর্থনৈতিক প্রবৃদ্ধি শতকরা ৭.২ ভাগ অর্জন, এমনকি তা অতিক্রম করাও সম্ভব হবে বলে অনুমিত হচ্ছে।

সাম্প্রতিককালে মূল্যস্ফীতির হার প্রত্যাশিতভাবে নিম্নগামী থাকায় ঋণের সুদহার নিম্নগামী রয়েছে এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ ক্রমাগতভাবে বৃদ্ধি ও ডলারের বিপরীতে টাকার বিনিময়হার স্থিতিশীল থাকায় অর্থনীতিতে বিনিয়োগের সুষ্ঠু পরিবেশ বিরাজ করছে। ফলে, ঋণমান নির্ণয়কারী আন্তর্জাতিক সংস্থা Standard & Poor's (S&P) এবং Moody's প্রকাশিত সভরেন রেটিং-এ ষষ্ঠবারের মত বাংলাদেশের রেটিং Stable Outlook-সহ যথাক্রমে BB^- এবং Ba3 অর্জিত হয়েছে। এছাড়া, ক্রমবর্ধমান জিডিপি প্রবৃদ্ধি ও ঋণমান নির্ণয়কারী অপর ০১টি আন্তর্জাতিক সংস্থা Fitch Ratingsও দ্বিতীয় বারের মত Stable Outlook-সহ বাংলাদেশের সভরেন রেটিং BB^- মান প্রদান করেছে।

বৈশ্বিক মন্দার কারণে আন্তর্জাতিক বাজারে তেলসহ খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধির ফলে বার মাসের গড় মূল্যস্ফীতি জুন ২০০৯ শেষে ৬.৬৬ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে জুন ২০১২ শেষে ১০.৬২ শতাংশে পৌঁছায়। মূল্যস্ফীতির এ ঊর্ধ্বমুখী ধারা রোধকল্পে ২০১০-১১ অর্থবছরের মাঝামাঝি থেকে রক্ষণশীল মুদ্রানীতি অবলম্বন ও সরকারের রাজস্ব নীতিমালার সাথে সমন্বিতভাবে অভ্যন্তরীণ চাহিদা নিয়ন্ত্রণে ম্যাক্রোপ্রুডেন্সিয়াল পলিসি গ্রহণ করা হয়। ফলে, মূল্যস্ফীতি হ্রাস পেয়ে জুন ২০১৩ শেষে ৬.৭৮ শতাংশে দাঁড়ায়। উৎপাদনমুখী মুদ্রানীতির সফলতাস্বরূপ কাঙ্ক্ষিত প্রবৃদ্ধি বজায় রেখেও মূল্যস্ফীতি ক্রমান্বয়ে হ্রাস পেয়ে ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছর শেষে যথাক্রমে ৬.৪ শতাংশ এবং ৫.৯২ শতাংশে নেমে আসে। ফেব্রুয়ারি ২০১৭ শেষে তা ৫.৪১ শতাংশে নেমে এসেছে।

বাংলাদেশের আর্থিক খাতের স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে আর্থিক বাজারের অবকাঠামো উন্নয়ন, বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধান সক্ষমতা বৃদ্ধি এবং উৎপাদনশীল খাতে অর্থায়ন সুবিধা প্রদানের জন্য আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর সহযোগিতায় 'ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি)' বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের অধীনে উল্লেখযোগ্য কার্যক্রম হলো: বাংলাদেশ ব্যাংকের তথ্যপ্রযুক্তি ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে আর্থিক বাজারে স্থিতিশীল নিশ্চিতকরণ, পাবলিক পেমেন্ট সিস্টেম উন্নয়ন, ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম আন্তর্জাতিক মানে উন্নীতকরণ, ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর আওতা বৃদ্ধি ও আধুনিকায়ন, মানিলন্ডারিং প্রতিরোধব্যবস্থা শক্তিশালীকরণ, ব্যাংকিং লেনদেন এবং এ সংক্রান্ত তথ্য-উপাত্ত নিরাপদে স্থানান্তরের জন্য পৃথক একটি ইন্টারনেট নেটওয়ার্ক স্থাপন, অনলাইন লেনদেন সংক্রান্ত সকল তথ্য-উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণ, বাংলাদেশ ব্যাংকের প্রুডেন্সিয়াল রেগুলেশন ও তত্ত্বাবধান পদ্ধতিকে আন্তর্জাতিক রীতি-পদ্ধতির সাথে সামঞ্জস্যপূর্ণ করা ইত্যাদি।

বাজারভিত্তিক সুদহার নীতিমালার আওতায় ব্যাংকগুলো বর্তমানে স্বাধীনভাবে আমানত ও ঋণের সুদহার নির্ধারণ করছে। এছাড়াও ব্যাংকগুলোর মধ্যে প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টির মাধ্যমে সুদের হার যৌক্তিকীকরণে বাংলাদেশ ব্যাংক তফসিলি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান অব্যাহত রেখেছে। সাম্প্রতিক সময়ে ঋণের সুদহার হ্রাস পাচ্ছে। ঋণের গড়ভারিত সুদহার জুন ২০১৬ মাসে ১০.৩৯ শতাংশ ছিল; যা ডিসেম্বর ২০১৬ মাসে ৯.৯৩ শতাংশে নেমে আসে। ঋণ ও আমানতের গড়ভারিত সুদহারের ব্যবধান (Spread) জুন ২০১৬ এর ৪.৮৫ শতাংশ থেকে কিছুটা হ্রাস পেয়ে ফেব্রুয়ারি ২০১৭ মাসে ৪.৬৯ শতাংশে দাঁড়িয়েছে। কৃষি ও পল্লিঋণের সুদহারের উর্ধ্বসীমা ১০ শতাংশে পুনঃনির্ধারণ করা হয়েছে।

একটি আধুনিক ও উন্নত পেমেন্ট সিস্টেমস অর্থের পরিচালন -গতি বৃদ্ধির মাধ্যমে ব্যবসায়িক কার্যক্রমে গতিশীলতা আনয়ন করে। আবার প্রান্তিক পর্যায়ে আধুনিক ব্যাংকিং সেবা পৌঁছে দেওয়া আর্থিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রমকে সমৃদ্ধ করে। বাংলাদেশ ব্যংকের ক্লিয়ারিং হাউজের মাধ্যমে চেক ও অন্যান্য পেমেন্ট ইনস্ট্রুমেন্টসমূহ স্বয়ংক্রিয়ভাবে নিষ্পন্ন করার জন্য ২০১০ সালে 'বাংলাদেশ ব্যাংক অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম' (BACPS) এবং ইলেক্ট্রনিক ব্যবস্থায় অর্থ স্থানান্তরের জন্য ২০১১ সালে 'বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্ক' (BEFTN) চালু হয়। এর মাধ্যমে দেশের পেমেন্ট সিস্টেমস ডিজিটাল যুগে প্রবেশ করে। এছাড়াও, দেশের ব্যাংকিং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে ২০১১ সালে দেশে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) চালু করা হয়। দেশের কার্ডভিত্তিক লেনদেনসমূহকে Interoperable করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১২ সালে 'National Payment Switch Bangladesh' (NPSB) প্লাটফর্মটি চালু করা হয়। এরই ধারাবাহিকতায়, ২০১৫ সালে বৃহদাঙ্কের আন্তঃব্যাংক লেনদেনসমূহ তাৎক্ষণিকভাবে অনলাইনে নিষ্পত্তি করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট' (RTGS) ব্যবস্থা চালু করা হয় । এ ব্যবস্থার মাধ্যমে দৈনিক গড়ে প্রায় ২,০০০টি লেনদেনের মাধ্যমে প্রায় ৮০.০০ বিলিয়ন টাকা লেনদেন হয়ে থাকে। ৩টি বাণিজ্যিক ব্যাংক ই-কমার্স পরিচালনার মাধ্যমে গ্রাহকদেরকে অনলাইন কেনাকাটার পরিশোধ সেবা প্রদান করছে।

বৈদেশিক মুদ্রার অন্তর্মুখী প্রবাহ বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রবাসী বাংলাদেশীগণ কর্তৃক স্বদেশে ব্যাংকিং চ্যানেলে দ্রুত অর্থ প্রেরণ এবং সার্বিকভাবে রেমিট্যান্স প্রবাহে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নানামুখী পদক্ষেপের ফলে দেশে বৈদেশিক মুদ্রার অন্তর্মুখী প্রবাহের আশাব্যঞ্জক প্রবৃদ্ধি সম্ভব হয়েছে। উচ্চ রপ্তানিপ্রবৃদ্ধি এবং আমদানি-ব্যয় তুলনামূলক কম হওয়ায় বৈদেশিক মুদ্রার রিজার্ভ অর্থবছর ২০১৫-১৬ শেষে ৩০.১৭ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছে; যা অর্থবছর ২০০৮-০৯ শেষে ছিল মাত্র ৭.৪৭ বিলিয়ন মার্কিন ডলার। রপ্তানি প্রবৃদ্ধি, সরাসরি বৈদেশিক বিনিয়োগ ও বৈদেশিক ঋণের আন্তঃপ্রবাহ বৃদ্ধির ফলে মার্চ ২০১৭ শেষে বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩২.২১ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। এ পরিমাণ রিজার্ভ আট মাসের অধিক আমদানি ব্যয় মেটাতে সক্ষম। রিজার্ভের সন্তোষজনক মজুদ বিদেশি বিনিয়োগকারীদের বাংলাদেশের অর্থনীতির বিষয়ে আস্থাশীল করছে।

বাংলাদেশে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থার ওপরে প্রণীত চূড়ান্ত প্রতিবেদন Asia Pacific Group on Money Laundering (APG)-এর ১৯তম বার্ষিক সভায় অনুমোদিত হয়েছে। এতে বাংলাদেশের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমকে এপিজি ও এর ৪১টি সদস্য রাষ্ট্র কর্তৃক আন্তর্জাতিক মানের হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে এবং বাংলাদেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালনের ক্ষেত্রে একটি 'কমপ্লায়েন্ট কান্ট্রি' হিসেবে বিবেচিত হয়েছে । এপিজির এ প্রতিবেদনে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থার ক্ষেত্রে বাংলাদেশকে এশিয়া অঞ্চলের অন্যতম শক্তিশালী দেশ হিসেবে চিহ্নিত করা হয়েছে। 'বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইনটেলিজেন্স ইউনিট ' (বিএফআইইউ) মিউচ্যুয়াল ইভ্যালুয়েশন প্রক্রিয়ার প্রধান সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করে। মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক তথ্য আদান প্রদানের প্রয়োজনে বিএফআইইউ মার্চ ২০১৭ পর্যন্ত সর্বমোট ৪৮টি দেশের এফআইইউ -এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

বাংলাদেশে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তা খাতের বিকাশ, নতুন উদ্যোক্তা তৈরি, নারীর ক্ষমতায়ন ও কর্মসংস্থানকে উৎসাহিত করার জন্য এসএমই ঋণ নীতিমালা সময়োপযোগী করা হচ্ছে। দেশের আর্থিক প্রতিষ্ঠানসমূহ। ২০১৬ সালে ৬৩৪,৫৭৪টি এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১৪১৯.৩৫ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এর মধ্যে ৪১,৬৭৫টি নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের অনুকূলে বিতরণকৃত ঋণের পরিমাণ ৫৩.৪৬ বিলিয়ন টাকা। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে অর্থায়নের জন্য কয়েকটি পুনঃঅর্থায়ন তহবিল চালু করা হয়েছে। প্রতিটি ব্যাংকে 'নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট' গঠন এবং নারী উদ্যোক্তাদের ব্যবসা -সহায়ক সেবা প্রদান করা হচ্ছে। নারী উদ্যোক্তাদের ক্ষেত্রে এসএমই ঋণের সুদহার ১০ শতাংশ নির্ধারণ করা হয়েছে।

সময়মত কৃষি উপকরণ সংগ্রহে সহায়তার জন্য ভূমিহীন কৃষক ও বর্গাচাষীসহ প্রকৃত কৃষকদের কাছে যথাসময়ে প্রয়োজনীয় পরিমাণ কৃষিঋণ সরবরাহকে গুরুত্ব দিয়ে এবং সরকারের কৃষি ও কৃষকবান্ধব নীতির সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ ব্যাংক প্রতি অর্থবছরে বর্ধিত কলেবরে কৃষি ও পল্লিঋণ নীতিমালা ও কর্মসূচি প্রণয়ন ও তা যথাযথ বাস্তবায়ন করে থাকে। এর ফলশ্রুতিতে, সরকারের অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সহযোগিতায় কৃষি-উৎপাদন ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। আমদানি নির্ভরতা কমিয়ে দেশে উৎপাদন বৃদ্ধি উৎসাহিত করতে ডাল, তৈলবীজ ও মসলা জাতীয় ফসল এবং ভূট্টা চাষে সরকারি ভর্তুকির আওতায় মাত্র ৪ শতাংশ সুদহারে কৃষিঋণ প্রদান করা হচ্ছে। বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে পার্বত্য জেলাসমূহের উপজাতীয় কৃষকদের মাঝে মাত্র ৫ শতাংশ রেয়াতি সুদে কৃষিঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ফেব্রুয়ারি ২০১৭ এ নিজস্ব ভবনে দাপ্তরিক কার্যক্রম শুরু করেছে। বিএসইসি স্টক এক্সচেঞ্জসমূহের লেনদেন নিষ্পত্তির জন্য পৃথক একটি ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট কোম্পানি প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছে। এছাড়া, বিএসইসি Small and Medium Enterprise (SME) এর জন্য পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলন এবং স্টক এক্সচেঞ্জে লেনদেনের জন্য পৃথক Small Cap Platform প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে। মিউচ্যুয়াল ফান্ড সেক্টরের গতিশীলতা আনয়নের লক্ষ্যে মেয়াদী (Close-end) মিউচ্যুয়াল ফান্ডগুলোকে বে-মেয়াদী (Open-end) মিউচ্যুয়াল ফান্ডরূপে চলমান রাখার উদ্দেশ্যে প্রয়োজনীয় রূপান্তর প্রক্রিয়া সম্পন্নের নির্দেশনা সম্পর্কিত একটি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে।

জাতীয় অর্থনীতিতে বীমা খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সম্ভাবনাময় এ খাতটি কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় পৌঁছানোর লক্ষ্যে সাধারণ বীমা কর্পোরেশন ও জীবন বীমা কর্পোরেশন নামে দুটি রাষ্ট্রায়ত্ত বীমা কর্পোরেশন এবং দুটি বিদেশি বীমা কোম্পানিসহ মোট ৪৬টি নন-লাইফ ও ৩২টি লাইফ ইন্স্যুরেন্স প্রতিষ্ঠান বাংলাদেশে বীমা ব্যবসা পরিচালনা করছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) গঠিত হওয়ার পর থেকে এ খাত থেকে ১.২৮ বিলিয়ন টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। বীমা খাতের বিরাজমান সমস্যা, অব্যবস্থাপনা এবং দুর্নীতি প্রতিরোধপূর্বক নিয়মতান্ত্রিক ধারায় চালিত করার উদ্দেশ্যে বিভিন্ন সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । যুগোপযোগী ও আন্তর্জাতিক স্বীকৃত পদ্ধতিসমূহ ব্যবহারের মাধ্যমে দেশের বীমা খাতের তদারকি ও উন্নয়ন গতিশীল করার লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ International Association of Insurance Supervisors (IAIS)-এর সদস্য হয়েছে। এছাড়াও, বীমা খাতে স্বচ্ছতা আনয়নের জন্য ভূসম্পত্তি ও ইমারত ক্রয়-বিক্রয় এবং যানবাহন ক্রয় নীতিমালা প্রণয়ন করা হয়েছে। বীমা আইন, ২০১০ এবং 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' আইন, ২০১০ এর আওতায় ৫টি বিধিমালা এবং ১২টি প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত হয়েছে। আরো ৯টি বিধি/প্রবিধানমালা প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

দেশের গ্রামীণ গৃহহীন পরিবারের বাসস্থান সমস্যা নিরসনের লক্ষ্যে সরকার কর্তৃক গঠিত 'গৃহায়ন তহবিল' হতে ২০১৬-১৭ অর্থবছরের ফেব্রুয়ারি পর্যন্ত বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহের (এনজিও) অনুকূলে মোট ৭২.৪ মিলিয়ন টাকা ঋণ ছাড় করা হয়েছে। এ সময়ে ছাড়কৃত অর্থে নির্মিত গৃহের সংখ্যা ১,০৩৩টি এবং মোট উপকারভোগীর সংখ্যা

৫,১৬৫ জন। ইক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ডের (ইইএফ) সহায়তায় ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত ১৮৯৭টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পে ৩৩.৯৫ বিলিয়ন টাকা এবং ১৩১টি আইসিটি প্রকল্পে ২.০২ বিলিয়ন টাকা মঞ্জুর করা হয়েছে এবং এর বিপরীতে ৮২৬টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের অনুকূলে ১২.৮৮ বিলিয়ন টাকা এবং ৮৮টি আইসিটি প্রকল্পের অনুকূলে ১.০৭ বিলিয়ন টাকা এবং সর্বমোট ১৩.৯৫ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে। ইইএফ সহায়তার মাধ্যমে কৃষিভিত্তিক ও আইসিটি প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে এ যাবত প্রায় ৫০,০০০ লোকের স্থায়ী ও মৌসুমী কর্মসংস্থান হয়েছে। এ ছাড়া, কৃষিভিত্তিক প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে দেশের গ্রামীণ অর্থনীতিতে অবকাঠামোগত উন্নয়ন সাধিত হচ্ছে। ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ)-এর আওতায় ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত প্রকল্পে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনসহ অন্যান্য প্রকল্পে মোট ২৪.৪১ বিলিয়ন টাকা দীর্ঘমেয়াদী ঋণ প্রদান করা হয়েছে। এ ঋণের বিপরীতে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত মোট ৭.৩৪ বিলিয়ন টাকা পরিশোধপূর্বক সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের নানামুখী কর্মকাণ্ডের ফলে মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধি কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত হচ্ছে। ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে এবং দেশকে উন্নত ও সমৃদ্ধশালী দেশে উন্নীত হতে কার্যকর ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

(মোঃ ইউনুসুর রহমান)

সূচিপত্র

আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ঃ ২০১৬-২০১৭	পৃষ্ঠা
❑ মুখবন্ধ	iii
❑ বাণী	iv
❑ কার্যক্রমের ইতিবৃত্ত	v
প্রথম অধ্যায় ঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	**২**
❑ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭	৪
দ্বিতীয় অধ্যায় ঃ ব্যাংক	**২৪**
❑ বাংলাদেশ ব্যাংক	২৬
রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	**৪৬**
❑ রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর কার্যক্রমের সংক্ষিপ্তসার	৪৮
❑ রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরে অগ্রগতি	৪৯
❑ সোনালী ব্যাংক লিমিটেড	৫০
❑ জনতা ব্যাংক লিমিটেড	৫১
❑ অগ্রণী ব্যাংক লিমিটেড	৫২
❑ রূপালী ব্যাংক লিমিটেড	৫৪
❑ বেসিক ব্যাংক লিমিটেড	৫৫
❑ বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড	৫৬
❑ ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা	৫৭
বিশেষায়িত ব্যাংক	**৬২**
❑ বিশেষায়িত ব্যাংকগুলোর কার্যক্রমের সংক্ষিপ্তসার	৬৪
❑ বিশেষায়িত ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরে অগ্রগতি	৬৬
❑ বাংলাদেশ কৃষি ব্যাংক	৬৭
❑ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৬৮
❑ ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা	৬৯
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক	**৭৪**
❑ বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর কার্যক্রমের সংক্ষিপ্তসার	৭৬
❑ বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরে অগ্রগতি	৭৮
❑ পূবালী ব্যাংক লিমিটেড	৮০
❑ উত্তরা ব্যাংক লিমিটেড	৮১
❑ এবি ব্যাংক লিমিটেড	৮২
❑ ন্যাশনাল ব্যাংক লিমিটেড	৮৩
❑ দি সিটি ব্যাংক লিমিটেড	৮৪
❑ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	৮৫
❑ ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স (আইএফআইসি) ব্যাংক লিমিটেড	৮৬
❑ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	৮৭
❑ আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড	৮৮
❑ ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৮৯
❑ ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স (এনসিসি) ব্যাংক লিমিটেড	৯০
❑ প্রাইম ব্যাংক লিমিটেড	৯১
❑ সাউথইস্ট ব্যাংক লিমিটেড	৯২
❑ ঢাকা ব্যাংক লিমিটেড	৯৩
❑ আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড	৯৪
❑ সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড	৯৫
❑ ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড	৯৬

- মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড ৯৭
- স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড ৯৮
- ওয়ান ব্যাংক লিমিটেড ৯৯
- এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড ১০০
- বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড ১০১
- মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড ১০২
- ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড ১০৩
- দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড ১০৪
- ব্যাংক এশিয়া লিমিটেড ১০৫
- ট্রাস্ট ব্যাংক লিমিটেড ১০৬
- শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড ১০৭
- যমুনা ব্যাংক লিমিটেড ১০৮
- ব্রাক ব্যাংক লিমিটেড ১০৯
- দি ফার্মার্স ব্যাংক লিমিটেড ১১০
- মেঘনা ব্যাংক লিমিটেড ১১১
- মিডল্যান্ড ব্যাংক লিমিটেড ১১২
- সাউথ বাংলা এগ্রি এন্ড কমার্স ব্যাংক লিমিটেড ১১৩
- এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড ১১৪
- মধুমতি ব্যাংক লিমিটেড ১১৫
- এনআরবি ব্যাংক লিমিটেড ১১৬
- এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ১১৭
- ইউনিয়ন ব্যাংক লিমিটেড ১১৮
- সীমান্ত ব্যাংক লিমিটেড ১১৯
- ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা ১২০

বিদেশী বাণিজ্যিক ব্যাংক **১৪২**

- বিদেশী বাণিজ্যিক ব্যাংকগুলোর কার্যক্রমের সংক্ষিপ্তসার ১৪৪
- বিদেশী বাণিজ্যিক ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরে অগ্রগতি ১৪৬
- স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক লিমিটেড ১৪৭
- হাবিব ব্যাংক লিমিটেড ১৪৮
- স্টেট ব্যাংক অব ইন্ডিয়া ১৪৯
- কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি ১৫০
- ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান ১৫১
- সিটি ব্যাংক এনএ ১৫২
- উরি ব্যাংক ১৫৩
- হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন (এইচএসবিসি) লিমিটেড ১৫৪
- ব্যাংক আলফালাহ্ লিমিটেড ১৫৫
- ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা ১৫৬

তফসিল বহির্ভূত ব্যাংক **১৬৪**

- তফসিল বহির্ভূত ব্যাংকগুলোর কার্যক্রমের সংক্ষিপ্তসার ১৬৬
- তফসিল বহির্ভূত ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরে অগ্রগতি ১৬৭
- আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক ১৭০
- বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড ১৭১
- গ্রামীণ ব্যাংক ১৭২
- কর্মসংস্থান ব্যাংক ১৭৩
- প্রবাসী কল্যাণ ব্যাংক ১৭৪
- পল্লী সঞ্চয় ব্যাংক ১৭৪
- ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা ১৭৫

তৃতীয় অধ্যায় ঃ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ১৮০

- আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রমের সংক্ষিপ্তসার ১৮২
- আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিগত পাঁচ বছরে অগ্রগতি ১৮৩
- সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো) ১৮৪
- আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড ১৮৫
- জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড ১৮৬
- বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড ১৮৭
- লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড ১৮৮
- দি ইউএই-বাংলাদেশ কোম্পানি লিমিটেড (ইউবিকো) ১৮৯
- ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড ১৯০
- বে লিজিং এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড ১৯১
- প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড ১৯২
- ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড ১৯৩
- ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ১৯৪
- রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড ১৯৫
- আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড ১৯৬
- উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড (ইউফিল) ১৯৭
- ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড ১৯৮
- ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড ১৯৯
- পিপলস্ লিজিং এ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড ২০০
- ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) ২০১
- ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড ২০২
- মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড ২০৩
- ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড ২০৪
- বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড ২০৫
- ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (আইআইডিএফসি) ২০৬
- ইসলামিক ফাইন্যান্স এণ্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড ২০৭
- ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২০৮
- এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২১০
- প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড ২১১
- ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড ২১২
- হজ্ব ফাইন্যান্স লিমিটেড ২১৩
- অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড বাংলাদেশ ২১৪
- বাংলাদেশ ফাইন্যান্স ফান্ড লিমিটেড ২১৫
- মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২১৬
- সিএপিএম ভেঞ্চার ক্যাপিটাল এন্ড ফাইনান্স লিমিটেড ২১৭
- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ২১৮
- বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ২১৯
- আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা ২২১

চতুর্থ অধ্যায় ঃ বীমা ২৪৪

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ২৪৬

লাইফ ইন্সুরেন্স কোম্পানী

- জীবন বীমা কর্পোরেশন ২৫০
- আলফা ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫০
- বেস্ট লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫০
- চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫১
- ডেল্টা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫১
- ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫১

- গোল্ডেন লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫২
- গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫২
- হোমল্যান্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫২
- যমুনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৩
- লাইফ ইনস্যুরেন্স কর্পোরেশন (এল আই সি) অব বাংলাদেশ লিমিটেড ২৫৩
- মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ ২৫৩
- মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫৪
- মেটলাইফ ২৫৪
- ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৪
- এনআরবি গ্লোবাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী ২৫৫
- পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫৫
- পপুলার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৫
- প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫৬
- প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫৬
- প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৬
- প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫৭
- রূপালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ ২৫৭
- সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৭
- সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৮
- সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৮
- সানলাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৮
- স্বদেশ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৫৯
- ট্রাস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫৯
- জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২৫৯
- লাইফ বীমা খাত কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা ২৬০

সাধারণ বীমা কোম্পানী

- সাধারণ বীমা কর্পোরেশন ২৬৪
- অগ্রণী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৪
- এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেড ২৬৫
- এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৫
- বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুরেন্স লিমিটেড ২৬৫
- বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৬
- বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৬
- সেন্ট্রাল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৬
- সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৭
- কন্টিনেন্টাল ইন্স্যুরেন্স লিমিটেড ২৬৭
- ক্রিস্টাল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৭
- দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৮
- ঢাকা ইন্স্যুরেন্স লিমিটেড ২৬৮
- ইস্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৮
- ইস্টার্ন ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৯
- এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড ২৬৯
- ফেডারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৬৯
- গ্লোবাল ইন্স্যুরেন্স লিমিটেড ২৭০
- গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭০
- ইসলামী কমার্শিয়াল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭০
- ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড ২৭১
- জনতা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭১
- কর্ণফুলী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭১
- মেঘনা ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড ২৭২
- মার্কেন্টাইল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭২

- নিটল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭২
- নর্দার্ন জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৩
- প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৩
- পিপলস্ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৩
- ফিনিক্স ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৪
- পাইওনিয়ার ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৪
- প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৪
- প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড ২৭৫
- প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৫
- পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৫
- রিলায়েন্স ইনস্যুরেন্স লিমিটেড ২৭৬
- রিপাবলিক ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৬
- রূপালী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৬
- সেনা কল্যাণ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৭
- সিকদার ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৭
- সোনার বাংলা ইন্স্যুরেন্স লিমিটেড ২৭৭
- স্ট্যান্ডার্ড ইন্স্যুরেন্স লিমিটেড ২৭৮
- সাউথ এশিয়া ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৮
- তাকাফুল ইসলামী ইন্স্যুরেন্স লিমিটেড ২৭৮
- ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৯
- ইউনাইটেড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৭৯
- নন-লাইফ বীমা খাত কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা ২৮০

পঞ্চম অধ্যায় ঃ পুঁজি বাজার **২৮৮**

- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ২৯০
- ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ২৯৮
- চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড ৩০০
- সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড ৩০৩
- বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) ৩০৫
- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ৩০৭
- ট্রেক হোল্ডারদের তালিকা ও কার্যক্রম ৩০৯
- মার্চেন্ট ব্যাংকারের তালিকা ও কার্যক্রম ৩৫৬
- সম্পদ ব্যবস্থাপকের তালিকা ও কার্যক্রম ৩৬৪
- ট্রাস্টি এর তালিকা ও কার্যক্রম ৩৬৭
- ক্রেডিট রেটিং কোম্পানীর তালিকা ও কার্যক্রম ৩৬৯
- কাস্টোডিয়ান এর তালিকা ও কার্যক্রম ৩৭০
- ফান্ড ম্যানেজারের তালিকা ও কার্যক্রম ৩৭১

ষষ্ঠ অধ্যায় ঃ ক্ষুদ্র ঋণ **৩৭২**

- মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) ৩৭৪
- সনদপ্রাপ্ত ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের মার্চ, ২০১৭ ভিত্তিক তথ্য ৩৮২

সপ্তম অধ্যায় ঃ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান **৩৯৬**

- পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ৩৯৮
- সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) ৪০২
- বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) ৪০৬
- বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) ৪০৮

অষ্টম অধ্যায় ঃ বিবিধ **৪১২**

- বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ ৪১৪
- ২০১৬-২০১৭ অর্থবছরের আর্থিক খাত সংক্রান্ত তথ্যাবলী ৪১৬
- দেশের কতিপয় আর্থিক সূচকের গতিধারা ৪১৯
- Abbreviation ৪২২

প্রথম অধ্যায়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিবেদন ২০১৬-২০১৭

দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংক ও আর্থিক খাতের অপরিসীম গুরুত্ব বিবেচনা করে এ খাতে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহি ও পরিবীক্ষণ কার্যক্রম নিবিড়তর করার লক্ষ্যে জানুয়ারি ২০১০ এ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যাংকিং অনুবিভাগকে বিলুপ্ত করে অর্থ মন্ত্রণালয়ের একটি স্বতন্ত্র বিভাগ হিসেবে "ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ" প্রতিষ্ঠিত হয়। তবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ" এর নাম দ্বারা এ বিভাগ কর্তৃক সম্পাদিত কার্যক্রম পরিপূর্ণভাবে প্রতিফলিত না হওয়ায় এবং নামের প্রথমে 'ব্যাংক' শব্দটি থাকায়, দেশের সকল ব্যাংকের সকল কার্যক্রম এ বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা হচ্ছে মর্মে একটি ভ্রান্ত ধারণা প্রকাশ পায়। অপরদিকে এ বিভাগ কর্তৃক সম্পাদিত বীমাখাত, ক্ষুদ্রঋণ ও পুঁজিবাজার সংশ্লিষ্ট বহুবিধ কাজ সম্পাদিত হলেও এ বিভাগের উক্ত নাম দ্বারা ঐ সব কার্যাবলি পরিপূর্ণ প্রতিফলিত হয় না। এজন্য দশম জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১০.১২.২০১৪ তারিখে অনুষ্ঠিত সভায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নাম পরিবর্তন করে একে সময়োপযোগী এবং সকল কাজের প্রতিফলন ঘটে এমন একটি নামে নামকরণ করার বিষয়ে আলোচিত হয়। তৎপ্রেক্ষিতে ২০১৭ সালে ২৭ এপ্রিল মাসে এ বিভাগের নাম পরিবর্তন করে 'আর্থিক প্রতিষ্ঠান বিভাগ' করা হয়।

ব্যাংক, নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, বীমা, পুঁজিবাজার, ক্ষুদ্রঋণ সংক্রান্ত সকল আইন, বিধি, প্রবিধান ও নীতিমালা প্রণয়নসহ প্রয়োজনীয় ক্ষেত্রে এগুলোর ব্যাখ্যা প্রদান, সচিবালয় প্রশাসন, ব্যাংক, বীমা, পুঁজিবাজার সংক্রান্ত সকল প্রকার আন্তর্জাতিক চুক্তি ও যোগাযোগ রক্ষাসহ এ সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আর্থিক খাতের শৃঙ্খলা রক্ষায় ও উন্নয়নে এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা যেমন: বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) ও মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA)-এর সাথে সমন্বয়মূলক কার্যাবলী সম্পাদন করে।

ভিশন

দক্ষ, অন্তর্ভুক্তিমূলক ও শক্তিশালী আর্থিক বাজার ও সেবা ব্যবস্থা।

মিশন

নীতিগত ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালী করার মাধ্যমে আর্থিক বাজার ও সেবা ব্যবস্থার মানোন্নয়ন

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের কর্মকর্তা-কর্মচারীর পরিসংখ্যান

জনবল	কর্মকর্তা		কর্মচারী		মোট
শ্রেণী	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	
১. অনুমোদিত	৪১	৩৬	৩২	৩৪	১৪৩
২. বিদ্যমান	২৬	১০	২	৬	৪৪
২.১ পুরুষ	২০	৮	০	৪	৩২
২.২ মহিলা	৬	২	২	২	১২

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ

- **বাংলাদেশ ব্যাংক**
  - ৫৭টি তফসিলভুক্ত ব্যাংক (রাষ্ট্রমালিকানাধীন ০৬ টি বাণিজ্যিক ও ০২টি বিশেষায়িত ব্যাংকসহ)
  - ৪টি রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক
  - ৩৫টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (রাষ্ট্রমালিকানাধীন ০২টিসহ)
- **বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ**
  - ৩২টি লাইফ বীমা কোম্পানি (রাষ্ট্রমালিকানাধীন ০১টি সহ)
  - ৪৬টি নন লাইফ বীমা কোম্পানি (রাষ্ট্রমালিকানাধীন ০১টি সহ)
- **বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
  - স্টক এক্সচেঞ্জ-০২টি
  - মার্চেন্ট ব্যাংক-৫৮টি
  - স্টক-ব্রোকার/স্টক-ডিলার-৩৯৩টি (ডিএসই + সিএসই)
  - সম্পদ ব্যবস্থাপক-২৪টি
  - কাস্টোডিয়ান-১৯টি
  - সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লি. (সিডিবিএল)-০১টি
  - বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
  - ক্রেডিট রেটিং কোম্পানি-৮টি (১টি SME ক্রেডিট রেটিং কোম্পানিসহ)
  - ট্রাস্টি-১৫টি
  - ফান্ড ম্যানেজার-৭টি
- **মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি**
  - ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান-৮৬৬টি
  - সনদপ্রাপ্ত প্রতিষ্ঠান-৬৯১টি
  - সাময়িক অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠান ১৭৫টি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ

নির্দেশক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
		২০১৫-১৬		২০১৬-১৭		২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১. ব্যাংকিং খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি (ক্রমপুঞ্জিভূত সকল ধরণের হিসাব সংখ্যা)	প্রাপ্তবয়স্ক জনসংখ্যার %	-	৭১.৩৯	৭৩.৫	৭৩.৫	৭৫.৬৫	৭৭.৮৭	৮০.১৬
২. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণীকৃত ঋণের (Classified Loans)হার	%	১০.৭৯	২৫.৭৪	৮.৯৪	১৯.৪৬	১৪.৭৫	১১.৫৪	৯.৬৭
৩. পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি	%	৩	৩.২	২	৩	৪	৪	৫
৪. বীমা পলিসি গ্রাহক সংখ্যা বৃদ্ধি	%	৪	৪	৪	৪	৪.২৫	৪.৫০	৪.৭৫
৫. ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ তদারকি (সনদপ্রাপ্ত ৬৯১টি প্রতিষ্ঠান)	%	৫১	৫১	৫২	৫২	৬৩	৫৪	৫৫

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের **Allocation of Business**

SL	Allocation of Business
1	Administration and interpretation of the Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127, 1972) and orders relating to specialized banks and other matters relating to state owned banks, insurance and financial institutions.
2	Insurance and law of insurance.
3	Banking including Co-operative Banking.
4	Regulation of share market and future markets.
5	Co-ordination matters relating to- (a) Capital issue; (b) Credit rate policy; (c) Interest rate policy.
6	Review of investment policies and programmes.
7	Secretariat administration including financial matters.
8	Administration and control of subordinate offices and organizations under this Division.
9	Matters relating to micro-credit and micro-finance.
10	Matters relating to prevention of money laundering and financial terrorism.
11	Formulation and implementation of policies on matters relating to this Division.
12	Liaison with International Organizations and matters relating of treaties and agreements with other countries and world bodies relating to subjects allotted to this Division.
13	All laws on subjects allotted to this Division.
14	Inquiries and statistics of any of the subjects allotted to this Division.
15	Fees in respect of any of the subjects allotted to this Division except fees taken in Courts.

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ
১. ব্যাংক ও নন -ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহে পেশাদারিত্ব ও স্বচ্ছতা বৃদ্ধি, শৃঙ্খলা উন্নয়ন, আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি, স্বচ্ছতা আনয়ন এবং জবাবদিহি নিশ্চিতকরণ।	• ব্যাংক ও নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধন; • কৃষি খাতে ঋণ প্রদান তত্ত্বাবধান; • ক্ষুদ্র ও মাঝারি শিল্প/ উদ্যোগে ঋণ প্রদান তত্ত্বাবধান।
২. পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ।	• পুঁজিবাজারে বিনিয়োগ বৃদ্ধি; • মূলধন উত্তোলন; • দেশব্যাপি ফাইন্যান্সিয়াল লিটারেসি কার্যক্রম বাস্তবায়ন। • পুঁজিবাজারে বিনিয়োগকারীদের প্রশিক্ষণ প্রদান; • পুঁজিবাজার বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম।
৩. বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণ।	• বিধিমালা/প্রবিধানমালা প্রণয়ন; • বীমাদাবী নিষ্পত্তির হারবৃদ্ধি। • বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান; • বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি।
৪. সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনায় সহায়তা জোরদার।	• ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায়; • এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি।

সাফল্য

(ক) ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত কার্যক্রম

দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের মুদ্রা ও ঋণনীতি প্রণয়ন ও বাস্তবায়নের দায়িত্ব পালন করছে। এর পাশাপাশি আর্থ-ব্যবস্থাপনা সহ দেশের ব্যাংকিং খাত তথা আর্থিক খাতের সার্বিক ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি ও উন্নয়ন, সার্বিক লেনদেন ব্যবস্থাপনার সুষ্ঠু পরিচালনা, নোট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং সরকারের যাবতীয় লেনদেনের দায়িত্ব পালন করে আসছে। দীর্ঘমেয়াদে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বাংলাদেশ ব্যাংক বরাবরের মতো চলতি ২০১৬-১৭ অর্থবছরেও মুদ্রানীতিতে অন্তর্ভুক্তিমূলক, কর্মসংস্থান সহায়ক এবং পরিবেশবান্ধব প্রবৃদ্ধি অর্জনের উপর গুরুত্ব আরোপ করেছে। এজন্য অন্তর্ভুক্তিমূলক ব্যাংকিং এবং পরিবেশবান্ধব 'সবুজ' অর্থায়নে (Green Financing) আকৃষ্ট করার জন্য বাংলাদেশ ব্যাংকের প্রণোদনা কর্মসূচি অব্যাহত রয়েছে যা দেশের সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা সুদৃঢ়করণে সহায়তা করছে। বার্ষিক গড় মূল্যস্ফীতি শতকরা ৫.৮ ভাগের নীচে সীমিত রাখা এবং কাঙ্খিত জিডিপি প্রবৃদ্ধি শতকরা ৭.২ ভাগ অর্জনের লক্ষ্যে ঘোষিত মুদ্রানীতিতে ব্যাপক মুদ্রা এবং রিজার্ভ মুদ্রা বৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে যথাক্রমে শতকরা ১৫.৫ এবং শতকরা ১৪.০ ভাগ। সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী জুলাই-ফেব্রুয়ারি ২০১৭ সময়ে ব্যাপক মুদ্রার প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৪.৫৩ শতাংশ, যেখানে পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ব্যাপক মুদ্রার প্রবৃদ্ধি ছিল ৭.২৯ শতাংশ। ব্যাংক ব্যবস্থায় বিরাজমান তারল্য, মূল্যস্ফীতির নিম্নমুখী ধারা এবং ব্যাংকগুলোর মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধির প্রেক্ষিতে জুলাই - ফেব্রুয়ারি ২০১৭ সময়কালে ব্যাংক ঋণের সুদ হারে নিম্নমুখী ধারা পরিলক্ষিত হয়েছে। ফলশ্রুতিতে, আমানত এবং অগ্রিমের সুদের হারের ব্যাপ্তি (Interest rate spread) জুন ২০১৬ এর ৪.৮৫ শতাংশ থেকে হ্রাস পেয়ে ফেব্রুয়ারি ২০১৭ শেষে ৪.৬৯ শতাংশে দাঁড়িয়েছে।

বাংলাদেশ ব্যাংক-এর সংস্কার : বাংলাদেশের আর্থিক খাতকে অধিকতর সুসংহত করে স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে আর্থিক বাজারের অবকাঠামো উন্নয়ন, বাংলাদেশ ব্যাংকের নিয়ন্ত্রন ও তত্ত্বাবধানের সক্ষমতা বৃদ্ধি এবং উৎপাদনশীল খাতে দীর্ঘ মেয়াদী অর্থায়ন সুবিধা প্রদানের জন্য আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর সহযোগিতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০১ জুলাই ২০১৫ হতে ৩১ মার্চ ২০২১ মেয়াদে "ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট -(এফএসএসপি") বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির মোট ব্যয় ২৭৫১.০০ কোটি টাকা (৩৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার) যার মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব অর্থায়ন ৩৯৩.০০ কোটি টাকা (৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার) এবং প্রকল্প সাহায্য ২৩৫৮.০০ কোটি টাকা (৩০০.০০ মিলিয়ন মার্কিন ডলার)।

দেশের উৎপাদনশীল খাতে দীর্ঘমেয়াদী ঋণ সুবিধার অপ্রতুলতার কারণে উৎপাদনশীল প্রতিষ্ঠানগুলো প্রয়োজনীয় মূলধনী যন্ত্রপাতি ক্রয়, ব্যবসা সম্প্রসারণ, আধুনিকায়ন ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করতে নানাবিধ সমস্যার সম্মুখী ন হচ্ছে। এফএসএসপি-এর আওতায় এ সকল সমস্যা দূরীকরণে নিমোক্ত ৩টি প্রধান কম্পোনেন্টের অধীনে নানাবিধ উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে:

১. আর্থিক বাজারের অবকাঠামো শক্তিশালীকরণ : এ কম্পোনেন্টের লক্ষ্য হলো বাংলাদেশের আর্থিক খাতে তথ্য -প্রযুক্তি আরো জোরদারকরণ, বিশেষতঃ (ক) পেমেন্ট ও সেটেলমেন্ট ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে বিদ্যমান ইলেকট্রনিক পরিশোধ ব্যবস্থা আন্তর্জাতিক মানে উন্নীতকরণ; (খ) ঋণ তথ্য ব্যুরোর সরবরাহকৃত তথ্যের মান বৃদ্ধি এবং ক্ষুদ্র -ঋণ তথ্য অন্তর্ভুক্তকরণের মাধ্যমে ঋণ তথ্য ব্যুরোর আওতা বৃদ্ধি ও আধুনিকায়ন, (গ) বাংলাদেশ ফিনান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের কাঠামো শক্তিশালীকরণ ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের সাথে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে দেশের আর্থিক সিস্টেমের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং (ঘ) বাংলাদেশ ব্যাংকের তথ্য প্রযুক্তি ব্যবস্থাপনা শক্তিশালীকরণের মাধ্যমে উন্নততর আর্থি ক বাজারের জন্য স্থিতিশীল এবং নিরাপদ প্লাটফর্ম নিশ্চিতকরণ। এছাড়াও কেন্দ্রীয় ব্যাংকিং, আর্থিক খাত ব্যবস্থাপনা , ব্যাংকিং নীতি ও প্রবিধি , ব্যাংকিং তত্ত্বাবধান, তথ্য-প্রযুক্তি, মানব-সম্পদ উন্নয়ন প্রভৃতি বিশেষায়িত ক্ষেত্রে সামর্থ্য বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংক ও সহযোগী প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় জ্ঞান অর্জন ও ব্যবস্থাপনা উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হচ্ছে।

২. প্রবিধি ও তত্ত্বাবধান সক্ষমতা বৃদ্ধিকরণ : এ কম্পোন্যান্টের আওতায় প্রুডেন্সিয়াল রেগুলেশনগুলোকে আন্তর্জাতিক রীতি-পদ্ধতির সাথে সামঞ্জস্য বিধানসহ ব্যাসেল -৩ কাঠামো নির্দিষ্ট সময়সীমার মধ্যে কার্যকরভাবে বাস্তবায়নের জন্য প্রস্তুতিমূলক নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ব্যাংকিং খাতে দক্ষতার সাথে ঝুঁকি মোকাবিলার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রচলিত তত্ত্বাবধান পদ্ধতির পরিবর্তে ঝুঁকিভিত্তিক ত ত্ত্বাবধান পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত আর্থিক শিক্ষা কর্মসূচিতে প্রাথমিকভাবে গৃহীত উদ্যোগসমূহে প্রাপ্ত উপযোগিতা ও সুফলসমূহের বিশ্লেষণপূর্বক প্রকল্পের আওতায় একটি বিশদ কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে।

৩. উৎপাদনশীলখাতে দীর্ঘমেয়াদী অর্থায়ন সুবিধা প্রদান: বর্তমানে দেশের উৎপাদনশীল খাতের দীর্ঘ মেয়াদি ঋণ চাহিদা পূরণের আর্থিক উৎস অপর্যাপ্ত। ফলশ্রুতিতে, দীর্ঘ মেয়াদি ঋণ চাহিদা মেটানো হচ্ছে অপেক্ষাকৃত স্বল্প মেয়াদি অর্থায়ন দ্বারা যা ব্যাংক এবং বিনিয়োগকারী

উভয়ের জন্যই অলাভজনক। উ ৎপাদনশীল খাতে প্রযুক্তি এবং উৎপাদনগত উৎকর্ষতা সাধন এবং আন্তর্জাতিক মানের সাথে সঙ্গতিপূর্ণ সামাজিক ও পরিবেশগত মান চর্চার মাধ্যমে প্রবৃদ্ধির হার বৃদ্ধিসহ দীর্ঘমেয়াদি অর্থায়নের সুযোগ সৃষ্টির প্রচেষ্টা নেয়া হয়েছে। এ উদ্দেশ্যে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহে র (পিএফআই) মাধ্যমে নির্ধারিত মানদন্ডের উপর ভিত্তি করে উৎপাদনশীল খাতে উদ্যোক্তা প্রতিষ্ঠানসমূহকে বৈদেশিক মুদ্রায় দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা হবে। উৎপাদনশীল প্রতিষ্ঠানগুলোর নতুন ব্যবসা স্থাপন, সম্প্রসারণ এবং/অথবা আধুনিকায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য মূলধনী যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়সহ অন্যান্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য এ সুবিধা পাওয়া যাবে। পিএফআইসমূহ এবং ঋণগ্রহীতাদের প্রয়োজনীয় কারিগরি সহায়তাও প্রদান করা হবে। ইতোমধ্যে ৩১টি বাণিজ্যিক ব্যাংকের পিএফআই চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ পর্যন্ত প্রায় ১০০.১২ মিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ ২২টি ঋণ আবেদন মঞ্জুর করা হয়েছে।

৪. আইনগত সংস্কার : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ঋণ আদায় সম্পর্কিত যাবতীয় মামলা দ্রুততার সাথে নিষ্পত্তির স্বার্থে অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ কার্যকর রয়েছে। সর্বশেষ ২০১০ সালে আইনটি সংশোধিত হয়েছে। উক্ত আইনের ৫ম পরিচ্ছেদ (ধারা ২২-২৫) অনুযায়ী বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে ঋণ আদায় প্রক্রিয়া ত্বরান্বিত করার বিষয়ে ইতোপূর্বে ব্যাংকসমূহকে পরামর্শ প্রদান করা হয়েছে। ADR এর মাধ্যমে মামলা আরো দ্রুত সমাধানের লক্ষ্যে ব্যাংকসমূহকে সময়ে সময়ে প্রয়োজনীয় পরামর্শ /নির্দেশনা প্রদান করা হচ্ছে। এ উদ্দেশ্যে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৩৮, ৩৯, ৩৯(ক), ৩৯(খ) এবং ৪০ ধারার বিধানের আলোকে বাংলাদেশ ব্যাংক এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক একটি খসড়া গাইডলাইন্স (Guidelines on External Audit of Banks) প্রণয়ন করা হয়েছে যা চুড়ান্তকরণের কাজ বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।

৫. রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহঃ বৈদেশিক কর্মসংস্থান পাশাপাশি বেকার সমস্যা হ্রাসকরণসহ , দারিদ্র্য বিমোচন এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বর্তমানে মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে শ্রমশক্তি রপ্তানির হার ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। প্রবাসী বাংলাদেশীদের ব্যাংকিং চ্যানেলে দ্রুত অর্থ প্রেরণ এবং সার্বিকভাবে রেমিট্যান্স প্রবাহে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

- ❖ রেমিট্যান্স গ্রহণ ও গ্রাহকের নিকট সরাসরি পৌঁছানোর লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকসমূহের সাথে বিদেশী এক্সচেঞ্জ হাউজের ড্রয়িং ব্যবস্থা স্থাপনকে উৎসাহিত করা হয়েছে। ওয়েস্টার্ন ইউনিয়ন, মানিগ্রামসহ বিভিন্ন আন্তর্জাতিক মানি ট্রান্সফার কোম্পানির সাথে বর্তমানে প্রায় ১,১২৮টি ড্রয়িং ব্যবস্থা কার্যকর রয়েছে যা রেমিট্যান্স আহরণে উল্লেখযোগ্য অবদান রাখছে।

- ❖ বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজের সাথে বাংলাদেশস্থ ব্যাংকের ড্রয়িং ব্যবস্থাপনাকে সহজতর করার লক্ষ্যে Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে ড্রয়িং ব্যবস্থা স্থাপনের ক্ষেত্রে রক্ষিতব্য ব্যাংক গ্যারান্টি/ ক্যাশ ডিপোজিট ২৫,০০০ মার্কিন ডলারের স্থলে ১০,০০০ মার্কিন ডলার এবং প্রতিষ্ঠানের এনআরটি হিসাবে ন্যূনতম স্থিতি ০.৫ মিলিয়ন টাকার স্থলে ০.২ মিলিয়ন টাকায় পুনঃনির্ধারণ করা হয়েছে। এর ফলে আরো নতুন নতুন ড্রয়িং ব্যবস্থা স্থাপিত হবে যা বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে সহায়ক হবে।

- ❖ প্রবাসীদের আয় বিনিয়োগে উৎসাহিত করার জন্য বিভিন্ন ধরণের বন্ডের বিপরীতে প্রবাসীদের ঋণ প্রদানের সুযোগ দেয়া হচ্ছে। ট্রান্সফার ফি ও এক্সচেঞ্জ রেট মার্জিন কমানোর লক্ষ্যে রেমিট্যান্স প্রেরণকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধির জন্য বহুজাতিক মানি ট্রান্সফার কোম্পানির সাথে বাংলাদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর স্বাক্ষরিত চুক্তিতে Pay Cash Exclusivity Clause বা অনুরূপ শর্ত যা বাজারে Monopoly সৃষ্টি করতে পারে তা অন্তর্ভুক্ত না করার বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

- ❖ বাংলাদেশি ব্যাংকসমূহের নিজস্ব মালিকানায় বিদেশে এক্সচেঞ্জ হাউজ প্রতিষ্ঠার অনুমোদন প্রদান করা হচ্ছে এবং এখন পর্যন্ত বাংলাদেশি ব্যাংক সমূহের ২৯টি নিজস্ব এক্সচেঞ্জ হাউজ বিভিন্ন দেশে (ইউকে, ইউএসএ, অষ্ট্রেলিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, গ্রীস, ইতালী, কানাডা, ওমান ও মালদ্বীপ) কার্যক্রম পরিচালনা করছে। অতি সম্প্রতি দক্ষিণ আফ্রিকায় দেশীয় একটি ব্যাংকের মালিকানায় এক্সচেঞ্জ হাউস প্রতিষ্ঠা করা হয়েছে এবং আরেকটি প্রতিষ্ঠার কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

- ❖ বাংলাদেশি ব্যাংকসমূহের মালিকানাধীন এক্সচেঞ্জ হাউস কর্তৃক রেমিট্যান্স আহরণকে সহজ করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট দেশে তাদের এজেন্ট নিয়োগকে উৎসাহিত করা হচ্ছে।

- ❖ ব্যাংক শাখার পাশাপাশি ২৬টি Micro Finance Institutions (MFIs) এর শাখা অফিস ও বাংলাদেশ পোস্ট অফিসের শাখা অফিসসমূহকে রেমিট্যান্স বিতরণের মাধ্যম হিসাবে ব্যবহারের অনুমোদন দেয়া হয়েছে। এ সকল প্রতিষ্ঠান প্রত্যন্ত এলাকায় অবস্থিত তাদের শাখাসমূহের মাধ্যমে ত্বরিত রেমিট্যান্স বিতরণে সহায়ক ভূমিকা পালন করছে। সিংগার বাংলাদেশ এর বিক্রয় আউটলেটসমূহের মাধ্যমেও রেমিট্যান্সের অর্থ বিতরণ শুরু হয়েছে।

- ❖ রেমিট্যান্স বিতরণের নেটওয়ার্ক আরও সম্প্রসারণের উদ্যোগ হিসেবে সম্প্রতি বাংলাদেশি ২৪টি ব্যাংককে রেমিট্যান্সের অর্থ মোবাইল অপারেটরদের মাধ্যমে বিতরণের অনুমোদন দেয়া হয়েছে। ১৮টি ব্যাংক ইতোমধ্যে তাদের মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করেছে।

- ❖ রেমিট্যান্স প্রবাহে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ড্রয়িং ব্যবস্থার আওতায় প্রাপ্ত রেমিট্যান্সের অর্থ বেনিফিসিয়ারী পর্যায়ে বিতরণের সর্বোচ্চ সময়সীমা ৭২ ঘন্টা হতে কমিয়ে ৪৮ ঘন্টা পুনঃনির্ধারণ করা হয়েছে।

- ❖ বাংলাদেশে বৈদেশিক মুদ্রার অন্তর্মুখী প্রবাহ বৃদ্ধি তথা অধিক রেমিট্যান্স প্রেরণকে উৎসাহিত করার লক্ষ্যে অনিবাসী/প্রবাসী বাংলাদেশি ওয়েজ আর্নারদের জন্য সরকার কর্তৃক বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশী)/ CIP (Non Resident Bangladeshi) এবং বিশেষ নাগরিক সুবিধা প্রদানের ব্যবস্থা অব্যাহত রয়েছে।

- ❖ প্রবাসী বাংলাদেশি বা এদেশীয় উপকারভোগী কর্তৃক রেমিট্যান্স বিষয়ক কোন অভিযোগ থাকলে তা সরাসরি বাংলাদেশ ব্যাংকে জানানোর জন্য ''গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র'' স্থাপন করা হয়েছে।

- ❖ বৈদেশিক কর্মসংস্থান তথা শ্রমিক রপ্তানিতে আর্থিক সহায়তা দান ও প্রবাসী বাংলাদেশিদের দেশে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণসহ প্রবাসীদের কল্যাণার্থে সরকার কর্তৃক 'প্রবাসী কল্যাণ ব্যাংক' নামক একটি ব্যাংক প্রতিষ্ঠা করা হয়েছে।

- ❖ সরাসরি প্রবাসীদের বিনিয়োগে তিনটি এনআরবি ব্যাংক প্রতিষ্ঠার লাইসেন্স দেয়া হয়েছে এবং ব্যাংকগুলি তাদের কার্যক্রম পরিচালনা করছে।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ : ২০১৬-১৭ অর্থবছরের শুরু থেকে আমদানি ব্যয় বৃদ্ধি ও প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স হ্রাস এবং রপ্তানি আয়ের পরিমাণ কম বৃদ্ধি পাওয়ার কারণে বৈদেশিক মুদ্রার অন্তঃপ্রবাহ তুলনামূলক কম হওয়া সত্ত্বেও বৈদেশিক মুদ্রার স্থিতি ফেব্রুয়ারি ২০১৭ শেষে ৩২,৫৫৭ মিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করে।

পেমেন্ট সিস্টেমস্-এর অগ্রগতি : দেশে একটি জনবান্ধব আধুনিক পেমেন্ট সিস্টেমস্ প্রতিষ্ঠা করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক পেমেন্ট সিস্টেমস এর কৌশলপত্র প্রণয়ন, অটোমেটেড ক্লিয়ারিং হাউস স্থাপন ও এর সামগ্রিক কার্যক্রম পরিচালন, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস এর অনুমোদন প্রদান ও যথাযথ পরিবীক্ষণ (Oversight), ন্যাশনাল পেমেন্ট সুইচ এর উন্নয়ন এ বং ই-পেমেন্ট সিস্টেমস প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ, পেমেন্ট সিস্টেম সংক্রান্ত আইন ও প্রবিধিগত অবকাঠামো প্রণয়ন , ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) কার্যক্রম চালু, রেমিট্যান্স প্রবাহ ত্বরান্বিতকরণ, এবং Real Time Gross Settlement (RTGS) বাস্তবায়ন করছে। Alternative Payment Channels হিসাবে ব্যাংকিং খাতে মোবাইল প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে ২৯টি ব্যাংককে মোবাইল প্রযুক্তি ভিত্তিক আর্থিক সেবা প্রদানের অনুমোদন দেয়া হয়েছে যার মধ্যে ১৯টি ব্যাংক সেবাটির প্রচলন শুরু করেছে। এদের মধ্যে ১৭টি ব্যাংক এর আওতায় ইনওয়ার্ড রেমিট্যান্স এর অর্থ বিতরণ, এজেন্ট/ব্যাংক শাখা/এটিএম/মোবাইল অপারেটর আউটলেট এর মাধ্যমে অর্থ আদান প্রদান / লেনদেন, ব্যক্তি কর্তৃক বাণিজ্যিক প্রতিষ্ঠানের অর্থ পরিশোধ (যেমনঃ ইউটিলিটি বিল), বাণিজ্যিক প্রতিষ্ঠান কর্তৃক ব্যক্তির অর্থ পরিশোধ (যেমনঃ কর্পোরেট/শিল্প কারখানা/অফিস সমূহের বেতন বিতরণ), সরকার কর্তৃক ব্যক্তির অর্থ পরিশোধ (যেমনঃ বয়স্ক ভাতা বিতরণ, মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ ইত্যাদি), ব্যক্তি কর্তৃক সরকারের অর্থ পরিশোধ (যেমন কর পরিশোধ), ব্যক্তি থেকে ব্যক্তির লেনদেনসমূহ (একজনের নিবন্ধনকৃত মোবাইল একাউন্ট থেকে আরেকজনের নিবন্ধ নকৃত মোবাইল একাউন্টে) এবং অন্যান্য লেনদেনসমূহ যেমন মাইক্রোফাইন্যান্স, নগদ গ্রহণ সুবিধা (উত্তোলিত সুবিধা), ইন্স্যুরেন্স প্রিমিয়াম ইত্যাদি কার্যক্রম অব্যাহত রয়েছে। মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস - এর আওতায় ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত মোট এজেন্ট সংখ্যা ছিল ৬,৯৬,৭২২ এবং নিবন্ধিত গ্রাহক সংখ্যা প্রায় ৪৯.৮৫ মিলিয়ন যার মধ্যে সক্রিয় একাউন্টের সংখ্যা প্রায় ২৩.৯১ মিলিয়ন। ফেব্রুয়ারি, ২০১৭ তে মোট ১৩৪,০৩৩,৯১১ টি লেনদেনের মাধ্যমে ২২৩.২৭ বিলিয়ন টাকা লেনদেন হয় এবং গড়ে প্রতিদিন প্রায় ৭.৯৭ বিলিয়ন টাকা লেনদেন হয়।

মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

- ❖ বাংলাদেশের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা মূল্যায়নের লক্ষ্যে Asia Pacific Group on Money Laundering (APG) কর্তৃক পরিচালিত ৩য় পর্বের মিউচ্যুয়াল ইভ্যালুয়েশন প্রক্রিয়ার সমাপ্তি শেষে বাংলাদেশের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থার উপরে প্রণীত চূড়ান্ত প্রতিবেদন ০৭ আগস্ট, ২০১৬ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার স্যান ডিয়েগোতে এপিজি'র ১৯তম বার্ষিক সভায় অনুমোদিত হয়েছে। এতে বাংলাদেশের মানিলন্ডারিং, সন্ত্রাস ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম এপিজি ও এর ৪১ টি সদস্য রাষ্ট্র কর্তৃক আন্তর্জাতিক মানের হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে এবং বাংলাদেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন পরিপালনের ক্ষেত্রে একটি "কমপ্লায়েন্ট কান্ট্রি' হিসেবে বিবেচিত হয়েছে যা মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থার ক্ষেত্রে বাংলাদেশকে এশিয়া অঞ্চলের অন্যতম শক্তিশালী দেশ হিসেবে চিহ্নিত করেছে।

- ❖ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক তথ্য আদান প্রদানের প্রয়োজনে বিএফআইইউ এ পর্যন্ত সর্বমোট ৪৮ টি দেশের এফআইইউ-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। যার মধ্যে ২০১৬-১৭ অর্থবছরে ০৫ (পাঁচ) টি দেশের এফআইইউ-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। দেশগুলো হচ্ছে- সুরিনাম, কানাডা, সাইপ্রাস, পর্তুগাল ও ফিনল্যান্ড।
- ❖ সন্ত্রাসী কর্মকান্ডে অর্থ সঞ্চালন বন্ধের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা বাস্তবায়নকল্পে কোন সন্ত্রাসী যাতে কোন ব্যাংকের মাধ্যমে কোন ধরণের লেনদেন না করতে পারে সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য বিএফআইইউ কর্তৃক বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। বিএফআইইউ এর উক্ত নির্দেশনা মোতাবেক সকল ব্যাংকের পরিপালন কার্যক্রম নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পরিদর্শন পরিচালনা করা হচ্ছে।
- ❖ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সুচারুরূপে পরিপালনার্থে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের জন্য বিভিন্ন আইনগত সংশোধন ও আন্তর্জাতিক মানদন্ডের পরিবর্তনের আলোকে Uniform Account Opening Form ও KYC Profile Form হালনাগাদকরণপূর্বক গত ১৬ জানুয়ারি, ২০১৭ তারিখে নির্দেশনা জারী করা হয়েছে।

মুদ্রা ও আর্থিক বাজার সংস্কার : দেশের বিদ্যমান ব্যাংকগুলোকে প্রতিযোগিতামূলক ব্যবস্থাপনার মাধ্যমে আন্তর্জাতিকমানে উন্নীত করার লক্ষ্যে ও দেশের সামগ্রিক ব্যাংকিং ব্যবস্থার ভিত্তি আরও মজবুত ও শক্তিশালী করার জন্য মুদ্রা ও আর্থিক বাজার সংস্কারসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১৫-১৬ অর্থবছরে নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় ২০১৬-১৭ অর্থবছরেও (জুলাই-ফেব্রুয়ারি সময়ে) নিম্নবর্ণিত পদক্ষেপগুলো গ্রহণ করা হয়েছেঃ

- ❖ ব্যাংকগুলোর তারল্য ব্যবস্থায় স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে বাসেল-৩ এর আলোকে প্রবর্তিত তারল্য পর্যাপ্ততার দু'টি নতুন পরিমাপক Liquidity Coverage Ratio (LCR) ও Net Stable Funding Ratio (NSFR)-এর মাধ্যমে ব্যাংকগুলোর তারল্য ব্যবস্থা নিয়মিত মনিটরিং করা হচ্ছে।
- ❖ ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা শক্তিশালী ও সময়োপযোগীকরণের জন্য প্রণীত Comprehensive Risk Management Reporting (CRMR)-এর আলোকে ব্যাংকগুলোর Risk Management মনিটরিং করা হচ্ছে। এছাড়া পরিবর্তিত ব্যাংকিং ব্যবস্থার সাথে সামঞ্জস্য রাখার জন্য Risk Management Guidelines for Banks রিভিউ করার কাজ চলছে।
- ❖ বাংলাদেশের অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা শক্তিশালীকরণের অংশ হিসেবে Self Assessment of Antifraud Internal Control (SF)-এর আলোকে Fraud/Forgery নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তাছাড়া, SF রিভিউ এর কাজ শেষ পর্যায়ে রয়েছে।

ইক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীফ ফান্ড (ইইএফ) : ঝুঁকিপূর্ণ কিন্তু সম্ভাবনাময় সফট্ওয়্যার শিল্প এবং খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক শিল্প প্রকল্পে বিনিয়োগ উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ২০০০-২০০১ অর্থবছরে জাতীয় বাজেটে প্রাথমিকভা বে ১.০ (এক) বিলিয়ন টাকা বরাদ্দের মাধ্যমে ইক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীফ ফান্ড (ইইএফ) তহবিল গঠন করা হয় এবং এর সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব বাংলাদেশ ব্যাংকের উপর অর্পিত হয়। অর্থ মন্ত্রণালয়ের ১৬/০৪/২০০৯ তারিখের অনুমোদনের সূত্রে বাংলাদেশ ব্যাংকের সাব এজেন্ট হিসেবে ইইএফ এর অপারেশনাল কার্যক্রম বিগত ১লা জুন, ২০০৯ তারিখে বাংলাদেশ ব্যাংক হতে আইসিবি 'র নিকট হস্তান্তর করা হয়। ইইএফ এর নীতি নির্ধারণ, তহবিল ব্যবস্থাপনা ও পারফরমেন্স মনিটরিং এর কাজ বাংলাদেশ ব্যাংকের ইইএফ ইউনিট কর্তৃক সম্পাদিত হচ্ছে। ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত ইইএফ এর অনুকূলে মন্ত্রণালয় কর্তৃক ছাড়কৃত অর্থের পরিমাণ ২০.২৫ বিলিয়ন টাকা। উল্লেখ্য, প্রথম কিস্তির অর্থ ছাড়করণের তারিখ হতে ৮ (আট) বছরের মধ্যে ইইএফ সহায়তার অর্থ বাই -ব্যাক করার বিধান রয়েছে। ১ম ৩ (তিন) বছরের মধ্যে অভিহিত মূল্যে শেয়ার বাই-ব্যাক করা যায়। পরবর্তী ৫(পাঁচ) বছরের মধ্যে Break-up-value অথবা অভিহিত মূল্যের মধ্যে যেটি অধিক সেই মূল্যে বাই-ব্যাক করতে হয়। এ পর্যন্ত ১৬৫ টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের ২.২৫ বিলিয়ন টাকার শেয়ার এবং ২৮ টি আইসিটি প্রকল্পের ০.১৯ বিলিয়ন টাকার শেয়ার বাই-ব্যাক করা হয়েছে । ২০১৬-২০১৭ অর্থবছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত আইসিবি'র ইইএফ ডিভিশন কর্তৃক ১০৬ টি কৃষিভিত্তিক প্রকল্পের অনুকূলে মঞ্জুরি প্রদান করা হয়েছে। মঞ্জুরিকৃত প্রকল্পগুলোর মোট প্রকল্প ব্যয় ৩.৩৮ বিলিয়ন টাকা এবং মঞ্জুরিকৃত ইইএফ সহায়তার পরিমাণ ১.৬৬ বিলিয়ন টাকা। এছাড়া উক্ত সময়ে আইসিটি খাতে ১০টি প্রকল্পের অনুকূলে মঞ্জুরি প্রদান করা হয়েছে। এ প্রকল্পসমূহের মোট মঞ্জুরিকৃত প্রকল্প ব্যয় ০.৩৭ বিলিয়ন টাকা এবং মঞ্জুরিকৃত ইইএফ সহায়তার পরিমাণ ০.১৮ বিলিয়ন টাকা। ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ১৮৯৭টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতক রণ প্রকল্পে মোট ৩৩.৯৫ বিলিয়ন টাকা এবং ১৩১টি আইসিটি প্রকল্পে মোট ২.০২ বিলিয়ন টাকা ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে এবং এর বিপরীতে ৮২৬টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের অনুকূলে ১২.৮৮ বিলিয়ন টাকা এবং ৮৮টি আইসিটি প্রকল্পের অনুকূলে ১.০৭ বিলিয়ন টাকাসহ স র্বমোট ১৩.৯৫ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে। ইইএফ সহায়তার মাধ্যমে কৃষিভিত্তিক ও আইসিটি প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে এ যাবত প্রায় ৫০,০০০ লোকের স্থায়ী ও মৌসুমী কর্মসংস্থান হয়েছে। এছাড়া, কৃষিভিত্তিক প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে দেশের গ্রামীণ অর্থনীতিতে অবকাঠামোগত উন্ন য়ন হচ্ছে। কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধিতে প্রকল্পগুলো বিশেষ অবদান রাখছে। আইসিটি প্রকল্পগুলোর উৎপাদিত বিশ্বমানের সফট্ওয়্যার দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যবহৃত হচ্ছে এবং বিদেশেও রপ্তানি হচ্ছে।

গৃহায়ন তহবিল : গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহায়ন তথা দারিদ্র বিমোচনের লক্ষে সরকার কর্তৃক ১৯৯৭-৯৮ অর্থবছরে ০.৫ বিলিয়ন টাকা বাজেট বরাদ্দের মাধ্যমে গৃহায়ন তহবিল গঠন করা হয়। পরবর্তীতে বাজেট বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করে ২.৯৮ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়, যার মধ্যে তহবিল কর্তৃক গৃহীত অর্থের পরিমাণ ১.৬১ বিলিয়ন টাকা। বর্তমানে ঋণ কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থাগুলোকে (এনজিও) মাত্র ২.০ শতাংশ হারে সরল সুদে ঋণ প্রদান করা হয় এবং সংস্থাগুলো ৬.০ শতাংশ হারে সরলসুদে সর্বোচ্চ ১০ (দশ) বৎসর মেয়াদে ঋণ পরিশোধের সুবিধাসহ সহজ শর্তে উপকারভোগীদের অনুকূলে ঋণ বিতরণ করে থাকে। এ কর্মসূচীর আওতায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের অনুকূলে ০.১১ বিলিয়ন টাকা অনুদান প্রদান করা হয়েছে। গ্রামীণ দরিদ্র জনগণের গৃহ নির্মাণের জন্য গৃহায়ন তহবিল বেসরকারি উন্নয়ন সংস্থার (এনজিও) অনুকূলে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ২.০৪ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে যার মাধ্যমে ৬৬,৪৬৯টি গৃহের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সারাদেশে মোট ৫১৪টি এনজিও ৬৩টি জেলার ৪০৩টি উপজেলায় গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়ন করছে। এ কার্যক্রমের ফলে বর্তমানে উপকারভোগীর সংখ্যা ৩,৩২,৩৪৫ জনে উন্নীত হয়েছে। ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত ছাড়কৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য মোট ১.৫৩ বিলিয়ন টাকার মধ্যে ১.৪৭ বিলিয়ন টাকা আদায় করা হয়েছে। মোট আদায়যোগ্য ঋণের তুলনায় আদায় হার ৯৬.১৬ শতাংশ। গৃহ নির্মাণ কার্যক্রম ছাড়াও দেশের দরিদ্র কর্মজীবি মহিলা শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়ন তহবিলের অর্থায়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে ০.২৫ বিলিয়ন টাকা ব্যয়ে ঢাকা জেলার সাভার উপজেলার আশুলিয়ায় একটি মহিলা হোস্টেল/ডরমিটরীর নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে যাতে ৭৪৪ জন মহিলা শ্রমিকের আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হবে। উল্লিখিত প্রকল্প ছাড়াও নীলক্ষেত, ঢাকায় কর্মজীবি মহিলাদের জন্য ১০ (দশ) তলা বিশিষ্ট মহিলা হোস্টেল এবং শ্রমজীবি মহিলাদের জন্য ঢাকাস্থ সাভার উপজেলার আশুলিয়ায় ১৪ (চৌদ্দ) তলা বিশিষ্ট মহিলা হোস্টেল/ডরমিটরী মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে নির্মাণের নিমিত্ত গৃহায়ন তহবিল স্টিয়ারিং কমিটি নীতিগত অনুমোদন প্রদান করেছেন। অপরদিকে, বিজিএমইএ এবং এর সদস্যভুক্ত কোম্পানীতে কর্মরত শ্রমিকদের আবাসনের নিমিত্তে শ্রমিক হোস্টেল/ডরমিটরী নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গৃহীত হয়েছে। এছাড়া, বেপজার আওতাধীন ইপিজেডস্থ শিল্প প্রতিষ্ঠানসূহে কর্মরত মহিলা শ্রমিকদের একা অথবা পরিবার নিয়ে থাকার উপযোগী ডরমিটরী নির্মাণের বিষয়টি গৃহায়ন তহবিল স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। এজন্য গৃহায়ন তহবিল হতে বেপজার অনুকূলে ঋণ প্রদানের ক্ষেত্রে অনুসৃতব্য একটি নীতিমালা স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়। উল্লিখিত কার্যক্রম ছাড়াও বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) কর্তৃক পরিচালত 'ঘরে ফেরা' কর্মসূচির অনুকূলে গৃহায়ন তহবিল হতে ০.০২ বিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করা হয় যার বিপরীতে ইতোমধ্যে ১ম কিস্তি বাবদ ০.০১ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে। উল্লেখ্য, শ্রম মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম অধিদপ্তর কর্তৃক চট্টগ্রামের কালুরঘাট এবং নারায়ণগঞ্জ জেলার বন্দর থানায় নির্মিতব্য ০২টি শ্রমিক হোস্টেল প্রকল্পের অনুকূলে গৃহায়ন তহবিল হতে ০.২৫ বিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে। তাছাড়া, সমাজের চরম সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত চা বাগানে কর্মরত শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়ন তহবিল একটি পরিকল্পনা গ্রহণ করেছে যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে পরিচালিত হবে।

ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) প্রজেক্ট : সরকার অনুমোদিত বেসরকারি খাতের অংশগ্রহণের মাধ্যমে 'পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি)' ভিত্তিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্থায়ন ও অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতের সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় বাংলাদেশ ব্যাংক অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের পক্ষে ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) নামক একটি প্রকল্প বাস্তবায়ন করছে। এর প্রধান কম্পোনেন্ট দু'টির একটি হলো টেকনিক্যাল এ্যাসিসটেন্স (কারিগরী সহায়তা) কম্পোনেন্ট যা এডিপিভূক্ত এবং অন্যটি হলো অন-লেন্ডিং কম্পোনেন্ট যা এডিপি বহির্ভূত। বেসরকারি খাতের নেতৃত্বে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার লক্ষ্যে আইপিএফএফ প্রকল্পের অন-লেন্ডিং কম্পোনেন্ট এর আওতায় বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে সরকার অনুমোদিত বিভিন্ন অবকাঠামো প্রকল্পে দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা হচ্ছে। আইপিএফএফ এর আওতায় অর্থায়নযোগ্য অবকাঠামো খাতগুলো হলোঃ বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ, বন্দর (স্থল, জল ও বিমান) নির্মাণ ও উন্নয়ন, শিল্প বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক-মহাসড়ক, ফ্লাইওভার ও বিভিন্ন এক্সপ্রেসওয়ে নির্মাণ, পানি সরবরাহ ও স্যুয়ারেজ ব্যবস্থাপনা এবং শিল্প এস্টেট ও পার্ক উন্নয়ন, স্বাস্থ্য ও শিক্ষা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রভৃতি। অন্যদিকে কারিগরী সহায়তা কম্পোনেন্ট এর মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পিপিপি কর্তৃপক্ষ, অর্থ বিভাগের পিপিপি ইউনিট ও বাংলাদেশ ব্যাংকের আইপিএফএফ সেল এর জন্য পণ্য ও সেবা সংগ্রহ, পরিচালন ব্যয় নির্বাহ এবং পিপিপি বিষয়ে সরকারি-বেসরকারি খাতের সামর্থ্য বৃদ্ধি করা হচ্ছে।

বিশ্ব ব্যাংকের সাথে ১ জুন ২০০৬ তারিখে স্বাক্ষরিত ফিন্যান্সিং এগ্রিমেন্ট অনুযায়ী বিশ্ব ব্যাংকের ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার ও সরকারের ১০.০০ মিলিয়ন মার্কিন ডলার নিয়ে আইপিএফএফ প্রকল্পের বাস্তবায়ন শুরু হয়। ৫-বছর মেয়াদি আইপিএফএফ প্রকল্পের প্রথম ৪ বছরের মধ্যেই অন-লেন্ডিং কম্পোনেন্ট এর ১০০ শতাংশ (৪.২২ বিলিয়ন টাকা) বৃযবহৃত হওয়ায় বিশ্ব ব্যাংক ৭ জুন, ২০১০ তারিখে স্বাক্ষরিত এডিশনাল ফিন্যান্সিং এগ্রিমেন্ট (আইডিএ ক্রেডিট নং-৪৬৯৩ বিডি) মোতাবেক আরও ২৫৭.০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করে। কাউন্টারপার্ট ফান্ড হিসেবে সরকারও ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার সমমূল্যের টাকা প্রদান করে এবং আইপিএফএফ-এর মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এতদপ্রেক্ষিতে সংশোধিত টিপিপি ৯ মার্চ ২০১১ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয় যেখানে প্রকল্পের মোট ব্যয় ধরা হয় ২৫.৭৩ বিলিয়ন টাকা (কারিগরি সহায়তা ০.৬৬ বিলিয়ন টাকা ও অন-লেন্ডিং ২৫.০৭ বিলিয়ন টাকা)। পরবর্তীতে দুদফায় টিপিপি ব্যয় পুনর্বিন্যাস ও মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের টিপিপি সংশোধনপূর্বক প্রকল্প

সমাপ্তির তারিখ ৩১ ডিসেম্বর, ২০১৬ নির্ধারণ করা হয় ও সংশোধিত টিপিপিতে প্রকল্পের মোট ব্যয় দাঁড়ায় ২৮.৫০ বিলিয়ন টাকা (কারিগরি সহায়তা ০.৬৭ বিলিয়ন টাকা ও অন-লেন্ডিং ২৭.৮৩ বিলিয়ন টাকা)।

৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে সমাপ্ত আইপিএফএফ প্রকল্পের অন-লেন্ডিং কম্পোনেন্ট এর আওতায় বিভিন্ন সেক্টরের ২১ টি সাব-প্রজেক্টে (৬৩৯ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ১২টি পাওয়ার প্ল্যান্ট, ৩টি পানি শোধন প্ল্যান্ট, ২টি আইটি অবকাঠামো, একটি ইনল্যান্ড কন্টেইনার ডিপো, একটি জেটি, একটি ড্রাই ডক ও একটি হাসপাতাল) আইপিএফএফ এর সাথে তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে মোট ২৪.৪১ বিলিয়ন টাকা দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা হয়েছে। অপরদিকে, আইপিএফএফ এর টেকনিক্যাল এ্যাসিসটেন্স কম্পোনেন্ট এর আওতায় পিপিপি বিষয়ে সরকারি-বেসরকারি অংশীজনদের সক্ষমতা ও সামর্থ্য বৃদ্ধি এবং আইপিএফএফ সেলসহ প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ পিপিপি কর্তৃপক্ষ ও অর্থ বিভাগের পিপিপি ইউনিটের জন্য পণ্য ও সেবা সংগ্রহ ও পরিচালন ব্যয় নির্বাহ বাবদ মোট ০.৫৭ বিলিয়ন টাকা ব্যয় হয়েছে।

উল্লেখ্য যে, আইপিএফএফ হতে বিতরণকৃত ঋণের বিপরীতে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিয়মিতভাবে ঋণের কিস্তি পরিশোধ করছে। ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত আদায়কৃত মোট ৭.৩৪ বিলিয়ন টাকা (আসল ৫.১৮ বিলিয়ন টাকা, সুদ ২.১৫ বিলিয়ন টাকা ও কমিটমেন্ট চার্জ ৮.০ মিলিয়ন টাকা) যথাযথভাবে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।

পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) : ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে নিয়মিত ঋণ বিতরণের পাশাপাশি বাংলাদেশ ব্যাংক থেকে গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় গ্রাহক প্রতিষ্ঠানকে এ ধরণের মধ্য ও দীর্ঘমেয়াদি এসএমই ঋণ সরবরাহ করছে। বর্তমানে এসএমই খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, জাইকা এবং নিজস্ব তহবিলের সহায়তায় ৬টি তহবিল (মফস্বলে কৃষিভিত্তিক শিল্প স্থাপনের জন্য পুনঃঅর্থায়ন তহবিল, বাংলাদেশ ব্যাংক তহবিল, বাংলাদেশ ব্যাংক -ওমেন তহবিল, জাইকা এফএসপিডিএসএমই তহবিল, নতুন উদ্যোক্তা তহবিল এবং ইসলামী শরিয়াহ্ তহবিল) পরিচালিত হচ্ছে। জানুয়ারি ২০১৭ পর্যন্ত চুক্তিবদ্ধ ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ৫৩,৫৮৫টি উদ্যোক্তা প্রতিষ্ঠানকে ৬১.৮৩ বিলিয়ন টাকা অর্থায়ন করা হয়েছে। মোট অর্থায়নের মধ্যে ১৫.১৩ বিলিয়ন টাকা চলতি মূলধন খাতে, ২৭.১৯ বিলিয়ন টাকা মধ্যমেয়াদি ঋণ ও ১৯.৫ বিলিয়ন টাকা দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা হয়েছে। এ সকল পুনঃঅর্থায়ন তহবিলসমূহ এসএমই খাতে একটি মধ্য ও দীর্ঘমেয়াদি ঋণ বাজার সৃষ্টিতে অবদান রেখে কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখছে। বাংলাদেশ ব্যাংক পরিচালিত পুনঃঅর্থায়ন তহবিলসমূহের বিস্তারিত নিম্নে বর্ণনা করা হলঃ

১) **কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন তহবিল :** কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ শিল্পকে আরো উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০০১ সালে ১.৫ বিলিয়ন টাকার একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করে ঋণ গ্রহীতাকে ১০ শতাংশ সুদহারে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান শুরু করে । পরবর্তীতে, এ তহবিলের আকার বৃদ্ধি করে ২০১২ সালে ২.০ বিলিয়ন টাকায়, ২০১৩ সালে ৪.০ বিলিয়ন টাকায় এবং সর্বশেষ ২০১৫ সালে ৪.৫ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়। ৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত এ তহবিল থেকে ২,৪৪৯ টি কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে সর্বমোট ৯.৯৯ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা দেয়া হয়েছে। বর্তমানে মোট ৩৭টি কৃষিভিত্তিক শিল্পখাতে এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে।

২) **বাংলাদেশ ব্যাংক তহবিল :** ২০০৪ সালে প্রথমবারের মত ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল এর মাধ্যমে ১.০ বিলিয়ন টাকার আবর্তনশীল "বাংলাদেশ ব্যাংক তহবিল" গঠন করা হয়। ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে পরবর্তীকালে এ তহবিলের আকার ৬.০ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়েছে। দেশের শিল্পোন্নয়নকে সুষম ও সংগঠিত করার লক্ষ্যে এসএমই মহিলা উদ্যোক্তাদের জন্য সহজশর্তে স্বল্পসুদে (ব্যাংক রেট+ ৫%) অধিকতর প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা নিশ্চিত করতে ফেব্রুয়ারি, ২০০৭ সালে এ তহবিলের সমুদয় অর্থের ন্যূনতম ১০% বরাদ্দ রাখা হয় এবং মে ২০০৮ মাসে এ হার ১৫%-এ উন্নীত করা হয়। ক্ষুদ্র উদ্যোক্তা ও নারী উদ্যোক্তাকে অর্থায়নের বিপরীতে চুক্তিবদ্ধ ৩২টি ব্যাংক ও ২৪টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে শতভাগ পুনঃঅর্থায়ন প্রদান করা হয়ে থাকে। ৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত এ তহবিল থেকে ২৯,৬৩২ জন উদ্যোক্তাকে ২৯.৮৭ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়েছে; তন্মধ্যে ১৬,৯১৫ জন নারী উদ্যোক্তার অনুকূলে পুনঃঅর্থায়নের পরিমাণ ১৭.৬১ বিলিয়ন টাকা।

৩) **এন্টারপ্রাইজ গ্রোথ এন্ড ব্যাংক মডার্ণাইজেশন প্রোগ্রাম (ইজিবিএমপি) তহবিল (আইডিএ ফান্ড) :** ২০০৪ সালে বিশ্বব্যাংক (আইডিএ তহবিল) বাংলাদেশ সরকারের সাথে উন্নয়ন ঋণ চুক্তির অধীনে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়নের জন্য Enterprises Growth and Bank Modernization Programme (ইজিবিএমপি) তহবিলে ১০.০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করে। একই সাথে বাংলাদেশ সরকার উক্ত ঋণ চুক্তির অধীনে ইজিবিএমপি তহবিলে ৫৮০ মিলিয়ন টাকা প্রদান করে। আবর্তনশীল পদ্ধতিতে পরিচালিত এ তহবিল হতে ৩২টি ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ৩,১৬০ জন উদ্যোক্তাকে ৩.১৩ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে।

৪) **এডিবি-১ তহবিল :** এসএমই খাতের উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নকে সুদৃঢ় করতে ২৬ জানুয়ারি ২০০৫ তারিখে বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংকের মধ্যে স্বাক্ষরিত ঋণচুক্তি এর মাধ্যমে স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসএমইএসডিপি) গঠিত হয়। উক্ত ঋণচুক্তির আওতায় এডিবি ৩০.০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। সেপ্টেম্বর ২০০৯ মাসে এ তহবিল হতে পুনঃঅর্থায়ন সমাপ্ত করা হয় এবং ৩,২৬৪টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের অনুকূলে সর্বমোট ৩.৩৫ কোটি টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে। ইতোমধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে পুনঃঅর্থায়িত সম্পূর্ন অরথ আদায় করা হয়েছে।

৫) **এডিবি-২ তহবিল :** এডিবি-১ প্রকল্পের সাফল্যের ধারাবাহিকতায় এসএমই খাতে পুনঃঅর্থায়ন স্কীম এর সুবিধা সম্প্রসারণের নিমিত্তে এডিবি'র আর্থিক সহায়তায় বাংলাদেশ সরকার কর্তৃক অক্টোবর ২০০৯ সালে "স্মল এন্ড মিডিয়াম সাইজড্ এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি)" গঠন করা হয়। এডিবি প্রদত্ত এসডিআর ৪৮.৯৩ মিলিয়ন (সমপরিমাণ ৭৬.০ মিলিয়ন মার্কিন ডলার) এবং বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত টাকা ১.৪৩ বিলিয়ন (সমপরিমাণ ১৯.০ মিলিয়ন মার্কিন ডলার) এর সমন্বয়ে গঠিত এসএমইডিপি তহবিলের মোট পরিমাণ ৯৫.০ মিলিয়ন মার্কিন ডলার। এডিবি-২ তহবিল হতে পুনঃঅর্থায়ন কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে সমাপ্ত হয়েছে। চুক্তিবদ্ধ ৩৯টি ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ঢাকা এবং চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার বাহিরের ১৩,৬৪৫ টি উদ্যোক্তাকে ৭.৪৭ বিলিয়ন টাকা মধ্য ও দীর্ঘমেয়াদি তহবিল সরবরাহ করা হয়েছে।

৬) **জাইকা তহবিল :** ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ খাতে মধ্য ও দীর্ঘমেয়াদি ঋণ সরবরাহের মাধ্যমে বাংলাদেশে এসএমই খাত উন্নয়নের লক্ষ্যে ২০১১ সালে জাইকা, জাপান এবং বাংলাদেশ সরকারারের মধ্যে একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। এ ঋণচুক্তির আওতায় জাইকা সহায়তাপুষ্ট 'ফিন্যান্সিয়াল সেক্টর প্রজেক্ট ফর দ্য ডেভেলপমেন্ট অব্ স্মল এন্ড মিডিয়াম-সাইজড্ এন্টারপ্রাইজ (এফএসপিডিএসএমই, বিডি-পি ৬৭)' প্রকল্পের মাধ্যমে উৎপাদনশীল খাতে স্থায়ী সম্পদে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে কারিগরি সহায়তাসহ ৫,০০০ মিলিয়ন ইয়েন এর সমপরিমাণ টাকার একটি দ্বি-ধাপ তহবিল গঠন করা হয়। এ উদ্যোগের আওতায় ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান (পিএফআই) হিসেবে অদ্যাবধি ২৫টি বাণিজ্যিক ব্যাংক ও ২১টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হয়েছে। অক্টোবর ২০১২ থেকে এ তহবিলের আওতায় এসএমই উদ্যোক্তাদেরকে বাজারভিত্তিক সুদহারে পুনঃঅর্থায়ন/পূর্ব-অর্থায়ন কার্যক্রম শুরু করা হয়েছে। পরবর্তীতে প্রকল্পের স্টিয়ারিং কমিটি প্রত্যাশিত সুবিধাভোগীর আওতা বৃদ্ধি করার নিমিত্তে অক্টোবর ২০১৩ মাসে মাইক্রো উদ্যোগকেও প্রকল্পের দ্বি-ধাপ তহবিলের আওতায় যোগ্য এন্টারপ্রাইজ হিসেবে বিবেচনা করা হয়েছে এবং মাইক্রো এন্টারপ্রাইজসমূহের অর্থায়ন চাহিদার বিষয় বিবেচনায় নিয়ে সাব্-লোনের ন্যুনতম পরিমাণ ০.৫ মিলিয়ন টাকা থেকে কমিয়ে ০.২ মিলিয়ন টাকা নির্ধারণ করা হয়েছে। ৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত এ তহবিল থেকে ৬৬৩ টি উদ্যোক্তা প্রতিষ্ঠানকে ৫.০৬ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন/ পূর্ব-অর্থায়ন করা হয়েছে । এছাড়াও তৈরী পোষাক ও নিটওয়্যার খাতে কর্মরত শ্রমিকদের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে এফএসপিডিএসএমই প্রকল্পের দ্বি-ধাপ তহবিল এর আওতায় এ খাতে সহায়তা প্রদানের জন্য একটি ব্যতিক্রমী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । বিজিএমইএ এবং/অথবা বিকেএমইএ সদস্যভুক্ত তৈরী পোষাক ও নীটওয়্যার শিল্প প্রতিষ্ঠানসমূহের কারখানার সংস্কার, পুনর্গঠন ও প্রতিস্থাপন কাজের জন্য সর্বোচ্চ ০.১ বিলিয়ন টাকা পর্যন্ত ঋণসুবিধা প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে । এ প্রকল্পের আওতায় দুটি গার্মেন্টস্ শিল্প প্রতিষ্ঠানকে ০.১৬ বিলিয়ন টাকা অর্থায়ন করা হয়েছে । উল্লেখ্য, প্রকল্পটির অর্থায়ন সমাপ্ত হয়েছে ৩০ জুন ২০১৬ তারিখে । তবে, এ প্রকল্পের আবর্তনশীল (Revolving) তহবিল থেকে চুক্তিবদ্ধ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়ন/ পূর্ব-অর্থায়ন অব্যাহত থাকবে।

৭) **কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল :** বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক সফলভাবে পরিচালিত উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচীর অধীনে নির্বাচিত ও প্রশিক্ষিত কিংবা স্ব-প্রশিক্ষিত নতুন উদ্যোগ গ্রহণে ইচ্ছুক উদ্যোক্তাদের অর্থায়ন সহজলভ্য করে আত্মকর্মসংস্থানে উৎসাহিত করতে বাংলাদেশ ব্যাংক 'কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল' নামে ১.০ বিলিয়ন টাকার একটি তহবিল গঠন করেছে। এ তহবিল হতে নতুন উদ্যোক্তারা সর্বোচ্চ ১০ শতাংশ সুদে সহায়ক জামানতসহ সর্বোচ্চ ২.৫ মিলিয়ন টাকা এবং সহায়ক জামানতবিহীন সর্বোচ্চ ১.০ মিলিয়ন টাকা পর্যন্ত চলতি মূলধন কিংবা মেয়াদি ঋণ গ্রহণ করতে পারেন। ৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত এ তহবিল থেকে ২৭৬ জন উদ্যোক্তাকে ০.১৪ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে।

৮) **ইসলামী শরিয়াহ্ ভিত্তিক অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিল :** অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন এবং শিল্পায়নে বিশেষ করে কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ, ক্ষুদ্র উদ্যোক্তা খাত এবং নতুন উদ্যোক্তাগণকে অর্থায়নে ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সম্পৃক্ততা বৃদ্ধিকল্পে একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠণ করা হয়েছে। ইসলামী শরিয়াহ্ মোতাবেক পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমই খাত ও কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। ৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত এ তহবিল হতে ৫০১ জন উদ্যোক্তাকে ২.৮৩ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়েছে।

(খ) বীমা সংক্রান্ত কার্যক্রম

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন , ২০১০ অনুসারে ২৬ জানুয়ারি, ২০১১ তারিখে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠন করা হয় এবং ২৭ জানুয়ারি ২০১১ তারিখে ০১ জন চেয়ারম্যান এবং ০২ জন সদস্যের যোগদানের মধ্য দিয়ে কর্তৃপক্ষের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। সম্ভাবনাময় বীমা শিল্পকে এগিয়ে নিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার Insurance Act, 1938 রহিতপূর্বক উহা

পুনঃপ্রণয়ন ও সংহত করার উদ্দেশ্যে বীমা আইন, ২০১০ প্রণয়ন করে। একই তারিখে 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০' গেজেট আকারে প্রকাশিত হয়।

বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর আওতায় অদ্যাবধি ০৫ (পাঁচ)টি বিধিমালা এবং ১২ (বার) টি প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত হয়েছে। আরো ৮টি বিধি/প্রবিধানমালা প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বিভিন্ন পর্যায়ে প্রণীতব্য বিধি/প্রবিধানগুলো ক্রমান্বয়ে বাস্তবায়িত হলে বীমা শিল্পে উল্লেখযোগ্য সংস্কার সাধন সম্ভব হবে। এছাড়াও বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় বীমা নীতি, ২০১৪ অনুমোদিত হয়েছে এবং তা গেজেট আকারে ১৭/০৬/২০১৪ তারিখে প্রকাশিত হয়েছে। জাতীয় বীমা নীতি, ২০১৪ অনুযায়ী বীমা খাতের উন্নয়ন এবং সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক কর্মপরিকল্পনা গৃহীত হয়েছে।

বাংলাদেশের বীমা শিল্পের সার্বিক চিত্র নিম্নে উপস্থাপন করা হল

- ২০১৫ সালে বেসরকারি ৪৫ টি নন-লাইফ বীমা কোম্পানীর নীট প্রিমিয়ামের পরিমাণ ছিল ১,৩৩০.৫৭ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৬.৮৯% বৃদ্ধি পেয়ে ১,৪২২.১৭ কোটি টাকায় দাড়িয়েছে। ২০১২ সাল পর্যন্ত নন-লাইফ বীমা কোম্পানি ছিল ৪৪টি , এরমধ্যে রাষ্ট্রায়ত্ত ০১টি সাধারণ বীমা কর্পোরেশন। ২০১৩ সালে লাইসেন্স প্রাপ্ত নতুন নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি ০২টিসহ মোট ৪৬টি নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১ ,৩৫৭ (এক হাজার তিনশত সাতান্ন) টি শাখা কার্যালয়ের মাধ্যমে বীমা ব্যবসা পরিচালনা করছে। ২০১২ সাল পর্যন্ত লাইফ বীমা কোম্পানি ছিল ১৮টি, এরমধ্যে রাষ্ট্রায়ত্ত ০১টি জীবন বীমা কর্পোরেশন। ২০১৩ সালে অনুমোদন প্রাপ্ত ১৩টি নতুন লাইফ বীমা কোম্পানি ১৩টি এবং ২০১৫ সালে একটি বিদেশি কোম্পানি 'লাইফ ইন্স্যুরেন্স কর্পোরেশন অব বাংলাদেশ' এর অনুমোদন দেওয়া হয়েছে। অর্থাৎ নিবন্ধন সনদপ্রাপ্ত ১৪টি নতুন লাইফ বীমা কোম্পানিসহ মোট ৩২টি লাইফ বীমা কোম্পানি ৬ ,৩৯১ (ছয় হাজার তিনশত একানব্বই) টি শাখা কার্যালয়ের মাধ্যমে বীমা ব্যবসা পরিচালনা করছে।
- বীমা শিল্পের ২০১৫ সালে প্রিমিয়াম বাবদ মোট আয়ের পরিমাণ ছিল ১০,১৬২.১৪ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৪.৪৩% বৃদ্ধি পেয়ে ১০৫৯৫.২৯ কোটি টাকায় পৌঁছে। বীমা শিল্পের মোট প্রিমি য়াম আয়ের অধিকাংশ অর্জিত হয় লাইফ বীমা খাত হতে। ২০১৫ সালের বীমা শিল্পের অর্জিত মোট প্রিমিয়াম আয়ের প্রায় ৭২% অর্জিত হয়েছে লাইফ বীমা খাত থেকে। বাংলাদেশের বীমা শিল্পের মোট সম্পদের পরিমাণ প্রতিবছর উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সরকারি ও বেসরকারি বিভিন্ন খাতে বিনিয়োগ, বিভিন্ন মেয়াদে ব্যাংকে জমা, স্থায়ী ও অস্থায়ী সম্পদসহ ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে মোট সম্পদের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ২০১৫ সালে বীমা শিল্পের মোট সম্পদের পরিমান ছিল ৪১,৭৮৮.১৮ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৫.৩৫% বৃদ্ধি পেয়ে ৪৪,০২৪.০৯ কোটি টাকায় দাঁড়িয়েছে। লাইফ বীমা শিল্পের লা ইফ ফান্ডের পরিমাণ প্রতিবছরই উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০১৫ সালে লাইফ বীমা শিল্পের মোট লাইফ ফান্ডের পরিমাণ ছিল ২৮,৪৬৩.৮১ কোটি টাকা। ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে বেসরকারী লাইফ বীমা কোম্পানি সমূহের মোট লাইফ ফান্ডের পরিমাণ দাঁড়িয়েছে ২৯,৭৯০.৭৯ কোটি টাকা যা পূর্ববর্তী ২০১৫ সালে ছিল ২৮,৪৬৩.৮১ কোটি টাকা। অন্যদিকে একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা কর্পোরেশনের ২০১৫ সালের লাইফ ফান্ডের পরিমাণ ছিল ১,৭২২.৪৪ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৬.১৩% বৃদ্ধি পেয়ে ১,৮২৮.০১ কোটি টাকায় দাড়িয়েছে।
- ২০১৫ সালের তথ্য মতে বেসরকারী ৩০ টি লাইফ বীমা কোম্পানীর সর্বমোট প্রিমিয়াম আয় ছিল ৬৯১৯.৯২ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৪.২২% বৃদ্ধি পেয়ে ৭,২১১.৮৫ কোটি টাকায় দাড়িয়েছে। বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় নন -লাইফ বীমা প্রতিষ্ঠান। সাধারণ বীমা কর্পোরেশন (এসবিসি) ৮৪ টি জোনাল অফিস এর মাধ্যমে ১০০৫ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়ে এর বীমা ব্যবসা পরিচালনা করে আসছে। ২০১৫ সালে প্রতিষ্ঠানটির নীট প্রিমিয়ামের পরিমাণ ছিল ৫২৭.৪৮ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৪.৬৪% বৃদ্ধি পেয়ে ৫৫২.০০ কোটি টাকায় দাড়িয়েছে। ২০১৫ সালে পুনঃবীমা থেকে প্রতিষ্ঠানটি আয় করে ২৭৩.৪১ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৩.৫০% বৃদ্ধি পেয়ে ২৮৩.০০ কোটি টাকায় দাড়িয়েছে।

উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ

বীমাশিল্পে দক্ষ জনবল তৈরিতে এবং মাঠ পর্যায়ে গ্রাহক হয়রানি দূর করে সুদূরপ্রসারী উন্নয়নের লক্ষ্যে বীমা এজেন্টদের প্রশিক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে। বীমা এজেন্টদের বীমা সম্পর্কে কৌশলগত ধারণা বৃদ্ধির লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক এ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং প্রশিক্ষণ ছাড়া কোন বীমা এজেন্টকে কর্তৃপক্ষ হতে লাইসেন্স প্রদান করা হয়না। বীমা সম্পর্কে সর্বসাধারণের ধারণা ইতিবাচক করণের লক্ষ্যে কর্তৃপক্ষ হতে দেশব্যাপি ব্যাপক প্রচারণার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে দু'টি বীমা কর্পোরেশন এবং লাইফ ও নন-লাইফ কোম্পানিসমূহ হতে বীমা রোডম্যাপ প্রস্তুতের কার্যক্রম অব্যাহত রয়েছে। বীমা আইন, ২০১০ এর বিধান লঙ্ঘন করে নিবন্ধন নবায়ন ফি সময়মতো না দেওয়ার কারণে কোম্পানিসমূহকে আইনের আওতায় শুনানি করে আর্থিক দন্ড প্রদান করা হয়েছে। সরকারি সিকিউরিটিজ এ বিনিয়োগ সংক্রান্ত আইনের যথাযথ পরিপালনের জন্য শুনানি অন্তে বীমা কোম্পানিসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। গতানুগতিক বীমা পলিসির বাইরে উন্নত বিশ্বের সাথে সামঞ্জস্য রেখে উদ্ভাবনী পরিকল্প চালু করার জন্য কোম্পানিসমূহকে উৎসাহিত করা হচ্ছে।

বিবিধ

যুগপোযোগী ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতিসমূহের ব্যবহারের মাধ্যমে দেশের বীমা খাতের তদারকি ও উন্নয়ন যাত্রাকে গতিশীল করার লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সম্প্রতি International Association of Insurance Supervisors (IAIS) এর সদস্য ভুক্ত হয়েছে। কর্তৃপক্ষ বীমা শিল্পের জন্য দক্ষ মানবসম্পদ নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানিসমূহকে Human Resource Guidelines প্রণয়নের জন্য নির্দেশ দিয়েছে। তৃতীয় পুঁজিবাজার উন্নয়ন কর্ম সূচী'র (CMDP III) রূপরেখা প্রণয়নে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) কর্তৃক নিয়োজিত দ্যা এরিস গ্রুপ এবং এটি ক্যাপিটাল গ্রুপ এর দু'জন প্রতিনিধির অংশগ্রহণে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং লাইফ ও নন -লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির প্রতিনিধিদের সঙ্গে গত ২১ আগস্ট, ২০১৪ তারিখে সভা অনুষ্ঠিত হয়। পুঁজিবাজার উন্নয়নে বীমা ব্যবসাকে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনায় এনে এর রূপরেখা বাস্তবায়নে করণীয় সম্পর্কে বিশদ আলোচনা হয়। উক্ত ত্রিপক্ষীয় সভায় ব্যাংক অ্যাসুরেন্স, আইন ও নিয়ন্ত্রণ, বাজার তৈরি, মিলিতভাবে আইনি নিয়ন্ত্রণ, পুঁজিবাজারের সঙ্গে সংযোগসাধন, মানবসম্পদ উন্নয়ন, তাকাফুল ব্যবসা, একাউন্টিং স্ট্যান্ডার্ড অনুসরণ, কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত যৌথ সফটওয়্যার ব্যবহার, সলভেন্সি-১ এবং সলভেন্সি -২ অনুসরণ এবং নিয়ন্ত্রণ, মাইক্রো ইন্স্যুরেন্স আইন প্রণয়ন, বীমা কোম্পানিগুলোর অতিরিক্ত হারে ট্যা ক্স প্রদান, গ্রুপ ইন্স্যুরেন্স এর প্রচলন, বীমা সম্পর্কে জনগণকে সচেতন করা, বীমা সেক্টরের সার্বিক মান উন্নয়ন, ইন্স্যুরেন্স একাডেমিকে যুগোপযোগী করা, দেশের চাহিদা অনুযায়ী লাইফ কোম্পানির জন্য নতুন নতুন বীমা পণ্য উদ্ভাবন, দক্ষ জনশক্তি তৈরি, একচ্যুয়ারি প্রফেশনাল তৈরি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বীমা গবেষণার জন্য সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠা প্রভৃতি বিষয়গুলোর প্রতি সকলে গুরুত্বারোপ করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক আয়োজিত 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬' মেলায় অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নেতৃত্বে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর পক্ষ থেকে বীমা ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদানের বিষয়ে 'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬' মেলায় অংশগ্রহণ এবং সেখানে বীমা শিল্পে কীভাবে সেবা প্রদান করা হচ্ছে তার উপর প্রেজেন্টেশন এবং সেমিনারের আয়োজন করা হয়।

এছাড়াও 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০' এর ১৬ ধারা মোতাবেক কর্তৃপক্ষের আয় হতে উদ্বৃত্ত ১০০ কোটি টাকা 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (তহবিল ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১১' এর ৩১ ধারা অনুযায়ী সরকারি কোষাগারে গত ০৫ এপ্রিল, ২০১৭ ইং তারিখ জমা প্রদান করা হয়েছে উল্লেখ্য, ইতোপূর্বে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক দু'বারে মোট ২৮.৪৭ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা করেছে এবং কর্তৃপক্ষের নেতৃত্বে দু'টি বীমা কর্পোরেশন এবং লাইফ ও নন-লাইফ কোম্পানিসমূহের অনুদান হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ৮১ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

(গ) পুঁজিবাজার সংক্রান্ত কার্যক্রম

- দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকূলে দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। পুঁজিবাজারের মাধ্যমে আর্থিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে বাজারে শৃঙ্খলা ও স্বচ্ছতা বজায় রাখা, বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা, সিকিউরিটিজের যথাযথ ইস্যু ও আইন পরিপালন নিশ্চিতকরণ এবং বাজার সংস্কার সাধন অপরিহার্য;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড) রুলস, ২০১৬ প্রণয়ন;
- Bangladesh Securities and Exchange Commission (Qualified Investors Offer by Small Capital Companies) Rules, 2016 প্রণয়ন;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সেন্ট্রাল কাউন্টার পার্টি) বিধিমালা, ২০১৭ চূড়ান্তকরণ;
- ক্লিয়ারিং ও সেটেলমেন্ট কোম্পানি প্রতিষ্ঠার জন্য বিধিমালা চূড়ান্তকরণ;
- ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর সংশোধন;
- ফিনান্সিয়াল ডেরিভেটিভস এর নীতিমালা প্রণয়ন;
- মাননীয় প্রদানমন্ত্রী কর্তৃক দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচির উদ্বোধন;
- দেশব্যাপী ফাইন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম চালু;
- তালিকাভুক্ত সিকিউরিটিজের ইস্যুয়ারসমূহকে Securities and Exchange Commission Rules, 1987এর Rule 13হতে অব্যাহতি প্রদান;
- ক্যাপিটাল ইস্যুর জন্য কমিশনের অনুমোদন গ্রহণের বাধ্যবাধকতাক হতে সরকারি বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) কোম্পানিকে অব্যাহতি প্রদান;

- পাবলিক লি: কোম্পানিতে রূপান্তরের জন্য কমিশনের শর্ত হতে সরকারি-বেসরকারি অংশিদারিত্বের (পিপিপি) কোম্পানিকে অব্যাহতি প্রদান;
- ডিপজিটরির বিও হিসাবের বার্ষিক রক্ষণাবেক্ষণ ফি, ট্রানজেকশন ফিসহ বিভিন্ন সেবার ফি হ্রাসকরণ;
- পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছরের জন্য আরও কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে পদক্ষেপ গ্রহণ ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, সেগুলো বাস্তবায়িত হলে বাজার উন্নয়নে মৌলিক পরিবর্তন সাধিত হবে। এগুলো হলো:
  - ⇨ Securities and Exchange Ordinance, 1969 বাংলা ভাষায় রূপান্তর;
  - ⇨ ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ট্রেড পরবর্তী ক্লিয়ারিং ফাংশনের জন্য একটি পৃথক ক্লিয়ারিং কোম্পানি প্রতিষ্ঠা;
  - ⇨ সর্বস্তরে ফিন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচি প্রণয়ন;
  - ⇨ স্টক এক্সচেঞ্জে Separate Small Cap Platform প্রতিষ্ঠা;
  - ⇨ Exchange Traded Fund (ETF) চালুকরণ;
  - ⇨ পুঁজিবাজারে ডেরিভেটিভ ব্যবস্থা চালু করার জন্য আইনী কাঠামো তৈরি।
- বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট ২০১৬-১৭ অর্থবছরের ১৫ মে পর্যন্ত পুঁজিবাজারের মধ্যস্থতাকারিদের জন্য ১৬টি সার্টিফিকেট কোর্সে ৩১৫ জন এবং বিনা ফিতে সাধারণ বিনিয়োগকারিদের ৪২টি প্রশিক্ষণ কোর্সে ১৫৪৭ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে।
- ২০১৬-১৭ অর্থবছরে বাজার মূলধন, সিকিউরিটিজ লেনদেন, বৈদেশিক মোট লেনদেন, মূলধন সরবরাহ তালিকাভুক্ত সিকিউরিটিজ ও বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।

(ঘ) ক্ষুদ্রঋণ ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম

বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প: ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি)

বাংলাদেশের আর্থিক বাজার কাঠামোর বিকাশ, আর্থিক খাতের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান ক্ষমতার উন্নয়ন এবং এর পাশাপাশি রপ্তানীকারক ও ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ব্যবসায়ীদের দীর্ঘমেয়াদী অর্থায়ন বৃদ্ধির উদ্দেশ্যে আ ন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর সহযো গিতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ''ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-এফএসএসপি'' বা স্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির এডিপিভূক্ত এবং এডিপি বহির্ভূত দুটি কম্পোনেন্ট রয়েছে। প্রকল্পটির এডিপিভূক্ত কম্পোনেন্টের মোট ব্যয় ৪৬১.৭৭ কোটি টাকা যার মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব অর্থায়ন ৯২.৩৫ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৩৬৯.৪২ কোটি টাকা ।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবয়িতব্য প্রকল্প:

সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট-২

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার বাইরে অবস্থিত কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অবস্থার উন্নয়নে এসএমইডিপি-২ প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর আওতায় এডিবি ২০০ মিলিয়ন ডলার ঋণ হিসেবে প্রদান করবে এবং অবশিষ্ট ৪০ মিলিয়ন ডলার বাংলাদেশ সরকার কর্তৃক প্রদান করা হবে। গত ১৮ জানুয়ারি ২০১৭ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের সাথে এডিবি এর Loan Agreement ও Project Agreement স্বাক্ষরিত হয়েছে। এসএমইডিপি-২ প্রকল্পের আওতায় ঋণ প্রদানের ক্ষেত্রে সর্বমোট অর্থের দুই তৃতীয়াংশ কটেজ, মাইক্রো, ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে এবং এক তৃতীয়াংশ মাঝারি উদ্যোক্তাদের মধ্যে বিতরণের বিষয়টি নির্ধারিত রয়েছে। কটেজ, মাইক্রো, ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে বিতরণকৃত ঋণের ১৫ শতাংশ মহিলা উদ্যোক্তাদের মধ্যে প্রদান বাধ্যতামূলক করা হয়েছে। এসএমইডিপি-২ প্রকল্পের আওতায় এসএমই খাতের উন্নয়নে ২.১ মিলিয়ন ডলারের এর মধ্যে এডিবি ২ মিলিয়ন ডলার প্রদান করবে এবং বাংলাদেশ সরকার কর্তৃক ০.১ মিলিয়ন ডলার (In Kind) প্রদান করা হবে। এর আওতায় ইনকিউবেশন সেন্টার স্থাপন, এসএমই ক্লাস্টারের উন্নয়ন ও নারী উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি করার বিভিন্ন প্রয়াস গ্রহণ করা হবে।

বাস্তবায়নাধীন এডিপি বহির্ভূত প্রকল্প

বাংলাদেশ ব্যাংক

১) ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি)

বাংলাদেশের আর্থিক বাজার কাঠামোর বিকাশ, আর্থিক খাতের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান ক্ষমতার উন্নয়ন এবং এর পাশাপাশি রপ্তানীকারক ও ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ব্যবসায়ীদের দীর্ঘমেয়াদী অর্থায়ন বৃদ্ধির উদ্দেশ্যে আ ন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর সহযো গিতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ''ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-এফএসএসপি'' বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির নন-এডিপি খাতে মোট ব্যয় ২২৮৯.২২ কোটি টাকা যার মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব অর্থায়ন ৩০০.৬৪ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ১৯৮৮.৫৮ কোটি টাকা। প্রকল্পটির

অনুমোদিত মেয়াদকাল ০১ জুলাই ২০১৫ হতে ৩১ মার্চ ২০২১ পর্যন্ত। এ পর্যন্ত প্রায় ১০৮.৬৭ মিলিয়ন মাঃ ডঃ সমপরিমাণ ২২টি ঋণ আবেদন মঞ্জুর করা হয়েছে। এছাড়াও বর্তমানে আরো ২৮৫.০৯ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ৩৮টি ঋণ আবেদন বাংলাদেশ ব্যাংকে প্রক্রিয়াধীন আছে।

২) Financing Brick Kiln Efficiency Improvement Project

দেশের ইট ভাটাগুলোতে কার্বন নির্গমন হ্রাস এবং জ্বালানির যথাযথ ব্যবহারক্রমে ইট ভাটার চুল্লীর দক্ষতা উন্নয়নের মাধ্যমে পরিবেশবান্ধব ইট ভাটা স্থাপনের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহযোগিতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক "Financing Brick Kiln Efficiency Improvement Project" শীর্ষক একটি প্রকল্প বা স্তবায়িত হচ্ছে। এর আওতায় অদ্যাবধি ১৬.২১ মিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ ১২৫.৯৫ কোটি টাকা রিলেন্ডিং সুবিধা অনুমোদনপূর্বক ছাড় করা হয়েছে।

৩) Small and Marginal Sized Farmers Agricultural Productivity Improvement and Diversification Financing Project (SMAP)

জাইকা (JICA) অর্থায়নপুষ্ট "Small and Marginal Sized Farmers Agricultural Productivity Improvement and Diversification Financing Project (SMAP)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের উন্নয়নের জন্য অর্থায়ন ও কারিগ রি সহায়তা প্রদান করা হচ্ছে। এপ্রিল, ২০১৭ পর্য ন্ত ১০টি ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে মাঠ পর্যায়ে বিতরণের লক্ষ্যে ৫২৮.৮৪ কোটি টাকা ছাড় করা হয়েছে। প্রকল্পের এ পর্যন্ত ৮৪,৫২৯ জন কৃষককে ফসল, প্রাণিসম্পদ ও কৃষি যন্ত্রপাতি খাতে ঋণ সহায়তা প্রদান করা হয়েছে।

৪) আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট

জাইকা এর সহায়তায় দেশের তৈরী পোষাক শিল্প ভবনসমূহ সংস্কার, পুনঃনির্মান ও প্রতিস্থাপন এর মাধ্যমে ঝুঁকিমুক্ত করে নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে "আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট" গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বাংলাদেশ সরকার ও জাপান সরকার (জাইকা) এর মধ্যে বিগত ১৩ ডিসেম্বর ২০১৫ তারিখে ১২,০৮৬ (বার হাজার ছিয়াশি) মিলিয়ন জাপানিজ ইয়েন এর ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ ব্যাংক উক্ত প্রকল্পের দ্বি-ধাপ তহবিল ৪,১২৯ (চার হাজার একশত উনত্রিশ) মিলিয়ন জাপানিজ ইয়েন বাস্তবায়ন করছে। এ প্রকল্পের অধীনে ২৫ (পঁচিশ)টি ব্যাংক ও ১০ (দশ) টি আর্থিক প্রতিষ্ঠান পিএফআই হিসেবে চুক্তিবদ্ধ হয়েছে। শীঘ্রই অর্থায়ন কার্যক্রম শুরু হবে।

৫) Foreign Direct Investment Promotion Project

বাংলাদেশে বেসরকারী খাতে বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ও বিশেষ অর্থনৈতিক অঞ্চলসমূহে জাপানিজ উদ্যোক্তা, জাপান-বাংলাদেশ যৌথ উদ্যোক্তা কিংবা বাংলাদেশী উদ্যোক্তা যাদের সাথে জাপনের ব্যবসায়িক সম্পর্ক রয়েছে তাদেরকে পৃষ্ঠাপোষকতাসহ জাপান সরকারের প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করার ল ক্ষ্যে জাইকা'র সহায়তায় Foreign Direct Investment Promotion Project (FDIPP) শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। গত ১৩ ডিসেম্বর, ২০১৫ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও জাইকার মধ্যে আলোচ্য প্রকল্পের ঋণচুক্তি স্বা ক্ষরিত হয়। প্রকল্পের মোট ০৩টি কম্পোনেন্টের এর মধ্যে Component-1: Two Step Loan (TSL) বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ কর্তৃক বা স্তবায়িত হচ্ছে। ঋণচুক্তি অনুযায়ী TSL খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৭,০৩৩ মিলিয়ন ইয়েন (৪৫৬.৬৮ কোটি টাকা)।

৬) বিজনেস ফাইন্যান্স ফর দি পুওর ইন বাংলাদেশ (বিএফপি-বি):

দেশের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তা প্রতিষ্ঠানের (MSE) উন্নয়নের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণসহ দরিদ্র জনগোষ্ঠী ও মহিলাদের অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে ডিএফআইডি-এর অনুদানে বিজনেস ফাইন্যান্স ফর দি পুওর ইন বাংলাদেশ (বিএফপি-বি) শীর্ষক একটি প্রকল্প বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন আছে। প্রকল্পের মোট বরাদ্দ ২২.৫ মিলিয়ন পাউন্ড (প্রায় ২২০.০ কোটি টাকা সমপরিমাণ)। প্রকল্পের তিনটি অংশ যথা পলিসি কম্পোনেন্ট, ক্রেডিট গ্যারিন্টি ফান্ড ও চ্যালেঞ্জ ফান্ড এর সমন্বয়ে উক্ত প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)

পরিকল্পিত নগর উন্নয়নের লক্ষ্যে ১৯৯৯ সালে একটি অলাভজনক সরকারি কোম্পানি হিসেবে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতায় 'বিএমডিএফ' গঠন করা হয়। এ কোম্পানি গঠনের মূল উদ্দেশ্য হলো সুনির্দিষ্ট যোগ্যতা নির্ধারণী নীতিমালার ভিত্তিতে নির্বাচিত পৌরসভা ও সিটি কর্পোরেশনের পরিবেশ ও অবকাঠামোগত উন্নয়ন কাজ সম্পাদনে অর্থ যোগান দেয়া। বিএমডিএফ ২০০৪ সালে বাংলাদেশ সরকারের গৃহীত বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় মিউনিসিপল সার্ভিসেস প্রজেক্ট (এমএসপি) এর মাধ্যমে মাঠ পর্যায়ের

পূর্ত কাজ বা স্তবায়ন শুরু করে ২০১২ সালে সম্পাদন করে। বর্তমানে মিউনিসিপল গভর্ণ্যান্স ও সার্ভিসেস প্রজেক্ট (এমজিএসপি) এর মাধ্যমে মাঠ পর্যায়ে ৬ বছর মেয়াদে ১২০৯.০০ কোটি টাকার (১৫৫ মিলিয়ন মার্কিন ডলার) পূর্ত কাজ বাস্তবায়ন অব্যাহত রয়েছে।

খ) বীমা সংক্রান্ত কার্যক্রম
বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প
আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর অনুদান সহায়তায় Weather Index Based Crop Insurance (WIBCI)-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি পাইলট ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ- এর আওতায় সাধারণ বীমা কর্পোরেশন ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক যৌথভাবে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৩ হতে জুন ২০১৭ পর্যন্ত নির্ধারিত রয়েছে। এই প্রকল্পের আওতায় অন্তত ১২০০০ কৃষককে আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা সম্পর্কে সচেতন করা সহ ২০টি স্বয়ংক্রিয় আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে এবং ৬০০০ (ছয় হাজার) এর অধিক কৃষক পরিবারকে আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমার অন্তর্ভূক্ত করা হয়েছে। প্রকল্পের আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানের ৪০০ জনেরও অধিক কর্মকর্তাকে আবহাওয়া সূচকভিত্তিক শস্যবীমা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মোট প্রকল্প ব্যয় ২১.৩৪ কোটি টাকা। এর মধ্যে এডিবি কর্তৃক ১৬.৩৮ কোটি টাকা প্রদেয়।

বাস্তবায়িতব্য প্রকল্প

বীমা খাতের ব্যাপক উন্নয়ন সাধনের লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। এর মাধ্যমে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে একটি শক্তিশালী নিয়ন্ত্রক প্রতিষ্ঠানে পরিণত করার জন্য দক্ষতা বৃদ্ধিমূলক পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন এবং বাংলাদেশ বীমা একাডেমী এর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সংস্কার সাধনকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

গ) পুঁজিবাজার সংক্রান্ত কার্যক্রম
বাস্তবায়িতব্য প্রকল্প

শক্তিশালী পুঁজিবাজার গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় সংস্কার সাধনকল্পে এডিবি এর অর্থায়নে বাংলাদেশের সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে Capital Market Development Program-III নামক একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে যা পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে।

ঘ) ক্ষুদ্র ঋণ ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম
বাস্তবায়নাধীন এডিপি বহির্ভূত কর্মসূচি
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

কোম্পানী আইনের অধীনে ১৯৯০ সালে ''লাভের জন্য নয় '' (Not for profit) প্রতিষ্ঠান হিসেবে সরকার পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) প্রতিষ্ঠা করে। দরিদ্র জনগোষ্ঠীকে তাদের উৎপাদনশীল কর্মসংস্থানের জন্য সম্পদ আহরণে সক্ষম করা, আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণে অনুপ্রেরণা প্রদান ও দারিদ্র দূরীকরণ এবং তাদের জীবন যাত্রার মান বৃদ্ধিতে সহায়তা প্রদান করা পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্য। ২০১৬-১৭ অর্থ বছরে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের প্রায় ৩,১৫০ কোটি টাকা ঋণ বিতরণের পরিকল্পনা রয়েছে, যা মাঠ পর্যায়ে প্রায় ১৫,০০০ কোটি টাকার পুঁজি সরবরাহের সম্ভাবনা সৃষ্টি করবে। এছাড়াও পিকেএসএফ সরকার ও দাতাসংস্থার অর্থায়নে বেশ কয়েকটি প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করছে যার বিবরণ নিম্নরূপঃ

ক) ''দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচি''

'সমৃদ্ধি' কর্মসূচির মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে একটি পরিবার এর বর্তমান সম্পদ ও সক্ষমতার সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং যথাযথ পরিমিতিতে এর সম্পদ ও সক্ষমতা বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা। কর্মসূচিটি ২০১০ সালে পিকেএসএফ এর পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে ১ম পর্বে মোট ৪৩টি ইউনিয়নে ৪৩টি সহযোগী সংস্থার মাধ্যমে বাস্তবায়ন কার্যক্রম শুরু করে। জুন/২০১৪ থেকে ২য় পর্বে ১০৭টি ইউনিয়নে কর্মসূচিটি সম্প্রসারিত করে বর্তমানে ১১১টি সহযোগী সংস্থার মাধ্যমে ১৫০টি ইউনিয়নে বাস্তবায়ন করা হচ্ছে। টেকসইভাবে একটি পরিবারকে দারিদ্র্যমুক্ত করে সামগ্রিকভাবে দারিদ্র্য দূরীকরণ-প্রচেষ্টায়ে ইতিবাচক অবদান রাখাই এ কর্মসূচির মূল উদ্দেশ্য। এ কর্মসূচির আওতায় বর্তমানে ১৫০টি ইউনিয়নে ৯.৫২ লক্ষ খানার প্রায় ৪৩ লক্ষ দরিদ্র মানুষ বিভিন্ন ধরণের সেবা গ্রহণ করছে। কর্মসূচিটিতে সরকার ও পিকেএসএফ যৌথভাবে অর্থায়ন করছে।

খ) "ইউপিপি-উজ্জীবিত" কম্পোনেন্ট

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) নভেম্বর ২০১৩ সাল হতে "Food Security 2012 Bangladesh-Ujjibito" শীর্ষক প্রকল্পের Ultra Poor Programme (UPP)-Ujjibito কম্পোনেন্টটি ইউরোপীয়ান ইউনিয়নের অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর সাথে যৌথভাবে বাস্তবায়ন করছে। প্রকল্পটির জন্য মোট ব্যয় ১১০ কোটি টাকা। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হল টেকসইভাবে বাংলাদেশের ক্ষুধা ও দারিদ্র্য হ্রাস করা। বর্তমানে প্রকল্পটি দেশের ১৮৬টি উপজেলার ১,৭২৪ টি ইউনিয়নে বাস্তবায়ন করা হচ্ছে।

গ) Promoting Agricultural Commercialization and Enterprises (PACE):

দেশের ক্ষুদ্র-উদ্যোগ খাত সম্প্রসারণ এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিতকরণের লক্ষ্যে পিকেএসএফ ও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ)-এর যৌথ অর্থায়নে পিকেএসএফ Promoting Agricultural Commercialization and Enterprises (PACE) শিরোনামে ছয় বছর মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়ন করছে। পিকেএসএফ প্রকল্পটি ১৬০টি সহযোগী সংস্থার মাধ্যমে সারা দেশে পরিব্যপ্ত। প্রকল্পে ইফাদের অর্থায়নের পরিমাণ ৩০৮.২৩ কোটি টাকা। প্রকল্পের প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ৪,৫২,০০০ জন।

ঘ) কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট (সিসিসিপি)

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় তৃণমূল পর্যায়ের ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর অভিযোজন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ রেজিলিয়েন্স ফান্ড (বিসিসিআরএফ) এর আওতায় পিকেএসএফ কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট (সিসিসিপি) বাস্তবায়ন করছে। প্রকল্পটি তিনটি প্রধান জলবায়ু ঝুঁকিপূর্ণ এলাকার (লবণাক্ততা, খরা ও বন্যা আক্রান্ত এলাকা) সবচেয়ে দরিদ্র অঞ্চলে কাজ করছে। সিসিসিপি-এর আওতায় মোট ৪১টি এনজিও'র মাধ্যমে মাঠ পর্যায়ে ৪১টি উপ-প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট (সিসিসিপি) এর মোট বাজেট ১০১.২৫ কোটি টাকা (১৩.০০ মিলিয়ন ইউএস ডলার)। সিসিসিপি'র আওতায় ৩৮,৯৯৫ দরিদ্র জনগোষ্টীকে বৈশ্বিক উষ্ণতাজনিত ঝুঁকি মোকাবেলার আওতায় আনা হয়েছে। সংস্থাসমূহ মাঠ পর্যায়ে প্রধানত উপকারভোগীদের কারিগরি প্রশিক্ষণ (যেমন: গবাদি পশু পালন, গবাদি পশু-পাখির চিকিৎসা, কাঁকড়া পালন, প্রভৃতি) কর্মকান্ড বাস্তবায়ন করছে।

ঙ) Skills for Employment Investment Program (SEIP)

Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পটির ১ম ধাপে (২০১৪-২০১৭) পিকেএসএফ কর্তৃক ১০,০০০ জনের প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে। উক্ত প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে ৭০% প্রশিক্ষণার্থীকে দেশে মজুরীভিত্তিক ও স্ব-কর্মসংস্থান নিশ্চিত করাসহ বিদেশেও কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হবে। প্রকল্পটির অর্থায়ন করছে এশীয় উন্নয়ন ব্যাংক। এ পর্যন্ত এ প্রকল্পের আওতায় বিভিন্ন ট্রেডে মোট ৪,৭০৫ জন দরিদ্র জনগোষ্ঠীকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে যাদের মধ্যে ৩,০১০ জনের কর্মসংস্থান হয়েছে।

চ) OBA Sanitation Microfinance Project:

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) তার ২১ টি সহযোগী সংস্থার মাধ্যমে বিশ্বব্যাংক এর আর্থিক সহযোগিতায় দেশের ০৮ টি বিভাগের ২৬ টি জেলার ১৩৪ টি উপজেলায় এ প্রকল্পটি বাস্তবায়ন করছে। এই প্রকল্পের মাধ্যমে ১,৭০,০০০ স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ করা হবে যার মাধ্যমে ৮,৫০,০০০ জনগোষ্ঠী উপকৃত হবে। ৩ মিলিয়ন ইউএস ডলার অনুদান প্রদান করবে। প্রকল্পটি'র মেয়াদ ২৩ শে ফেব্রুয়ারি ২০১৭ থেকে ৩০ শে জুন ২০১৮।

ছ) Low Income Housing Support Project (LICHP):

দেশের ১৩টি নির্বাচিত পৌরসভায় বসবাসরত নিম্ন ও নিম্ন-মধ্যম আয়ের পরিবারের আবাসন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন-এর লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে পিকেএসএফ 'লো ইনকাম কমিউনিটি হাউজিং সাপোর্ট প্রজেক্ট (এলআইসিএইচএসপি)' বাস্তবায়ন করছে। পাইলট পর্যায়ে (প্রথম ২বছর) রংপুর সিটি কর্পোরেশন, সিরাজগঞ্জ সদর পৌরসভা, যশোর সদর, পৌরসভা নরসিংদী সদর পৌরসভা এবং কুমিল্লা সিটি কর্পোরেশনে বাস্তবায়িত হচ্ছে। ২০১৬-১৭ অর্থবছরে অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী মোট ২০ মিলিয়ন টাকার আবাসন ঋণ বিতরণ করার বাজেট পরিকল্পনা করা হয়েছে।

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য অধিকতর সামাজিক ও অবকাঠামোগত সুবিধা সৃষ্টি, স্থানীয় পর্যায়ে প্রাতিষ্ঠানিক ক্ষমতা বৃদ্ধি এবং দারিদ্র্য বিমোচনে সহায়ক ভূমিকা পালনের লক্ষ্যে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) গঠিত হয়। এসডিএফ কর্তৃক বাস্তবায়িত সামাজিক বিনিয়োগ কর্মসূচীর (এসআইপিপি-২ এবং এনজেএলআইপি) মাধ্যমে ২২টি জেলায় মোট ৫৬৪২টি গ্রামে মোট ১০.৮১ লক্ষ দরিদ্র ও অতিদরিদ্র পরিবারকে সুসংগঠিত করে নূতন জীবন দলে অন্তর্ভুক্ত করা হয়েছে । এ পর্যন্ত আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে প্রায় ৫ লাখ

দরিদ্র ও অতিদরিদ্র পরিবারকে মোট ১২৪২.৯৮ কোটি টাকা ঘূর্ণায়মান ঋণ (ঋণ সংখ্যা- ৯.০৩ লক্ষ) প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। এছাড়াও ৪৫,৮২৪ দু:স্থ ও অসহায় পরিবারকে মোট ২২.৯২ কোটি টাকা এককালীন অনুদান হিসেবে প্রদান করা হয়েছে যার মধ্যে প্রায় ৩৬,৫৩৮ জন (৮০%) আয় বৃদ্ধিমূলক কাজ শুরু করেছে। মোট ৬০,৫৪০ জন বেকার যুবদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, এর মধ্যে ৫৩,০৯৫ জন (৮৮%) বেকার যুব এর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব হয়েছে। গ্রামীণ অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ৩১১৪.৩৪ কি.মি. কাঁচা রাস্তা, ৫,৭৭০টি কালভার্ট, ৭৯৭৭টি নলকূপ ইত্যাদি এবং গ্রাম সমিতির স্থায়ীকরণের জন্য ১,৯৩৭টি গ্রাম সমিতির অফিস বিল্ডিং নির্মাণসহ মোট ৬,৩২৮টি উপ-প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উন্নয়নমূলক কাজ সম্পন্ন হয়েছে।

গৃহায়ন তহবিল

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহায়ন তথা দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকার ১৯৯৭-৯৮ সালে গৃহায়ন তহবিল গঠন করে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত এ তহবিলের অনুকূলে সরকারের বরাদ্দকৃত ২.৯৮ বিলিয়ন টাকার মধ্যে এ পর্যন্ত ১.৬০ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে। এ কর্মসূচির আওতায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের অনুকূলে ১০ কোটি ৮৪ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। এ তহবিল দ্বারা এ পর্যন্ত ৩ লক্ষ ৩৭ হাজার ২২৫ জন উপকৃত হয়েছে। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহ নির্মাণের জন্য এ কর্মসূচির আওতায় গৃহায়ন তহবিল হতে মার্চ ২০১৭ পর্যন্ত মোট ৩৯৫ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে। এ বরাদ্দের বিপরীতে মার্চ ২০১৭ পর্যন্ত মোট ২৩৬ কোটি ৫৬ লক্ষ টাকা ছাড় ও ৬৭,৪৪৫ টি গৃহের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সারাদেশে মোট ৫১৪টি এনজিও ৬৩টি জেলার ৪০৩টি উপজেলায় গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়ন করছে। দেশের হত দরিদ্র মহিলা শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়ন তহবিলের অর্থায়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে ২৫.৭৬ কোটি টাকা ব্যয়ে ঢাকা জেলার সাভার উপজেলার আশুলিয়া মৌজায় একটি মহিলা হোস্টেলের নির্মাণ কাজ শেষ পর্যায়ে আছে, যাতে ৭৪৪ জন মহিলা শ্রমিককে আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হবে। বিজিএমইএ এবং এর সদস্যভুক্ত কোম্পানীতে কর্মরত শ্রমিকদের আবাসনের নিমিত্ত শ্রমিক হোস্টেল/ডরমিটরি নির্মাণের জন্য ঋণ মঞ্জুরের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। বেপজার আওতাধীন ইপিজেডস্থ শিল্প প্রতিষ্ঠানসূহে কর্মরত মহিলা শ্রমিকদের একা অথবা পরিবার নিয়ে থাকার উপযোগী ডরমিটরি নির্মাণের বিষয়টি গৃহায়ন তহবিল স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। এজন্য গৃহায়ন তহবিল হতে বেপজার অনুকূলে ঋণ প্রদানের ক্ষেত্রে অনুসৃতব্য একটি নীতিমালা স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। উল্লিখিত কার্যক্রম ছাড়াও বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) কর্তৃক পরিচালত 'ঘরে ফেরা' কর্মসূচীর অনুকূলে গৃহায়ন তহবিল হতে ২.০০ (দুই) কোটি টাকা ঋণ মঞ্জুর করা হয় যার বিপরীতে ১ম কিস্তি বাবদ ১.০০ কোটি ছাড় করা হয়েছে।

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

এনজিওসমূহের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্যসেবা, নিরাপদ পানি, স্যানিটেশন সহায়তা, পরিবেশ সুরক্ষা, প্রতিবন্ধী পুনর্বাসন, কৃষি উন্নয়ন, আয়বৃদ্ধিমূলক কার্যক্রম এবং পশ্চাদপদ বা অনগ্রসর জনগোষ্ঠীর সামর্থ্য উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন গঠন করা হয়েছে। এনজিওগুলো প্রত্যন্ত অঞ্চলে বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে বহুমুখী কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন করছে। এ সকল কর্মসূচির অধীনে প্রায় ১৯ লক্ষ পরিবারের ৫৯,৬৮,০০০ জন নারী এবং ৩৪,৯৯,০০০ জন পুরুষসহ মোট ৯৪,৬৭০০০ জন সরাসরি উপকৃত হয়েছে। এছাড়া ৬০,০০০ জনের জন্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এনজিগুলোর মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে এ পর্যন্ত ১১০.৫৬ কোটি টাকা বিতরণ করা হয়েছে।

(ঙ) নিরীক্ষা ও পরিবীক্ষণ সংক্রান্ত কার্যক্রম

অডিট আপত্তি নিষ্পত্তি- রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বীমা কর্পোরেশন ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বহিঃ নিরীক্ষা এবং অভ্যন্তরীন নিরীক্ষায় উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ ও নিবিড় তদারকি অব্যাহত আছে। ২০১৬-১৭ অর্থ বছরে (মার্চ ২০১৭ পর্যন্ত) সংবিধিবদ্ধ অডিটে উত্থাপিত মোট ৬৯৮২টি অডিট আপত্তি (জড়িত টাকা ২২৭৯ কোটি) নিষ্পত্তি হয়েছে।

সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে আলোচিত অডিট আপত্তি- বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে উপস্থাপনের অপেক্ষায় কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সংকলনভুক্ত নিরীক্ষা প্রতিবেদনসূহে আলোচিত অডিট আপত্তির হালনাগাদ জবাব সংশ্লিষ্ট ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান হতে সংগ্রহপূর্বক আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ব্যপক পর্যালোচনা সভা অনুষ্ঠান, প্রযোজ্য ক্ষেত্রে দায় দায়িত্ব নির্ধারণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের কার্যক্রম গৃহীত হয়েছে।

ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠান- সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির নীতি নির্ধারণী মুলক সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন ও রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সমগ্র দেশব্যাপি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান অব্যাহত আছে। ২০১৬-১৭ অর্থ বছরের মার্চ ২০১৭ পর্যন্ত মোট ৫১ টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ১৫১৪ টি অডিট আপত্তি আলোচনান্তে ১০৮২ টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়।

পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমঃ রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বীমা কর্পোরেশন ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত ইস্যু ভিত্তিক কার্যক্রম পরিদর্শন শেষে প্রতিবেদন প্রনয়ণ অব্যাহত আছে।

(ক) রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক বিবরণী (Audited Financial Statements) পর্যালোচনা করে উত্থাপিত বিভিন্ন অনিয়ম সংশোধনের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।;

(খ) বিকল্প খেলাপী ঋণ আদায় পদ্ধতির (ডেট রিকোভারী এজেন্ট) বিষয়ে তথ্য অনুসন্ধান প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। দেশের ব্যাংকিং খাতে শৃঙ্খলা আনতে খেলাপী ঋণ আদায়ে প্রচলিত পদ্ধতির বাইরে বিকল্প পদ্ধতি অনুসন্ধান গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হয়েছে।

(গ) রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে মামলা জনিত কারনে অনিষ্পন্ন অডিট আপত্তির ক্ষেত্রে বিভাগীয় প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কিত একটি কেইস স্টাডি ভিত্তিক প্রতিবেদনের সুপারিশের আলোকে গৃহীত বিভাগীয় শৃঙ্খলামূলক/প্রশাসনিক ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম মন্ত্রণালয় কর্তৃক মনিটর করা হচ্ছে।

(চ) মামলা সংক্রান্ত কার্যক্রম

- রিট পিটিশন, সিভিল পিটিশন, সিভিল রিভিউ, প্রশাসনিক ট্রাইবুনাল মামলা, দেওয়ানী মামলা, মানি ও অন্যান্য আপিল মামলা ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে দায়ের করা হয়। এ সকল মামলার লিগ্যাল নোটিশ/ডিমান্ড নোটিশ, এডভোকেট সার্টিফিকেট ইত্যাদি বিষয়ে আইনগত ব্যবস্থা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক সম্পাদন করা হয়।
- ২০১৬ সালে এ বিভাগ সংক্রান্ত রীট মামলার সংখ্যা ছিল ৯০৮টি, পক্ষান্তরে ২০১৭ সালের এপ্রিল পর্যন্ত এর সংখ্যা-১৭৫টি।
- আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে সরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মামলাগুলো সংশ্লিষ্ট ব্যাংকে প্রয়োজনীয় আইনানুগ ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করার পাশাপাশি ফলোআপ করা হয়। বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মামলাসমূহ পরিচালনা করার জন্য বাংলাদেশ ব্যাংক এ প্রেরণ করা হয়। এ বিভাগ কর্তৃক সংশিষ্ট গুরুত্বপূর্ণ মামলার ক্ষেত্রে দফাওয়ারি জবাব আদালতে নিয়মিত উপস্থাপন করা হয়।
- আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশিষ্ট মামলা ব্যবস্থাপনা অটোমেটেড করার উদ্দেশ্যে একটি "ডিজিটাল কোর্ট কেইস ম্যানেজমেন্ট সিস্টেম" (DCMS) সফটওয়ার তৈরি করা হয়েছে এবং সকল ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সফটওয়ারটি সুষ্ঠুভাবে পরিচালনা সহ সকল মামলার তথ্য এন্ট্রি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত সফটওয়ারের মাধ্যমে এন্ট্রিকৃত সকল মামলার প্রয়োজনীয় তথ্য তাৎক্ষনিকভাবে পাওয়া সম্ভব হচ্ছে। ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সকল ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের মোট মামলার সংখ্যা ৭২,৭৮৯টি যার মধ্যে উক্ত সফটওয়ারে এপ্রিল, ২০১৭ পর্যন্ত ২৯,৯৪০টি মামলার তথ্য এন্ট্রি করা হয়েছে।

(ছ) বিশেষায়িত ব্যাংকের কার্যক্রম

০১. **পল্লী সঞ্চয় ব্যাংক:**

পল্লী এলাকার দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের সঞ্চয় ও অর্জিত অর্থ লেন-দেন ও রক্ষণাবেক্ষণ, ঋণ ও অগ্রিম প্রদান এবং বিনিয়োগের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক নামে একটি বিশেষায়িত ব্যাংক প্রতিষ্ঠার লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ (২০১৪ সনের ০৭ নং আইন) প্রণয়ন করা হয়। গত ২২ জুন ২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারাদেশে একযোগে পল্লী সঞ্চয় ব্যাংকের ১০০টি শাখার শুভ উদ্বোধন করা হয়। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের সম্মতিক্রমে এবং ব্যাংকটির বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ১ আগস্ট ২০১৬ তারিখে অবশিষ্ট ৩৮৫টি শাখাসহ মোট ৪৮৫টি শাখার কার্যক্রম শুরু হয়েছে। ব্যাংক পরিচালনার জন্য ইতোমধ্যে প্রয়োজনীয় বিধি, প্রবিধান ও অর্গানোগ্রাম অনুমোদনসহ সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২. **বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন :**

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) আবাসন খাতে একমাত্র বিশেষায়িত সরকারী প্রতিষ্ঠান। নির্মাণ ব্যয় বৃদ্ধির কারণে আবাসন খাতে ঋণের চাহিদা পূরণের লক্ষ্যে ঋণের সিলিং বাড়ি নির্মাণের ক্ষেত্রে ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার জন্য ৫০ লক্ষ টাকা থেকে ১ কোটি টাকা ও অন্যান্য বিভাগীয় ও জেলা শহরে ৬০ লক্ষ টাকা এবং পল্লী এলাকায় ৫০ লক্ষ টাকায় নির্ধারণ করা হয়েছে। অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সুদের হারের সাথে সমন্বয় রেখে এর সুদহার পুনর্নির্ধারণ করা হয়েছে। বাড়ি নির্মাণের ক্ষেত্রে ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার জন্য ১২% এর স্থলে ৯.৫০% এবং দেশের অন্যান্য সকল এলাকায় ১০% এর স্থলে ৮.৫০% নির্ধারণ করা হয়েছে, যা অত্যন্ত ইতিবাচক ও আশাব্যঞ্জক।

ফ্লাট ঋণের ক্ষেত্রে ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় ৪০ লক্ষ টাকা থেকে ৮০ লক্ষ টাকায় এবং দেশের অন্যান্য বিভাগীয় ও জেলা সদরে ৬০ লক্ষ টাকা ও পল্লী এলাকায় ৪০ লক্ষ টাকায় নির্ধারণ করা হয়েছে। ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা এবং বিভাগীয় ও জেলা সদরে সুদের হার ১২% এর স্থলে ১০% ও পল্লী এলাকার জন্য ৯% নির্ধারণ করা হয়েছে। এছাড়া, দেশের সকল জনগণকে সম্পৃক্ত করার জন্য ০৪টি নতুন প্রডাক্ট যেমন: (১) প্রবাসী আবাসন ঋণ; (২) পল্লী আবাসন ঋণ; (৩) আবাসন উন্নয়ন ঋণ; এবং (৪) আবাসন মেরামত ঋণ চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনে র ঋণের সিলিং বৃদ্ধির হার হ্রাস এবং নতুন প্রডাক্ট চালুকরণ একটি বাস্তবভিত্তিক ও সময়োপযোগি পদক্ষেপ। এর ফলে দেশের সকল শ্রেণীর জনগণকে সম্পৃক্ত করণ, গ্রাহক সৃষ্টি ও ঋণ প্রদানে সহায়ক ভূমিকা পালনসহ মুনাফা বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে।

০৩. প্রবাসী কল্যাণ ব্যাংক:

তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী পন্থায় নিরাপদে ও দ্রুততার সঙ্গে বিদেশ থেকে রেমিটেন্স প্রেরণে সহায়তা প্রদান এবং বিদেশগামী ও বিদেশ ফেরত কর্মীদের সহজশর্তে স্বল্পসময়ে অভিবাসন ঋণ ও "পুনর্বাসন ঋণ" প্রদানের উদ্দেশ্যে প্রবাসী কল্যাণ ব্যাংক-কে তফসিলি ব্যাংকে রূপান্তর এবং সীমিত আকারে বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম শুরু করার লক্ষ্যে পরিশোধিত মূলধন ১০০ কোটি টাকা থেকে ৪০০ কোটি টাকায় উন্নীত করার উদ্যোগ নেয়া হয়েছে।

ব্যাংক



কেন্দ্রীয় ব্যাংক

বাংলাদেশ ব্যাংক

দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের মুদ্রা ও ঋণনীতি প্রণয়ন ও বাস্তবায়নের পাশাপাশি আর্থ-ব্যবস্থাপনাসহ দেশের ব্যাংকিং খাত তথা আর্থিক খাতের সার্বিক ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি ও উন্নয়ন, সার্বিক লেনদেন ব্যবস্থাপনার সুষ্ঠু পরিচালনা , নোট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং সরকারের যাবতীয় লেনদেনের দায়িত্ব পালন করে আসছে। বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতির মূল লক্ষ্য হলো মূল্যস্তর স্থিতিশীল রাখার মাধ্যমে টাকার অভ্যন্তরীণ ও বৈদেশিক মূল্যমান যুক্তিসংগত পর্যায়ে রাখা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা। গভর্নরের নেতৃত্বে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি পরিচালক পর্ষদ বাংলাদেশ ব্যাংকের সার্বিক কর্মকান্ড পরিচালনার মূল কেন্দ্রবিন্দু। প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ঢাকায় দু'টি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বগুড়া, সিলেট, রংপুর, বরিশাল ও ময়মনসিংহে একটি করে মোট ১০ টি শাখা কার্যালয় রয়েছে। এ সমস্ত শাখার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক আর্থ -ব্যবস্থাপনাসহ দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো র সার্বিক কার্যক্রম তদারকির গুরু দায়িত্ব পালন করছে।

দীর্ঘমেয়াদে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বাংলাদেশ ব্যাংক বরাবরের মতো চলতি ২০১৬-১৭ অর্থবছরেও মুদ্রানীতিতে অন্তর্ভুক্তিমূলক, কর্মসংস্থান সহায়ক এবং পরিবেশবান্ধব প্রবৃদ্ধি অর্জনের উপর গুরুত্ব আরোপ করেছে। সমগ্র আর্থিক খাতকে প্রাতিষ্ঠানিকভাবে সামাজিক দায়বোধ প্রণোদিত অর্থায়নে অর্থাৎ অন্তর্ভুক্তিমূলক ব্যাংকিং এবং পরিবেশবান্ধব 'সবুজ' অর্থায়নে নিবিড়ভাবে ব্রত করার জন্য বাংলাদেশ ব্যাংকের প্রণোদনা কর্মসূচি অব্যাহত রয়েছে যা দেশের সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা সুদৃঢ় করেছে। চলতি অর্থবছরের মার্চ পর্যন্ত সময়ে দেশে সামষ্টিক অর্থনৈতিক এবং রাজনৈতিক স্থিতিশীলতার পাশাপাশি পরিমিত রপ্তানি প্রবৃদ্ধি, নির্মাণ, সেবা এবং ক্ষুদ্র ও মাঝারি খাতে অভ্যন্তরীণ চাহিদার তেজীভাব বজায় রয়েছে এবং অর্থবছরের অবশিষ্ট সময়ে এ ধারা অব্যাহত থাকলে কাঙ্খিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব হবে।

বার্ষিক গড় মূল্যস্ফীতি শতকরা ৫.৮ ভাগের নীচে সীমিত রাখা এবং কাঙ্খিত জিডিপি প্রবৃদ্ধি শতকরা ৭.২ ভাগ অর্জনের লক্ষ্যে ঘোষিত মুদ্রানীতিতে ব্যাপক মুদ্রা এবং রিজার্ভ মুদ্রা বৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে যথাক্রমে শতকরা ১৫.৫ এবং শতকরা ১৪.০ ভাগ। সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী জুলাই -ফেব্রুয়ারি ২০১৭ সময়ে ব্যাপক মুদ্রার প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৪.৫৩ শতাংশ, যেখানে পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ব্যাপক মুদ্রার প্রবৃদ্ধি ছিল ৭.২৯ শতাংশ। মূলতঃ নীট অভ্যন্তরীণ সম্পদ এবং নীট বৈদেশিক সম্পদের মন্থর প্রবৃদ্ধির ফলে আলোচ্য সময়ে ব্যাপক মুদ্রার সরবরাহের এ প্রবৃদ্ধি হয়েছে। উল্লেখ্য, আমদানি প্রবৃদ্ধিতে গতিশীলতা বৃদ্ধি, রপ্তানি প্রবৃদ্ধির শ্লথগতি এবং রেমিট্যান্সের অন্তঃপ্রবাহ হ্রাসের কারণে জুলাই-ফেব্রুয়ারি ২০১৭ সময় কালে নীট বৈদেশিক সম্পদের প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৮.৩১ শতাংশে, যেখানে পূর্ববর্তী বছরের একই সময়ে নীট বৈদেশিক সম্পদের প্রবৃদ্ধি ছিল ১৩.৪৫ শতাংশ। নীট বৈদেশিক সম্পদের প্রবৃদ্ধি বার্ষিক ভিত্তিতে জুন ২০১৬ শেষের ২৩.২০ শতাংশ থেকে হ্রাস পেয়ে ফেব্রুয়ারি ২০১৭ শেষে ১৭.৬২ শতাংশে দাঁড়িয়েছে।

রাজস্ব আয়ের উচ্চ প্রবৃদ্ধি এবং নন-ব্যাংক উৎস (সঞ্চয়পত্র) হতে সরকারের মাত্রাতিরিক্ত ঋণ আহরণের ফলে ২০১৬-১৭ অর্থবছরের প্রথমার্ধে ব্যাংক ব্যবস্থা থেকে সরকারের ঋণ গ্রহণের পরিমাণ উল্লেখযোগ্য হারে হ্রাস পায় যা সরকারি খাতে নীট ঋণ এবং নীট অভ্যন্তরীণ সম্পদের প্রবৃদ্ধি হ্রাসে প্রভাব ফেলে। অন্যদিকে, জুলাই-ফেব্রুয়ারি ২০১৭ সময়ে বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় কিছুটা মন্থর হলেও ফেব্রুয়ারি ২০১৭ শেষে বার্ষিক ভিত্তিতে তা ১৫.৮৮ শতাংশে দাঁড়ায়, যেখানে ফেব্রুয়ারি ২০১৬ শেষে বার্ষিক ভিত্তিতে বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি ছিল ১৫.১১ শতাংশ। উল্লেখ্য, অর্থবছর ২০১৬-১৭ এর জন্য বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৬.৫ শতাংশ।

মূলতঃ কৃষি উৎপাদনের অনুকূল পরিস্থিতি, আন্তর্জাতিক বাজারে পণ্যমূল্যের স্থিতিশীলতা এবং প্রবৃদ্ধি সহায়ক কিন্তু সতর্ক মুদ্রানীতি ভঙ্গি অনুসরণের দরুন ২০১৬-১৭ অর্থবছরের প্রথমার্ধে খাদ্য মূল্যস্ফীতি এবং খাদ্য-বহির্ভূত মূল্যস্ফীতির নিম্নমুখী ধারা পরিলক্ষিত হয় এবং ডিসেম্বর ২০১৬ শেষে গড় বার্ষিক মূল্যস্ফীতি মুদ্রানীতিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৫.৮ শতাংশের চেয়েও নিচে (৫.৫ শতাংশে) নেমে আসে এবং ফেব্রুয়ারি ২০১৭ শেষে তা আরো হ্রাস পেয়ে ৫.৪ শতাংশে পৌঁছে। তবে, ব্যাংক ব্যবস্থায় বিরাজমান তারল্য, মূল্যস্ফীতির নিম্নমুখী ধারা এবং ব্যাংকগুলোর মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধির প্রেক্ষিতে জুলাই-ফেব্রুয়ারি ২০১৭ সময়কালে ব্যাংক ঋণের সুদ হারে নিম্নমুখী ধারা পরিলক্ষিত হয়। ফলশ্রুতিতে, আমানত এবং আগামের সুদের হারের ব্যাপ্তি (Interest rate spread) জুন ২০১৬ এর ৪.৮৫ শতাংশ থেকে হ্রাস পেয়ে ফেব্রুয়ারি ২০১৭ শেষে ৪.৬৯ শতাংশে দাঁড়ায় ।

আমদানি প্রবৃদ্ধির শক্তিশালী অবস্থান, শ্লথ রপ্তানি প্রবৃদ্ধি এবং রেমিট্যান্স প্রবাহের নিম্নমুখী ধারার কারণে জুলাই -ফেব্রুয়ারি, ২০১৭ সময়কালে চলতি হিসাব ভারসাম্যে ঘাটতি পরিলক্ষিত হয় ; যা টাকার মূল্যমানে উর্ধ্বমুখী চাপ প্রশমন করে ডলারের বিপরীতে টাকার বিনিময় হারে অবচিতির (depreciation) মাধ্যমে রপ্তানি প্রতিযোগিতা সক্ষমতা বজায় রাখতে সহায়তা করবে

বলেই অনুমিত হয়। একইসাথে, বৈদেশিক মুদ্রা বিনিময় বাজারে টাকার মূল্য মানে ঊর্ধ্বমুখী চাপ হ্রাসে কেন্দ্রীয় ব্যাংকের হস্তক্ষেপের (intervention) প্রয়োজন কমে আসায় সামনের দিনগুলোতে তারল্য শোষণ ব্যয় (sterilization cost) হ্রাস পাবে বলে আশা করা যায়। চলতি হিসাবের ভারসাম্যে ঘাটতি সত্ত্বেও বৈদেশিক লেনদেনের আর্থিক হিসাবে (financial account) অন্তঃপ্রবাহের সূত্রে সার্বিক লেনদেন ভারসাম্য এখনও যথেষ্ট উদ্বৃত্ত রয়েছে। ফলশ্রুতিতে, বৈদেশিক মুদ্রার রিজার্ভ মার্চ ২০১৭ শেষে ৩২.২১ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে, যা দেশের ৮ মাসের অধিক আমদানি দায় পরিশোধে সক্ষম।

ব্যাপক মুদ্রা (এম ২)

অর্থবছর ২০১৬-১৭ এর প্রথম আট মাসে (ফেব্রুয়ারি ২০১৭ শেষে) ব্যাপক মুদ্রা (এম২) ৪.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৯৫৭৮.৯ বিলিয়ন টাকায় দাঁড়ায় যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ৭.৩ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। এ সময়ে ব্যাপক মুদ্রার কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, বৈদেশিক সম্পদ খাতে ৮.৩ শতাংশ, বেসরকারি খাতে ৮.৪ শতাংশ এবং অন্যান্য পরিসম্পদ (নীট) খাতে ১১.৪ শতাংশ বৃদ্ধি মুদ্রা যোগান বৃদ্ধিতে প্রভাব রাখে। তবে, সরকারি খাতে ঋণ (নীট) এবং অন্যান্য রাষ্ট্রায়ত্ত খাতে ঋণ যথাক্রমে ১৮.১ ও ২.৫ শতাংশ হ্রাস পায়। ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ব্যাপক মুদ্রা (এম২) পরিবর্তনের কারণসূচক বিশ্লেষণ সারণি -১ এ উপস্থাপন করা হলো।

সারণি-১ **ব্যাপক মুদ্রা (এম২)-এর উপাদান ও উৎসসমূহ** (বিলিয়ন টাকা)

বিবরণ	জুন ২০১৪	জুন ২০১৫	জুন ২০১৬	ফেব্রুয়ারি ২০১৭	শতকরা পরিবর্তন	
					জুলাই-ফেব্রুয়ারি	জুলাই-ফেব্রুয়ারি
					২০১৬-১৭	২০১৫-১৬
ব্যাপক মুদ্রা (এম২)-এর উপাদানসমূহ						
ব্যাপক মুদ্রা (এম২) (ক+খ+গ) বা (১+২)	৭০০৬.২	৭৮৭৬.১	৯১৬৩.৮	৯৫৭৮.৯	**৪.৫**	**৭.৩**
ক) জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	৭৬৯.১	৮৭৯.৪	১২২০.৭	১১২৫.০	-৭.৮	৭.০
খ) তলবি আমানত*	৬৪৭.৪	৭২৮.৭	৯০৩.৬	৮৮২.১	-২.৪	২.৭
গ) মেয়াদি আমানত	৫৫৮৯.৮	৬২৬৮.০	৭০৩৯.৫	৭৫৭১.৮	৭.৬	৭.৯
ব্যাপক মুদ্রা (এম২)-এর উৎসসমূহ						
১) ব্যাংক ব্যবস্থায় নীট বৈদেশিক সম্পদ	১৬০০.৬	১৮৯২.৩	২৩৩১.৪	২৫২৫.০	৮.৩	১৩.৪
২) ব্যাংক ব্যবস্থায় নীট অভ্যন্তরীণ সম্পদ (i+ii)	৫৪০৫.৭	৫৯৮৩.৮	৬৮৩২.৪	৭০৫৩.৯	৩.২	৫.৩
i) অভ্যন্তরীণ ঋণ	৬৩৭৯.১	৭০১৫.৩	৮০১২.৮	৮৩৬৮.৮	৪.৪	৬.৬
ক) সরকারি খাত (নীট)	১১৭৫.৩	১১০২.৬	১১৪২.২	৯৩৫.৩	-১৮.১	-৬.৯
খ) অন্যান্য রাষ্ট্রায়ত্ত খাত	১২৭.৪	১৬৬.৭	১৬০.৫	১৫৬.৫	-২.৫	২.১
গ) বেসরকারি খাত	৫০৭৬.৪	৫৭৪৬.০	৬৭১০.১	৭২৭৭.০	৮.৪	৯.৩
ii) অন্যান্য পরিসম্পদ (নীট)	-৯৭৩.৪	-১০৩১.৪	-১১৮০.৪	-১৩১৪.৯	১১.৪	১৩.৭

*অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারি সংস্থার আমানতসহ

উৎসঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

ব্যাপক মুদ্রার উপাদান বিশ্লেষণ

আলোচ্য অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) ব্যাপক মুদ্রার উপাদানগুলোর মধ্যে একমাত্র মেয়াদি আমানত ৭.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭৫৭১.৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অন্যদিকে, জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা এবং তলবি আমানত যথাক্রমে ৭.৮ শতাংশ এবং ২.৪ শতাংশ হ্রাস পেয়ে যথাক্রমে ১১২৫.০ বিলিয়ন টাকা এবং ৮৮২.১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৭.০ শতাংশ, তলবি আমানত ২.৭ শতাংশ, এবং মেয়াদি আমানত ৭.৯ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। ফেব্রুয়ারি ২০১৭ শেষে ব্যাপক মুদ্রার

চার্ট-১: ব্যাপক মুদ্রা ও তার উপাদান

*অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারি সংস্থার আমানতসহ

শতকরা অংশ হিসেবে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা, তলবি আমানত (অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারি সংস্থার আমানতসহ) এবং মেয়াদি আমানতের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে শতকরা ১১.৭ ভাগ, ৯.২ ভাগ ও ৭৯.১ ভাগ, যা জুন ২০১৬ শেষে ছিল যথাক্রমে শতকরা ১৩.৩ ভাগ, ৯.৯ ভাগ ও ৭৬.৮ ভাগ। বিগত পাঁচ বছরের জুন শেষে এবং ফেব্রুয়ারি ২০১৬ শেষে ব্যাপক মুদ্রার উপাদানসমূহ সারণি-২ ও চার্ট-১ এ দেখানো হলো।

সারণি-২ ব্যাপক মুদ্রার উপাদানসমূহের শতকরা অংশ (বিলিয়ন টাকা)

বছর/মাস	জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত*	মেয়াদি আমানত	ব্যাপক মুদ্রা (এম২)	ব্যাপক মুদ্রার উপাদানগুলোর শতকরা অংশ		
					জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত*	মেয়াদি আমানত
জুন ২০১২	৫৮৪.২	৫১৩.০	৪০৭৩.৯	৫১৭১.১	১১.৩	৯.৯	৭৮.৮
জুন ২০১৩	৬৭৫.৫	৫৬০.৫	৪৭৯৯.০	৬০৩৫.১	১১.২	৯.৩	৭৯.৫
জুন ২০১৪	৭৬৯.১	৬৪৭.৪	৫৫৮৯.৮	৭০০৬.২	১১.০	৯.২	৭৯.৮
জুন ২০১৫	৮৭৯.৪	৭২৮.৭	৬২৬৮.০	৭৮৭৬.১	১১.২	৯.৩	৭৯.৬
জুন ২০১৬	১২২০.৭	৯০৩.৬	৭০৩৯.৫	৯১৬৩.৮	১৩.৩	৯.৯	৭৬.৮
ফেব্রুয়ারি ২০১৭	১১২৫.০	৮৮২.১	৭৫৭১.৮	৯৫৭৮.৯	১১.৭	৯.২	৭৯.১

নোটঃ তলবি ও মেয়াদি আমানতে ব্যাংকগুলোতে গচ্ছিত সরকারি আমানত এবং আন্তঃব্যাংক লেনদেন অন্তর্ভুক্ত নয়।

* অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারি সংস্থার আমানতসহ।

উৎসঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

রিজার্ভ মুদ্রা

সাম্প্রতিক বছরগুলোতে সার্বিক মুদ্রা প্রক্ষেপণের সাথে সঙ্গতিপূর্ণ মুদ্রানীতি ও তারল্য ব্যবস্থাপনায় রিজার্ভ মুদ্রা অপারেটিং টার্গেট (operating target) হিসেবে ব্যবহৃত হচ্ছে। ২০১৬-১৭ অর্থবছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা জুন ২০১৬ শেষের ১৯৩২.০১ বিলিয়ন টাকা থেকে ১.০ শতাংশ হ্রাস পেয়ে ফেব্রু য়ারি ২০১৭ শেষে ১৯১২.৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে রিজার্ভ মুদ্রা শতকরা ৮.৯ ভাগ বৃদ্ধি পেয়েছিল। ২০১৬-১৭ অর্থবছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা হ্রাসের কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ ৯.৭ শতাংশ বৃদ্ধি পেলেও নীট অভ্যন্তরীণ সম্পদ যা আগেই ঋণাত্মক ছিল তা আরও বেশি ঋণাত্মক হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ পূর্ববর্তী অর্থবছরে একই সময়ে ১৪.৫ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। অর্থবছর ২০১৫-১৬ এ রিজার্ভ মুদ্রার তুলনায় ব্যাপক মুদ্রার প্রবৃদ্ধি কম হওয়ায় ব্যাপক মুদ্রা গুণক জুন ২০১৫ শেষের ৫.৩০৪ থেকে হ্রাস পেয়ে জুন ২০১৬ শেষে ৪.৭৪৩ এ দাঁড়ায়। অর্থবছর ২০১৬-১৭ এর ফেব্রুয়ারি মাস শেষে মুদ্রা গুণক ৫.০০৮ এ দাঁড়ায়। ফেব্রুয়ারি ২০১৭ শেষে রিজার্ভ-আমানত অনুপাত ০.০৯৪ এবং মুদ্রা-আমানত অনুপাত ০.১৩৩ হয়। জুন ২০১৪, জুন ২০১৫, জুন ২০১৬ শেষে এবং ফেব্রুয়ারি ২০১৭ শেষে রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণগুলোর বিশ্লেষণ সারণি-৩ এ দেখানো হলো।

সারণী-৩ **রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসূচক উপাদানসমূহ** (বিলিয়ন টাকা)

বিবরণ	জুন ২০১৪	জুন ২০১৫	জুন ২০১৬	ফেব্রুয়ারি ২০১৭	শতকরা পরিবর্তন	
					জুলাই-ফেব্রুয়ারি ২০১৬-১৭	জুলাই-ফেব্রুয়ারি ২০১৫-১৬
রিজার্ভ মুদ্রা (ক+খ+গ)	**১২৯৮.৮**	**১৪৮৪.৮**	**১৯৩২.০**	**১৯১২.৫**	**-১.০**	**৮.৯**
ক) ইস্যুকৃত মুদ্রা ও নোট	৮৫৪.৯	৯৮১.৫	১৩২৩.১	১২৩৫.১	-৬.৬	৫.৭
খ) বাংলাদেশ ব্যাংকে ব্যাংকগুলোর নগদ জমা	৪৪০.০	৪৯৮.৪	৬০৩.০	৬৭১.১	১১.৩	১৫.২
গ) অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোর নগদ জমা	৩.৯	৪.৯	৬.০	৬.৪	৭.২	১৫.০
রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসূচক উপাদান						
ক) বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ	১৪৭৫.০	১৭৭৩.৯	২১৮৯.০	২৪০১.৯	৯.৭	১৪.৫
খ) বাংলাদেশ ব্যাংকের নীট অভ্যন্তরীণ সম্পদ (১+২)	-১৭৬.২	-২৮৯.১	-২৫৭.০	-৪৮৯.৪	৯০.৪	৪২.৯
১) অভ্যন্তরীণ ঋণ (ক+খ+গ+ঘ)	১৫৬.০	১৩২.৮	২৬৩.৮	১১৩.৪	-৫৭.০	৫.২
ক) সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা (নীট)	৩৮.৪	৮.১	১৩৩.৭	-৪.৭	-১০৩.৫	৩৫.৮
খ) রাষ্ট্রায়ত্ত খাতের কাছে পাওনা	১২.০	২১.৬	২০.২	১৮.৭	-৭.২	-৩.৭
গ) তফসিলি ব্যাংকগুলোর কাছে পাওনা	৬২.৮	৫৬.৬	৬০.২	৫১.০	-১৫.৪	৫.৩
ঘ) অন্যান্য প্রতিষ্ঠানগুলোর কাছে পাওনা	৪২.৭	৪৬.৫	৪৯.৭	৪৮.৪	-২.৬	৩.৮
২) অন্যান্য পরিসম্পদ (নীট)	-৩৩২.২	-৪২১.৯	-৫২০.৮	-৬০২.৮	১৫.৭	৩১.০

উৎসঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

ব্যাংক আমানত

২০১৬-১৭ অর্থবছরের প্রথম আট মাসে ব্যাংকগুলোর মোট আমানতের পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৬.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০১৭ শেষে ৯০০৯.৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ৭.১ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য সময়ে মোট ব্যাংক আমানতের উপাদানগুলোর অবদান ছিল যথাক্রমে মেয়াদি আমানত শতকরা ৮৪.০৪ ভাগ, তলবি আমানত শতকরা ৯.৭২ ভাগ এবং অন্যান্য আমানত (সরকারি ও নিয়ন্ত্রিত আমানত) শতকরা ৬.২৪ ভাগ, যা জুন ২০১৬ শেষে ছিল যথাক্রমে মেয়াদি আমা নত শতকরা ৮২.৮৫ ভাগ, তলবি আমানত শতকরা ১০.৫৬ ভাগ এবং এবং অন্যান্য আমানত (সরকারি ও নিয়ন্ত্রিত আমানতসহ) শতকরা ৬.৫৮ ভাগ। মোট ব্যাংক আমানতের উপাদানগুলো চার্ট-২ এবং সারণি-৪ এ দেখানো হলো।

চার্ট -২: মোট আমানতের* উপাদান

*আন্তঃ ব্যাংক লেনদেন বাদে।

সারণি-৪ **ব্যাংক আমানত** (বিলিয়ন টাকা)

বছর/মাস	তলবি আমানত	মেয়াদি আমানত	অন্যান্য আমানত	মোট আমানত*	মোট আমানতের অংশ		
					তলবি আমানত	মেয়াদি আমানত	অন্যান্য আমানত
জুন ২০১২	৫১০.৬	৪০৭৩.৯	৩১৬.০	৪৯০০.৫	১০.৪২	৮৩.১৩	৬.৪৫
জুন ২০১৩	৫৫৭.৪	৪৭৯৯.০	৩৭৩.৩	৫৭২৯.৭	৯.৭৩	৮৩.৭৬	৬.৫২
জুন ২০১৪	৬৪৩.৪	৫৫৮৯.৮	৩৯২.৫	৬৬২৫.৭	৯.৭১	৮৪.৩৬	৫.৯২
জুন ২০১৫	৭২৩.৮	৬২৬৮.০	৪৭১.৫	৭৪৬৩.৪	৯.৭০	৮৩.৯৮	৬.৩২
জুন ২০১৬	৮৯৭.৬	৭০৩৯.৫	৫৫৯.২	৮৪৯৬.৩	১০.৫৬	৮২.৮৫	৬.৫৮
ফেব্রুয়ারি ২০১৭	৮৭৫.৭	৭৫৭১.৮	৫৬২.৪	৯০০৯.৮	৯.৭২	৮৪.০৪	৬.২৪

* আন্তঃ ব্যাংক লেনদেন বাদে

উৎসঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

ব্যাংক ঋণ

২০১৬-১৭ অর্থবছরের প্রথম আট মাসে তফসিলি ব্যাংকগুলোর প্রদত্ত ঋণের স্থিতির পরিমাণ (বৈদেশিক বিল ও আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৮.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০১৭ শেষে ৭২৩৪.৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের অনুরূপ সময়ে ব্যাংক ঋণের স্থিতির পরিমাণ ৬২৫৮.৭ বিলিয়ন টাকা ছিল। আলোচ্য অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত মোট ব্যাংক ঋণের মধ্যে বেসরকারি খাতে ঋণ ৮.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭০৭৭. বিলিয়ন টাকায় দাঁড়ায়। অন্যদিকে একই সময়ে সরকারি খাতে ঋণ প্রবাহ ৪.৭ শতাংশ হ্রাস পেয়ে ১৫৭.৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়। খাতভিত্তিক ব্যাংক ঋণের স্থিতি সারণি -৫ এ দেখানো হলো।

সারণি-৫ **খাতভিত্তিক ব্যাংক ঋণের স্থিতি** (বিলিয়ন টাকা)

সময় শেষে	সরকারি খাত	বেসরকারি খাত	মোট
জুন ২০১০	১৪৫.৯	২৬৩৬.৬	২৭৮২.৫
জুন ২০১১	১৮২.০	৩২৯৪.৭	৩৪৭৬.৮
জুন ২০১২	১৬৭.৩	৩৯৪৯.৩	৪১১৬.৬
জুন ২০১৩	১১৩.৬	৪৩৬৮.৫	৪৪৮২.২
জুন ২০১৪	১৩৮.০	৪৯০৯.৫	৫০৪৭.৫
জুন ২০১৫	১৬৫.৯	৫৫৬৩.৮	৫৭২৯.৮
জুন ২০১৬	১৬৫.৭	৬৫০৩.৮	৬৬৬৯.৫
ফেব্রুয়ারি ২০১৭	১৫৭.৮	৭০৭৭.০	৭২৩৪.৯

নোটঃ বৈদেশিক বিল ও আন্তঃব্যাংক লেনদেন বাদে
উৎসঃ পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

শহর ও পল্লী এলাকায় আমানত ও আগাম

সারণি-৬ **পল্লী ও শহর এলাকায় আমানত ও আগামের শতকরা অংশ**

	আমানত		আগাম	
বছর/মাস শেষে	পল্লী	শহর	পল্লী	শহর
জুন ২০১০	১২.৯	৮৭.১	৮.০	৯২.০
জুন ২০১১	১৩.০	৮৭.০	৭.৯	৯২.১
জুন ২০১২	১৭.৫	৮২.৫	১০.৫	৮৯.৫
জুন ২০১৩	১৮.০	৮২.০	১০.২	৮৯.৮
জুন ২০১৪	১৮.৬	৮১.৪	১০.১	৮৯.৯
জুন ২০১৫	১৯.৫	৮০.৫	১০.০	৯০.০
জুন ২০১৬	১৯.৯	৮০.১	১০.০	৯০.০
ডিসেম্বর ২০১৬	২০.৫	৭৯.৫	১০.২	৮৯.৮

উৎসঃ পরিসংখ্যান বিভাগ, প্রধান কার্যালয়, বাংলাদেশ ব্যাংক

শহর ও পল্লী এলাকার মধ্যে আমানত সংগ্রহ ও আগাম প্রবাহের ক্ষেত্রে সামান্য পরিবর্তন পরিলক্ষিত হয়। ২০১৬-১৭ অর্থবছরের ডিসেম্বর ২০১৬ শেষে পল্লী এলাকায় আমানত সংগ্রহ এবং আগাম প্রবাহ উভয়ের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের জুন শেষের তুলনায় বৃদ্ধি পায়। ২০১০ সালের জুন শেষে মোট আমানতের মধ্যে পল্লী এলাকার আমানতের অংশ ছিল শতকরা ১২.৯ ভাগ, যা ২০১৬-১৭ অর্থবছরের ডিসেম্বর ২০১৬ শেষে শতকরা ২০.৫ ভাগে দাঁড়িয়েছে। একইভাবে, পল্লী এলাকার আগামের অংশ জুন ২০১০ শেষে শতকরা ৮.০ ভাগ থেকে ডিসেম্বর ২০১৬ শেষে শতকরা ১০.২ ভাগে দাঁড়িয়েছে। উল্লেখ্য, পল্লী এলাকা হতে যে হারে আমানত সংগ্রহ করা হয় সে হারে আগাম প্রদান করা হয়নি। আলোচ্য অর্থবছরেও পল্লী এলাকায় সংগৃহীত আমানতের তুলনায় প্রদত্ত আগামের হার বরাবরের মত কম, যা পল্লী এলাকায় সংগৃহীত আমানত শহর এলাকায় স্থানান্তরের প্রবণতা নির্দেশ করে। পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা অংশ সারণি-৬ এ দেখানো হলো।

বৈদেশিক মুদ্রা বিনিময় হার

বাংলাদেশে বাজারভিত্তিক ভাসমান বিনিময় হার ব্যবস্থা চালু থাকায় বৈদেশিক মুদ্রার বিনিময় হার বাজারে মুদ্রার চাহিদা ও যোগানের ভিত্তিতে নির্ধারিত হয়ে আসছে। তবে বৈদেশিক মুদ্রা বিনিময় হার স্থিতিশীল রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক স্থানীয় আন্তঃব্যাংক বৈদেশিক মুদ্রা বাজারে মাঝে মাঝে অংশগ্রহণ করে ডলার ক্রয়-বিক্রয় করে থাকে।

থাকে। ২০১৬-১৭ অর্থবছরের ফেব্রুয়ারি পর্যন্ত বাংলাদেশ ব্যাংক বাজার থেকে মোট ১.৯ বিলিয়ন মার্কিন ডলার ক্রয় করেছে এবং ৩০.০ মিলিয়ন মার্কিন ডলার বিক্রয় করেছে। আলোচ্য সময়ে রেমিটেন্স প্রবাহ পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় হ্রাস পেলেও রপ্তানি আয় ও আমদানি ব্যয় বৃদ্ধি পেয়েছে। ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত আন্তঃব্যাংক টাকা ডলারের বিনিময় হারের ক্ষেত্রে মার্কিন ডলারের বিপরীতে টাকার মূল্যমান কিছুটা হ্রাস পেয়েছে। ৩০শে জুন, ২০১৬ তারিখে টাকার গড়ভারিত মূল্যমান ছিল প্রতি মার্কিন ডলারে ৭৮.৩ টাকা যা ২৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ পর্যন্ত শতকরা ০.৪৬ ভাগ অবচিতি হয়ে ৭৮.৬ টাকায় দাঁড়ায়। উল্লেখ্য, অর্থবছর ২০১৫-১৬ শেষে পূর্ববর্তী বছরের তুলনায় টাকার মান ০.৭৭ ভাগ অবচিতি হয়। ২০০৫-০৬ অর্থবছর থেকে ২০১৬-১৭ অর্থবছরের জুলাই-ফেব্রুয়ারি সময়কালে ভারিত গড় বিনিময় হার সারণি-৭ এবং চার্ট-৩-এ দেখানো হলো।

প্রবাসীদের প্রেরিত অর্থ(রেমিট্যান্স)

বৈদেশিক কর্মসংস্থান তথা জনবল রপ্তানি এবং তাদের প্রেরিত অর্থ দেশে ক্রমবর্ধমান কর্মসংস্থানের পাশাপাশি বেকার সমস্যা হ্রাসকরণ, দারিদ্র্য বিমোচন এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বর্তমানে মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে শ্রমশক্তি রপ্তানির হার ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ২০১৫-১৬ অর্থবছরে বাংলাদেশের জনবল রপ্তানির পরিমাণ ছিল ৬.৮৫ লাখ। বৈদেশিক কর্মসংস্থান তথা জনবল রপ্তানিতে আর্থিক সহায়তা প্রদান ও প্রবাসী বাংলাদেশীদের দেশে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণসহ প্রবাসীদের কল্যাণার্থে সরকার কর্তৃক প্রতিষ্ঠিত 'প্রবাসী কল্যাণ ব্যাংক' তাদের কার্যক্রম জোরদার করেছে। আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ ও দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য National Skill Development Council-কে আরও কার্যকর করার উদ্যোগ নেয়া হয়েছে। তবে আন্তর্জাতিক বাজারে জ্বালানী তেলের মূল্য নিম্ন পর্যায়ে থাকাসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে

সারণি- ৮
প্রবাসীদের প্রেরিত বছরভিত্তিক অর্থের পরিমাণ

অর্থবছর শেষে	মিলিয়ন মার্কিন ডলার
২০০৫-০৬	৪,৮০২
২০০৬-০৭	৫,৯৭৯
২০০৭-০৮	৭,৯১৫
২০০৮-০৯	৯,৬৮৯
২০০৯-১০	১০,৯৮৭
২০১০-১১	১১,৬৫০
২০১১-১২	১২,৮৪৩
২০১২-১৩	১৪,৪৬১
২০১৩-১৪	১৪,২২৮
২০১৪-১৫	১৫,৩১৭
২০১৫-১৬	১৪,৯৩১
২০১৬-১৭*	৮,১১৩

* জুলাই- ফেব্রুয়ারী, উৎসঃ বাংলাদেশ ব্যাংক

অস্থিতিশীলতার কারণে প্রবাসীদের রেমিট্যান্সের অন্তপ্রবাহ নিম্নগামী থাকায় ২০১৬-১৭ অর্থবছরের জুলাই-ফেব্রুয়ারি সময়কালে প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় শতকরা প্রায় ১৭.০ ভাগ কমে ৮১১২.৫ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। ২০০৫-২০০৬ অর্থবছর থেকে ২০১৬-২০১৭ অর্থবছরের ফেব্রুয়ারি পর্যন্ত প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থ প্রবাহের গতিধারা সারণি-৮ ও চার্ট-৪ এ দেখানো হলো।

রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহঃ

প্রবাসী বাংলাদেশীগণ কর্তৃক স্বদেশে ব্যাংকিং চ্যানেলে দ্রুত অর্থ প্রেরণ এবং সার্বিকভাবে রেমিট্যান্স প্রবাহে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

- ❖ রেমিট্যান্স গ্রহণ ও গ্রাহকের নিকট সরাসরি পৌঁছানোর লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকসমূহের সাথে বিদেশী এক্সচেঞ্জ হাউজের ড্রয়িং ব্যবস্থা স্থাপনকে উৎসাহিত করা হয়েছে। ওয়েস্টার্ন ইউনিয়ন, মানিগ্রামসহ বিভিন্ন আন্তর্জাতিক মানি ট্রান্সফার কোম্পানির সাথে বর্তমানে প্রায় ১,১২৮ টি ড্রয়িং ব্যবস্থা কার্যকর রয়েছে যা রেমিট্যান্স আহরণে উল্লেখযোগ্য অবদান রাখছে।
- ❖ বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজের সাথে বাংলাদেশস্থ ব্যাংকের ড্রয়িং ব্যবস্থাপনাকে সহজতর করার লক্ষ্যে Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে ড্রয়িং ব্যবস্থা স্থাপনের ক্ষেত্রে রক্ষিতব্য ব্যাংক গ্যারান্টি / ক্যাশ ডিপোজিট ২৫,০০০ মার্কিন ডলারের স্থলে ১০,০০০ মার্কিন ডলার এবং প্রতিষ্ঠানের এনআরটি হিসাবে ন্যূনতম স্থিতি ০.৫ মিলিয়ন টাকার স্থলে ০.২ মিলিয়ন টাকায় পুনঃনির্ধারণ করা হয়েছে। এর ফলে আরো নতুন নতুন ড্রয়িং ব্যবস্থা স্থাপিত হবে যা বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে সহায়ক হবে।
- ❖ প্রবাসীদের আয় বিনিয়োগে উৎসাহিত করার জন্য বিভিন্ন ধরনের বন্ডের বিপরীতে প্রবাসীদের ঋণ প্রদানের সুযোগ দেয়া হচ্ছে। ট্রান্সফার ফি ও এক্সচেঞ্জ রেট মার্জিন কমানোর লক্ষ্যে রেমিট্যান্স প্রেরণকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধির জন্য বহুজাতিক মানি ট্রান্সফার কোম্পানির সাথে বাংলাদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর স্বাক্ষরিত চুক্তিতে Pay Cash Exclusivity Clause বা অনুরূপ শর্ত যা বাজারে Monopoly সৃষ্টি করতে পারে তা অন্তর্ভুক্ত না করার বিষয়টি নিশ্চিত করা হয়েছে।
- ❖ বাংলাদেশি ব্যাংকসমূহের নিজস্ব মালিকানায় বিদেশে এক্সচেঞ্জ হাউজ প্রতিষ্ঠার অনুমোদন প্রদান করা হচ্ছে এবং এখন পর্যন্ত বাংলাদেশি ব্যাংক সমূহের ২৯টি নিজস্ব এক্সচেঞ্জ হাউজ বিভিন্ন দেশে (ইউকে, ইউএসএ, অষ্ট্রেলিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, গ্রীস, ইতালী, কানাডা, ওমান ও মালদ্বীপ) কার্যক্রম পরিচালনা করছে। অতি সম্প্রতি দক্ষিণ আফ্রিকায় দেশীয় একটি ব্যাংকের মালিকানায় এক্সচেঞ্জ হাউস প্রতিষ্ঠা করা হয়েছে এবং আরেকটি প্রতিষ্ঠার কাজ প্রক্রিয়াধীন রয়েছে।
- ❖ বাংলাদেশি ব্যাংকসমূহের মালিকানাধীন এক্সচেঞ্জ হাউস কর্তৃক রেমিট্যান্স আহরণকে সহজ করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট দেশে তাদের এজেন্ট নিয়োগকে উৎসাহিত করা হচ্ছে।
- ❖ ব্যাংক শাখার পাশাপাশি ২৬টি Micro Finance Institutions (MFIs) এর শাখা অফিস ও বাংলাদেশ পোস্ট অফিসের শাখা অফিসসমূহকে রেমিট্যান্স বিতরণের মাধ্যম হিসাবে ব্যবহারের অনুমোদন দেয়া হয়েছে। এ সকল প্রতিষ্ঠান প্রত্যন্ত এলাকায় অবস্থিত তাদের শাখাসমূহের মাধ্যমে ত্বরিত রেমিট্যান্স বিতরণে সহায়ক ভূমিকা পালন করছে। সিঙ্গার বাংলাদেশ এর বিক্রয় আউটলেটসমূহের মাধ্যমেও রেমিট্যান্সের অর্থ বিতরণ শুরু হয়েছে।
- ❖ রেমিট্যান্স বিতরণের নেটওয়ার্ক আরও সম্প্রসারণের উদ্যোগ হিসেবে সম্প্রতি বাংলাদেশি ২৪টি ব্যাংককে রেমিট্যান্সের অর্থ মোবাইল অপারেটরদের মাধ্যমে বিতরণের অনুমোদন দেয়া হয়েছে। ১৮টি ব্যাংক ইতোমধ্যে তাদের মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করেছে।
- ❖ রেমিট্যান্স প্রবাহে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ড্রয়িং ব্যবস্থার আওতায় প্রাপ্ত রেমিট্যান্সের অর্থ বেনিফিসিয়ারী পর্যায়ে বিতরণের সর্বোচ্চ সময়সীমা ৭২ ঘন্টা হতে কমিয়ে ০২ (দুই) কার্য দিবস পুনঃনির্ধারণ করা হয়েছে।
- ❖ বাংলাদেশে বৈদেশিক মুদ্রা র অন্তর্মুখী প্রবাহ বৃদ্ধি তথা অধিক রেমিট্যান্স প্রেরণকে উৎসাহিত করার লক্ষ্যে অনিবাসী/ প্রবাসী বাংলাদেশি ওয়েজ আর্নারদের জন্য সরকার কর্তৃক বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশী)/ CIP (Non Resident Bangladeshi) এবং বিশেষ নাগরিক সুবিধা প্রদানের ব্যবস্থা অব্যাহত রয়েছে।
- ❖ প্রবাসী বাংলাদেশি বা এদেশীয় উপকারভোগী কর্তৃক রেমিট্যান্স বিষয়ক কোন অভিযোগ থাকলে তা সরাসরি বাংলাদেশ ব্যাংকে জানানোর জন্য ''গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র'' স্থাপন করা হয়েছে ।
- ❖ বৈদেশিক কর্মসংস্থান তথা শ্রমিক রপ্তানিতে আর্থিক সহায়তা দান ও প্রবাসী বাংলাদেশিদের দেশে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণসহ প্রবাসীদের কল্যাণার্থে সরকার কর্তৃক 'প্রবাসী কল্যাণ ব্যাংক' নামক একটি ব্যাংক প্রতিষ্ঠা করা হয়েছে।
- ❖ সরাসরি প্রবাসীদের বিনিয়োগে তিনটি এনআরবি ব্যাংক প্রতিষ্ঠার লাইসেন্স দেয়া হয়েছে এবং ব্যাংকগুলি তাদের কার্যক্রম পরিচালনা করছে।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

সারণি- ৯: বৈদেশিক মুদ্রার রিজার্ভ

অর্থবছর শেষে	মিলিয়ন মার্কিন ডলার
২০০৫-০৬	৩,৪৮৪
২০০৬-০৭	৫,০৭৭
২০০৭-০৮	৬,১৪৯
২০০৮-০৯	৭,৪৭১
২০০৯-১০	১০,৭৫০
২০১০-১১	১০,৯১২
২০১১-১২	১০,৩৬৪
২০১২-১৩	১৫,৩১৫
২০১৩-১৪	২১,৫০৮
২০১৪-১৫	২৫,০২৫
২০১৫-১৬	৩০,১৭৬
২০১৬-১৭*	৩২,৫৫৭

* ২৮ ফেব্রুয়ারী ২০১৭ পর্যন্ত
উৎস ঃ বাংলাদেশ ব্যাংক

অর্থবছর ২০১৫-১৬ এ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় রেমিট্যান্সের ঋণাত্মক প্রবৃদ্ধি এবং আমদানি ব্যয় বৃদ্ধি পাওয়া স্বত্বেও রপ্তানি আয়ের উল্লেখযোগ্য প্রবৃদ্ধির ফলে বৈদেশিক মুদ্রার স্থিতির পরিমাণ ৩০ জুন ২০১৫ তারিখের ২৫,০২৫ মিলিয়ন মার্কিন ডলার হতে বৃদ্ধি পেয়ে ৩০ জুন ২০১৬ শেষে ৩০,১৭৬ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। ২০১৬-১৭ অর্থবছরের শুরু থেকে আমদানি ব্যয় বৃদ্ধি ও প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স হ্রাস এবং রপ্তা নি আয়ের পরিমাণ কম বৃদ্ধি পাওয়ার কারণে বৈদেশিক মুদ্রার অন্তঃপ্রবাহ তুলনামূলক কম হওয়া সত্ত্বেও বৈদেশিক মুদ্রার স্থিতি ফেব্রুয়ারি ২০১৭ শেষে ৩২,৫৫৭ মিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করে। ২০০৫-০৬ থেকে ২০১৫-১৬ পর্যন্ত অর্থবছরভিত্তিক এবং সর্বশেষ প্রাপ্ত ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের স্থিতির পরিসংখ্যান ও গতিধারা যথাক্রমে সারণি-৯ এবং চার্ট-৫ এ দেখানো হলো।

নগদ জমা সংরক্ষণ হার(CRR)

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে ও ব্যাংকগুলোর আমানত ব্যবহার সীমিতকরণের লক্ষ্যে ২৪ জুন ২০১৪ হতে বাংলাদেশ ব্যাংকে তফসিলি ব্যাংকগুলোর নগদ জমা সংরক্ষণের হার (CRR) দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ন্যূনতম ৬.০০ শতাংশ থেকে বৃদ্ধি করে ৬.৫০ শতাংশে নির্ধারণ করা হয়। তবে, কোন দিনই এ সংরক্ষণের পরিমাণ ৬.০০ শতাংশের কম হবে না। আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে এ হার ২.৫০ শতাংশে অপরিবর্তিত রয়েছে। আর্থিক প্রতিষ্ঠানগুলো দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক ২.৫০ শতাংশ হারে নগদ জমা (CRR) সংরক্ষণ করবে এবং কোন দিনই এ সংরক্ষণের পরিমাণ ২.০০ শতাংশের কম হবে না।

তফসিলি ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণহার (SLR)

১ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ হতে তফসিলি ব্যাংকগুলোর দৈনিক ভিত্তিতে রক্ষণীয় সহজে বিনিময়যোগ্য সম্পদের পরিমাণ বাংলাদেশ ব্যাংকের সংগে দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে নগদ জমা (সিআরআর) থেকে আলাদাভাবে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে, প্রচলিত ধারার ব্যাংকিং-এর ক্ষেত্রে সিআরআর-এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় হার (SLR) তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ন্যূনতম ১৩.০ শতাংশ এবং ইসলামি শরীয়াহভিত্তিক ব্যাংকিং-এর ক্ষেত্রে এ হার ন্যূনতম ৫.৫ শতাংশ ধার্য করা হয়েছে। অপ রদিকে, বিশেষায়িত ব্যাংকগুলোকে তরল সম্পদ সংরক্ষণের দায় হতে অব্যাহতি দেয়া হয়েছে , যা আলোচ্য সময়েও বলবৎ রয়েছে। তবে , আমানত গ্রহণ করে না এমন আর্থিক প্রতিষ্ঠানের জন্য SLR ২.৫ শতাংশ এবং আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য SLR ৫.০ শতাংশ ধার্য করা হয়েছে।

ব্যাংক রেট

ব্যাংক ঋণে সুদের হার কমিয়ে আনার লক্ষ্যে ৬ নভেম্বর ২০০৩ তারিখে ব্যাংক রেট শতকরা ৬ ভাগ থেকে হ্রাস করে শতকরা ৫.০ ভাগে নির্ধারণ করা হয়, যা আলোচ্য সময়েও অপরিবর্তিত আছে।

সুদ হার পরিস্থিতি

ব্যাংকগুলোর মধ্যে প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টির মাধ্যমে সুদ হার যৌক্তিকীকরণে বাংলাদেশ ব্যাংক ব্যাংকসমূহকে সময় উপযোগী নির্দেশনা প্রদান অব্যাহত রেখেছে। এসএমই খাতসহ অন্যান্য খাতে ঋণের সুদ হার যৌক্তিক পর্যায়ে নির্ধারণের লক্ষ্যে ক্রেডিট কার্ড ও ভোক্তা ঋণ ছাড়া অন্যান্য ঋণ এবং আমানতের গড়-ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread নিম্নতর এক অংক (lower single digit) পর্যায়ে (৫ শতাংশের নীচে) সীমিত রাখার জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সাম্প্রতিক সময়ে ঋণ প্রদানের সুদের হার এবং আমানতের সুদের হার ক্রমশ হ্রাস পেয়েছে। ঋণের গড়-ভারিত সুদ হার জুন ২০১৫ শেষে ১১.৬৭ শতাংশ ছিল, যা ক্রমান্বয়ে হ্রাস পেয়ে জুন ২০১৬ শেষে ১০.৩৯ শতাংশে এবং ডিসেম্বর ২০১৬ শেষে ৯.৯৩ শতাংশে দাঁড়ায়। ফেব্রুয়ারি ২০১৭ শেষে তা আরো হ্রাস পেয়ে ৯.৭৭ শতাংশে দাঁড়ায়। একইভাবে, আমানতের গড়ভারিত সুদ হার জুন ২০১৫ শেষে ৬.৮০ শতাংশ ছিল, যা ক্রমান্বয়ে হ্রাস পেয়ে জু ন ২০১৬ শেষে ৫.৫৪ শতাংশে এবং ডিসেম্বর ২০১৬ শেষে ৫.২২ শতাংশে দাঁড়ায়। আমানতের গড়ভারিত সুদ হার ফেব্রুয়ারি ২০১৭ শেষে আরও হ্রাস পেয়ে ৫.০৮ শতাংশে দাঁড়ায়। জুন ২০১৫ শেষের ঋণ ও আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান (spread) ৪.৮৭ শতাংশ থেকে হ্রাস পেয়ে জুন ২০১৬ শেষে ৪.৮৫ শতাংশে দাঁড়ায়। আমানতের গড়ভারিত সুদ হার এবং ঋণের গড়ভারিত সুদ হার ক্রমাগতভাবে হ্রাসের ফলে ঋণ ও আমানতের গড়-ভারিত সুদ হারের ব্যবধান (spread) জুন ২০১৬ শেষের ৪.৮৫ শতাংশ থেকে হ্রাস পেয়ে ফেব্রুয়ারি ২০১৭ শেষে ৪.৭০ শতাংশে দাঁড়ায়। জুন ২০১৫ থেকে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত মাসভিত্তিক ঋণের গড়ভারিত সুদ হার এবং আমানতের গড়ভারিত সুদ হার চার্ট-৬ এ দেখানো হলো।

চার্ট-৬: ঋণ এবং আমানতের গড়-ভারিত সুদ হারের গতিধারা



পেমেন্ট সিস্টেমস্-এর অগ্রগতি

দেশে একটি জনবান্ধব আধুনিক পেমেন্ট সিস্টেমস্ প্রতিষ্ঠা করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক পেমেন্ট সিস্টেমস এর কৌশলপত্র প্রণয়ন; অটোমেটেড ক্লিয়ারিং হাউস স্থাপন ও এর সামগ্রিক কার্যক্রম পরিচালন; মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস এর অনুমোদন প্রদান ও যথাযথ পরিবীক্ষণ (Oversight); ন্যাশনাল পেমেন্ট সুইচ এর উন্নয়ন এবং ই-পেমেন্ট সিস্টেমস প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ ; পেমেন্ট সিস্টেম সংক্রান্ত আইন ও প্রবিধিগত অবকাঠামো প্রণয়ন; ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) কার্যক্রম চালু, রেমিট্যান্স প্রবাহ ত্বরান্বিতকরণ; এবং Real Time Gross Settlement (RTGS) বাস্তবায়ন করছে।

Alternative Payment Channels হিসাবে ব্যাংকিং খাতে মোবাইল প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে ২৯টি ব্যাংককে মোবাইল প্রযুক্তি ভিত্তিক আর্থিক সেবা প্রদানের অনুমোদন দেয়া হয়েছে যার মধ্যে ১৯টি ব্যাংক সেবাটির প্রচলন শুরু করেছে। এদের মধ্যে ১৭টি ব্যাংক এর আওতায় ইনওয়ার্ড রেমিট্যান্স এর অর্থ বিতরণ, এজেন্ট/ব্যাংক শাখা/এটিএম/মোবাইল অপারেটর আউটলেট এর মাধ্যমে অর্থ আদান প্রদান / লেনদেন, ব্যক্তি কর্তৃক বাণিজ্যিক প্রতিষ্ঠানের অর্থ পরিশোধ (যেমনঃ ইউটিলিটি বিল), বাণিজ্যিক প্রতিষ্ঠান কর্তৃক ব্যক্তির অর্থ পরিশোধ (যেমনঃ কর্পোরেট /শিল্প কারখানা /অফিস সমূহের বেতন বিতরণ), সরকার কর্তৃক ব্যক্তির অর্থ পরিশোধ (যেমনঃ বয়স্ক ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা ই ত্যাদি), ব্যক্তি কর্তৃক সরকারের অর্থ পরিশোধ (যেমন কর পরিশোধ), ব্যক্তি থেকে ব্যক্তির লেনদেনসমূহ (একজনের নিবন্ধনকৃত মোবাইল একাউন্ট থেকে আরেকজনের নিবন্ধনকৃত মোবাইল একাউন্টে) এবং অন্যান্য লেনদেনসমূহ যেমন মাইক্রোফাইন্যান্স, নগদ গ্রহণ সুবিধা (উত্তোলিত সুবিধা), ইন্স্যুরেন্স প্রিমিয়াম ইত্যাদি কার্যক্রম অব্যাহত রয়েছে। মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-এর আওতায় ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত মোট এজেন্ট সংখ্যা ছিল ৬,৯৬,৭২২ এবং নিবন্ধিত গ্রাহক সংখ্যা প্রায় ৪৯.৮৫ মিলিয়ন যার মধ্যে সক্রিয় একাউন্টের সংখ্যা প্রায় ২৩.৯১ মিলিয়ন। ফেব্রুয়ারি, ২০১৭ তে মোট ১৩৪,০৩৩,৯১১ টি লেনদেনের মাধ্যমে ২২৩.২৭ বিলিয়ন টাকা লেনদেন হয় এবং গড়ে প্রতিদিন প্রায় ৭.৯৭ বিলিয়ন টাকা লেনদেন হয়।

মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

- ❖ বাংলাদেশের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা মূল্যায়নের লক্ষ্যে Asia Pacific Group on Money Laundering (APG) কর্তৃক পরিচালিত ৩য় পর্বের মিউচ্যুয়াল ইভ্যালুয়েশন প্রক্রিয়ার সমাপ্তি শেষে বাংলাদেশের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থার উপরে প্রণীত চূড়ান্ত প্রতিবেদন ০৭ আগস্ট, ২০১৬ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার স্যান ডিয়েগোতে এপিজি'র ১৯ তম বার্ষিক সভায় অনুমোদিত হয়েছে। এতে বাংলাদেশের মানিলন্ডারিং, সন্ত্রাস ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম এপিজি ও এর ৪১ টি সদস্য রাষ্ট্র কর্তৃক আন্তর্জাতিক মানের হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে এবং বাংলাদেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন পরিপালনের ক্ষেত্রে একটি "কমপ্লায়েন্ট কান্ট্রি' হিসেবে বিবেচিত হয়েছে যা মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থার ক্ষেত্রে বাংলাদেশকে এশিয়া অঞ্চলের অন্যতম শক্তিশালী দেশ হিসেবে চিহ্নি ত করেছে। বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টিলিজেন্স ইউনিট (বিএফআইইউ) উক্ত মিউচ্যুয়াল ইভ্যালুয়েশন প্রক্রিয়ার প্রধান সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করে।
- ❖ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক তথ্য আদান প্রদানের প্রয়োজনে বিএফআইইউ এ পর্যন্ত সর্বমোট ৪৮ টি দেশের এফআইইউ-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। যার মধ্যে ২০১৬-১৭ অর্থবছরে ০৫ (পাঁচ)টি দেশের এফআইইউ -এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। দেশগুলো হচ্ছে - সুরিনাম, কানাডা, সাইপ্রাস, পর্তুগাল ও ফিনল্যান্ড।
- ❖ সন্ত্রাসী কর্মকান্ডে অর্থ সঞ্চালন বন্ধের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা বাস্তবায়নকল্পে কোন সন্ত্রাসী যাতে কোন ব্যাংকের মাধ্যমে কোন ধরণের লেনদেন না করতে পারে সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য বিএফআইইউ কর্তৃক বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। বিএফআইইউ এর উক্ত নির্দেশনা মোতাবেক সকল ব্যাংকের পরিপালন কার্যক্রম নিশ্চিতকরনের লক্ষ্যে প্রয়োজনীয় পরিদর্শন পরিচালনা করা হচ্ছে।
- ❖ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সুচারুরূপে পরিপালনার্থে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের জন্য বিভিন্ন আইনগত সংশোধন ও আন্তর্জাতিক মানদন্ডের পরিবর্তনের আলোকে Uniform Account Opening Form ও KYC Profile Form হালনাগাদকরণপূর্বক গত ১৬ জানুয়ারি, ২০১৭ তারিখে নির্দেশনা জারী করা হয়েছে।

ব্যাংক-বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান

আর্থিক প্রতিষ্ঠানসমূহ দেশের শিল্প, বাণিজ্য, গৃহায়ণ, পরিবহণ ও তথ্যপ্রযুক্তি খাতে অর্থায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখছে। ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত দেশে কার্যরত মোট আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা ৩৩টি। এসব প্রতিষ্ঠানের মোট ২২৫টি শাখা দেশের বিভিন্ন স্থানে কার্যক্রম পরিচালনা করে আসছে। ডিসেম্বর ২০১৬ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ ছিল ১০৬.৭৭ বিলিয়ন টাকা; তন্মধ্যে পরিশোধিত মূলধনের পরিমাণ ৭১.৭৮ বিলিয়ন টাকা এবং মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৩৮৩.৭ বিলিয়ন টাকা। শিল্প, বাণিজ্য, গৃহায়ণ, ছাড়াও দেশের পুঁজিবাজারে এসব প্রতিষ্ঠান বিনিয়োগ করে থাকে। সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী ডিসেম্বর, ২০১৬ শেষে পুঁজিবাজারে প্রতিষ্ঠানগুলোর মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১৮.৯৩ বিলিয়ন টাকা। ডিসেম্বর , ২০১৬ পর্যন্ত বিভিন্ন খাতে আর্থিক প্রতিষ্ঠানগুলোর মোট বকেয়ার পরিমাণ দাঁড়ায় ৫৩.৭২ বিলিয়ন টাকা।

ব্যাংক-বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানগুলোর স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং ঝুঁকি নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন সময়ে নিম্নোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করা হয়। আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিবিধ পণ্য ও সেবার অসঙ্গতি ও অসামঞ্জস্যতা দূরীকরণের লক্ষ্যে এবং প্রতিষ্ঠানসমূহকে দক্ষতার সাথে নিয়ন্ত্রণের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য Guidelines on Products and Services of Financial Institutions in Bangladesh জারি করা হয়। তাছাড়া, আর্থিক প্রতিষ্ঠানসমূহের সেবার মূল্য নির্ধারণে স্বচ্ছতা আনয়ন এবং সুস্থ প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে এ প্রতিষ্ঠানসমূহের জন্য Guidelines on the Base Rate System for Non -Bank Financial Institutions জারি করা হয়। উক্ত গাইডলাইনের আলোকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের তহবিল ব্যয় সূচক (Cost of Fund Index) মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করা হচ্ছে । এছাড়াও দুর্বল ও সমস্যাগ্রস্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহকে সনাক্ত করার মাধ্যমে তাদের অবস্থার উন্নতির জন্য সঠিক দিকনির্দেশনা ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য Guidelines on Early Warning System for Weak and Problem Financial Institutions প্রণয়ন করা হয়। তাছাড়া, আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ও ঝুঁকিসমূহ সুষ্ঠুভাবে তদারকির জন্য বাৎসরিক নিরীক্ষিত হিসাব বিবরণীর উপর ভিত্তি করে Diagnostic Review Report (DRR) প্রস্তুত করা হচ্ছে। আর্থিক প্রতিষ্ঠানের কলমানি বাজার

থেকে ঋণ গ্রহণের ভিত্তি 'নেট সম্পদ ' থেকে পরিবর্তন করে 'ইক্যুইটি' করার সার্কুলার জারি ক রা হয়েছে। কমার্শিয়াল পেপার ইস্যু, বিনিয়োগ, Guarantor এবং Issuing and Paying Agent হিসেবে আর্থিক প্রতিষ্ঠানের যোগ্যতা এবং প্রতিষ্ঠান কর্তৃক পরিপালনীয় বিষয় নির্ধারণের লক্ষ্যে Guidelines on Commercial Paper for Financial Institutions জারি করা হয়েছে।

রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের সংস্কার

রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোকে (বিডিবিএল ব্যতীত) তাদের সাথে সম্পাদিত সমঝোতা স্মারকের (MOU) আওতায় তদারকি অব্যাহত রয়েছে। সোনালী, জনতা, অগ্রণী এবং রূপালী ব্যাংকের ঋণ ব্যবস্থাপনার মান উন্নয়ন এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে স্ব স্ব ব্যাংক কর্তৃক প্রণীত "ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স পলিসি" পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য বাংলাদেশ ব্যাংক হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত পলিসি বাস্তবায়নে ব্যাংকগুলোর অবস্থা বাংলাদেশ ব্যাংক হতে মনিটরিং করা হচ্ছে। অন্যদিকে, বিশেষায়িত দুইটি ব্যাংককে (বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক) ২০১৬-১৭ অর্থ বছরের সমঝোতা স্মারকের (MOU) আওতায় তদারকি অব্যাহত রয়েছে।

মুদ্রা ও আর্থিক বাজার সংস্কার

দেশের বিদ্যমান ব্যাংকগুলোকে প্রতি যোগিতামূলক ব্যবস্থাপনার মাধ্যমে আন্তর্জাতিকমানে উন্নীত করার লক্ষ্যে ও দেশের সামগ্রিক ব্যাংকিং ব্যবস্থার ভিত্তি আরও মজবুত ও শক্তিশালী করার জন্য মুদ্রা ও আর্থিক বাজার সংস্কারসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১৫-১৬ অর্থবছরে নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়। এরই ধারাবাহি কতায় ২০১৬-১৭ অর্থবছরেও (জুলাই-ফেব্রুয়ারি সময়ে) নিম্নবর্ণিত উল্লেখযোগ্য পদক্ষেপগুলো গ্রহণ করা হয়েছেঃ

- ব্যাংকগুলোর তারল্য ব্যবস্থায় স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে বাসেল -৩ এর আলোকে প্রবর্তিত তারল্য পর্যাপ্ততার দু'টি নতুন পরিমাপক Liquidity Coverage Ratio (LCR) ও Net Stable Funding Ratio (NSFR)-এর মাধ্যমে ব্যাংকগুলোর তারল্য ব্যবস্থা নিয়মিত মনিটরিং করা হচ্ছে।
- ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা শক্তিশালী ও সময়োপযোগীকরণের জন্য প্রণীত Comprehensive Risk Management Reporting (CRMR)-এর আলোকে ব্যাংকগুলোর Risk Management মনিটরিং করা হচ্ছে। এছাড়া পরিবর্তিত ব্যাংকিং ব্যবস্থার সাথে সামঞ্জস্য রাখার জন্য Risk Management Guidelines for Banks রিভিউ করার কাজ চলছে।
- বাংলাদেশের অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা শক্তিশালীকরণের অংশ হিসেবে Self Assessment of Antifraud Internal Control (SF)-এর আলোকে Fraud/Forgery নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তাছাড়া, SF রিভিউ এর কাজ শেষ পর্যায়ে রয়েছে।

ইক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীফ ফান্ড (ইইএফ)

ঝুঁকিপূর্ণ কিন্তু সম্ভাবনাময় সফট্ওয়্যার শিল্প এবং খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক শিল্প প্রকল্পে বিনিয়োগ উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ২০০০-২০০১ অর্থবছরে জাতীয় বাজেটে প্রাথমিকভাবে ১.০ (এক) বিলিয়ন টাকা বরাদ্দের মাধ্যমে ইক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীফ ফান্ড (ইইএফ) তহবিল গঠন করা হয় এবং এর সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব বাংলাদেশ ব্যাংকের উপর অর্পিত হয়। অর্থ মন্ত্রণালয়ের ১৬/০৪/২০০৯ তারিখের অনুমোদনের সূত্রে বাংলাদেশ ব্যাংকের সাব এজেন্ট হিসেবে এক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) এর অপারেশনাল কার্যক্রম বিগত ১ জুন, ২০০৯ তারিখে বাংলাদেশ ব্যাংক হতে আইসিবি'র নিকট হস্তান্তর করা হয়। ইইএফ এর নীতি নির্ধারণ, তহবিল ব্যবস্থাপনা ও পারফরমেন্স মনিটরিং এর কাজ বাংলাদেশ ব্যাংকের ইইএফ ইউনিট কর্তৃক সম্পাদিত হচ্ছে। ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত ইইএফ এর অনুকূলে মন্ত্রণালয় কর্তৃক ছাড়কৃত অর্থের পরিমাণ ২০.২৫ বিলিয়ন টাকা। উল্লেখ্য, প্রথম কিস্তির অর্থ ছাড়করণের তারিখ হতে ৮(আট) বছরের মধ্যে ইইএ ফ সহায়তার অর্থ বাই -ব্যাক করার বিধান রয়েছে। প্রথম ৩ (তিন) বছরের মধ্যে অভিহিত মূল্যে শেয়ার বাই -ব্যাক করা যায়। পরবর্তী ৫(পাঁচ) বছরের মধ্যে Break-up-value অথবা অভিহিত মূল্যের মধ্যে যেটি অধিক সেই মূল্যে বাই -ব্যাক করতে হয়। এ পর্যন্ত ১৬৫ টি কৃষিভিত্তিক ও খাদ্য প্র ক্রিয়াজাতকরণ প্রকল্পের ২.২৫ বিলিয়ন টাকার শেয়ার এবং ২৮ টি আইসিটি প্রকল্পের ০.১৯ বিলিয়ন টাকার শেয়ার বাই-ব্যাক করা হয়েছে ।

২০১৬-২০১৭ অর্থবছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত আইসিবি'র ইইএফ ডিভিশন কর্তৃক ১০৬ টি কৃষিভিত্তিক প্রকল্পের অনুকূলে মঞ্জুরি প্রদান করা হয়েছে। মঞ্জুরিকৃত প্রকল্পগুলোর মোট প্রকল্প ব্যয় ৩.৩৮ বিলিয়ন টাকা এবং মঞ্জুরিকৃত ইইএফ সহায়তার পরিমাণ ১.৬৬ বিলিয়ন টাকা। এছাড়া উক্ত সময়ে আইসিটি খাতে ১০টি প্রকল্পের অনুকূলে মঞ্জুরি প্রদান করা হয়েছে। এ প্রকল্পসমূহের মোট মঞ্জুরিকৃত প্রকল্প ব্যয় ০.৩৭ বিলিয়ন টাকা এবং মঞ্জুরিকৃত ইইএফ সহায়তার পরিমাণ ০.১৮ বিলিয়ন টাকা।

ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ১৮৯৭টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পে মোট ৩৩.৯৫ বিলিয়ন টাকা এবং ১৩১টি আইসিটি প্রকল্পে মোট ২.০২ বিলিয়ন টাকা ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে এবং এর বিপরীতে ৮২৬টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের অনুকূলে ১২.৮৮ বিলিয়ন টাকা এবং ৮৮টি আইসিটি প্রকল্পের অনুকূলে ১.০৭ বিলিয়ন টাকাসহ সর্বমোট ১৩.৯৫ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে।

ইইএফ সহায়তার মাধ্যমে কৃষিভিত্তিক ও আইসিটি প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে এ যাবত প্রায় ৫০,০০০ লোকের স্থায়ী ও মৌসুমী কর্মসংস্থান হয়েছে। এছাড়া, কৃষিভিত্তিক প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে দেশের গ্রামীণ অর্থনীতিতে অবকাঠামোগত উন্নয়ন হয়েছে। কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধিতে প্রকল্পগুলো বিশেষ অবদান রাখছে। আইসিটি প্রকল্পগুলোর প্রস্তুতকৃত বিশ্বমানের সফট্ওয়্যার দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যবহৃত হচ্ছে এবং বিদেশেও রপ্তানি হচ্ছে।

গৃহায়ন তহবিল

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহায়ন তথা দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সরকার কর্তৃক ১৯৯৭-৯৮ অর্থবছরে ০.৫ বিলিয়ন টাকা বাজেট বরাদ্দের মাধ্যমে গৃহায়ন তহবিল গঠন করা হয়। পরবর্তীতে বাজেট বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করে ২.৯৮ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়, যার মধ্যে তহবিল কর্তৃক গৃহীত অর্থের পরিমাণ ১.৬১ বিলিয়ন টাকা। বর্তমানে ঋণ কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থাগুলোকে (এনজিও) মাত্র ২.০ শতাংশ হারে সরল সুদে ঋণ প্রদান করা হয় এবং সংস্থাগুলো ৬.০ শতাংশ হারে সরলসুদে সর্বোচ্চ ১০ (দশ) বৎসর মেয়াদে ঋণ পরিশোধের সুবিধাসহ সহজ শর্তে উপকারভোগীদের অনুকূলে ঋণ বিতরণ করে থাকে। এ কর্মসূচীর আওতায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের অনুকূলে ০.১১ বিলিয়ন টাকা অনুদান প্রদান করা হয়েছে। গ্রামীণ দরিদ্র জনগণের গৃহ নির্মাণের জন্য গৃহায়ন তহবিল বেসরকারি উন্নয়ন সংস্থার (এনজিও) অনুকূলে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ২.০৪ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে যার মাধ্যমে ৬৬,৪৬৯টি গৃহের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সারাদেশে মোট ৫১৪টি এনজিও ৬৩টি জেলার ৪০৩টি উপজেলায় গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়ন করছে। এ কার্যক্রমের ফলে বর্তমানে উপকারভোগীর সংখ্যা ৩,৩২,৩৪৫ জনে উন্নীত হয়েছে। ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত ছাড়কৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য মোট ১.৫৩ বিলিয়ন টাকার মধ্যে ১.৪৭ বিলিয়ন টাকা আদায় করা হয়েছে। মোট আদায়যোগ্য ঋণের তুলনায় আদায় হার ৯৬.১৬ শতাংশ। গৃহ নির্মাণ কার্যক্রম ছাড়াও দেশের দরিদ্র কর্মজীবি মহিলা শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়ন তহবিলের অর্থায়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে ০.২৫ বিলিয়ন টাকা ব্যয়ে ঢাকা জেলার সাভার উপজেলার আশুলিয়ায় একটি মহিলা হোস্টেল/ডরমিটরীর নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে যাতে ৭৪৪ জন মহিলা শ্রমিকের আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হবে। উল্লিখিত প্রকল্প ছাড়াও নীলক্ষেত, ঢাকায় কর্মজীবি মহিলাদের জন্য ১০ (দশ) তলা বিশিষ্ট মহিলা হোস্টেল এবং শ্রমজীবি মহিলাদের জন্য ঢাকাস্থ সাভার উপজেলার আশুলিয়ায় ১৪ (চৌদ্দ) তলা বিশিষ্ট মহিলা হোস্টেল/ডরমিটরী মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে নির্মাণের নিমিত্ত গৃহায়ন তহবিল স্টিয়ারিং কমিটি নীতিগত অনুমোদন প্রদান করেছেন। অপরদিকে, বিজিএমইএ এবং এর সদস্যভুক্ত কোম্পানীতে কর্মরত শ্রমিকদের আবাসনের নিমিত্তে শ্রমিক হোস্টেল/ডরমিটরী নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গৃহীত হয়েছে। এছাড়া, বেপজার আওতাধীন ইপিজেডস্থ শিল্প প্রতিষ্ঠানসূহে কর্মরত মহিলা শ্রমিকদের একা অথবা পরিবার নিয়ে থাকার উপযোগী ডরমিটরী নির্মাণের বিষয়টি গৃহায়ন তহবিল স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। এজন্য গৃহায়ন তহবিল হতে বেপজার অনুকূলে ঋণ প্রদানের ক্ষেত্রে অনুসৃতব্য একটি নীতিমালা স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়। উল্লিখিত কার্যক্রম ছাড়াও বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) কর্তৃক পরিচালিত 'ঘরে ফেরা' কর্মসূচীর অনুকূলে গৃহায়ন তহবিল হতে ০.০২ বিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করা হয় যার বিপরীতে ইতোমধ্যে ১ম কিস্তি বাবদ ০.০১ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে। উল্লেখ্য, শ্রম মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম অধিদপ্তর কর্তৃক চট্টগ্রামের কালুরঘাট এবং নারায়ণগঞ্জ জেলার বন্দর থানায় নির্মিতব্য ০২টি শ্রমিক হোস্টেল প্রকল্পের অনুকূলে গৃহায়ন তহবিল হতে ০.২৫ বিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে। তাছাড়া, সমাজের চরম সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত চা বাগানে কর্মরত শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়ন তহবিল একটি পরিকল্পনা গ্রহণ করেছে যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে পরিচালিত হবে।

ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) প্রজেক্ট

সরকার অনুমোদিত বেসরকারি খাতের অংশগ্রহণের মাধ্যমে 'পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি)' ভিত্তিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্থায়ন ও অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতের সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় বাংলাদেশ ব্যাংক অর্থমন্ত্রণালয়ের অর্থ বিভাগের পক্ষে ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) নামক একটি প্রকল্প বাস্তবায়ন করছে। এর প্রধান কম্পোনেন্ট দু'টির একটি হলো টেকনিক্যাল এ্যাসিসটেন্স (কারিগরী সহায়তা) কম্পোনেন্ট যা এডিপিভুক্ত এবং অন্যটি হলো অন-লেন্ডিং কম্পোনেন্ট যা এডিপি বহির্ভূত।

বেসরকারি খাতের নেতৃত্বে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার লক্ষ্যে আইপিএফএফ প্রকল্পের অন-লেন্ডিং কম্পোনেন্ট এর আওতায় বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে সরকার অনুমোদিত বিভিন্ন অবকাঠামো প্রকল্পে দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা হচ্ছে। আইপিএফএফ এর আওতায় অর্থায়নযোগ্য অবকাঠামো খাতগুলো হলোঃ বিদ্যুৎ উৎপাদন,

সঞ্চালন ও বিতরণ, বন্দর (স্থল, জল ও বিমান) নির্মাণ ও উন্নয়ন, শিল্প বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক-মহাসড়ক, ফ্লাইওভার ও বিভিন্ন এক্সপ্রেসওয়ে নির্মাণ, পানি সরবরাহ ও স্যুয়ারেজ ব্যবস্থাপনা এবং শিল্প এস্টেট ও পার্ক উন্নয়ন, স্বাস্থ্য ও শিক্ষা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রভৃতি। অন্যদিকে কারিগরী সহায়তা কম্পোনেন্ট এর মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পিপিপি কর্তৃপক্ষ, অর্থ বিভাগের পিপিপি ইউনিট ও বাংলাদেশ ব্যাংকের আইপিএফএফ সেল এর জন্য পণ্য ও সেবা সংগ্রহ, পরিচালন ব্যয় নির্বাহ এবং পিপিপি বিষয়ে সরকারি-বেসরকারি খাতের সামর্থ্য বৃদ্ধি করা হচ্ছে।

বিশ্ব ব্যাংকের সাথে ০১ জুন, ২০০৬ তারিখে স্বাক্ষরিত ফিন্যান্সিং এগ্রিমেন্ট অনুযায়ী বিশ্ব ব্যাংকের ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার ও সরকারের ১০.০০ মিলিয়ন মার্কিন ডলার নিয়ে আইপিএফএফ প্রকল্পের বাস্তবায়ন শুরু হয়। ৫-বছর মেয়াদি আইপিএফএফ প্রকল্পের প্রথম ৪ বছরের মধ্যেই অন-লেন্ডিং কম্পোনেন্ট এর ১০০ শতাংশ (৪.২২ বিলিয়ন টাকা) ব্যবহৃত হওয়ায় বিশ্ব ব্যাংক ৭ জুন, ২০১০ তারিখে স্বাক্ষরিত এডিশনাল ফিন্যান্সিং এগ্রিমেন্ট (আইডিএ ক্রেডিট নং-৪৬৯৩ বিডি) মোতাবেক আরও ২৫৭.০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করে। কাউন্টারপার্ট ফান্ড হিসেবে সরকারও ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার সমমূল্যের টাকা প্রদান করে এবং আইপিএফএফ-এর মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এতদপ্রেক্ষিতে সংশোধিত টিপিপি ০৯ মার্চ, ২০১১ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয় যেখানে প্রকল্পের মোট ব্যয় ধরা হয় ২৫.৭৩ বিলিয়ন টাকা (কারিগরি সহায়তা ০.৬৬ বিলিয়ন টাকা ও অন-লেন্ডিং ২৫.০৭ বিলিয়ন টাকা)। পরবর্তীতে দু'দফায় টিপিপি ব্যয় পুনর্বিন্যাস ও মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের টিপিপি সংশোধনপূর্বক প্রকল্প সমাপ্তির তারিখ ৩১ ডিসেম্বর, ২০১৬ নির্ধারণ করা হয় ও সংশোধিত টিপিপি'তে প্রকল্পের মোট ব্যয় দাঁড়ায় ২৮.৫০ বিলিয়ন টাকা (কারিগরি সহায়তা ০.৬৭ বিলিয়ন টাকা ও অন-লেন্ডিং ২৭.৮৩ বিলিয়ন টাকা)।

৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে সমাপ্ত আইপিএফএফ প্রকল্পের অন-লেন্ডিং কম্পোনেন্ট এর আওতায় বিভিন্ন সেক্টরের ২১ টি সাব-প্রজেক্টে (৬৩৯ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ১২টি পাওয়ার প্ল্যান্ট, ৩টি পানি শোধন প্ল্যান্ট, ২টি আইটি অবকাঠামো, একটি ইনল্যান্ড কন্টেইনার ডিপো, একটি জেটি, একটি ড্রাই ডক ও একটি হাসপাতাল) আইপিএফএফ এর সাথে তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে মোট ২৪.৪১ বিলিয়ন টাকা দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা হয়েছে। অপরদিকে, আইপিএফএফ এর টেকনিক্যাল এ্যাসিসটেন্স কম্পোনেন্ট এর আওতায় পিপিপি বিষয়ে সরকারি-বেসরকারি অংশীজনদের সক্ষমতা ও সামর্থ্য বৃদ্ধি এবং আইপিএফএফ সেলসহ প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ পিপিপি কর্তৃপক্ষ ও অর্থ বিভাগের পিপিপি ইউনিটের জন্য পণ্য ও সেবা সংগ্রহ ও পরিচালন ব্যয় নির্বাহ বাবদ মোট ০.৫৭ বিলিয়ন টাকা ব্যয় হয়েছে।

উল্লেখ্য যে, আইপিএফএফ হতে বিতরণকৃত ঋণের বিপরীতে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিয়মিতভাবে ঋণের কিস্তি পরিশোধ করছে। ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত আদায়কৃত মোট ৭.৩৪ বিলিয়ন টাকা (আসল ৫.১৮ বিলিয়ন টাকা, সুদ ২.১৫ বিলিয়ন টাকা ও কমিটমেন্ট চার্জ ৮.০ মিলিয়ন টাকা) যথাযথভাবে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।

কৃষি ঋণ

দেশের খাদ্য নিরাপত্তা জোরদার তথা সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে কৃষি খাত এবং পল্লী অঞ্চলের ভূমিকা সমুন্নত রাখার লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ এর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। এ পরিপ্রেক্ষিতে ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রান্তিক পর্যায়ে কৃষি ঋণ কার্যক্রম আরও গতিশীল করতে বেসরকারি ও বিদেশি ব্যাংকসহ বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংককে কৃষি ঋণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচিতে বিগত নীতিমালার মূল দিকগুলো বিদ্যমান রেখে কয়েকটি নতুন বিষয় এ নীতিমালায় সংযোজন করা হয়েছে। এর মধ্যে কৃষি ও পল্লী ঋণের আওতা বৃদ্ধি, পল্লী এলাকায় ব্যাংকিং কর্মকান্ড সম্প্রসারণে কৌশলগত পদ্ধতি গ্রহণ, কৃষকদের অধিক হারে ব্যাংকমুখী করা তথা আর্থিক সেবায় অন্তর্ভুক্তিকরণ, আমদানি বিকল্প ফসল চাষে বাড়তি উৎসাহ প্রদান, স্বল্পমেয়াদি শস্য ঋণের ক্ষেত্রে ১৫০,০০০.০০ টাকার পরিবর্তে এখন ২,৫০,০০০.০০ টাকা পর্যন্ত সিআইবি রিপোর্টিং ও ইনকোয়ারির অব্যাহতি প্রদান, কৃষি ও পল্লী ঋণ কার্যক্রম পরিচালনায় ব্যাংকসমূহের জন্য আউটসোর্সিং এর ব্যবহারের সুযোগ দেয়া, ঘৃত কুমারী (Aloe Vera), ড্রাগন ফল এবং চা (সবুজ পাতা উৎপাদন পর্যন্ত) চাষে ঋণ প্রদানসহ এজেন্ট ব্যাংকিং ব্যবস্থায় কৃষি ঋণ প্রদান ও উদ্ভাবিত নতুন ফসল ও প্রযুক্তি সম্পর্কে ধারণা দেয়া ইত্যাদি উল্লেখযোগ্য। এছাড়া, নীতিমালায় উল্লেখযোগ্য দিকগুলো হলো, কোন ব্যাংক কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে তাদের বাধ্যতামূলকভাবে অনার্জিত অংশের পুরোটা বাংলাদেশ ব্যাংকে জমা রাখতে হবে, যেখানে জমাকৃত অর্থের উপর ব্যাংকগুলোকে কোন প্রকার সুদ প্রদান করা হবে না। তবে, পরবর্তী অর্থবছরের লক্ষ্যমাত্রার সাথে পূর্ববর্তী অর্থবছর/বছরসমূহের ঘাটতি লক্ষ্যমাত্রা সম্পূর্ণ/আংশিক অর্জন করতে পারলে ব্যাংকগুলোকে জমাকৃত অর্থ সম্পূর্ণ বা আনুপাতিক হারে ফেরত প্রদান করা হবে। এ নীতিমালা কাঙ্ক্ষিত কৃষি উৎপাদনে প্রত্যক্ষ সহায়তার পাশাপাশি কৃষকদের অনুকূলে অর্থ প্রবাহ বৃদ্ধি, আয় উৎসারী কর্মকান্ড সম্প্রসারণের মাধ্যমে



পল্লী দারিদ্র্য বিমোচন এবং পল্লী অঞ্চলের জনসাধারণের জীবন মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

২০১৫-১৬ অর্থবছরে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, বেসরকারি ও বিদেশি ব্যাংকসমূহের মাধ্যমে মোট ১৬৪.০০ বিলিয়ন টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৭৬.৪৬ বিলিয়ন টাকা (লক্ষ্যমাত্রার তুলনায় ৭.৬০ শতাংশ বেশি) কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা হয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থবছরে মোট ১৭৫.৫ বিলিয়ন টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় এবং ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত তফশিলি ব্যাংকসমূহ কর্তৃক মোট ১৩৯.২৯ বিলিয়ন টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৭৯.৩৭ শতাংশ। ২০০৬-০৭ অর্থবছর থেকে ২০১৬-১৭ অর্থবছরের ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত কৃষি ও পল্লী ঋণ বিষয়ক উপাত্ত সারণি-১০ এ দেয়া হ'লঃ

সারণি ১০: বছরভিত্তিক কৃষি ও পল্লী ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি

(বিলিয়ন টাকা)

অর্থ বছর	বিতরণ লক্ষ্যমাত্রা	বিতরণ	ঋণ আদায়	বকেয়া (ক্রমপুঞ্জিভূত)
২০০৬-২০০৭	৬৩.৫১	৫২.৯৩	৪৬.৭৬	১৪৫.৮৩
২০০৭-২০০৮	৮৩.০৯	৮৫.৮১	৬০.০৪	১৭৮.২৩
২০০৮-২০০৯	৯৩.৭৯	৯২.৮৪	৮৩.৭৮	১৯৫.৯৮
২০০৯-২০১০	১১৫.১২	১১১.১৭	১০১.১৩	২২৫.৮৯
২০১০-২০১১	১২৬.১৭	১২১.৮৪	১২১.৪৯	২৫৪.৯২
২০১১-২০১২	১৩৮.০০	১৩১.৩২	১২৩.৫৯	২৫৯.৭৫
২০১২-২০১৩	১৪১.৩০	১৪৬.৬৭	১৪৩.৬২	৩১০.৫৮
২০১৩-২০১৪	১৪৫.৯৫	১৬০.৩৭	১৭০.৪৬	৩৪৬.৩৩
২০১৪-২০১৫	১৫৫.৫০	১৫৯.৭৮	১৫৪.০৭	৩২৯.৩৭
২০১৫-২০১৬	১৬৪.০০	১৭৬.৪৬	১৭০.৫৬	৩৪৪.৭৭
২০১৬-২০১৭*	১৭৫.৫০	১৩৯.২৯	১২৩.১৬	৩৬৬.৫৬

উৎসঃ বাংলাদেশ ব্যাংক। * (ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত)

ক্ষুদ্র ও মাঝারি শিল্প

ব্যবসায়িক কর্মকাণ্ডকে উৎসাহিতকরণ ও সম্প্রসারণের মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টির একটি সম্ভাবনাময় খাত হিসেবে ক্ষুদ্র ও মাঝারি শিল্প (Small and Medium Enterprises-SMEs)-কে গণ্য করা হয়ে থাকে। এ সম্ভাবনাকে সামনে রেখে ক্ষুদ্র এবং মাঝারি শিল্পে ঋণ বিতরণে নানাবিধ উদ্যোগ গ্রহণসহ এ শিল্পের বিকাশ ও সম্প্রসারণের জন্য বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত পুনঃঅর্থায়ন সুবিধা ২০১৬-১৭ অর্থবছরেও অব্যাহত আছে। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক তহবিল, জাইকা এফএসপিডিএসএমই তহবিল এবং নারী উদ্যোক্তা তহবিল থেকে পুনঃঅর্থায়ন সুবিধা চালু রয়েছে। এছাড়া, নতুন উদ্যোক্তাদের ষ্টার্ট আপ ক্যাপিটাল সরবরা হের জন্য 'কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তা খাতে নতুন উদ্যোক্তা তহবিল ' এবং ইসলামী ব্যাংকসমূহ কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের সুবিধার্থে ইসলামী শরিয়াহ মোতাবেক পুনঃঅর্থায়ন তহবিল চালু করা হয়েছে। ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের সার্বিক তত্ত্বাবধানে এসএমই অর্থায়ন ও উন্নয়নে উদ্যোগী ভূমিকা নিয়ে এগিয়ে এসেছে।

এসএমই খাতে ঋণ বিতরণ

এসএমই খাতকে অর্থনৈতিক উন্নয়নের অন্যতম এজেন্ডা বিবেচনায় ২০১০ সাল থেকে প্রথমবারের মতো ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক স্বনির্ধারিত লক্ষ্যমাত্রা ভিত্তিক পঞ্জিকা বছর অনুযায়ী ঋণ বিতরণ কার্যক্রম শুরু করা হয়েছে । এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের সফলতাকে সংশ্লিষ্ট ব্যাংকের নতুন শাখা খোলার ক্ষেত্রে অন্যতম ইতিবাচক মাপকাঠি এবং ক্যামেলস্ রেটিং নির্নয়ের একটি নিয়ামক হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। ২০১৬ সালে দেশে কার্যরত সকল ব্যাংক ও নন - ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৬৩৪,৫৭৪টি এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে সর্বমোট ১৪১৯.৩৫ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যা উক্ত বছরের স্বনির্ধারিত লক্ষ্যমাত্রা ১১৩৫.০৩ বিলিয়ন টাকার তুলনায় ২৫.০৫ শতাংশ এবং ২০১৫ সালের তুলনায় ২২.৪৯ শতাংশ বেশী। একই সময়কালে ৪১,৬৭৫টি এসএমই নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে বিতরণকৃত ঋণ ৫৩.৪৬ বিলিয়ন টাকা, যা নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানসমূহকে পূর্ববর্তী বছরে বিতরণকৃত ঋণের তুলনায় ২৬.৪৬ শতাংশ বেশী (সারণী-১১)।

সারণি-১১: ২০১০ হতে ২০১৬ সাল পর্যন্ত ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এসএমই ঋণ বিতরণ

(বিলিয়ন টাকা)

সময়কাল	লক্ষ্যমাত্রা	সাব-সেক্টর			সর্বমোট	নারী উদ্যোক্তা	লক্ষ্যমাত্রার তুলনায় অর্জন
		ট্রেডিং	শিল্প	সেবা			
২০১০	৩৮৮.৫৮	৩৫০.৪১	১৫১.৪৮	৩৩.৫৬	৫৩৫.৪৪	১৮,০৪৯৮	১৩৮%
২০১১	৫৬৯.৪০	৩৪৩.৮৩	১৫৮.০৬	৩৫.৩১	৫৩৭.১৯	২০,৪৮৪৫	৯৫%
২০১২	৫৯০.১৩	৪৪২.২৫	২১৮.৯৭	৩৬.৩১	৬৯৭.৫৩	২২,৪৪০১	১১৮%
২০১৩	৭৪১.৮৭	৫৬৭.০৪	২৪০.১৭	৪৬.০৩	৮৫৩.২৩	৩৩.৪৭	১১৫%
২০১৪	৮৯০.৩১	৬২৭.৬৭	৩০২.৪৬	৭৮.৯৭	১,০০৯.১০	৩৯.৩৯	১১৩%
২০১৫	১,০৪৫.৮৬	৭৩৫.৫২	৩০৪.৬২	১১৮.৫৭	১,১৫৮.৭০	৪২.২৭	১১২%
২০১৬	১,১৩৫.০৩	৯০৫.৪৮	৩৫১.৬৯	১৬২.১৯	১৪১৯.৩৫	৫৩.৪৬	১২৫%

সূত্রঃ বাংলাদেশ ব্যাংক

পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme)

ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতে নিয়মিত ঋণ বিতরণের পাশাপাশি বাংলাদেশ ব্যাংক থেকে গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় গ্রাহক প্রতিষ্ঠানকে এ ধরণের মধ্য ও দীর্ঘমেয়াদি এসএমই ঋণ সরবরাহ করছে। বর্তমানে এসএমই খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, জাইকা এবং নিজস্ব তহবিলের সহায়তায় ৬টি তহবিল (মফস্বলে কৃষিভিত্তিক শিল্প স্থাপনের জন্য পুনঃঅর্থায়ন তহবিল, বাংলাদেশ ব্যাংক তহবিল, বাংলাদেশ ব্যাংক -ওমেন তহবিল, জাইকা এফএসপিডিএসএমই তহবিল, নতুন উদ্যোক্তা তহবিল এবং ইসলামী শরিয়াহ্ তহবিল) পরিচালিত হচ্ছে। বাংলাদেশ ব্যাংক পরিচালিত পুনঃঅর্থায়ন তহবিলগুলোর সার্বিক অবস্থা জানুয়ারি, ২০১৭ পর্যন্ত সারণি-১২ এ দেখানো হলোঃ

সারণি ১২: ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতে পুনঃঅর্থায়ন এর খাতওয়ারী বিবরণ

ক্রমিক নং	তহবিলের নাম	পুনঃঅর্থায়নের পরিমাণ (বিলিয়ন টাকায়)				অর্থায়নকৃত এন্টারপ্রাইজের সংখ্যা (খাতভিত্তিক)			
		চলতি মূলধন	মধ্যমেয়াদি ঋণ	দীর্ঘমেয়াদি ঋণ	মোট ঋণ	শিল্প	বাণিজ্য	সেবা	মোট
১	মফস্বলে কৃষিভিত্তিক শিল্প স্থাপনের জন্য তহবিল	৩.০৭	১.৫৬	৫.৩৬	৯.৯৯	২,৪৪৯	-	-	২,৪৪৯
২	বাংলাদেশ ব্যাংক তহবিল	৩.৮৫	৫.৯৮	২.৪৩	১২.২৬	৫,০২৪	৫,৯২৬	১,৭৬৭	১২,৭১৭
৩	বাংলাদেশ ব্যাংক নারী উদ্যোক্তা তহবিল	৩.০৬	৯.১১	৩.৬৪	১৫.৮১	৪,৯০২	৮,৩৯৩	২,২১৩	১৫,৫০৮
৪	বাংলাদেশ ব্যাংক এক্সটেনশন-নারী উদ্যোক্তা	০.৪৫	০.৯০	০.৪৫	১.৮০	৩৬০	৯৪৩	১০৪	১,৪০৭
৫	আইডিএ তহবিল	০.৮০	১.৩২	১.০০	৩.১৩	১,৩৬৮	১,৩০৬	৪৮৬	৩,১৬০
৬	এডিবি-১	১.৪৪	১.৩২	০.৫৮	৩.৩৫	৮০০	২,০৯৬	৩৬৮	৩,২৬৪
৭	এডিবি-২	-	৫.৬৮	১.৭৯	৭.৪৭	৩,৭৬৫	৭,৪৩৫	২,৪৪৫	১৩,৬৪৫
৮	জাইকা এফএসপিডিএসএমই	০.৩৬	০.৯৯	৩.৭১	৫.০৬	৪৮৬	১১	১৬৬	৬৬৩
৯	নতুন উদ্যোক্তা তহবিল	০.০০৩	০.১২	০.০২	০.১৪	১৩৫	-	১৪১	২৭৬
১০	ইসলামী শরিয়াহ তহবিল	২.০৯	০.১৯	০.৫৪	২.৮৩	৭১	৪১৬	১৪	৫০১
সর্বমোট		**১৫.১৩**	**২৭.১৯**	**১৯.৫**	**৬১.৮৩**	**১৯,৩৬০**	**২৬,৫২৬**	**৭,৭০৪**	**৫৩,৫৯০**

*জানুয়ারি, ২০১৭ পর্যন্ত

জানুয়ারি ২০১৭ পর্যন্ত চুক্তিবদ্ধ ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ৫৩,৫৮৫টি উদ্যোক্তা প্রতিষ্ঠানকে ৬১.৮৩ বিলিয়ন টাকা অর্থায়ন করা হয়েছে। মোট অর্থায়নের মধ্যে ১৫.১৩ বিলিয়ন টাকা চলতি মূলধন খাতে, ২৭.১৯ বিলিয়ন টাকা মধ্যমেয়াদি ঋণ ও ১৯.৫ বিলিয়ন টাকা দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা হয়েছে। এ সকল পুনঃঅর্থায়ন তহবিলসমূহ এসএমই খাতে একটি মধ্য ও দীর্ঘমেয়াদি ঋণ বাজার সৃষ্টিতে অবদান রেখে কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখছে। বাংলাদেশ ব্যাংক পরিচালিত পুনঃঅর্থায়ন তহবিলসমূহের বিস্তারিত নিম্নে বর্ণনা করা হলঃ

১) কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন তহবিল

কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ শিল্পকে আরো উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০০১ সালে ১.৫ বিলিয়ন টাকার একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করে ঋণ গ্রহীতাকে ১০ শতাংশ সুদহারে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান শুরু করে । পরবর্তীতে, এ তহবিলের আকার বৃদ্ধি করে ২০১২ সালে ২.০ বিলিয়ন টাকায়, ২০১৩ সালে ৪.০ বিলিয়ন টাকায় এবং সর্বশেষ ২০১৫ সালে ৪.৫ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়। ৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত এ তহবিল থেকে ২,৪৪৯ টি কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে সর্বমোট ৯.৯৯ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা দেয়া হয়েছে। বর্তমানে মোট ৩৭টি কৃষিভিত্তিক শিল্পখাতে এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে।

২) বাংলাদেশ ব্যাংক তহবিল

২০০৪ সালে প্রথমবারের মত ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিলের মাধ্যমে ১.০ বিলিয়ন টাকার আবর্তনশীল "বাংলাদেশ ব্যাংক তহবিল" গঠন করা হয়। ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে পরবর্তীকালে এ তহবিলের আকার ৬.০ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়েছে। দেশের শিল্পোন্নয়নকে সুষম ও সংগঠিত করার লক্ষ্যে এসএমই মহিলা উদ্যোক্তাদের জন্য সহজশর্তে স্বল্পসুদে (ব্যাংক রেট+ ৫%) অধিকতর প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা নিশ্চিত করতে ফেব্রুয়ারি, ২০০৭ সালে এ তহবিলের সমুদয় অর্থের ন্যূনতম ১০ শতাংশ বরাদ্দ রাখা হয় এবং মে, ২০০৮ সালে এ হার ১৫ শতাংশে উন্নীত করা হয়। ক্ষুদ্র উদ্যোক্তা ও নারী উদ্যোক্তাকে অর্থায়নের বিপরীতে চুক্তিবদ্ধ ৩২টি ব্যাংক ও ২৪টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে শতভাগ পুনঃঅর্থায়ন প্রদান করা হয়ে থাকে। ৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত এ তহবিল থেকে ২৯,৬৩২ জন উদ্যোক্তাকে ২৯.৮৭ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়েছে; তন্মধ্যে ১৬,৯১৫ জন নারী উদ্যোক্তার অনুকূলে পুনঃঅর্থায়নের পরিমাণ ১৭.৬১ বিলিয়ন টাকা।

৩) এন্টারপ্রাইজ গ্রোথ এন্ড ব্যাংক মডার্নাইজেশন প্রোগ্রাম (ইজিবিএমপি) তহবিল (আইডিএ ফান্ড)

২০০৪ সালে বিশ্বব্যাংক (আইডিএ তহবিল) বাংলাদেশ সরকারের সাথে উন্নয়ন ঋণ চুক্তির অধীনে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়নের জন্য উহঃবৎঢ়ৎরংবং এৎড়ঃিয ধহফ Bank Modernization Programme (ইজিবিএমপি) তহবিলে ১০.০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করে। একই সাথে বাংলাদেশ সরকার উক্ত ঋণ চুক্তির অধীনে ইজিবিএমপি তহবিলে ৫৮০ মিলিয়ন টাকা প্রদান করে। আবর্তনশীল পদ্ধতিতে পরিচালিত এ তহবিল হতে ৩২টি ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ৩,১৬০ জন উদ্যোক্তাকে ৩.১৩ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে।

৪) এডিবি-১ তহবিল

এসএমই খাতের উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নকে সুদৃঢ় করতে ২৬ জানুয়ারি ২০০৫ তারিখে বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংকের মধ্যে স্বাক্ষরিত ঋণচুক্তি এর মাধ্যমে স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসএমইএসডিপি) গঠিত হয়। উক্ত ঋণচুক্তির আওতায় এডিবি ৩০.০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। সেপ্টেম্বর ২০০৯ সালে এ তহবিল হতে পুনঃঅর্থায়ন সমাপ্ত করা হয় এবং ৩,২৬৪টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের অনুকূলে সর্বমোট ৩.৩৫ কোটি টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে। ইতোমধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে পুনঃঅর্থায়িত সম্পূর্ণ অর্থ আদায় করা হয়েছে।

৫) এডিবি-২ তহবিল

এডিবি-১ প্রকল্পের সাফল্যের ধারাবাহিকতায় এসএমই খাতে পুনঃঅর্থায়ন স্কীম এর সুবিধা সম্প্রসারণের নিমিত্তে এডিবি'র আর্থিক সহায়তায় বাংলাদেশ সরকার কর্তৃক অক্টোবর ২০০৯ সালে "স্মল এন্ড মিডিয়াম সাইজড্ এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি)" গঠন করা হয়। এডিবি প্রদত্ত এসডিআর ৪৮.৯৩ মিলিয়ন (সমপরিমাণ ৭৬.০ মিলিয়ন মার্কিন ডলার) এবং বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত টাকা ১.৪৩ বিলিয়ন (সমপরিমাণ ১৯.০ মিলিয়ন মার্কিন ডলার) এর সমন্বয়ে গঠিত এসএমইডিপি তহবিলের মোট পরিমাণ মাঃডঃ ৯৫.০ মিলিয়ন। এডিবি-২ তহবিল হতে পুনঃঅর্থায়ন কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে সমাপ্ত হয়েছে। চুক্তিবদ্ধ ৩৯টি ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ঢাকা এবং চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার বাহিরের ১৩,৬৪৫ টি উদ্যোক্তাকে ৭.৪৭ বিলিয়ন টাকা মধ্য ও দীর্ঘমেয়াদি তহবিল সরবরাহ করা হয়েছে।

৬) জাইকা তহবিল

ক্ষুদ্র ও মাঝারি খাতে মধ্য ও দীর্ঘমেয়াদি ঋণ সরবরাহের মাধ্যমে বাংলাদেশে এসএমই খাত উন্নয়নের লক্ষ্যে ২০১১ সালে জাইকা, জাপান এবং বাংলাদেশ সরকারের মধ্যে একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। এ ঋণচুক্তির আওতায় জাইকা সহায়তাপুষ্ট 'ফিন্যান্সিয়াল সেক্টর প্রজেক্ট ফর দ্য ডেভেলপমেন্ট অব্ স্মল এন্ড মিডিয়াম-সাইজড্ এন্টারপ্রাইজ (এফএসপিডিএসএমই, বিডি-পি ৬৭)' প্রকল্পের মাধ্যমে উৎপাদনশীল খাতে স্থায়ী সম্পদে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে কারিগরি সহায়তাসহ ৫,০০০ মিলিয়ন ইয়েন এর সমপরিমাণ টাকার একটি দ্বি-ধাপ তহবিল গঠন করা হয়। এ উদ্যোগের আওতায় ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান (পিএফআই) হিসেবে অদ্যাবধি ২৫টি বাণিজ্যিক ব্যাংক ও ২১টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হয়েছে। অক্টোবর ২০১২ থেকে এ তহবিলের আওতায় এসএমই উদ্যোক্তাদেরকে বাজারভিত্তিক সুদহারে পুনঃঅর্থায়ন/পূর্ব-অর্থায়ন কার্যক্রম শুরু করা হয়েছে। পরবর্তীতে প্রকল্পের স্টিয়ারিং কমিটি প্রত্যাশিত সুবিধাভোগীর আওতা বৃদ্ধি করার নিমিত্তে অক্টোবর ২০১৩ সালে মাইক্রো উদ্যোগকেও প্রকল্পের দ্বি-ধাপ তহবিলের আওতায় যোগ্য এন্টারপ্রাইজ হিসেবে বিবেচনা করা হয়েছে এবং মাইক্রো এন্টারপ্রাইজসমূহের অর্থায়ন চাহিদার বিষয় বিবেচনায় নিয়ে সাব্-লোনের ন্যূনতম পরিমাণ ০.৫ মিলিয়ন টাকা থেকে কমিয়ে ০.২ মিলিয়ন টাকা নির্ধারণ করা হয়েছে। ৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত এ তহবিল থেকে ৬৬৩টি উদ্যোক্তা প্রতিষ্ঠানকে ৫.০৬ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন/ পূর্ব-অর্থায়ন করা হয়েছে।

এছাড়াও তৈরি পোশাক ও নিটওয়্যার খাতে কর্মরত শ্রমিকদের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে এফএসপিডিএসএমই প্রকল্পের দ্বি-ধাপ তহবিল এর আওতায় এ খাতে সহায়তা প্রদানের জন্য একটি ব্যতিক্রমী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিজিএমইএ এবং/অথবা বিকেএমইএ সদস্যভুক্ত তৈরি পোশাক ও নীটওয়্যার শিল্প প্রতিষ্ঠানসমূহের কারখানার সংস্কার, পুনর্গঠন ও প্রতিস্থাপন কাজের জন্য সর্বোচ্চ ০.১ বিলিয়ন টাকা পর্যন্ত ঋণসুবিধা প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। এ প্রকল্পের আওতায় দু'টি গার্মেন্টস্ শিল্প প্রতিষ্ঠানকে ০.১৬ বিলিয়ন টাকা অর্থায়ন প্রদান করা হয়েছে। উল্লেখ্য, প্রকল্পটির অর্থায়ন সমাপ্ত হয়েছে ৩০ জুন ২০১৬। তবে, এ প্রকল্পের আবর্তনশীল (Revolving) তহবিল থেকে চুক্তিবদ্ধ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়ন/ পূর্ব-অর্থায়ন প্রদান অব্যাহত থাকবে।

৭) কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল

বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক সফলভাবে পরিচালিত উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচীর অধীনে নির্বাচিত ও প্রশিক্ষিত কিংবা স্ব-প্রশিক্ষিত নতুন উদ্যোগ গ্রহণে ইচ্ছুক উদ্যোক্তাদের অর্থায়ন সহজলভ্য করে আত্মকর্মসংস্থানে উৎসাহিত করতে বাংলাদেশ ব্যাংক 'কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল' নামে ১.০ বিলিয়ন টাকার একটি তহবিল গঠন করেছে। এই তহবিল হতে নতুন উদ্যোক্তারা সর্বোচ্চ ১০ শতাংশ সুদে সহায়ক জামানতসহ সর্বোচ্চ ২.৫ মিলিয়ন টাকা এবং সহায়ক জামানতবিহীন সর্বোচ্চ ১.০ মিলিয়ন টাকা পর্যন্ত চলতি মূলধন কিংবা মেয়াদি ঋণ গ্রহণ করতে পারেন। ৩১ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত এ তহবিল থেকে ২৭৬ জন উদ্যোক্তাকে ০.১৪ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন করা হয়েছে।

৮) ইসলামী শরিয়াহ্ ভিত্তিক অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিল

অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন এবং শিল্পায়নে বিশেষ করে কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ, ক্ষুদ্র উদ্যোক্তা খাত এবং নতুন উদ্যোক্তাগণকে অর্থায়নে ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সম্পৃক্ততা বৃদ্ধিকল্পে একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠণ করা হয়েছে। ইসলামী শরিয়াহ্ মোতাবেক পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমই খাত ও কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। ৩১ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত এ তহবিল হতে ৫০১ জন উদ্যোক্তাকে ২.৮৩ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়েছে।

সংযোজনী-১	বাংলাদেশ ব্যাংকঃ স্থিতিপত্র ৩০ জুন ২০১৬	(হাজার টাকা)
	২০১৬	২০১৫
সম্পদ		
১. বৈদেশিক মুদ্রায় আর্থিক সম্পদ		
বৈদেশিক মুদ্রা হিসাব	৪৫,০১৭,৪৯৭	২১,০১৫,৮৬০
বৈদেশিক বিনিয়োগ	২,০৩৪,৬৭৪,৪১৭	১,৬৮৪,৩৯৩,২৫৮
আইএমএফ সংশ্লিষ্ট সম্পদ	২০৮,৯৪৯,৯২৪	১৩১,১৪৮,১৮৫
স্বর্ণ এবং রৌপ্য	৭,২৭৮,৮৮৯	৬,৪১৪,৬৬৩
স্বর্ণ লেনদেন জনিত দাবি	৩৮,৮৪৯,৩৫০	৩৪,১৮১,০৮২
ব্যাংক-কে বৈদেশিক মুদ্রায় প্রদত্ত ঋণ	১৩২,২৩৪,৩২৪	১২৭,৭৪২,০৮৫
অন্যান্য বৈদেশিক সম্পদ	১৩,২৯২,২০৭	৬,৬৮০,৪৬৫
মোট-বৈদেশিক মুদ্রায় আর্থিক সম্পদ	**২,৪৮০,২৯৬,৬০৮**	**২,০১১,৫৭৫,৫৯৮**
২. স্থানীয় মুদ্রায় আর্থিক সম্পদ		
নগদ ও নগদ সমতুল্য	৪,৫১৪,১২২	৩২১,৭০৬
রিভার্স রিপো	৮,৪৮০,০০০	-
সরকারকে প্রদত্ত ঋণ	১৯৯,১০৯,১৭৯	১১২,২৮৯,৫৮৫
স্থানীয় মদ্রায় বিনিয়োগ	১৬,৭১৫,০০০	১৭,৭৯৫,০০০
স্থানীয় মুদ্রায় ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও কর্মচারীদের প্রদত্ত ঋণ	১০৪,৩৩৭,০৫২	১০৫,৯১৩,৪৮৭
স্থানীয় মুদ্রায় অন্যান্য আর্থিক সম্পদ	৩,৪৩২,৩৬১	১৬৯,২৮৩
মোট-স্থানীয় মুদ্রায় আর্থিক সম্পদ	**৩৩৬,৫৮৭,৭১৪**	**২৩৬,৪৮৯,০৬১**
মোট আর্থিক সম্পদ (১+২)	**২,৮১৬,৮৮৪,৩২২**	**২,২৪৮,০৬৪,৬৫৯**
৩. অ-আর্থিক সম্পদ		
সম্পদ, স্থাপনা এবং সরঞ্জামাদি	৩৮,২৭৭,৯৬১	৩৮,৫০৮,৫১৫
অস্পর্শনীয় সম্পদ	৩১০,৯৮৬	৪৪৫,১৭৯
অন্যান্য অ-আর্থিক সম্পদ	৩,৫৪৫,১৪৩	৪,১৫৮,৫৮১
মোট- অ-আর্থিক সম্পদ	**৪২,১৩৪,০৯০**	**৪৩,১১২,২৭৫**
মোট সম্পদ (১+২+৩)	২,৮৫৯,০১৮,৪১২	২,২৯১,১৭৬,৯৩৪
দায়সমূহ এবং ইক্যুইটি		
দায়সমূহ		
১. বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়		
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	১৪৭,৬৩৫,৩৯৯	১৪৯,১৫৯,৯৩২
আইএমএফ সংশ্লিষ্ট দায়	২৩০,১৬৭,৫৬৬	১৬৭,৪৭৫,৮৭৪
মোট-বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়	**৩৭৭,৮০২,৯৬৫**	**৩১৬,৬৩৫,৮০৬**
২. স্থানীয় মুদ্রায় আর্থিক দায়		
প্রচারণকৃত নোট	১,৩০৭,৩০৩,৭১৮	৯৭৩,৬৩৩,৪৪৯
স্থানীয় মুদ্রায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	৬০৮,৯৩৭,৪০৭	৫০৩,০১৭,২৭৪
স্বল্প মেয়াদি দেনা	২৬৩,৪০১,৪০২	১৮০,৭২১,৯৯৫
স্থানীয় মুদ্রায় অন্যান্য আর্থিক দায়	১৫৭,২৯১,২১২	১৭১,৩২৭,০৯৪
মোট-স্থানীয় মুদ্রায় আর্থিক দায়	**২,৩৩৬,৯৩৩,৭৩৯**	**১,৮২৮,৬৯৯,৮১২**
মোট দায় (১+২)	**২,৭১৪,৭৩৬,৭০৪**	**২,১৪৫,৩৩৫,৬১৮**
ইক্যুইটি		
মূলধন	৩০,০০০	৩০,০০০
অ-বন্টিত মুনাফা	৬,৭৮২,৫৭৯	৯,৫৬৮,৬০৪
পুনর্মূল্যায়ন সঞ্চিতি	৬৫,৪৯২,০৩৮	৬৪,২০৪,০৭৮
মুদ্রার বিনিময় হার তারতম্য জনিত সঞ্চিতি	২৫,৮১২,১৯৯	২৬,৬৬৩,৯৪৪
বিধিবদ্ধ তহবিল	১৬,১১৭,০৪৬	১৫,৫৬৭,০৪৬
অবিধিবদ্ধ তহবিল	১৪,১৬৭,১৭০	১৪,২১৯,৪৬৮
অন্যান্য সঞ্চিতি	১১,৬৩০,১৭৬	১১,৩৩৭,৬৭৬
সাধারণ সঞ্চিতি	৪,২৫০,৫০০	৪,২৫০,৫০০
মোট-ইক্যুইটি	**১৪৪,২৮১,৭০৮**	**১৪৫,৮৪১,৩১৬**
মোট দায় এবং ইক্যুইটি	**২,৮৫৯,০১৮,৪১২**	**২,২৯১,১৭৬,৯৩৪**

সংযোজনী-১ (চলমান)	বাংলাদেশ ব্যাংকঃ আয়ের বিবরণী৩০ জুন ২০১৬ তারিখে সমাপ্ত অর্থবছরের	(হাজার টাকা)
বিবরণ	২০১৬	২০১৫
আয়		
১. বৈদেশিক মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়		
সুদ আয়	১৭,৪৫৪,৮৫৩	১১,৯২৫,০৬৩
কমিশন এবং বাট্টা	১,৫১৩,৯১৭	৩৩৩,৫৯৩
মোট-বৈদেশিক মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়	**১৮,৯৬৮,৭৭০**	**১২,২৫৮,৬৫৬**
২. স্থানীয় মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়		
সুদ আয়	৯,৬৯৮,৫২৯	১৪,০৮৪,৮০৩
কমিশন এবং বাট্টা	৭৮৭,৯৯৬	১,৩৮২,৪৬৯
সাবসিডিয়ারী কর্তৃক অন্য প্রতিষ্ঠানের নিকট বিক্রয়	১২০,০০০	২৫,০০০
বিবিধ আয়	৫,৪৪৬,৪৯০	৩২৩,৮৩৬
মোট-স্থানীয় মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়	**১৬,০৫৩,০১৫**	**১৫,৮১৬,১০৮**
মোট আয় (১+২)	**৩৫,০২১,৭৮৫**	**২৮,০৭৪,৭৬৪**
ব্যয়সমূহ		
১. বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়ের ব্যয়		
সুদ ব্যয়	-৩১৮,৭৫৩	-১৬৩,৫৬৩
কমিশন এবং অন্যান্য ব্যয়	-২১৯,১৬৯	-২৫৬,১৫০
মোট-বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়জনিত ব্যয়	**-৫৩৭,৯২২**	**-৪১৯,৭১৩**
২. স্থানীয় মুদ্রার আর্থিক দায়ের ব্যয়		
সুদ ব্যয়	-৮,০১৯,৫৩৮	-১,৮৭৩,৫৮৮
কমিশন এবং অন্যান্য ব্যয়	-৩,৯১৭,৬৫৪	-৩,১৫৩,০০৯
মোট-স্থানীয় মুদ্রার আর্থিক দায়ের ব্যয়	**-১১,৯৩৭,১৯২**	**-৫,০২৬,৫৯৭**
৩. অন্যান্য ব্যয়		
নোট মুদ্রনজনিত ব্যয়	-৩,৩১৮,৬৪৭	-৩,৮১৭,২৮৯
সাধারণ এবং প্রশাসনিক খরচ	-১১,৫০২,৯৪৬	-৮,৪২৩,২৪৭
মোট-অন্যান্য ব্যয়	**-১০,৯২৮,২৯৭**	**-১২,২৪০,৫৩৬**
মোট ব্যয় (১+২+৩)	**-২৭,২৯৬,৭০৭**	**-১৭,৬৮৬,৮৪৬**
আর্থিক বছরের লাভ(ক্ষতি)	**১,৫৩০,১৬৫**	**-২৬,২২৯,৭০৮**
দফা সমূহ- যা লাভ-ক্ষতি হিসাবে পুনঃশ্রেণিকৃত হতে পারে		
অন্যান্য সমন্বিত আয়		
স্বর্ণ পুনর্মূল্যায়ন জনিত আয়/(ক্ষতি)	৫,৫১৩,৪৩৭	-৪,৮২৩,৮২৪
রৌপ্য পুনর্মূল্যায়ন জনিত আয়/(ক্ষতি)	১৯,০৫৭	-৭৪,৮০৭
আর্থিক হাতিয়ারসমূহের পুনর্মূল্যায়ন জনিত আয়/(ক্ষতি)	২,০৪৯,০২৩	৪,৫০৭,৫৯৯
মোট-অন্যান্য সমন্বিত (ক্ষতি)/আয়	**৭,৫৮১,৫১৭**	**-৩৯১,০৩২**
মোট-সমন্বিত (ক্ষতি)/আয় সমগ্র আর্থিক বছরের	**৯,১১১,৬৮২**	**-২৬,৬২০,৭৪০**

সংযোজনী-১ বাংলাদেশ ব্যাংকঃ ইক্যুইটি পরিবর্তনের বিবরণ ৩০ জুন ২০১৬ তারিখে সমাপ্ত বছরের (হাজার টাকা) (সমাপ্ত)

বিবরণ	মূলধন	অবণ্টনযোগ্য										বণ্টনযোগ্য	
		পুনর্মূল্যায়ন সঞ্চিতি				মুদ্রার তারতম্যজনিত	বিধিবদ্ধ তহবিল	অবিধিবদ্ধ তহবিল	অন্যান্য সঞ্চিতি		সাধারণ সঞ্চিতি	আবণ্টিত মুনাফা	মোট
		স্বর্ণ ও রৌপ্য	বৈদেশিক মুদ্রা হিসাব	আর্থিক হাতিয়ারসমূহ	সম্পত্তি, স্থাপনা ও যন্ত্রপাতি				সম্পদ নবায়ন ও পুনঃস্থাপন সঞ্চিতি	সুদ সঞ্চিতি			
১ জুলাই ২০১৪ তারিখে স্থিতি	৩০,০০০	১৫,৫৫০,৬৪১	৫১,০৯১,৫২৯	-	৩৪,৪৭৪,২৭৩	২৬,৭৬০,২৩৬	১৫,০১৭,০৪৬	১৪,২২২,৪৫২	৩,০৩৪,৪৮৫	৮,১২৮,৫৭৪	৪,২৫০,৫০০	১৫,৬৪৩,৮৩১	১৮৮,২০৩,৫৬৭
সরকার থেকে প্রাপ্য এর বিপরীতে সমন্বয়	-	-	-	-	-	-	-	-	-	-	-	-১৬,০৫০	-১৬,০৫০
প্রদত্ত লভ্যাংশ ২০১৩-২০১৪	-	-	-	-	-	-	-	-	-	-	-	-১৫,৬২৭,৭৮১	-১৫,৬২৭,৭৮১
মোট-সমন্বিত আয়/ক্ষতি) সমগ্র আর্থিক বছরের	-	-৪,৮৯৮,৬৩০	৩৬,৫২১,৩৩৪	৪,৫০৭,৫৯৯	-	-৯৬,২৯২	-	-	-	-	-	১০,৩৮৭,৯১৮	-২৬,৬২০,৭৪০
তহবিলসমূহের যথোপযুক্ত ব্যবহার *	-	-	-	-	-	-	-	-১০২,৯৮৪	-	-	-	-	-১০২,৯৮৪
পূর্ববর্তী বছরের সমন্বয় **	-	-	-	-	-	-	-	-	-	-	-	৫,৩০৩	৫,৩০৩
অন্যান্য তহবিলে মুনাফার বণ্টন	-	-	-	-	-	-	৫৫০,০০০	১০০,০০০	২৯১,৫০০	-১১৬,৮৮৩	-	-৮২৪,৬১৭	-
৩০ জুন ২০১৫ তারিখে স্থিতি	৩০,০০০	১০,৬৫২,০১১	১৪,৫৭০,১৯৫	৪,৫০৭,৫৯৯	৩৪,৪৭৪,২৭৩	২৬,৬৬৩,৯৪৪	১৫,৫৬৭,০৪৬	১৪,২১৯,৪৬৮	৩,৩২৫,৯৮৬	৮,০১১,৬৯১	৪,২৫০,৫০০	৯,৫৬৮,৬০৪	১৪৫,৮৪১,৩১৬
প্রদত্ত লভ্যাংশ ২০১৪-২০১৫	-	-	-	-	-	-	-	-	-	-	-	-৯,৫৬৮,৬০৩	-৯,৫৬৮,৬০৩
বছরের মোট সমন্বিত আয়	-	৫,৫৩২,৪৯৪	-৫,৩৪৩,১৬৯	২,০৪৯,০২৩	-	-৮৫১,৭৪৪	-	-	-	-	-	৭,৭২৫,০৭৮	৯,১১১,৬৮২
তহবিলসমূহের যথোপযুক্ত ব্যবহার	-	-	-	-	-	-	-	-১৫২,২৯৮	-	-	-	-	-১৫২,২৯৮
পুনর্মূল্যায়নের বিপরীতে সমন্বয়	-	-	-	-৯৫০,৩৮৯	-	-	-	-	-	-	-	-	-৯৫০,৩৮৯
অন্যান্য তহবিলে মুনাফার আবণ্টন	-	-	-	-	-	-	৫৫০,০০০	১০০,০০০	২৯২,৫০০	-	-	-৯৪২,৫০০	-
৩০ জুন ২০১৬ তারিখে স্থিতি	৩০,০০০	১৬,১৮৪,৫০৫	৯,২২৭,০২৬	৫,৬০৬,২৩৩	৩৪,৪৭৪,২৭৩	২৫,৮১২,২০০	১৬,১১৭,০৪৬	১৪,১৬৭,১৭০	৩,৬১৮,৪৮৫	৮,০১১,৬৯১	৪,২৫০,৫০০	৬,৭৮২,৫৭৯	১৪৪,২৮১,৭০৮

* ১০২,৯৮৪ হাজার টাকা তহবিলে বণ্টন নির্দেশ করে।

** এই পরিমাণটি বিগত বছরে হিসাবভুক্ত না হওয়া সম্পদ, স্থাপনা এবং যন্ত্রপাতির বিক্রয় বাবদ আয়থেকে অর্জিত

রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

কার্যক্রমের সংক্ষিপ্তসার

বাংলাদেশ ব্যাংকিং খাতে মোট চার ধরণের তফসিলি ব্যাংক রয়েছে। এ গুলো হচ্ছে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, রাষ্ট্র-মালিকানাধীন বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক এবং বিদেশী বাণিজ্যিক ব্যাংক। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের সংখ্যা মোট ছয়টি। এ ছয়টি ব্যাংক হচ্ছে-সোনালী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, অগ্রণী ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড, বেসিক ব্যাংক লিমিটেড ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।

মূলধন, রিজার্ভ ফান্ড এবং মোট পরিসম্পদ

২০১৬ সালের ডিসেম্বর শেষে ৬টি রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৮৭.০ বিলিয়ন, ৯৫.৭৭ বিলিয়ন ও ১১৭.৩৩ বিলিয়ন টাকা। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট পরিসম্পদের পরিমাণ ২০১৫ সাল শেষের ২৪৮২.৬৩ বিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সাল শেষে ২৮২৪.৮০ বিলিয়ন টাকায় দাঁড়ায়। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের গতিধারা চার্ট-১ এ দেখানো হলো।

চাট-১: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের গতিধারা

আমানত এবং ঋণ ও অগ্রিম

রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট আমা নতের পরিমাণ ডিসেম্বর ২০১৫ শেষের ২৯৬০.৬৬ বিলিয়ন টাকা থেকে শতকরা ২১.৬৬ ভাগ বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৬ শেষে ২৭৮৬.৮৩ বিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে তলবি আমানত ও মেয়াদি আমানতের পরিমাণ যথাক্রমে ৪৭০.৬৫ বিলিয়ন এবং ২৩১৬.১৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানতের যথাক্রমে শতকরা ১৬.৯ ভাগ এবং ৮৩.১ ভাগ। ২০১৫ সালের তুলনায় আলোচ্য বছরে রাষ্ট্র -মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর তলবি আমানত ও মেয়াদি আমানত যথাক্রমে শতকরা ২২.৫ ভাগ ও ২৪.৫ ভাগ বৃদ্ধি পায়। রাষ্ট্র -মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ ও অগ্রিমের স্থিতি ২০১৫ শেষের ১২২০.৭৬ বিলিয়ন টাকার তুলনায় ২০১৬ শেষে শতকরা ১১.৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১৩৬০.৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। ঋণ -আমানত অনুপাতের হার ডিসেম্বর ২০১৫ শেষের শতকরা ৫৩.৭২ ভাগ হতে হ্রাস পেয়ে ডিসেম্বর ২০১৬ শেষে শতকরা ৪৮.৮ ভাগে দাঁড়িয়েছে। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর আমানত, ঋণ ও অগ্রিম এবং ঋণ-আমানত অনুপাত এর গতিধারা চার্ট-২ এ দেখানো হলো

চাট-২: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর আমানত, ঋণ ও অগ্রিম এবং ঋণ-আমানত অনুপাত



বৈদেশিক বাণিজ্য

ডিসেম্বর ২০১৬ শেষে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্য পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের ১৩৪০.২৮ বিলিয়ন টাকা থেকে শতকরা ১৩.১ ভাগ হ্রাস পেয়ে ১১৬৪.৩৮ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে রপ্তানি ও আমদানির পরিমাণ ২০১৫ সালের ৩১৮.৩৯ বিলিয়ন ও ৬৫৮.০১ বিলিয়ন টাকা হ্রাস পেয়ে ২০১৬ সালে ৩১৬.১৮ বিলিয়ন ও ৫০৯.১৮ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, রেমিট্যান্স ২০১৫ সালের ৩৬৫.৮৮ বিলিয়ন টাকার তুলনায় ২৪.৮৬ বিলিয়ন টাকা হ্রাস পেয়ে ২০১৬ সালে ৩৩৯.০২ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্যের গতিধারা চার্ট-৩ এ দেখানো হলো।

চার্ট-৩: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্যের গতিধারা

আয় ও ব্যয় এবং ব্যয়আয় অনুপাত

ডিসেম্বর ২০১৬ শেষে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট আয় ও ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ২০৫.২৫ বিলিয়ন এবং ১৮২.১৫ বিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ২০৭.৬১ বিলিয়ন ও ১৭৫.০৯ বিলিয়ন টাকা। ২০১৬ সাল শেষে নীট মুনাফার পরিমাণ হ্রাস পেয়ে দাঁড়ায় ২৭.২৫ বিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছর শেষে ছিল ৩১.৭ বিলিয়ন টাকা। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ব্যয়-আয় অনুপাত ডিসেম্বর ২০১৫ শেষের ৮৪.৯ শতাংশের তুলনায় বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৬ শেষে ৮৮.৭৫

শতাংশে দাঁড়িয়েছে। রাষ্ট্র -মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর আয় ও ব্যয় এবং ব্যয় -আয় অনুপাত এর গতিধারা চার্ট -৪ এ দেখানো হলো।

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

ডিসেম্বর ২০১৬ শেষে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ৮৯.৯৫ বিলিয়ন টাকা (শতকরা ৬.৫৮ ভাগ), শিল্প খাতে ৩৬০.৯৮ বিলিয়ন টাকা (শতকরা ২৬.৪২ ভাগ), চলতি মূলধন অর্থায়ন খাতে ১৮২.৭৯ বিলিয়ন টাকা (শতকরা ১৩.৩৮ ভাগ), নির্মাণ খাতে ৪৯.৯৮ বিলিয়ন টাকা (শতকরা ৩.৬৬ ভাগ), বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ খাতে ৯.১৮ বিলিয়ন টাকা (শতকরা ০.৬৭ ভাগ), পরিবহন ও যোগাযোগ খাতে ১২.০৭ বিলিয়ন টাকা (শতকরা ০.৮৮ ভাগ), ব্যবসা-বাণিজ্য খাতে ৪৬৯.৩৬ বিলিয়ন টাকা (শতকরা ৩৪.৩৫ ভাগ), দারিদ্র্য বিমোচন খাতে ১১.১৪ বিলিয়ন টাকা (শতকরা ০.৮২ ভাগ) এবং অন্যান্য খাতে ১৮১.০৪ বিলিয়ন টাকায় (শতকরা ১৩.২৫ ভাগ) দাঁড়ায়। ডিসেম্বর ২০১৬ শেষে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট ঋণ ওঅগ্রিমের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক অবদানের ক্ষেত্রে 'ব্যবসা বাণিজ্য' ও 'শিল্প' খাত (যথাক্রমে শতকরা ৩৪.৩৫ ভাগ ও ২৬.৪২ ভাগ) অগ্রণী ভূমিকা পালন করে। ২০১৬ সালে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর সর্বমোট ২৯৪.২২ বিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১৫৭.৪৪ বিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ডি সেম্বর ২০১৬ শেষে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর (বেসিক ব্যাংক লিমিটেডসহ) অগ্রিমের অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-৫ এ দেখানো হলো।



বিগত পাঁচ বছরের রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অগ্রগতি

বিগত পাঁচ বছরে ব্যাংকগুলোর মধ্যে রাষ্ট্র-মালিকানাধীন ৬টি ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ যথাক্রমে শতকরা ১১৪.৯৪ ভাগ, ১৩৪.৯৫ ভাগ এবং ৩৮.৭২ ভাগ বৃদ্ধি পায়। মোট আমানত এবং ঋণ ও অগ্রিমের পরিমাণও যথাক্রমে শতকরা ৮০.২১ ভাগ এবং ২৫.১০ ভাগ বৃদ্ধি পায়। ব্যয় -আয় অনুপাত ২০১২ সালের ৭৬.২২ শতাংশ থেকে হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৬.৪৪ শতাংশ দাঁড়ায়।

- ২০১৬ সালে রাষ্ট্র-মালিকানাধীন ৬ টি ব্যাংকের মোট ঋণের মধ্যে গ্রীন ব্যাংকিং -এর অবদান বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে পরিবেশবান্ধব খাতে অধিক গুরুত্ব আরোপ করার কারণে গ্রীন ব্যাংকিং কার্যক্রমের সম্প্রসারণ ঘটছে। এছাড়া, বায়োগ্যাস প্ল্যান্ট, সোলার প্যানেল, হাইব্রিড হফম্যান কিন, ইজি বাইক, ভার্মিকম্পোষ্ট অধিকতর অর্থায়ন হয়।
- এসএমই ঋণ তুলনামুলক প্রতি বৎসরই বৃদ্ধি পেয়েছে।
- ব্যাংকগুলো দেশব্যাপী Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে অনলাইনে সকল শাখায় ফরেন রেমিট্যান্স পেমেন্ট সিস্টেম চালু, ইন্সট্যান্ট ক্যাশ এবং ওয়েব বেইজড স্পটক্যাশ (Spot Cash) পেমেন্ট সিস্টেম পদ্ধতিতে গ্রাহকের হিসাব নম্বর ছাড়া তাৎক্ষণিকভাবে নগদে রেমিট্যান্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।
- গ্রাহকসেবার মানোন্নয়ন ও সম্প্রসারণকল্পে ২০১৬ সালের মধ্যে শাখাগুলোকে Anywhere Branch Banking (ABB) এর আওতায় আনা হচ্ছে।
- জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কর্ম -পরিকল্পনা প্রণয়নপূর্বক "নৈতিকতা কমিটি" গঠন করা হয়েছে এবং বিভিন্ন মেয়াদের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- বাংলাদেশ ব্যাংক-এর নির্দেশনা মোতাবেক Risk Based Capital নিরূপণের রোডম্যাপ অনুযায়ী রাষ্ট্র-মালিকানাধীন ব্যাংকগুলোতে যথাসময়ে Basel-III বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর বেশিরভাগ শাখাকে Core Banking System -এর আওতায় আনা হয়েছে।

সোনালী ব্যাংক লিমিটেড

www.sonalibank.com.bd

১৯৭২ সালে স্বাধীনতাত্তোর রাষ্ট্রপতির আদেশ ২৬/৭২ অনুযায়ী রাষ্ট্রায়ত্ত্ব সোনালী ব্যাংক গঠিত হয়। পরবর্তীতে ১৫ নভেম্বর ২০০৭ তারিখে কর্পোরেটাইজড করার মাধ্যমে 'সোনালী ব্যাংক লিমিটেড'-এ রূপান্তরিত করা হয়েছে। মার্চ ২০১৭ পর্যন্ত ব্যাংকের মোট ১২১০ টি শাখার মধ্যে Authorised Dealer (AD) শাখার সংখ্যা ৪৫টি।

আমানত এবং অগ্রিমের গতিধারা

২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ যথাক্রমে ১০০১৭৯৪ মিলিয়ন টাকা ও ৩৮৪৫৩৯ মিলিয়ন টাকা যা ব্যাংকিং খাতের মোট আমানত ও ঋণ স্থিতির যথাক্রমে ১০.৬৫ শতাংশ ও ৫.৪০ শতাংশ এবং Advance-Deposit ratio ৩৮.৩৯। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ২.৩ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্য ২০১৫ সালের তুলনায় ১২.৭৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৩০৭০৩.২ মিলিয়ন টাকা দাঁ ড়িয়েছে। ব্যাংকটির ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

চার্টঃ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান



উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ৩৮৪৫৩৯ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের পরিমাণ ১৩.৮ শতাংশ। ২০১৬ সালে শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৮.২ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

এসএমই ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে এসএমই ঋণের অবদান ১২.০ শতাংশ। এসএমই ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ১৬.১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মূলতঃ এসএমই খাতকে উৎসাহিত করার কারণে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

নারী উদ্যোক্তা: এসএমই খাতে অর্থায়নের ক্ষেত্রে সোনালী ব্যাংক নারী উদ্যোক্তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদানের নীতিমালা গ্রহণ করেছে। এসএমই নারী উদ্যোক্তা ঋণ কার্যক্রম আরো অধিকতর গতিশীল ও জোরদার করার নিমিত্তে এ ব্যাংকের প্রধান কা র্যালয়সহ সকল নিয়ন্ত্রণকারী কার্যালয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক 'নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট' স্থাপন করা হয়েছে।

পরিবেশ বান্ধব পণ্যে অর্থায়ন : বাংলাদেশ ব্যাংক কর্তৃক চিহ্নিত / স্বীকৃত ৫০টি প্রত্যক্ষ পরিবেশ বান্ধব পণ্যে অর্থায়নে (Direct Green Finance) কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (ইটিপি), বায়োগ্যাস প্ল্যান্ট, সোলার হোম সিস্টেম, বায়ো ফার্টিলাইজার প্ল্যান্ট ইত্যাদি পরিবেশ বান্ধব পণ্য/খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থায়ন করা হচ্ছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অংশ ১১.৭ শতাংশ।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে ক্ষুদ্র ঋণের অবদান ৩.২ শতাংশ। ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৬ সালে ১.৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

রেমিট্যান্স: ২০১৬ সালে এ ব্যাংকের রেমিট্যান্স -এর পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১২.২ শতাংশ কমে দাঁড়ায় ৯৯৬২৪.৩ মিলিয়ন টাকা। এ ব্যাংক ৬১টি কোম্পানির সাথে ড্রয়িং এ্যারেঞ্জমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করেছে, তন্মধ্যে উল্লেখযোগ্য হলোঃ ওয়েস্টার্ন ইউনিয়ন, এক্সপ্রেস মানি, ন্যাশনাল ব্যাংক ওমান, IME SDN, MoneyGram, Transfast ও ইনস্ট্যান্ট ক্যাশ।

সিএসআর: ২০১৫ সালে ৬৫.৭ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ১২.৫ মিলিয়ন টাকা ব্যয় করে সোনালী ব্যাংক লিমিটেড সিএসআর কার্যক্রমে তাঁর ভূমিকা অব্যাহত রেখেছে।

মোবাইল ব্যাংকিং: Profit Sharing প্রক্রিয়ায় Open Tender এর মাধ্যমে মোবাইল ব্যাংকিং চালুর নিমিত্তে ব্যাংক পরিচালনা পর্ষদের নীতিগত সিদ্ধান্ত মোতাবেক মোবাইল ব্যাংকিং বাস্তবায়নে গঠিত কমিটি কর্তৃক Tender Document চূড়ান্তকরণপূর্বক দরপত্র আহ্বান করা হয়েছে।

অটোমেশন: মার্চ ২০১৭ পর্যন্ত ব্যাংকের ৮৪৪টি শাখাকে Core Banking System-এর আওতায় আনা হয়েছে। অর্থমন্ত্রণালয়ের সাথে এই ব্যাংকের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ৩০ জুন ২০১৭ এর মধ্যে ব্যাংকের সকল শাখা CBS-এর আওতায় আনার লক্ষ্য নিয়ে দ্রুত গতিতে কার্যক্রম পরিচালিত হচ্ছে। Real Time এ আন্তঃব্যাংক লেনদেন সমন্বয়ের লক্ষ্যে এই ব্যাংকের CBS ভুক্ত ১৯টি শাখায় Real Time Gross Settlement (RTGS) বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে ব্যাংকের ১২০৫টি শাখা Online Banking-এর আওতাভুক্ত, ১২০৮টি শাখার Foreign Remittance ও Local Remittance সংক্রান্ত কাজ RMS+ সফটওয়্যার-এর মাধ্যমে পরিচালিত হয় এবং ৬০০টি শাখা Govt. Transaction System(GTS)-এর আওতাভুক্ত।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : সকল শাখায় CBS বাস্তবায়ন, Online এ Challan কার্যক্রম চালুকরণ, সোনালী ব্যাংক লিমিটেড সরকারের অর্থ মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের সহযোগিতায় সময়ের চাহিদা অনুযায়ী তথ্য-প্রযুক্তি নির্ভর আধুনিক কর্মপন্থা উদ্ভাবন করে তা প্রয়োগের মাধ্যমে সকল সেবা অটোমেশনের আওতায় এনে সেবার মান বৃদ্ধিসহ সর্বোচ্চ গ্রাহক সন্তুষ্টি নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহন করা হবে।

জনতা ব্যাংক লিমিটেড

www.janatabank-bd.com/jb.com.bd

স্বাধীনতা উত্তর ১৯৭২ সালে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হিসেবে জনতা ব্যাং ক গঠিত হয়। পরবর্তীতে ১৫ নভেম্বর, ২০০৭ তারিখে কর্পোরেটাইজের আওতায় এ ব্যাংককে 'জনতা ব্যাংক লিমিটেড'-এ রূপান্তর করা হয়। ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বিদেশস্থ ৪টি শাখাসহ ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়িয়েছে ৯১০টি, তন্মধ্যে ৪২৬ টি শাখা গ্রামাঞ্চলে এবং ৪৮০ টি শহরাঞ্চলে অবস্থিত।

আমানত এবং অগ্রিমের গতিধারা

২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৬.৮ শতাংশ ও ৫.৭ শতাংশ। ব্যাংকের আমানত ২০১৫ সালের তুলনায় ১২.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৪১৮২২১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৫.১৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪০৩০৩৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ অনলাইন সার্ভিস ও স্পীডি রেমিট্যান্স এর কারণে আমানতের বৃদ্ধি ঘটেছে এবং কৃষি, শিল্প ও বাণিজ্যিক ঋ ণ বৃদ্ধির কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হার ব্যবধান ৩.০৫ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৪২.০৮ শতাংশ হ্রাস পেয়ে ৯১৪৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ দাঁড়িয়েছে ৬১.৫৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৭.৯১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫৫৭৭৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্পঋণের মধ্যে বৃহৎ শিল্পের পরিমাণ ছিল ৩৩৪৬৭.৪ মিলিয়ন বা ৬০ শতাংশ।

এসএমই: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ছিল ৪৬ শতাংশ। এসএমই খা তে ঋণ বিতরণ ২০১৫ সালের তুলনায় ৬.১২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪১৬৫৮.৯৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ছিল ৮.২২ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৮.৮৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭৪৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ঋণের সিলিং ও ঋণ গ্রহীতার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

ক্ষুদ্র ঋণ: মূলতঃ গ্রামীন জনপদের জীবনমান উন্নয়নে সরকারের গৃহীত বর্তমান নীতিমালার ফলে ২০১৬ সালে ২০১৫ সালের তুলনায় ক্ষুদ্রঋণ বিতরণের পরিমাণ ১৪.১৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ১২৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রীন-ব্যাংকিং: জনতা ব্যাংক লিঃ সামাজিক ও নৈতিক দায়বদ্ধতা থেকে পরিবেশ -প্রকৃতি-প্রকৃতিজাতসম্পদ রক্ষায় জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সময়োচিত ও কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং পরিবেশবান্ধব প্রকল্পে অর্থায়ন উৎসাহিত করাসহ অনলাইন ট্রানজেকশন ও গ্রীন কমিউনিকেশন প্রবর্তনের ফলে পরিবেশবান্ধব বা গ্রীন ব্যাংকিং খাতে ২০১৫ সালের ৩৬৭.৪৪ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ১২৪.৪২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়।

রেমিট্যান্স: আর্ন্তজাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দাম ক্রমাগত হ্রাস এবং মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বিশেষতঃ সৌদিআরব সহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে শ্রমিকদের আয় কমে যাওয়ায় এবং ডলারের বিপরীতে প্রধান প্রধান মুদ্রার মূল্যমান কমে যাওয়ায় বিভিন্ন দেশ থেকে রেমিট্যান্স আহরণ হ্রাসের ফলে ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ব্যাংকের আন্তঃরেমিট্যান্স প্রবাহের প্রবৃদ্ধি ১১.১২ শতাংশ হ্রাস পেয়ে ৯০০৮১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

শ্রেণীকৃত ঋণ: সার্বিকভাবে ঋণ আদায়ের জন্য পরিচালক পর্ষদ ও ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশক্রমে শাখাসমূহের কার্যকরি পদক্ষেপ গ্রহণের ফলে ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ বৃদ্ধি পে য়ে ৪০৩০৪০ মিলিয়ন টাকায় এবং শ্রেণীকৃত ঋণ হার হ্রাস পেয়ে ১০.৪ শাতাংশে দাঁড়িয়েছে। মূলতঃ ২০১৬ সালে নগদ আদায় বৃদ্ধি পাওয়ায় এবং কিছু বৃহৎ ঋণ নিয়মিত হওয়ায় শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস পেয়েছে এবং পুনঃতফসিলের পরিমাণ কম হওয়ায় মোট আদায়ের পরিমাণ হ্রাস পেয়েছে।

সিএসআর: অর্থমন্ত্রণালয় এর ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক জারীকৃত সিএসআর এর আওতায় অর্থ ব্যয় বন্ধের নির্দেশনা সংক্রান্ত পরিপত্র জারীর ফলে ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে মোট বিতরণকৃত সিএসআর এর পরিমাণ হ্রাস পেয়ে ৯.১৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন: মূলতঃ ২০১২ সাল থেকে জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক অটোমেশনের কাজ শুরু হলেও ২০১৫ সালের ৫০৩টি শাখা অটোমেশনের আওতায় আসে। ২০১৬ সালের অটোমেশন কার্যক্রমের গতি আরও বৃদ্ধির ফলে ৭২১টি শাখা অনলাইনের আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ২৫৬৬ জন নারী উদ্যোক্তাকে ৯৩.৪০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যেখানে ২০১৫ সালে ২০০৭ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৩১.১৭ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছিল।

অগ্রণী ব্যাংক লিমিটেড
www.agranibank.org

১৯৭২ সালে বাংলাদেশ ব্যাংক জাতীয়করণ আদেশ বলে অগ্রণী ব্যাংক প্রতিষ্ঠিত হয়। ১৭ মে ২০০৭ তারিখে অগ্রণী ব্যাংক একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত হয়। ব্যাংকের সকল শেয়ারের মালিক রাষ্ট্র।

আমানত এবং ঋণ ও অগ্রিমের গতিধারা

২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৫.৩৯ শতাংশ ও ৩.৮৬ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১২.২৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৯৪০৫০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৮.৬০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৬৫৮৭১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ৫৩.৮১ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হার ব্যবধান ছিল ৪.৪৯ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৭২.৮৫ শতাংশ হ্রাস পেয়ে ২৮১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রি মের মধ্যে শিল্প ঋণের অংশ ৩৪.৩৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪১.৯৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১০৫১২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ অধিকাংশ মাঝারি, ক্ষুদ্র ও কুটির শিল্প ঋণ এসএমই ঋণে স্থানান্তরের কারণে শিল্প ঋণ বিতরণ হ্রাস পেয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৪৭.৮৮ শতাংশ । বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৯৫৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩.১২ শতাংশ। এছাড়াও বিদ্যুৎ খাতে বিতরণকৃত ঋণ ২২৫৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.৩৬ শতাংশ এবং অন্যান্য খাতে বিতরণকৃত ঋণ ১৫০২৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৪৯.০৮ শতাংশ।



এসএমই: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ১৭.৮৯ শতাংশ । ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে বিতরণকৃত ঋণ ১৯.৬০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৬২০৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ২০১৬ সালে দেশের অর্থনৈতিক কর্মকান্ড স্থিতিশীল থাকার কারণে ক্ষুদ্র ও মাঝারী শিল্পের নতুন নতুন প্রকল্পে ঋণ প্রদান করায় এসএমই-এর ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে। ২০১৬ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৩.৯২ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রি মের মধ্যে কৃষি ঋণের অংশ ১৬.৫৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১১.৯১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬০০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কৃষি ঋণের প্রধান তিনটি খাত যথা- শস্য, মৎস্য ও প্রাণী সম্পদ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পাওয়ায় কৃষি ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

ক্ষুদ্র ঋণ: উদ্যোক্তাদের মাঝে আয় উৎসারী খাতে অধিক হারে ঋণ বিতরণ করার ফলে ২০১৬ সালে ক্ষুদ্রঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪.৩৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ১২৮৭৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রীন ব্যাংকিং: ২০১৬ সালে বায়োগ্যাস প্লান্ট, সোলার প্যানেল, হাইব্রিড হফম্যান ক্লিন, ইজি বাইক, ভার্মিকম্পোষ্ট খাতসমূহে অধিকতর অর্থায়নের ফলে ২০১৫ সালে এ খাতে ৪৪৯ টি প্রকল্পে ১৪৩১.৫০ মিলিয়ন টাকা বিতরণ করা হয় এবং ২০১৬ সালে ৪৫৮ প্রকল্পে ১৯৭২.৩০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

রেমিট্যান্স: ২০১৬ সালে ব্যাংকের রেমিট্যান্স আহরণের পরিমাণ লক্ষ্যমাত্রায় তুলনায় ৮৫.৮৭ শতাংশ বা ১২০২২০ মিলিয়ন টাকা যা ২০১৫ সালের তুলনায় ৮.৯৫ শতাংশ কম।

শ্রেণীকৃত ঋণ (পরিমান ও আদায়সহ):-২০১৫ সালে শ্রেনীকৃত ঋণ ছিল ৪২২৪০ মিলিয়ন টাকা যা মোট ঋণ ও অগ্রিমের ১৭.২৬ শতাংশ ছিল। অপরদিকে, ২০১৬ সালে অনিরীক্ষিত শ্রেনীকৃত ঋন ছিল ৫৮৭৭৬ মিলিয়ন টাকা যা মোট ঋণ ও অগ্রিমের ২২.১১ শতাংশ। ২০১৬ সালে শ্রেনীকৃত ঋণের বার্ষিক আদায় হয়েছে ৯৫৩৬ মিলিয়ন টাকা। ২০১৬ সালে শাখা, অঞ্চল, সার্কেল ও প্রধান কার্যালয় থেকে শ্রেনীকৃত ঋণ আদায়ের নিমিত্তে সকল প্রকার তৎপরতা অব্যাহত থাকা সত্তেও দেশে বিরাজমান অর্থনৈতিক পরিস্থিতি, ব্যবসা বাণিজ্য মন্দা এবং কিছু সংখ্যক ঋণ গ্রহীতার ঋণ পরিশোধে অনীহার কারণে ঋণ আদায়ে কাংখিত লক্ষ্য অজন সম্ভব হয়নি।

সিএসআর: ২৮ আগষ্ট ২০১৪ থেকে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক জারীকৃত সিএসআর এর আওতায় অর্থ ব্যয় বন্ধের নির্দেশনা সংক্রান্ত পরিপত্র জারীর কারণে পরবর্তীতে নিট মুনাফার সর্বোচ্চ ৫% সিএসআর খাতে ব্যয়ের নির্দেশনা থাকায় এবং ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে মোট বিতরণকৃত সিএসআর এর পরিমান হ্রাস পেয়ে ২৪.৫১ মিলিয়ন টাকায় দাড়িয়েছে।

অটোমেশন: প্রতিযোগিতামূলক বাজারে গ্রাহকদের আধুনিক ও উন্নততর ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে ৩১ শে মার্চ ২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের ৯৩৫ টি শাখা কোর ব্যাংকিং সলিউশন (সিবিএস) এর আওতায় পূর্ণাঙ্গ অনলাইন ব্যাংকিং কার্যক্রম চালু হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ১৬৬৫ জন নারী উদ্যোক্তাকে ৭৩১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা ২০১৫ সালে ১২২৬ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৪৫৯ মিলিয়ন টাকার তুলনায় ৫৯.২৫ শতাংশ বেশি।

গবেষণা ও সুনির্দিষ্ট ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: নতুন নতুন পণ্য ও সেবা উদ্ভাবন এবং চলমান কর্মপদ্ধতির গুনগতমান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেড একটি উদ্ভাবনী সংস্কৃতি রক্ষা করে চলছে। নতুন নতুন ক্ষেত্রে ঋণ প্রদান, বৃহৎ ঋণের পরিবর্তে ক্ষুদ্র ও মাঝারী ঋণের উপর গুরুত্ব আরোপ, শ্রেণীবিন্যাসিত ঋণ আদায়, নতুন শ্রেণীবিন্যাস রোধ ইত্যাদি কর্মকান্ডের মাধ্যমে উচ্চ আপারেটিং মুনাফা অর্জন ও ন্যূনতম মূলধন সংরক্ষণ করে ব্যাংক তার উন্নয়নের গতিধারাকে একটি টেকসই পাটাতনের উপর স্থাপন করতে সদা সচেষ্ট রয়েছে।

রূপালী ব্যাংক লিমিটেড
www.rupalibank.org

রাষ্ট্রায়াত্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে ১৯৭২ সালে রাষ্ট্রপতির ২৬ নং আদেশবলে রূপালী ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। অতঃপর ১৯৮৬ সালের ১৪ ডিসেম্বরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আদেশ অনুসারে ব্যাংকটি রূপালী ব্যাংক লিঃ হিসেবে কার্যক্রম পরিচালনা করছে।

আমানত এবং ঋণ ও অগ্রিমের গতিধারা

ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৯.৯৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৭৯১১৬.০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২২.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৪২৫১৫.০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ৫১.০৫ শতাংশ। মূলতঃ লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক তা অর্জনে নানামুখি প্রণোদনাসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রত্যক্ষ তদারকির কারণে আমানত স্থিতি বৃদ্ধি ঘটেছে এবং যথোপযুক্ত বিনিয়োগের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৯৬ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের স্থিতি ৩৮৬৫৫.৩০ মিলিয়ন টাকার তুলনায় ৮৬৩৭.৯০ মিলিয়ন টাকা হ্রাস পেয়ে ৩০০১৭.৪০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

চার্টঃ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান



উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্পঋণের অংশ ৭২.১২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৬.১৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১২৩০৭.৩৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান/শেয়ার ৭২.১২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ছিল ৩৭৮১.০৮ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ২৫.১২ শতাংশ।

এসএমই: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই খাতে ঋণের অবদান ১৫.৯৮ শতাংশ বা ২৪০৫.৬০ মিলিয়ন টাকা।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অংশ ১০.৯৬ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১০৪.৭৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৬৪৯.৭৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৫ সালে ১৪৭.৯০ মিলিয়ন টাকার বিপরীতে ২০১৬ সালে ১৭২.৪০ মিলিয়ন টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে।

গ্রিন-ব্যাংকিং: ডিসেম্বর ২০১৬ সালে গ্রীন ব্যাংকিং খাতে রূপালী ব্যাংক লিমিটেড এর ঋণস্থিতি ১৯৮৩.১০ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স: আন্তর্জাতিক বাজারে তেলের দাম হ্রাসের প্রেক্ষিতে দেশের সার্বিক রেমিটেন্স খাতের প্রেক্ষাপট বিবেচনায় ২০১৬ সালে রেমিটেন্সের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১০.৬৯ শতাংশ হ্রাস পেয়ে ১৬৫২৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর: ২০১৫ সালে সিএসআর কার্যক্রমে বরাদ্দ ছিল ৮.৪০ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে বৃদ্ধি পেয়ে ১১.৬৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ২৮৫ জন নারী উদ্যোক্তাকে ১০১.০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালের তুলনায় ২০.৭৮ শতাংশ কম।

মোবাইল ব্যাংকিং: সরকারি ব্যাংকগুলোর মধ্যে প্রথম ব্যাংক হিসাবে রূপালী ব্যাংক মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করেছে। রূপালী ব্যাংক শিওর ক্যাশ এর মাধ্যমে প্রাথমিক শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা মায়েদের একাউন্টে সরাসরি চলে যাচ্ছে।

অটোমেশন: রূপালী ব্যাংক এর সবগুলো শাখা Core Banking System (CBS) কার্যক্রমের আওতায় আনা হয়েছে। বর্তমানে সারাদেশব্যাপী সবগুলো শাখার গ্রাহকবৃন্দ অনলাইন ব্যাংকিং সেবা পাচ্ছে।

বেসিক ব্যাংক লিমিটেড

www.basicbanklimited.com

বেসিক ব্যাংক লিমিটেড ১৯৮৯ সালের ২১শে জানুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে মোট ৮০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন (বিসিসি ফাউন্ডেশনের ৭০% এবং বাংলাদেশ সরকারের ৩০% শেয়ার) নিয়ে কার্যক্রম শুরু করে। ৬ই জুন, ১৯৯১ তারিখে বিশ্বব্যাপী বিসিসিআই ফাউন্ডেশন অকার্যকর হয়ে গেলে উদ্ভূত অচলাবস্থা রোধ করতে বাংলাদেশ সরকার ৪ঠা জুন, ১৯৯২ তারিখে ফাউন্ডেশনের ৭০% শেয়ারসহ ব্যাংকটি অধিগ্রহণ করে। বেসিক ব্যাংক লিমিটেড উন্নয়ন এবং বাণিজ্যিক ব্যাংকের এক উৎকৃষ্ট সংমিশ্রণ। বর্তমানে দেশব্যাপী ব্যাংকটির ৬৮টি শাখা রয়েছে।

আমানত এবং ঋণ ও অগ্রিমেরগতিধারা

ডিসেম্বর ২০১৬ শেষে মোট আমানতের স্থিতির পরিমাণ ২০১৫ শেষে র ১৪৮১৬৭.২ মিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ১৫৮০৭১.০ মিলিয়ন টাকা য় এবং মার্চ ২০১৭ শেষে ১৩৭৮২০.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। আলোচ্য সময়ে ঋণ ও অগ্রিমের মোট স্থিতির পরিমাণ ডিসেম্বর ২০১৫ হতে বৃদ্ধি পেয়ে ২০১৬ শেষে ১৩৪৮৮২.৮ মিলিয়ন টাকায় ও মার্চ ২০১৭ শেষে ১৩৭৯৪৩.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

চার্টঃ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান



উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: চলতি মূলধন খাতে অর্থায়ন ব্যতীত শিল্প খাতে মোট ঋণ বিতরণের পরিমাণ ডিসেম্বর ২০১৫ শেষের ৩৩৯০৩.১ মিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৬ শেষে ৫০৭৩২.৮ মিলিয়ন টাকা য় দাঁড়িয়ছিল। উল্লেখ্য, মার্চ ২০১৭ শেষে এ খাতের ঋণ স্থিতি পরিমাণ দাঁড়িয়েছে ৫১৭১২.৪ মিলিয়ন টাকা।

বৃহৎ শিল্প: বৃহৎ শিল্প উপখাতে মেয়াদী ঋণ বিতরণের পরিমাণ ডিসেম্বর ২০১৫ শেষের ১৭৪৭৫.৪ মিলিয়ন টাকা হতে হ্রাস পেয়ে ডি সেম্বর ২০১৬ শেষে ১৫১৪৮.২ মিলিয়ন টাকায় এবং মার্চ ২০১৭ শেয়ে ১৪,৯৫২.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

এসএমই ঋণ: এসএমই খাতে ঋণ বিতরণের পরিমাণ ডিসেম্বর ২০১৫ শেষে ছিল ৯৫৭০০.০ মিলিয়ন টাকা যা ডিসেম্বর ২০১৬ শেষে বৃদ্ধি পেয়ে ১০০৫৩৮.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ও কুটির শিল্প ঋণ: এ খাতে ২০১৫ ডিসেম্বরে মোট ঋণ বিতরণের পরিমাণ ছিল ৫ ,৭৪৯.৯ মিলিয়ন টাকা যা ডিসেম্বর ২০১৬ শেষে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৬৩১১.৪ মিলিয়ন টাকায়।

কৃষি ঋণ: ডিসেম্বর ২০১৫ পর্যন্ত এ খাতে মোট ঋণ বিতরণের পরিমাণ ছিল ১৫১০.০ মিলিয়ন টাকা, যা ডিসেম্বর ২০১৬ শেষে ২২৬৫.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

দারিদ্র্য বিমোচনঃ দারিদ্র্য বিমোচনের উদ্দেশ্যে দরিদ্র মানুষকে আর্থিক কর্মযজ্ঞে উদ্বুদ্ধ ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার সুবিধা প্রদানের উদ্দেশ্যে ডিসেম্বর ২০১৬ শেষে ৫১৪.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

বাণিজ্যিক ঋণঃ ব্যবসা বাণিজ্য খাতে ডিসেম্বর ২০১৬ শেষে মোট ঋণ স্থিতির পরিমাণ ১৫,৭৩৪.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা ডিসেম্বর ২০১৫ শেষে ছিল ২১৭৭৬.৮ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স: আন্তর্জাতিক বাজারে তেলের দাম হ্রাসের প্রেক্ষিতে দেশের সার্বিক রেমিটেন্স খাতের প্রেক্ষাপ ট বিবেচনায় ২০১৬ সালে রেমিট্যান্সের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২.৫৪ শতাংশ হ্রাস পেয়ে ৭৪৮.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন: সরকারের পরিকল্পনা অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে এবং ব্যাংকের সকল কর্মকান্ডে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বেসিক ব্যাংক ইতোপূর্বে নিজস্ব Banking Software ব্যবহার করলেও বর্তমানে Centralized Real Time Online Core Banking System এ ব্যাংকিং কর্মকান্ড পরিচালনা করছে।

সিএসআর: সামাজিক দায়বদ্ধতার বিবেচনায় ২০১৬ সালে ব্যাংক ১.১ মিলিয়ন টাকা ব্যয় করেছে।

নারী উদ্যোক্তা: ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মোট ১২৭ জন নারী উদ্যোক্তাকে ৭২৩.১ মিলিয়ন টাকার ঋণ প্রদান করা হয়েছে যা পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় প্রায় ১৮.৯ শতাংশ বেশি।

গ্রিন ব্যাংকিং: ডিসেম্বর ২০১৬ পর্যন্ত গ্রিন ব্যাংকিং খাতে ৪১৩.৮ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করা হয়েছে।

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
www.bdbl.com.bd

সরকারী সিদ্ধান্তের আলোকে ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে সরকার ও সরকার কর্তৃক মনোনীত বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ-এর পরিচালনা পর্ষদের মধ্যে Vendors` Agreement স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ শিল্প ব্যাংক (বিএসবি) ও বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস) নামক প্রতিষ্ঠান দু'টি একীভূত হয়ে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) গঠিত হয়। মার্চ, ২০১৭ পর্যন্ত এর মোট ৪২টি শাখার মধ্যে Authoried Dealer (AD) শাখার সংখ্যা (প্রধান কার্যালয়সহ) ৬টি।

আমানত এবং ঋণ ও অগ্রিমেরগতিধারা

২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.২৯ শতাংশ ও ০.২৭ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ১.২০ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৪৮.১৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪১৭৬.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।



উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৪৩৯.১ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ২৯ শতাংশ। শিল্প প্রকল্পে ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালে ছিল ১১৫০.০ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে এর পরিমাণ ৯৯৭.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭৭.৮১ শতাংশ। ২০১৬ সালে বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২৬৭৬.২ মিলিয়ন টাকা।

এসএমইঃ ২০১৬ সালে এসএমই ঋণ বিতরণের পরিমাণ ২১৪.৮৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা মোট বিতরণকৃত ঋণের ৬.২৫ শতাংশ।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ১০.৪৬ শতাংশ বা ৩৫৯.৭১ মিলিয়ন টাকা।

অটোমেশন: অটোমেশন ও প্রযুক্তি নির্ভর সেবা প্রদান এবং কেন্দ্রীয়ভাবে উপাত্ত সংরক্ষণের উদ্দেশ্যে ব্যাংকের সকল শাখা Core Banking Solution (CBS) চালু করা হয়েছে যেখানে অন-লাইন ব্যাংকিং সুবিধা বিদ্যমান রয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৯২ জন নারী উদ্যোক্তাকে ৬৫.১৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ব্যাং ক ইতিমধ্যে 'শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে।

গবেষণা ও সুনির্দিষ্ট ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : দেশের শহরে/পল্লী এলাকায় ব্যাংকের আরও ৫টি শাখা স্থাপন, এসএমই এবং গ্রীন ব্যাংকিং খাতে প্রকল্প স্থাপন ত্বরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, আমদানি-রপ্তানি কার্যক্রমে অধিক অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, বিদ্যমান লোকসানী শাখাসমূহকে লাভজনক করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ, ঘাটতি জনবল নিয়োগ ও প্রয়োজ ন অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ, গ্রাহক সেবা বৃদ্ধির লক্ষ্যে তথ্য প্রযুক্তি নির্ভর সেবাসমূহ যথা মোবাইল ব্যাংকিং কার্যক্রম, সষ্টওয়্যার ফর সেন্ট্রাল একাউন্টিং, অটোমেটেড রিকনসিলিয়েশন, কোর ব্যাংকিং সলিউশন (সিবিএস) আরোপ, এসএমএস সার্ভিস সষ্টওয়্যার, ডাটা সেন্টার, ডিজাস্টার রিকভারী সাইট, Debit/Credit Card এবং ATM Booth ইত্যাদি চালুকরণ, চাহিদা অনুযায়ী নতুন পণ্য উদ্ভাবন এবং বাজারজাতকরণ, অফিসার এবং স্টাফদের কর্মস্পৃহা বৃদ্ধিতে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে রিওয়ার্ড পলিসি প্রণয়ন এবং ব্যাংক ও এর বাজার অবস্থা যাচাইকরণের লক্ষ্যে সময়ে সময়ে SWOT বিশ্লেষণ।

সারণি-১

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	অনুমোদিত মূলধন	পরিশোধিত মূলধন	রিজার্ভ ফান্ড	আমানত স্থিতি			ঋণ ও অগ্রিম স্থিতি	বিনিয়োগ	তারল্য (+/-)	শ্রেণীকৃত ঋণ(পুঞ্জিভূত)	শ্রেণীকৃত ঋণের** শতকরা হার	মোট পরিসম্পদ	মোট আয়	মোট ব্যয়	কর্পোরেট ট্যাক্স
					তলবি	মেয়াদী	মোট									
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
সোনালী ব্যাংক লিমিটেড	২০১৫	৬০০০০,০	৩৮৩০০,০	৪০৭৩৫,০	২০৮২৭৫,০	৬৫৭৭৩৭,০	৮৬৬০১২,০	৩৪৬৩৪৬,০	৪২৭৭২৯,৯	২৯৩৩৫৫,৭	৮৬৮৪৯,৭	২৫.১	১০২৬১০৮,০	৬৯৪০২,০	৬০৭৪১,০	-২৮৫৫,০
	২০১৬	৬০০০০,০	৩৮৩০০,০	৪১৪১৫,০	২৪৮৫৪৫,০	৭৫৩২৪৯,০	১০০১৭৯৪,০	৩৮৪৫৩৯,০	৫০৬০৪৫,৮	৩৩০৭০৩,২	১০২৪৭৫,১	২৬.৭	১১৮৯৭২৪,০	৭১৬৭২,০	৬৬৭২৮,০	-৫৮৩,০
	মার্চ ২০১৭**	৬০০০০,০	৩৮৩০০,০	৪৩৭৮৭,০	২১৮৫৭৩,০	৭৬০২৫৬,০	৯৭৮৮২৯,০	৩৮৪৪২৩,০	৪৮২০৬৬,৫	৩১৮১০৬,৪	৯৯৪০০,০	২৯.৬	১১৭৫৮৯১,০	১৭০১০,০	১৫৯৯৬,০	-১৫২,০
	জুন ২০১৭***	৬০০০০,০	৩৮৩০০,০	৪৩৭৮৭,০	২১৯২৪৫,০	৭৬১৭৫০,০	৯৮১০০৫,০	৩৯৫৫৬৭,০	৪৮৪০৭৬,৫	৩১৮৫০০,০	৯৬০০০,০	২৪.৪	১২১৭২৩৪,০	৩৪০৩০,০	৩২০০৭,০	-৩১০,০
অগ্রণী ব্যাংক লিমিটেড	২০১৫	২৫০০০,০	২০৭২৩,০	১৬৯৩৪.৭	৪৩১৪৫,২	৩৪০৭৭৬,৮	৩৮৩৯২২,০	২৩৫০৯০,০	১৫২২৭৯,৮	৯৮৬০,০	৩৯৬৫৯,৫	১৬,৯	৪৯৪৮৭০,০	৪১৭০৮,৬	৩০৯৬৯,১	-২৮১,৩
	২০১৬	২৫০০০,০	২০৭২৩,০	১৮০৮৬,০	৪৮৫৭২,৪	৩৯১৪০৪,১	৪৩৯৯৭৫,৫	২৪৪৮০০,০	২০৫৬৯৭,৫	১০৩৫০,০	৪২২৪০,৮	১৭.৩	৫৬৪৫১০,০	৪৩৬৫০,৫	৩৩৬৪৯,০	-৪১৪,০
	মার্চ ২০১৭**	২৫০০০,০	২০৭২৩,০	১৭৮৩১,৩	৪৫০০৮,৯	৪০৭৬১২,৭	৪৫২৬২১,৬	২৪৭২৬০,০	২১৫৪৭৫,৬	১১১৬০,০	৪১৩৭৯,৯	১৬.৭	৫৭৭৫২০,০	৯৫৮৬,০	৮৮৭৪,৮	০,০
	জুন ২০১৭***	২৫০০০,০	২০৭২৩,০	১৮৭২৩,০	৪৭৫০০,০	৪৩০০০০,০	৪৭৭৫০০,০	২৫৩৪৪০,০	২৩০০০০,০	১০০০০,০	৪০০০০,০	১৫.৮	৫৯৮২৩০,০	২৩০০৬,৪	১৯৫২৪.৬	৬৯,০
জনতা ব্যাংক লিমিটেড	২০১৫	৩০০০০,০	১৯১৪০,০	২৩১৬০,০	৮৩০৭৮,০	৪৮৬৩৭৫,০	৫৬৯৪৫৩,০	৩৪৯৮৬১,০	২২৪২৭৩,০	১৫৭৮৭,০	৪৩১৮০,০	১২,৩	৬৮৫৯২৯,০	৫৬৬৭৯,০	৪৪৯৫৯,০	১৭৫২,০
	২০১৬	৩০০০০,০	১৯১৪০,০	৩০৬৮১,০	৮২৮৫৭,০	৫৫৮৯৬২,০	৬৪১৮১৯,০	৪০৩০৩৭,০	২৩৩২৭৪,০	৯১৪৪,০	৪১৯৪০,০	১০,৪	৭৭৮৮৭৫,০	৫৪৫১৮,০	৪৪৪৯০,০	৯৯৪,০
	মার্চ ২০১৭**	৩০০০০,০	১৯১৪০,০	৩১৭৩৪,০	৮১৮৭৯,০	৫৪৮৮৬৬,০	৬৩০৭৩৭,০	৪০৭১৬১০,০	২১৭৩৮৭,০	১৯৬৪১,০	৫২১৪০,০	১২,৯	৭৭৫৫৭২,০	১০৯৫০,০	১০০৫৬,০	২০০,০
	জুন ২০১৭***	৩০০০০,০	১৯১৪০,০	৩২০০০,০	৮২০০০,০	৫৫৮০০০,০	৬৪০০০০,০	৪০৮০০০,০	২২৫০০০,০	১০০০০,০	৪৭১৪০,০	১১.৬	৭৮০০০০,০	২৩৮০০,০	২১০০০,০	৪০০,০
রূপালী ব্যাংক লিমিটেড	২০১৫	৭০০০,০	২৪০০,৪	১০৩০৫.৬	৪১৫৪০,০	২১২২৮৯,০	২৫৩৮২৯,০	১৪২৫১৫,০	৮২৬৫১,২	৩৮৬৫৫.৩	২৩৪১৭.৬	১৬.৪	৩০০৮৮,৯	২৪২৪৩,০	২১৪৭৪,০	৮২৫.৮
	২০১৬	৭০০০,০	২৭৬০,৪	৮৮৯৬,০	৭৮৮০২,২	২০০৩১৪,২	২৭৯১১৬,৪	১৭৫১৫০,৪	৭৯৬৫১,২	৩০০১৭.৪	২৭৯৩৯,৯	১৬,০	৩২৪১৩.৯	১৯৮৬৩,৪	২২৪৮৯.৬	৩৭০,৮
	মার্চ ২০১৭**	৭০০০,০	২৭৬০,৪	১০৭২৭.৫	৮১৮৫৭,০	২০৮৩৯৫,২	২৮৮২৫২,২	১৮০২৬৪.৭	৮৪৭৩৪,৪	৪২৪২৯,০	৩৪৮৭৪.৪	১৯.৪	৩১৯৯৩.৮	৬০১৮,২	১৭৭৪.৬	৩৫৬.৩
	জুন ২০১৭***	৭০০০,০	২৭৬০,৪	১০৯২২,০	৮৫০০০,০	২২৫০০০,০	৩১০০০০,০	২০৫২২১.৬	৮৭০০০,০	৪৩৫০০,০	১৯৩৭২,২	১০,০	৩২০০০,০	৭০০০,০	৬০০০,০	৬০০,০
বেসিক ব্যাংক লিমিটেড	২০১৫	২৫০০০,০	১০৮৪৭,০	১৫১০০,১	৫৬৬৯,৬	১৪২৪৯৭.৬	১৪৮১৬৭,২	১২৮৮০৭,০	৩৫৯২৫.০	২৪৫০৩.৬	৬৫৮১২.৫	৫১.১	১৯৪১৭৩.৪	১১৫১৪,৯	১৪০৭৯,২	-৪৮,০
	২০১৬	৫৫০০০,০	১০৮৪৭,০	-৩৮.৭	৫৭৬৭.২	১৫২৩০৩,৮	১৫৮০৭১,০	১৩৪৮৮২.৮	৪৭৭১১.৪	৩৪৬৮০,৯	৭২২৯৩,২	৫৩.৬	২০৪৭৩৯,৬	১১৯৩২,৪	১১৮৪১.৬	-২৪,২
	মার্চ ২০১৭**	৫৫০০০,০	১০৮৪৭,০	১২৬.৪	৬০৫২,৬	১৩১৭৬৮,০	১৩৭৮২০,৬	১৩৭৯৪৩,৫	৩০১৭১,৫	১১২৬১.৪	৭২৬৪৩,৫	৫২.৭	১৮৫০৯৬,৮	২৬০৪,২	২৫৮৮,১	৬,৮
	জুন ২০১৭***	৫৫০০০,০	১০৮৪৭,০	১২৬.৪	৬৫১৩.৭	১৫৬৩২৮,৯	১৬৯৮৪২,৬	১৪১০০০,০	৩৬২০০,০	২০৯০০,০	০,০	০,০	১৮৮০৫৭,০	৫৩০১,৯	৫২০৩,৩	১৩,৮
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	২০১৫	১০০০০,০	৪০০০,০	১৭৯৮৩,৯	২৫২১,০	২০৮৫০,৭	২৩৩৭১,৭	১৮১৩৭,৫	১১৪১৪,০	২৮১৯,২	৬৯৪৫,৬	৩৮.৩	৫১৪৫৬,৪	৪০৬৫,২	২৮৫৫.০	১১৫,১
	২০১৬	১০০০০,০	৪০০০,০	১৮২৮৯.৮	৬১১১,৭	২৫৯৯৪৫.৮	২৬৬০৫৭,৫	১৮০৭৮.৪	১১২২৮.৩	৪১৭৬.৬	৭৩০২,৯	৪০.৪	৫৪৫৪১,৪	৩৬০৭,৪	২৯৫৬.৮	১১৮.২
	মার্চ ২০১৭**	১০০০০,০	৪০০০,০	১৮৩৬৯.১	৯৩২৮,১	২৫৫১৯৭,৫	২৬৪৫২৫.৬	১৮০০৩.৩	১১৯৭২.৯	৫১৯১.৭	৭৯১৩,০	৪৪.০	৫৫০০৩,১	৬০৮.১	৬০৫.৮	
	জুন ২০১৭***	১০০০০,০	৪০০০,০	১৮৪০০,০	৯৩৫০,০	২৫৫২০০,০	২৬৪৫৫০,০	১৮১০৫.০	১২০০০,০	৫২৫০,০	৭৫০৫,০	৪১.৫	৫৫৫০০,০	১৩৫২,০	১৩০৫,০	

* পুঞ্জিকাবর্ষ অনুসারে

** = অবলোপনকৃত ঋণ ব্যতিত

*** = সাময়িক

@= প্রক্ষেপিত

সারণি-১ (চলমান)

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	প্রতিশন	নীট মুনাফা	আমানতের সুদ/মুনাফা হার	ঋণের সুদ/মুনাফা হার	মূলধন পর্যাপ্ততার হার (%)	বৈদেশিক বাণিজ্য				সিএসআর	মোট জনবল			বিদেশি প্রতিসংগী ব্যাংক	মোট শাখা (সংখ্যায়)			ক্রেডিট রেটিং
						রপ্তানি	আমদানি	রেমিটেন্স (অন্তর্মুখী প্রবাহ)	মোট		কর্মকর্তা	কর্মচারী	মোট		বাংলাদেশ	বিদেশ	মোট	
১	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫
সোনালী ব্যাংক লিমিটেড	১০৯২০.০	৫৮৬.০	৬.০	৮.০	২২.০	৪৫৪৩১.৭	২০০৫৯৮.৫	১১৩৪৬৫.১	৩৫৯৪৯৫.৩	৬৫.৭	১৯৪০১	২৬৯৯	২২১০০	৬৪২	১২০৫	২	১২০৭	AAA
	২১২৬৯.০	-১৫৭৪২.০	৫.০	৭.০	১০.০	৩৬৮৮১.৫	১৩৪৩২৮.০	৯৯৬২৪.৩	২৭০৮৩৩.৮	১২.৫	১৮৭৯৩	১৪১০	২০২০৩	৬৪৯	১২০৭	২	১২০৯	
	০.০	১১৬৬.০	৫.০	৬.০	২.৩	৫৩৭২.৭	১৯৬৬৪.৫	১৯৪৬৮.৭	৪৪৫০৫.৯	১.১	১৮২৭২	১৩৮২	১৯৬৫৪	৬৪৯	১২০৮	২	১২১০	
	০.০	২৩৩৩.০	৫.০	৭.০	৫.০	১০৬০০.০	৩৮৬৬৪.০	৩৮৯০০.০	৮৮১৬৪.০	১.৫	১৮২৭২	১৩৮২	১৯৬৫৪	৬৪৯	১২০৮	২	১২১০	
অগ্রণী ব্যাংক লিমিটেড	৯০৫৪.৭	১৯৮৬.১	৬.৫	১২.৭	১০.৪	৮৩৪৫০.০	১৫৭৪১০.০	১৩২০৪০.০	৩৭০৬৬০.০	৯০.৯	১০২০৮	৩২০৬	১৩৪১৪	৩২৮	৯২১	০	৯২১	AAA
	৬৯১০.০	৩৫০৫.৫	৪.৬০	৯.০৯	১০.৭	৭৫৪৩০.০	১০৯১৭০.০	১২০২২০.০	৩১৬৬৪০.০	৭৫.৭	১০৭৩৭	২৬৫৯	১৩৩৯৬	৩২২	৯৩০	০	৯৩০	
	৩৩২.৪	৩৭৮.৮	৫.৩	১০.১	১০.৭	১৭১৮০.০	২২২০০.০	৩১৪২১.০	৭০৮৩১.০	১৪.৬	১০৫৪৭	২৫৮৮	১৩১৩৫	৩২৫	৯৩২	০	৯৩২	
	২৪০৪.৮	১০০৮.০	৫.৩	১০.১	১০.৫	৪০০০০.০	৪৫০০০.০	৭০০০০.০	১৫৫০০০.০	৩০.০	১০৫০০	২৫০০	১৩০০০	৩৩০	৯৩৫	০	৯৩৫	
জনতা ব্যাংক লিমিটেড	৫১৬০.০	৪৮০৮.০	৬.৮	৯.৪	১০.৫	১৪৫৩৭৩.০	১৪৭১৮১.০	১০১০৪৮.০	৩৯৩৯০২.০	১১.৭	১১০০৫	৩১৪৬	১৪১৫১	১২৫১	৯০৪	৪	৯০৮	A+
	৬৫০৮.০	২৫৩৬.০	৫.৫	৮.৫	১০.৭	১৫৪৪৫৪.০	১২৬৬৫০.০	৯০০৮১.০	৩৭১১৮৫.০	৯.১	১০৩৫২	২৮৩৬	১৩১৮৮	১২৫১	৯০৬	৪	৯১০	
	২০০.০	৪৯৪.০	৪.৫	৬.৭	১০.৭	৩৫৩০৩.০	২৭০৪৬.০	১৬৮৮৪.০	৭৯২৩৩.০	৭.১	১০১৭৪	২৭৬৫	১২৯৩৯	১২৫১	৯০৭	৪	৯১১	
	৫০০.০	১৯০০.০	৫.০	৮.৩	১০.৭	৩৭০০০.০	২৮০০০.০	৩৩৭৬৮.০	৯৮৭৬৮.০	৫.০	১০১০২	২৫০০	১২৬০২	১২৫১	৯০৮	৪	৯১২	
রূপালী ব্যাংক লিমিটেড	২১৩১৪.৪	২৩৫.০	৭.৬	১২.৫	৮.৪৯	২১৬২৮.০	১১৯৮৭৭.০	১৮৫০৩.৫	১৬০০০৮.৫	৮.৪	৩৯৬৯	১৬৭৭	৫৬৪৬	৪৫৯	৫৫৪	০	৫৫৪	
	১৯৪১৮.৬	১২৫৮.৬০	৫.৯	১০.৯	৬.৬৯	২৫০০৪.৫	১০৮০১৩.৬	১৬৫২৫.০	১৪৯৫৪৩.১	১১.৭	৩৭৫৪	১৬৮৪	৫৪৩৮	৪৪৪	৫৬২	০	৫৬২	
	১৯৬৪০.৯	২৪.৮০	৫.১	৯.৭	৬.৫১	১৪৫৭.০	৩৮৫৫.০	৩১৬৩.০	৮৪৭৫.০	০.০	৩৬৯৫	১৬৩৭	৫৩৩২	৪২৯	৫৬৩	০	৫৬৩	
	১৯০০০.০	৪০০.০০	৫.০	৯.২	৭.১	৩০০০.০	৬০০৭.০	৮৫০০.০	১৭৫০৭.০	০.০	৩৬৫০	১৬২৭	৫২৭৭	৪২৯	৫৬৫	০	৫৬৫	
বেসিক ব্যাংক লিমিটেড	৬২৪.১	-৩১৪০.৪	৮.৪	৭.৬	-৭.৬	২১৮৯২.৭	৩২১০৪.৯	৭৬৮.৩	৫৪৭৬৫.৯	৪.৫	১৫৬৯	৫৯৪	২১৬৩	১৭	৬৮	০	৬৮	গভর্ণমেন্ট সাপোর্ট রেটিং- 'এ', এন্টিটি রেটিং- "বি+"
	১৫০৪৫.৪	-১৪৯৩০.৪	৬.৫	৬.০	-১২.৫	২৩৪২৫.৮	৩০৩৮০.২	৭৪৮.৮	৫৪৫৪৪.৮	১.৩	১৫৪৮	৫৮৪	২১৩২	১৭	৬৮	০	৬৮	
	০.০	৯.৩	৫.৪	৪.৯		৫৮০৮.৬	৮৪৪১.৬	১৮৭.৫	১৪৪৩৭.৭	০.২	১৫৩৯	৫৮২	২১২১	১৭	৬৮	০	৬৮	
	০.০	৮৪.৮	৫.৩	৫.০		৮১৩২.০	১১৮১৮.২	২৬২.৪	২০২১২.৬	০.৫	১৫৩৯	৫৭৯	২১১৮	১৭	৬৮	০	৬৮	
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	২৮৫.৭	৮০৯.৪	৬.৯	১৩.৪	২৬.৩	৬০৯.৯	৮৩৮.৬	০.০	১৪৪৮.৫	৭.১	৬৪৬	১৮৪	৮৩০	৩	৩৬	০	৩৬	AAA*
	১৫০.০	৩৮২.৪	৬.৫	১৩.০	২৬.৩	৯৯১.৪	৬৩৮.০	০.০	১৬১৯.৪	০.০	৬১৩	১৬৬	৭৭৯	২	৩৯	০	৩৯	AAA*
		২.৩	৬.৫	১৩.০	২৬.৩	২৯৬.০	২৮১.০	০.০	৫৭৭.০	০.০	৬০১	১৬৫	৭৬৬	২	৪২	০	৪২	AAA*
		৪৭.০	৬.২	১২.০	২৬.৩	৬৫০.০	৬০০.০	০.০	১২৫০.০	০.০	৫৯০	১৬৪	৭৫৪	২	৪৪	০	৪৪	AAA*

* পুঞ্জিকাবর্ষ অনুসারে

** = অবলোপনকৃত ঋণ ব্যতিত

*** = সাময়িক

(ক)= প্রক্ষেপিত

সারণি-২

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি (outstanding)*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	কৃষি মৎস্য ও বনায়ন					শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)				চলতি মূলধন অর্থায়ন	নির্মাণ
		শস্য	শস্য ব্যতীত অন্যান্য	মৎস্য	বনায়ন	মোট	বৃহৎ	মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
সোনালী ব্যাংক লিমিটেড	২০১৫	৩৯১৭২.০	৭৩৮.০	৫৩০.০	৯.০	৪০৪৪৯.০	২০৮৫৮.০	২৩৫৫২.০	৩৫৪.০	৪৪৭৬৪.০	৫৩০৪৭.০	০.০
	২০১৬	৪২২৮৫.০	২৪১৪.০	৬২৩.০	৬.৫	৪৫৩২৮.৫	২৫৭৩১.৫	২২৪০৫.৩	১৬৩১.৯	৪৯৭৬৮.৭	৪৫৫৪৩.৪	০.০
	মার্চ ২০১৭**	৪১৮৮৯.০	২৪১১.৮	৫৫৬.৮	৭.০	৪৪৮৬৪.৬	২৩১০৯.৭	২৩৭১৫.৪	৬০৪০.১	৫২৮৬৫.১	৪৯৮৯৩.৪	০.০
	জুন ২০১৭***	৪১৮৮৯.০	২৪১১.৮	৫৫৬.৮	৭.০	৪৪৮৬৪.৬	২৪১০৯.৭	২৪৭১৫.৪	৬০৪০.১	৫৪৮৬৫.১	৪৯৮৯৩.৪	০.০
অগ্রণী ব্যাংক লিমিটেড	২০১৫	৯২২৩.০	২৫৩৩.০	৫৪৭.০	২০.০	১২৩২৩.০	৫৩৪৮৩.০	১৭৪০৩.০	৩১৫৪.০	৭৪০৪০.০	১৭৬৯৫.০	২৭২০৯.০
	২০১৬	১১৬০৫.০	২৮৯৭.০	৬১০.০	১১.০	১৫১২৩.০	৪৬৫০৯.০	১৩১১৫.০	৪০৬৮.০	৬৩৬৯২.০	১৯৯৯৬.০	৩২৬৪৭.০
	মার্চ ২০১৭**	১১৯০৫.০	২৯৫৩.০	৬২৪.০	১৩.০	১৫৪৯৫.০	৪৬৮৫৪.০	১৩৩৩২.০	৪০৮৫.০	৬৪২৭১.০	২০৪৮৩.০	৩২৯১৫.০
	জুন ২০১৭***	১২০৫৬.০	৩০২৫.০	৬৫৪.০	১৫.০	১৫৭৫০.০	৪৭৩৩৫.০	১৩৮৬৫.০	৪১১২.০	৬৫৩১২.০	২১০৫৪.০	৩৩৪৫২.০
জনতা ব্যাংক লিমিটেড	২০১৫	১৩৩৯৫.০	৫৮১৫.০	৪০৫.০	৩০.০	১৯৬৪৫.০	৩০৩০০.০	২৫১২৫.০	৭৬৫৫.০	৬৩০৮০.০	৩৭৭০৩.০	২৩১৫.০
	২০১৬	১২৯৭৮.১	৬৫১৭.৯	৩৩১.৫	২৫.৯	১৯৮৫৩.৪	৮৯৪০৬.৮	৩৮৫৭৮.০	৮৫০৬.০	১৩৬৪৯০.৮	৫১৬৭৭.০	১১৪৩.৮
	মার্চ ২০১৭**	১৩০০০.০	৬৫২০.০	৩৪০.০	২৬.০	১৯৮৮৬.০	৮০৬৯০.৮	৪৪৯০৩.৬	৮৫৬০.৪	১৩৪১৫৪.৭	৫২০০০.০	১২০০.০
	জুন ২০১৭***	১৩২০০.০	৬৭০০.০	৩৫০.০	৩০.০	২০২৮০.০	৮২০০০.০	৫০০০০.০	৮৬০০.০	১৪০৬০০.০	৪৫০০০.০	১২৫০.০
রূপালী ব্যাংক লিমিটেড	২০১৫	২৭.২	৫৮.৮	১২০.৩	৭.৪	২১৩.৭	৩৭৮১৩.২	৬৪৮৪.৬	১৩৮৫.১	৪৫৬৮২.৯	৫২১২৯.৯	১৯৪১.৫
	২০১৬	১২.২	২৫৩৪.৫	২২০.০	৬.৬	২৭৭৩.২	৫৫১৭৮.৫	১৫৪০৪.২	১১৮৬.৪	৭১৭৬৯.১	৪৮৯৮৫.৯	২৫৭০.৮
	মার্চ ২০১৭**	১৩.২	৪১৩২.৭	২৩৩.৫	৬.৭	৪৩৮৬.০	৫৭১০৯.৮	১৫৭৬১.৮	১১৯৯.২	৭৪০৭০.৭	৫০৫২৮.৭	২৬৫২.৬
	জুন ২০১৭***	১৩.৫	৪১৬৫.৭	৩০৬.৯	৬.৮	৪৪৯২.৯	৫৯১০৮.৬	১৬২০৫.০	১২২০.৪	৭৬৫৩৪.০	৫২১৯৪.৯	২৮১২.২
বেসিক ব্যাংক লিমিটেড	২০১৫	৭৬৮.০	৩২৪.০	৪১৭.৫	০.০	১৫০৯.৫	১৭৪৭৫.৪	১০৬৭৭.৮	৫৭৪৯.৯	৩৩৯০৩.১	২৪৪১৭.৯	২১৯৩৬.৪
	২০১৬	১০০.০	১৭৩৪.৩	৭৭৯.২	৪৯.৩	২৬৬২.৮	১০৮২২.৩	১১৪৯৫.৯	১১৫১৩.৮	৩৩৮৩২.১	১৬০০৬.৭	১৩৬১৯.৯
	মার্চ ২০১৭**	১০০.৫	১৮৩১.৩	৯৩৪.০	৪৯.৬	২৯১৫.৫	১১৬৮৭.৫	১৩২১১.২	১৩২৪০.০	৩৮১৩৮.৭	১৬৬৬০.৭	১৩৭৩৫.৯
	জুন ২০১৭***	১১০.০	১৮৭০.০	৯৬০.০	৫০.০	২৯৯০.০	১১৯৫০.০	১৩৫০০.০	১৩৬০০.০	৩৯০৫০.০	১৭০৩০.০	১৪০০০.০
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	২০১৫	০.০	৩৮০০.৫	২০০.৩	০.০	৪০০০.৯	৩৩৯১.১	১৩৮৬.৬	৩২৫.৪	৫১০৩.০	১২৫৪.৫	০.০
	২০১৬	০.০	৩৯৭৬.৮	২৩০.৫	০.০	৪২০৭.৩	২৬৭৬.২	২৭৪৩.১	৩.৯	৫৪২৩.২	৫৮৫.৯	০.০
	মার্চ ২০১৭**	০.০	৩৮৫৭.২	২০৮.৬	০.০	৪০৬৫.৮	২৬৩২.৯	৬৯০.২	১৩.৩	৩৩৩৬.৪	৪৪৯.৩	০.০
	জুন ২০১৭***	০.০	৩৮৭০.০	২২০.৫	০.০	৪০৯০.৫	২৬৫০.৫	৭১০.২	১৫.৬	৩৩৭৬.৩	৪৬০.০	০.০

* = তথ্য/উপাত্তসমূহ পুঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক ।

*** = প্রক্ষেপিত ।

সারণি-২ (চলমান)

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি (outstanding)*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	পরিবহন ও যোগাযোগ	ব্যবসা বাণিজ্য					দারিদ্য বিমোচন	অন্যান্য	সর্বমোট
				পাইকারী ও খুচরা	রপ্তানী	আমদানি	হোটেল ও রেস্তোঁরা	মোট			
১	২	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
সোনালী ব্যাংক লিমিটেড	২০১৫	৪১২.০	০.০	৬১৩৪৫.০	৩৪৭৫২.০	৪১২৮১.০	০.০	১৩৭৩৭৮.০	১০৭৭৭.০	৫৯৫১৯.০	৩৪৬৩৪৬.০
	২০১৬	৩৬৪.২	০.০	৮০১৯.৩	৩৬৮৮১.৫	১৩৪৩২৮.০	০.০	১৭৯১২৮.৮	১০৬৯.৯	৫৬১৮২.২	৩৬৯৪৬৬.৪
	মার্চ ২০১৭**	৩৬৪.০	০.০	৮০১৯.৩	৩৬৮৮১.৫	১৩৪৩২৮.০	০.০	১৭৯২২৮.৮	১০৬৯.৯	৫৬১৩৭.২	৩৮৪৪২৩.০
	জুন ২০১৭***	৩৬৪.০	০.০	৮০১৯.৩	৩৬৮৮১.৫	১৩৪৩২৮.০	০.০	১৭৯২২৮.৮	১০৬৯.৯	৬৫২৮১.২	৩৯৫৫৬৭.০
অগ্রণী ব্যাংক লিমিটেড	২০১৫		৩২১১.০	৫০০০২.০	১০৪১৪.০	২৪৯০৬.০	৯২৯.০	৮৬২৫১.০	৩৫৩.০	২৩৭১৮.০	২৪৪৮০০.০
	২০১৬		২৭০৬.০	৫৪৬৫১.০	৮২৯০.০	৩১১৮৮.০	১২৬৮.০	৯৫৩৯৭.০	৪৭৬.০	৩৫৮৩৪.০	২৬৫৮৭১.০
	মার্চ ২০১৭**		২৭৮২.০	৫৫০৩৪.০	৮৩৩৫.০	৩১৮৬৫.০	১২৭৩.০	৯৬৫০৭.০	৪৮৭.০	৩৮১৮৪.০	২৭১১২৪.০
	জুন ২০১৭***		২৮৫৪.০	৫৬২৩৫.০	৮৪১৩.০	৩২৫৬২.০	১২৯৫.০		৪৯২.০	৪১৬৮১.০	১৯৩৯৯০.০
জনতা ব্যাংক লিমিটেড	২০১৫	০.০	১৬০.০	৬৮৫০৯.০	৫২৩৪৯.০	৫১৪৮৮.০	০.০	১৭২৩৪৬.০	৮১৮০.০	৪৬৪৩২.০	৩৪৯৮৬১.০
	২০১৬	৬৩০৫.০	২০০.১	৩৬৯২.৪	৬৩৯৭০.০	৫১৩৮৪.৯	২৬৮৪.৮	১২১৭৩২.১	৮৫০০.০	৫৭১৩৫.১	৪০৩০৩৭.৩
	মার্চ ২০১৭**	৬২০৫.০	১০০.০	৩৮৯১.৪	৬৪১০০.০	৫১৪০০.০	২৭০০.০	১২২০৯১.৪	৮১৫০.০	৬৩৮২৩.০	৪০৭৬১০.১
	জুন ২০১৭***	৬১০৫.০	০.০	৩০৮০.৫	৬৪৩০০.০	৫১৬০০.০	২৭২০.০	১২১৭০০.৫	৮৩০০.০	৬৪৭৬৪.০	৪০৮০০০.০
রূপালী ব্যাংক লিমিটেড	২০১৫	২৫৬৩.৯	২৭৭২.০	৫০৯২.৯	৩৮৫৩.৩	১৯৮২৮.৭	১১২৩.৬	২৯৮৯৮.৫	১২৬৫.৮	৬০৪৬.৮	১৪২৫১৫.০
	২০১৬	২৫১০.৫	৭৫১.২	৮২৮৫.৪	৪০৩৯.৬	১৮৩৬০.৩	১১২০.৭	৩১৮০৬.০	১০৪০.৬	১২৯৪৩.১	১৭৫১৫০.৪
	মার্চ ২০১৭**	২৬১০.৫	৮৬০.৫	৮৬০০.৪	৪১৮০.৫	১৮৫৫০.০	১১২১.০	৩২৪৫১.৯	১০৬০.০	১১৬৪৩.৯	১৮০২৬৪.৭
	জুন ২০১৭***	২৬৩০.৪	৯২০.৫	৮৯০০.০	৪২২০.০	১৯৪০০.০	১২৮০.২	৩৩৮০০.২	১১২০.০	৩০৭১৬.৭	২০৫২২১.৬
বেসিক ব্যাংক লিমিটেড	২০১৫	৪৫২.৯	১৬৯২.৭	২১৭৭৬.৮	৩২৩৬.২	৯৮০০.৩	০.০	৩৪৮১৩.৩	৩১৮.০	৯৭৬৩.২	১২৮৮০৭.০
	২০১৬	০.০	৮৩৩৫.৫	৩৫১৩১.৬	২১৮৭.৫	৭৮০৮.৫	০.০	৪৫১২৭.৬	৫৩.৯	১৫২৪৪.৪	১৩৪৮৮২.৮
	মার্চ ২০১৭**	০.০	৭৭৩৩.৪	৩৪৮২৩.২	৩২৭৬.০	৬৮৪২.০	০.০	৪৪৯৪১.২	২০৯.৮	১৩৬০৮.২	১৩৭৯৪৩.৫
	জুন ২০১৭***	০.০	৭৯০০.০	৩৫৫৫০.০	৩৩৫০.০	৭০০০.০	০.০	৪৫৯০০.০	২৩০.০	১৩৯০০.০	১৪১০০০.০
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	২০১৫	০.০	৫৪.০	১৬৯২.৬	২৮২.৭	১৪১৪.৯	১৪৮.১	৩৫৩৮.৩	০.০	৪১৮৬.৮	১৮১৩৭.৫
	২০১৬	০.০	৭৪.৫	২৩৩৪.৩	৩১৪.১	১৩৪০.২	৯৭.৫	৪০৮৬.১	০.০	৩৭০১.৪	১৮০৭৮.৪
	মার্চ ২০১৭**	০.০	৭৫.৯	২৬০৮.৭	২৭৭.৮	১৩৬৯.৮	৮৭.৪	৪৩৪৩.৭	০.০	৫৭৩২.২	১৮০০৩.৩
	জুন ২০১৭***	০.০	৭৭.৮	২৮১০.০	২৮০.০	১৩৯০.০	৯৫.০	৪৫৭৫.০	০.০	৫৫২৫.৪	১৮১০৫.০

* = তথ্য/উপাত্তসমূহ পুঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক ।

*** = প্রক্ষেপিত ।

সারণি-৩

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় *

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	আদায়/ বিতরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	মোট
				মেয়াদী ঋণ	চলতি মূলধন	মোট		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
সোনালী ব্যাংক লিমিটেড	২০১৫	বিতরণ	৭৫৪৮.২	১৪৯৭০৪.৫	৬১১৭৫.০	২১৮৭৬২.৬	৩৩৫২২.০	২৫৯৮৩২.৮
		আদায়	১১৪১৮.৭	৬৯০৫৮.১	৪৭৯৮৫.১	১০৪০৮৮.১	৮২৫১.০	১২৩৭৫৭.৮
	২০১৬	বিতরণ	৮০৯১.৮	৩৫০৩০.০	৮২৪৬৭.২	৫৫৯৯৯.৯	৫৮০৪১.৩	১২২১৩৩.০
		আদায়	৫২১৩.৮	২০৯৬৯.৯	১১১০০.১	২৬৫৪৬.৬	৯০১২.২	৪০৭৭২.৬
	মার্চ ২০১৭**	বিতরণ	৫৬২২.৬	৫৫৭৬.৭	২৫৮০২.৪	১৪২৩৮.৩	১৪২৪২.৫	৩৪১০৩.৪
		আদায়	৫৩৭০.২	৮৬৬১.৬	৪৫৩৪.৭	২০২৫৭.০	১৩৭৮.২	২৭০০৫.৪
	জুন ২০১৭***	বিতরণ	৭১৩৮.২	১১৫৯৫.৪	৫৮৩৫০.২	২২৩৭৮.৮	১৩৮৫.৭	৩০৯০২.৭
		আদায়	৬৬৭৫.২	১০৭৮৩.৪	৫৭২৫.০	১০৭৮৩.৪	১৬৪৮.২	১৯১০৬.৮
অগ্রণী ব্যাংক লিমিটেড	২০১৫	বিতরণ	৪৫৩২.০	১২৪২২.০	৫৬৮৮.০	১৮১১০.০	১৫৬১.০	২৪২০৩.০
		আদায়	৪৮০৫.০	৮৫৪৩.০	৭৫০.০	৯২৯৩.০	৩৯৫.০	১৪৪৯৩.০
	২০১৬	বিতরণ	৬০০০.০	৭০৫৪.০	৩৪৫৮.০	১০৫১২.০	১৫০২৩.০	৩০৬০৭.০
		আদায়	২৪৩৫.০	৩০২৪.০	৬৫২.০	৩৬৭৬.০	৩৪২৪.০	৯৫৩৫.০
	মার্চ ২০১৭**	বিতরণ	১২০৫.০	২০৪৫.০	১৪৫৩.০	৩৪৯৮.০	৩৮২৯.০	৮৫৩২.০
		আদায়	১৫৬২.০	১৮৫৪.০	৯৮৩.০	২৮৩৭.০	১৭৪৭.০	৬১৪৬.০
	জুন ২০১৭***	বিতরণ	২৪৫৩.০	৪৩৫৮.০	২০২৪.০	৬৩৮২.০	৮২২৯.০	১৭০৬৪.০
		আদায়	২০৪৩.০	২৩৪৬.০	১৩৩৫.০	৩৬৮১.০	২৮৩৯.০	৮৫৬৩.০
জনতা ব্যাংক লিমিটেড	২০১৫	বিতরণ	৪৩৭৬.০	২৮৫৪২.০	২৩১৫০.০	৫১৬৯২.০	৩১২২৮.০	৮৭২৯৬.০
		আদায়	৪০৪৮.০	২২১৪০.০	১৯৩৭৬.০	৪১৫১৬.০	১১৬৪৪.০	৫৭২০৮.০
	২০১৬	বিতরণ	৭৪৪১.০	৩০৬৩২.০	২৫১৪৭.০	৫৫৭৭৯.০	২৭৩৪৩.০	৯০৫৬৩.০
		আদায়	৭৩২০.০	২২২০৫.০	২১৩৪৫.০	৪৩৫৫০.০	৮২৩৩.০	৫৯১০৩.০
	মার্চ ২০১৭**	বিতরণ	৭৫৩০.০	২৭৫৭০.০	২০৪৫০.০	৪৮০২০.০	৩৩০৪৬.০	৮৮৫৯৬.০
		আদায়	৭৪৩০.০	২০১০৬.০	১৮৩০৬.০	৩৮৪১২.০	১২৭১৮.০	৫৮৫৬০.০
	জুন ২০১৭***	বিতরণ	৭৬০০.০	২৯৫০০.০	২২৬০০.০	৫২১০০.০	৩০২০০.০	৮৯৯০০.০
		আদায়	৭৫০০.০	২২৫০০.০	২০১৩০.০	৪২৬৩০.০	১০২৫০.০	৬০৩৮০.০
রূপালী ব্যাংক লিমিটেড	২০১৫	বিতরণ	৮০৫.৮	৬২৭৪.৩	৬৮৩৭.৭	১৩১১২.০	২৬৫১.৫	১৬৫৬৯.৩
		আদায়	১১২০.৫	৩৪১৫.২	৪২৮২.৬	৭৬৯৭.৮	৭৮০.২	৯৫৯৮.৫
	২০১৬	বিতরণ	১৬৪৯.৮	৪২০৪.৫	৮১০২.৯	১২৩০৭.৪	১০৯৫.৯	১৫০৫৩.০
		আদায়	৭৪০.৫	৩৭০১.৬	২৩০৬.৫	৬০০৮.১	২৫৭.৯	৭০০৬.৫
	মার্চ ২০১৭**	বিতরণ	২৭৮৮.৩	১৭০.৩	১৫৬৪.১	১৭৩৪.৪	১৫১.৭	৪৬৭৪.৪
		আদায়	৮৫৪.৬	৯৮৫.০	৯২৬.৯	১৯১১.৮	৩৩.৫	২৭৯৯.৯
	জুন ২০১৭***	বিতরণ	২৮০০.০	৩৮৫০.৮	৪৮৯৫.০	৮৭৪৫.৮	৩০২.০	১১৮৪৭.৭
		আদায়	১০০০.০	১২৬০.৫	১১০৫.৫	২৩৮৬.০	২০৯.৫	৩৫৯৫.৫
বেসিক ব্যাংক লিমিটেড	২০১৫	বিতরণ	১০৬০.৯	৮৭৪৬.০	১২৪৮২.১	২১২২৮.১	১৪৫৯৯.৯	৩৬৮৮৮.৯
		আদায়	৭৫০.৬	১২৯৯০.৯	১৪৪৪১.০	২৭৪৩১.৯	৭২২৭.৭	৩৫৪১০.২
	২০১৬	বিতরণ	১৪৮৪.৪	৪৭৮২.৫	১৪৪৫৪.৫	১৯২৩৭.০	১১৭০২.৫	৩২৪২৩.৯
		আদায়	১০১৩.৯	১৩৪৭৩.০	১৩৮৩০.৩	২৭৩০৩.৩	৯৬৪২.৫	৩৭৯৫৯.৭
	মার্চ ২০১৭**	বিতরণ	১৫৪৭.০	১৮৪৯.৯	৬০৫৫.৪	৭৯০৫.৩	০.০	৯৪৫২.৩
		আদায়	১০৫২.৭	৩১২১.০	২৫৮১.৬	৫৭০২.৬	০.০	৬৭৫৫.৩
	জুন ২০১৭***	বিতরণ	১৭৫০.০	২৩০০.০	৬৭০০.০	৯০০০.০	০.০	১০৭৫০.০
		আদায়	১৪০৩.৫	৩৩০০.০	২৭০০.০	৬০০০.০	০.০	৭৪০৩.৫
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	২০১৫	বিতরণ	৩৬২.৩	৫৬০.০	৫৯০.০	১১৫০.০	১৭৩৮.৭	৩২৫১.০
		আদায়	৪৫৮.৪	৬৪৬.৬	৬৯০.৯	১৩৩৭.৫	১৩২০.২	৩১১৬.১
	২০১৬	বিতরণ	৩৫৯.৭	৫৯৩.৯	৪০৩.৫	৯৯৭.৪	২০৮২.০	৩৪৩৯.১
		আদায়	২৮৬.১	৮৩৬.৫	২২৪.১	১০৬০.৬	১৭১৫.১	৩০৬১.৮
	মার্চ ২০১৭**	বিতরণ	৪৩.০	১৪১.৯	২৭.১	১৬৯.০	৩৫১.৪	৫৬৩.৪
		আদায়	১২৮.৮	১১৯.৯	৫৭.৩	১৭৭.২	৬০২.২	৯০৮.২
	জুন ২০১৭***	বিতরণ	৯০.০	২৮৫.০	৬০.০	৩৪৫.০	৩১৫.০	৭৫০.০
		আদায়	২৬০.০	২৪০.০	১১৫.০	৩৫৫.০	৫০৫.০	১১২০.০

* = তথ্য/উপাত্তসমূহ পুঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক ।

*** = প্রক্ষেপিত ।

রাষ্ট্র-মালিকানাধীন বিশেষায়িত ব্যাংক

বিশেষায়িত ব্যাংক

বিশেষায়িত ব্যাংকগুলোর কার্যক্রমের সংক্ষিপ্তসার

বাংলাদেশে চার ধরণের তফসিলি ব্যাংক রয়েছে। এর মধ্যে বিশেষায়িত ব্যাংকের সংখ্যা ২টি। জনগণের আমানত গ্রহণ এবং কৃষি, মৎস্য ও বনায়ন এবং ব্যবসা -বাণিজ্য ও শিল্পখাতসহ বিদ্যুৎ , গ্যাস ও পানি সরবরাহ এবং অন্যান্য সেবা খাতগুলোতে বিশেষায়িত ব্যাংক অর্থায়ন করছে। বিশেষায়িত ব্যাংক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক হিসেবে দেশের মোট কৃষি ঋণের সিংহভাগ বিতরণ করছে। ডিসেম্বর ২০১৬ শেষে ব্যাংকিং খাতের মোট পরিসম্পদের শতকরা ২.৮ ভাগ, মোট আমানতের শতকরা ২.৭ ভাগ এ বং মোট কর্মরত জনবলের শতকরা ৭.৪ ভাগ বিশেষায়িত ব্যাংকগুলোর অধীন। একইভাবে, বৈদেশিক বাণিজ্য পরিচালনার শতকরা ০.৪ ভাগ এবং ঋণ ও অগ্রিম হিসেবে প্রদত্ত অথায়নের শতকরা ৩.১ ভাগ বিশেষায়িত ব্যাংকগুলোর মাধ্যমে সম্পন্ন হয়েছে।

মূলধন, রিজার্ভ ফান্ড এবং মোট পরিসম্পদ

২০১৬ সালের ডিসেম্বর শেষে ২টি বিশেষায়িত ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২৫.০ বিলিয়ন, ১৫.০ বিলিয়ন ও ৬.৬ বিলিয়ন টাকা। বিশেষায়িত ব্যাংকগুলোর মোট পরিসম্পদের পরিমাণ ২০১৫ সাল শেষের ২৯২.১ বিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সাল শেষে ৩০৫.৬ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বিশেষায়িত ব্যাংকগুলোর অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের গতিধারা চার্ট - ১ এ দেখানো হলো।

চার্ট--১: বিশেষায়িত ব্যাংকগুলোর অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের গতিধারা



আমানত এবং ঋণ ও অগ্রিম

বিশেষায়িত ব্যাংকগুলোর মোট আমানতের পরিমাণ ডিসেম্বর ২০১৫ শেষের ২৩৩.৮ বিলিয়ন টাকা থেকে শতকরা ৯.২৩ ভাগ বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৬ শেষে ২৫৫.৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে তলবি আমানত ও মেয়াদি আমানতের পরিমাণ যথাক্রমে ২৩.৮ বিলিয়ন এবং ২৩১.৬ বিলিয়ন টাকায় দাঁড়ায় , যা মোট আমানতের যথাক্রমে শতকরা ৯.৩২ভাগ এবং ৯০.৬৮ ভাগ। বিশেষায়িত ব্যাংকগুলোর ঋণ ও অগ্রিমের স্থিতি ২০১৫ সাল শেষের ২১৭.১ বিলিয়ন টাকা থেকে শতকরা ১.৯২ ভাগ বৃদ্ধি পেয়ে ২০১৬ সাল শেষে ২২১.৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে , ঋণ-আমানত অনুপাতের হার ডিসেম্বর ২০১৬ শেষের শতকরা ৮৬.৬৯ ভাগে দাঁড়িয়েছে। বিশেষায়িত ব্যাংকগুলোর আমানত , ঋণ ওঅগ্রিম এবং ঋণ -আমানত অনুপাত এর গতিধারা চার্ট-২ এ দেখানো হলো

চার্ট-২: বিশেষায়িত ব্যাংকগুলোর আমানত, ঋণ ও অগ্রিম এবং ঋণ -আমানত অনুপাত

বৈদেশিক বাণিজ্য

ডিসেম্বর ২০১৬ শেষে বিশেষায়িত ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্যের পরিমাণ পূর্ববর্তী বছরের ২৯.৩ বিলিয়ন টাকা থেকে শতকরা ২১.৮৪ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৫.৭ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রপ্তানি র পরিমাণ ২০১৬ সালে পূর্ববর্তী বছরের ০.৭ বিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ১০.৬ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রেমিটেন্স ২০১৫ সালের ১৫.৩ বিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে ২০১৬ সালে ১২.৫ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বিশেষায়িত ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্যের গতিধারা চার্ট-৩ এ দেখানো হলো।

চার্ট-৩: বিশেষায়িত ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্যের গতিধারা

আয় ও ব্যয়

ডিসেম্বর ২০১৬ শেষে বিশেষায়িত ব্যাংকগুলোর মোট আয় ও ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ২১.৫ বিলিয়ন এবং ২৮.২ বিলিয়ন টাকা। পূর্ব বর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ২১.১ বিলিয়ন ও ২৫.৬ বিলিয়ন টাকা অর্থাৎ বিগত বছরে বিশেষায়িত ব্যাংকগুলোতে নীট লোকসান পরিলক্ষিত হয়েছে। বিশেষায়িত ব্যাংকগুলোর ব্যয়-আয় অনুপাত ডিসেম্বর ২০১৫ শেষের ১২১.৩৩ শতাংশের তুলনায় বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৬ শেষে ১৩১.১৬ শতাংশে দাঁড়িয়েছে। বিশে ষায়িত ব্যাংকগুলোর আয় ও ব্যয় এবং ব্যয়-আয় অনুপাত এর গতিধারা চার্ট-৪ এ দেখানো হলো।

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

ডিসেম্বর ২০১৬ শেষে অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তি ক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ১৪৩.৮ বিলিয়ন টাকা (শতকরা ৬৪.৯৫ ভাগ), শিল্প খাতে ১২.৮ বিলিয়ন টাকা (শতকরা ৫.৭৮ ভাগ), চলতি মূলধনে অর্থায়ন খাতে ২৪.৭ বিলিয়ন টাকা (শতকরা ১১.১৬ ভাগ), ব্যবসা-বাণিজ্য খাতে ২০.৫ বিলিয়ন টাকা (শতকরা ৯.২৬ ভাগ), দারিদ্র্য বিমোচন খাতে ৫.০ বিলিয়ন টাকা (শতকরা ২.২৬ ভাগ), এবং অন্যান্য খাতে ১৪.৫ বিলিয়ন টাকায় (শতকরা ৬.৫৫ ভাগ) দাঁড়ায়। ডিসেম্বর ২০১৫ শেষের তুলনায় ডিসেম্বর ২০১৬ শেষে বিশেষায়িত ব্যাংকগুলোর কৃষি, মৎস্য ও বনায়ন এবং অন্যান্য খাত ব্যতীত অবশিষ্ট সকল খাতে অর্থায়ন বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে বিশেষায়িত ব্যাংকগুলোর সর্বমোট ৭৫.১ বিলিয়ন টাকা ঋণ বিতরণের বিপরীতে ৯৩.৮ বিলিয়ন টাকা আদায় করেছে। ডিসেম্বর ২০১৬ শেষে বিশেষায়িত ব্যাংকগুলোর ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-৫ এ দেখানো হলো।



বিশেষায়িত ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরে অগ্রগতি

দেশের ২টি বিশেষায়িত ব্যাংক কর্তৃক বিগত পাচ বছরে তাদের মূলধন পর্যাপ্ততা , ঋণ ও অগ্রিম প্রদান ও ব্যবসা -বাণিজ্যের গতিধারা ছিল সন্তোষজনক। এছাড়াও সামাজিক দায় বদ্ধতা ও গ্রীণ ব্যাংকিং প্রতিপালনের ক্ষেত্রেও ব্যাংকগুলো বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেছে। বিগত পাঁচ বছরে বিশেষায়িত ব্যাংকগুলোর অর্জিত উল্লেখযোগ্য কতিপয় সাফল্য ছিল নিম্নরূপঃ

কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষকদের মধ্যে কৃষি ঋণ বিতরণ এবং কৃষি পণ্যের বহুমুখীকরণ, বাণিজ্যিকীকরণ ও গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার জন্য কৃষিভিত্তিক শিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্প (SME) উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিতকল্পে ব্যাংকগুলো সচেষ্ট রয়েছে।

বেসরকারি খাতে নতুন ঋণ প্রদান, রপ্তানীমুখী, আমদানি বিকল্প অগ্রাধিকারপ্রাপ্ত শিল্প প্রকল্প, পরিবেশবান্ধব ও ক্ষুদ্র পাওয়ার প্ল্যান্ট, আইসিটি ইত্যাদি খাতে ঋণ প্রদানে বিশেষায়িত ব্যাংকসমূহ গু রুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এছাড়া, পরিবেশবান্ধব ব্যাংকিং এর আওতায় বায়োগ্যাস প্ল্যান্ট, অটোমেটিক ব্রিকস ফিল্ড, সোলার প্যানেল, বর্জ্য পরিশোধন প্ল্যান্ট ইত্যাদি স্থাপনে ঋণ বিতরণ করা হচ্ছে।

ব্যাংকের তহবিল সমৃদ্ধ করার লক্ষ্যে জনসাধারণের নিকট থেকে ক্ষুদ্র ক্ষুদ্র আমানত সংগ্রহসহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ব্যাংকের প্রচলিত সুদ হারে আমানত সংগ্রহ করা হয়েছে। এ ছাড়াও Financial Inclusion বৃদ্ধি করার লক্ষ্যে গ্রামীণ পর্যায়ে অতিদরিদ্র কৃষক, মুক্তিযোদ্ধা, হিন্দু ধর্মীয় কল্যান ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুস্থ ব্যক্তি , আইলা দুর্গত ব্যক্তি, সামাজিক নিরাপত্তা কর্ম সূচীর আওতায় ভাতাভোগীদের নামে ১০ টাকার কৃষক হিসাব খোলা, কৃষি ভর্তুকি প্রদানের বিপরীতে কৃষকদের ১০ টাকার কৃষি হিসাব খোলা এবং স্কুল ব্যাংকিং হিসাব খোলার মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র আমানত সংগ্রহ করা হচ্ছে।

উৎপাদন ও কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে ভৌগলিক অবস্থান নির্বি শেষে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অর্থায়ন ত্বরান্বিতকরণ এবং অভিজ্ঞতাসম্পন্ন উদ্যোক্তাদের SME খাতে শিল্প স্থাপনে পরামর্শ ও সার্বিক সহযোগিতা প্রদান করা হচ্ছে।

বৈদেশিক বাণিজ্য ব্যবসা পরিচালনা ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়; রপ্তানি বাণিজ্য; আমদানি বিলের বিপরীতে অগ্রিম ও বৈদেশিক বিল ক্রয়, এলসি খোলার পদক্ষেপ ইত্যাদি কার্যক্রমে বিশেষায়িত ব্যাংকসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

এছাড়া Western Union এর সাথে স্বাক্ষরিত চুক্তির প্রেক্ষিতে বিকেবি প্রবাসী বাংলাদেশীদের সেবা প্রদান ও আমানত বৃদ্ধির কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

সামাজিক দায়বদ্ধতার (Corporate Social Responsibility) আওতায় বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক বয়স্ক ভাতা, বিধবা ভাতা, স্বামী পরিত্যক্তা ও দুস্থ মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান করছে।

Financial Inclusion-এর আওতায় বাংলাদেশে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সুবিধাবঞ্চিত নিম্ন আয়ের ব্যাংকিং সুবিধা-বহির্ভূত জনগোষ্ঠীর নিকট ব্যাংকিং সেবা পৌঁছানোর লক্ষ্যে Mobile Financial Services (Mobile Banking) কার্যক্রম DBBL এর সাথে বাংলাদেশ কৃষি ব্যাংক পার্টনারশীপের ভিত্তিতে কার্যক্রম শুরু করেছে।

বাংলাদেশ কৃষি ব্যাংক

www.krishibank.org.bd

বাংলাদেশ কৃষি ব্যাংক ১৯৭৩ সালে রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ বলে প্রতিষ্ঠিত একটি বিশেষায়িত সরকারি ব্যাংক। এ ব্যাংক দেশের জনসাধারণের দোরগড়ায় ব্যাংকিং সেবা পৌছে দেয়ার পাশাপাশি কৃষি ও কৃষি ভিত্তিক কর্মকান্ডের উন্নয়ন ও সম্প্রাসারণ কার্যক্রম সম্পাদন করে যাচ্ছে। ব্যাংকটির মার্চ, ২০১৭ পর্যন্ত মোট ১০৩১ টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ১৬ টি।

২০১৬ সালে বাংলাদেশ কৃষি ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতি যথাক্রমে ২১০৬৭৭ ও ১৭২০০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে ১৩২৪৯ ও ২৫১৮ মিলিয়ন টাকা বেশি। ব্যাংকটির ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।



উল্লেখযোগ্য কার্যক্রমঃ

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫৮০৩০.১ মিলিয়ন টাকার মধ্যে কৃষি ঋণের পরিমাণ ৫০৫৪৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের ৮৭.১০ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৫৫২২ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে।

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫৮০৩০.১ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের পরিমান ১৫৬২.৮ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের ২.৬৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৬৫১২.২০ মিলিয়ন টাকা হ্রাস পেয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫৮০৩০.১ মিলিয়ন টাকার মধ্যে বৃহৎ শিল্পের পরিমান ৪৮৩১ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের ৮.৩২ শতাংশ।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সালে ক্ষুদ্র ঋণ কর্মসূচীর স্থিতি দাঁড়িয়েছে ২০০০.৯ মিলিয়ন টাকা যা শহরের বস্তিবাসী দুঃস্থ পরিবারসমূহকে পুর্নবাসনের লক্ষ্যে ঘরেফেরা কর্মসূচীর মাধ্যমে বিতরণ করা হয়েছে।

এসএমই ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫৮০৩০.১ মিলিয়ন টাকার মধ্যে SME ঋণের পরিমাণ ৫০৫০ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের ৮.৭০ শতাংশ।

শ্রেনীকৃত ঋণঃ ২০১৫ ও ২০১৬ সালে শ্রেণীকৃত ঋণের পরিমাণ যথাক্রমে ৪০৭০০.০০ (২৪%) ও ৪৬৭৮৯.৬০ (২৭%) মিলিয়ন টাকা ছিল।

গ্রিন ব্যাংকিংঃ মার্চ'২০১৭ পর্যন্ত গ্রিন ব্যাংকিং কার্যক্রমে বিতরণকৃত ঋণের স্থিতি দাঁড়িয়েছে ৩৪২.৮০ মিলিয়ন টাকা।

রেমিট্যান্সঃ রেমিট্যান্সের পরিমাণ ২০১৬ সালে ১ ২২৯৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা ২০১৫ সালের তুলনায় ১৮.৮১ শতাংশ কম। বাংলাদেশ কৃষি ব্যাংক বর্তমানে ২২ টি Account Credit রেমিট্যান্স কোম্পানী এবং ১১ টি Pin Code System রেমিট্যান্স কোম্পানীর সঙ্গে ড্রয়িং এরেঞ্জমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

অটোমেশনঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের Online Banking কার্যক্রমের আওতায় ২০১৭ এপ্রিল পর্যন্ত ২১৭ টি শাখায় Core Banking Solution বাস্তবায়ন করা হয়েছে। আরো ২৮১ টি শাখায় ২০১৭ সালের মধ্যে বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হয়েছে।

ATM সেবা প্রদানঃ ঢাকা শহরে ০২ টি এবং চট্টগ্রাম, খুলনা, সিলেট ও ময়মনসিংহ বিভাগীয় শহরে ১ টি করে মোট ৬ টি শাখায় ATM বুথ স্থাপনের মাধ্যমে সার্বক্ষনিক গ্রাহক সেবা চালু করা হয়েছে এবং আরো ৪ টি ATM বুথ স্থাপনের কাজ প্রক্রিয়াধীন আছে।

Mobile Banking সেবা প্রদানঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের ১০৩১ টি শাখায় ডাচ বাংলা ব্যাংক এবং ৩১৯ টি শাখায় bkash এর মাধ্যমে মোবাইল ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া ব্যাংকের নিজস্ব Mobile Financial Service (MFS)-"Bangla-Cash" প্রবর্তনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৭ সালের মার্চ পর্যন্ত নারী উদ্যোক্তাদের মাঝে বিতরণকৃত ঋণের স্থিতি দাঁড়িয়েছে ২৮৯.২০ মিলিয়ন টাকা।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

www.rakub.org.bd

বাংলাদেশ কৃষি ব্যাংকের ২৫৩ টি শাখা ও অন্যান্য কার্যালয় এবং সকল দায় ও সম্পদ গ্রহণ করে মহামান্য রাষ্ট্রপতির ১৯৮৬ সালের ৫৮ নম্বর অধ্যাদেশ বলে ১৫ মার্চ ১৯৮৭ সালে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) প্রতিষ্ঠা লাভ ও কার্যক্রম শুরু করে। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের কৃষি সম্ভাবনার পরিপূর্ণ সদ্ব্যবহার এবং এ অঞ্চলের কৃষি খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে কৃষি সংশ্লিষ্ট সকল কর্মকান্ডের জন্য ঋণ বিতরণ ছাড়াও সকল প্রকার বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদান করে থাকে। ডিসেম্বর ২০১৬ শেষে রাকাব-এর ৪টি কর্পোরেট শাখাসহ মোট শাখার সংখ্যা ৩৭৯টি। ব্যাংকটির ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

আমানত এবং ঋণ ও অগ্রিমের গতিধারা:

২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৭ শতাংশ ও ১৩ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১ ৫ সালের তুলনায় ২৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৪৬৭৯.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৯৩৬৫.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১. ১০ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৩.৮০ শতাংশ। ২০১ ৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১ ৫ সালের তুলনায় ১১ শতাংশ বৃদ্ধি পেয়ে ১০২৫৪.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



উল্লেখযোগ্য কার্যক্রম:

শিল্পঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রি মের মধ্যে শিল্পঋণের অংশ ১৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৬২০.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

এসএমই ঋণ: ২০১৫ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৮ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৭.৭৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২০১৩.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রি মের মধ্যে কৃষি ঋণের অবদান ৬৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১ ৫ সালের তুলনায় ৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১১৪৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ক্ষুদ্র ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ৫৫.৬ মিলিয়ন টাকা।

গ্রিন-ব্যাংকিং: ব্যাংক কর্তৃক ২ ০১৬ সালে বায়োগ্যাস ও সৌর বিদ্যুৎ এবং কেঁচো কম্পোষ্ট খাতে ০.৭১ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে যা ২০১৫ সালের তুলনায় ৫৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১.৫৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিটেন্স: ২০১৬ সালে ব্যাংকের রেমিটেন্সে র পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩.৪০ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৫৭.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রাকাব ৩ (তিন) টি কোম্পানির (ওয়েস্টার্ন ইউনিয়ন, আইএমই ও এক্সপ্রেসমা নি) সাথে ড্রয়িং এ্যারেঞ্জমেন্টের মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

শ্রেণীকৃত ঋণ: ২০১৬ সালে শ্রেণীকৃত ঋণ আদায় ২০১৫ সালের তুলনায় কম পরিমাণে (৩৩২২.৫ মিলিয়ন টাকা) হলেও অশ্রেণীকৃত ঋণ আদায় (১৬১৩৬.০ মিলিয়ন টাকা) বেশি হওয়ায় আলোচ্য সময়ে মোট ঋণ আদায় (১৯৪৫৮.৫ মিলিয়ন টাকা) বৃদ্ধি পেয়েছে।

সিএসআর কার্যক্রম: ২০১৬ সালে সিএসআর এর আওতায় ২০৩ জনকে ১৭.০০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

অটোমেশন: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ২০১ ৬ সাল পর্যন্ত শাখা কেন্দ্রিক LAN স্থাপনের মাধ্যমে ২১৩ শাখায় কম্পিউটারাইজড ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হচ্ছে।

অন-লাইন ব্যাংকিং কার্যক্রম: আইসিটি পরিকল্পনার আওতায় শাখাকেন্দ্রিক LAN স্থাপনের মাধ্যমে কম্পিউটারাইজেশনের পাশাপাশি ব্যাংক Core Banking Solution (CBS) বাস্তবায়ন পরিকল্পনা হাতে নিয়েছে। সে ল ক্ষ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের automation কার্যক্রম সংক্রান্ত draft action Plan: 2014-15 to 2017-18 প্রণয়ন করেছে যা বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে।

মোবাইল ব্যাংকিং : চলতি অর্থবছরের মধ্যে মোবাইল ব্যাংকিং চালু করার উদ্যোগ গ্রহণ করেছে।

সরণি-১

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	অনুমোদিত মূলধন	পরিশোধিত মূলধন	রিজার্ভ ফান্ড	আমানত স্থিতি			ঋণ ও অগ্রিম স্থিতি	বিনিয়োগ	তারল্য (+/-)	শ্রেণীকৃত ঋণ(পুঞ্জিভূত)	শ্রেণীকৃত ঋণের** শতকরা হার	মোট পরিসম্পদ	মোট আয়	মোট ব্যয়	কর্পোরেট ট্যাক্স
					তলবি	মেয়াদী	মোট									
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
বিকেবি	২০১৫	১৫০০০,০	১১৫০০,০	৬৩৮৩,০	১৫১৭৯,০	১৮২২৪৯,০	১৯৭৪২৮,০	১৬৯৪৯০,০	৪২,৭	৭৮২,৭	৪০৭০০,০	০,২	২২৯৯৬০,০	১৬১৯৫,০	২০৬৭৩,০	৫,৭
	২০১৬	১৫০০০,০	৯০০০,০	৬৩৬২,২	১৮৯৬১,০	১৯১৭১৬,০	২১০৬৭৭,০	১৭২০০৮,০	৪০,৭	২৩০১৭,৮	৪৬৭৮৯,৬	০,৩	২৩৪৪৪৯,০	১৫৮৬৯,০	২২৬৫৬,৪	০,০
	মার্চ ২০১৭**	১৫০০০,০	৯০০০,০	৬৩৬২,২	১৯৯১৪,০	২০১৩৪৯,০	২২১২৬৩,০	১৭১৪৪৪,০	৪১,০	২৫২৭০,০	৪১৯৩১,০	০,২	২৩৩৫০০,০	১১৭৫৯,০	১৭১৯৪,৮	০,০
	জুন ২০১৭***	১৫০০০,০	৯০০০,০	৬৩৪১,২	২২০০০,০	২২০০০০,০	২৪২০০০,০	১৭৩৪২৯,০	৪২,০	২৬০০০,০	৪৩০০০,০	০,২	২৪০০০০,০	১৫০০০,০	২২০০০,০	০,০
রাকাব	২০১৫	১০০০০,০	৬৪৫০,০	২০৮,০	৪৯১৫,০	৩১৫০৬,০	৩৬৪২১,০	৪৭৫৯০,১	৩৫,০	১০১০৫,০	৮০২৩,০	০,২	৬২১৫৫,০	৪৯৪৬,৩	৪৯১২,৭	০,০
	২০১৬	১০০০০,০	৬৪৫০,০	২০৮,০	৪৮১৮,৬	৩৯৮৬০,৬	৪৪৬৭৯,২	৪৯৩৫০,১	৩৫,০	১০২৫৪,২	৯৭১৬,৯	০,২	৭১১৮৯,৪	৫৫৮১,১	৫৫৪০,৮	০,০
	মার্চ ২০১৭**	১০০০০,০	৭০০০,০	২০৮,০	৪৯৮৪,৩	৪০৮৬৮,৫	৪৫৮৫২,৮	৪৯৭২৫,৫	৩৫,০	৯৪০৮,০	৯১১৯,০	০,২	৭২১৬০,০	৫৪৯৯,০	৫৪৮৯,৭	০,০
	জুন ২০১৭***	১০০০০,০	৭০০০,০	২০৮,০	৫৫০০,০	৪৪৫০০,০	৫০০০০,০	৫০৯৪০,০	৩৬,০	১০৫০০,০	৯৮৬৩,০	০,২	৭৩১০০,০	৫৯০০,০	৫৮৪০,০	০,০

* পুঞ্জিকাবর্ষ অনুসারে

** = অবলোপনকৃত ঋণ ব্যতিত

*** = সাময়িক

সরণি-১ (চলমান)

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	প্রভিশন	নীট মুনাফা	আমানতের সুদ/মুনাফা হার	ঋণের সুদ/মুনাফা হার	মূলধন পর্যাপ্ততার হার (%)	বৈদেশিক বাণিজ্য				সিএসআর	মোট জনবল			বিদেশি প্রতিসংগী ব্যাংক	মোট শাখা (সংখ্যায়)			ক্রেডিট রেটিং
						রপ্তানি	আমদানি	রেমিট্যান্স (অন্তঃমুখী প্রবাহ)	মোট		কর্মকর্তা	কর্মচারী	মোট		বাংলাদেশ	বিদেশ	মোট	
১	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫
বিকেবি	-২৩৩১.৫	-২১৫২.৬	৭.৮	১০.০	-৩৭.৬	৬৬১.০	১২৮২২.০	১৫১৪৬.০	২৮৬২৯.০	০.১	৬৭৫১	৩৩০১	১০০৫২	২৩০	১০৩১	০	১০৩১	
	০.০	-৬৭৮৭.৪	৫.৮	৭.৮	-৪৩.৮	১০৬০৪.৮	১২১৮৪.০	১২২৯৭.০	৩৫০৮৬.০	০.০	৬১৩০	৩১১১	৯২৪১	৩৪৮	১০৩১	০	১০৩১	
	০.০	-৫৪৩৬.২	৫.৫	১০.৭	-৪২.২	৭৮৮.২	১৩১৫.৬	২৩৪৪.০	৪৪৪৮.২	০.০	৫৮৫৪	৩০৫৯	৮৯১৩	৩৯৪	১০৩১	০	১০৩১	
	০.০	-৭০০০.০	৫.৫	৯.৩	-৪২.০	১৬০০.০	২৬৫০.০	১১৪৩০.০	১৫৬৮০.০	০.০	৭০০		৯৬১৩	৪৫৪	১০৩১	০	১০৩১	
রাকাব	০.০	৩৩.৬	৭.৪	১২.৪	-৯.০	০.০	৪৮২.৩	১৪২.২	৬৩৪.৫	৪.০	২৩২৩	১৩২৭	৩৬৫০	০	৩৭৭	০	৩৭৭	
	০.০	৪০.২	৭.৪	১২.৪	-৭.১	০.০	৬৭৬.০	১৫৭.৪	৮৩৩.৪	৪.০	২২৩৬	১৪০৩	৩৬৩৯	০	৩৭৯	০	৩৭৯	
	০.০	৯.৩	৭.৩	১১.৫	-৭.১	০.০	৬৭৬.০	১৬০.০	৮৩৬.০	৪.০	২১৭৭	১৪৫৮	৩৬৩৫	০	৩৭৯	০	৩৭৯	
	০.০	৬০.০	৭.৩	১১.৫	-৭.১	০.০	৭০১.০	১৭০.০	৮৭১.০	৪.০	২৪১৭	১৪৩৬	৩৮৫৩	০	৩৭৯	০	৩৭৯	A

* পুঞ্জিকাবর্ষ অনুসারে

** = অবলোপনকৃত ঋণ ব্যতিত

*** = সাময়িক

সরণি-২

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি (outstanding)*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	কৃষি মৎস্য ও বনায়ন					শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)				চলতি মূলধন অর্থায়ন	নির্মাণ	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	পরিবহন ও যোগাযোগ	ব্যবসা বাণিজ্য					দারিদ্র্য বিমোচন	অন্যান্য	সর্বমোট
		শস্য	শস্য ব্যতীত অন্যান্য	মৎস্য	বনায়ন	মোট	বৃহৎ	মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট					পাইকারী ও খুচরা	রপ্তানী	আমদানি	হোটেল ও রেস্টোরা	মোট			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
বিকেবি	২০১৫	৮৬৭০০,০	১১১৫৭,০	১০২৩০,০	৩৮৩,০	১০৮৪৭০,০	৫৭৭৩,০	২৫৪২,০	১১২৩,০	৯৪৩৮,০	১১৬২৫,০	০,০	০,০	১১৩,০	৯৭৪১,০	৬৬১,০	১২৮২২,০	২৫০,০	২৩৪৮৪,০	৩৮৬২,০	১২৪৯৮,০	১৬৯৪৯০,০
	২০১৬	৯২৯১৩,১	১০৬১৮,১	১০৮২৩,৮	৩৯১,০	১১৪৭৪৫,৫	৪৮৩১,০	২৩৬৪,৮	২০০০,৯	৯১৯৬,৭	২০১৭০,৯	০,০	০,০	১১৭,০	৬০৪৫,০	৬৬৭,০	৯৯২৯,৮	৩৩১,০	১৬৯৮১,৮	৩৮১৪,৪	৬৯৮০,৬	১৭২০০৮,২
	মার্চ ২০১৭**	৯২৭৫৭,৪	১০৪৬২,৪	১১৩৮৯,৫	৩৮০,৭	১১৪৯৯০,০	৪৭৫২,০	২০৬৪,০	২০১১,০	৮৮২৭,০	২০৬৯৩,৫	০,০	০,০	১০৫,০	৬০৩১,০	৬৫৫,৫	৯৮৭৭,৭	৩২৫,০	১৬৮৮৯,২	৩৮২৯,৩	৬১০৯,৮	১৭১৪৪৩,৮
	জুন ২০১৭***	৯২৯৯৭,৫	১০৮৮২,৫	১১৪০৯,৫	৩৮১,০	১১৫৬৭০,৫	৪৭৯১,০	২০৭৩,০	২০১২,০	৮৮৭৬,০	২১৬৮৫,০	০,০	০,০	১১৬,০	৬০৩৫,০	৬৬৫,০	৯৯৫৫,০	৩২৭,০	১৬৯৮২,০	৩৮৮৯,৫	৬২১০,০	১৭৩৪২৯,০
রাকাব	২০১৫	২২৬০১,০	৪৯১২,০	৫৯০,০	০,০	২৮১০৩,০	০,০	২৭০৫,০	৮৯৮,০	৩৬০৩,০	৩৭৮২,০	০,০	০,০	০,০	৩৬৫১,০	০,০	০,০	০,০	৩৬৫১,০	১২০২,০	৭২৪৯,১	৪৭৫৯০,১
	২০১৬	২৩৩৭৯,০	৫০৩২,৪	৫৯৪,৫	০,০	২৯০০৫,৯	০,০	২৭২১,১	৮৯৯,৩	৩৬২০,৪	৪৫২১,৩	০,০	০,০	০,০	৩৫২৫,২	০,০	০,০	০,০	৩৫২৫,২	১১৬৭,৪	৭৫০৯,৯	৪৯৩৫০,১
	মার্চ ২০১৭**	২৩২১৩,৭	৫০২৩,৮	৬৩৮,২	০,০	২৮৮৭৫,৭	০,০	২৭১১,৩	৮০২,৮	৩৫১৪,১	৪১৪৮,১	০,০	০,০	০,০	৩৭০৮,১	০,০	০,০	০,০	৩৭০৮,১	১১১৫,৭	৮৩৬৩,৮	৪৯৭২৫,৫
	জুন ২০১৭***	২৪৫৫০,০	৫০৮০,০	৬৫০,০	০,০	৩০২৮০,০	০,০	২৭৩০,০	৮৭০,০	৩৬০০,০	৪৫০০,০	০,০	০,০	০,০	৩৯৫০,০	০,০	০,০	০,০	৩৯৫০,০	১২৫০,০	৭৩৬০,০	৫০৯৪০,০

* = তথ্য/উপাত্তসমূহ পুঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক ।

*** = প্রক্ষেপিত ।

সারণি-৩

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	বিতরণ/ আদায়	কৃষি ঋণ	শিল্প ঋণ				মোট
				মেয়াদী ঋণ	চলতি মূলধন	মোট	অন্যান্য	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
বিকেবি	২০১৫	বিতরণ	৩৫০২৬.০	২৫৩৮.০	৫৫৩৭.০	৮০৭৫.০	১৪১১৬.০	৫৭২১৭.০
		আদায়	৩১৮১৩.০	২৩৫০.০	৫২৬০.০	৭৬১০.০	১৭৩১৬.০	৫৬৭৩৯.০
	২০১৬	বিতরণ	৫০৫৪৮.০	২৪৮.২	১৩১৪.৬	১৫৬২.৮	৫৯১৮.৪	৫৮০৩০.১
		আদায়	৫৫৬৯৬.০	৫৬৫৬.১	২৫৯৮.৫	৮২৫.৫	৯৯৯.১	৭৩৯৪১.২
	মার্চ ২০১৭**	বিতরণ	১৩৩৮৯.০	৭৭.৮	৩৯৩.৬	৪৭১.৪	৩৫৮৫.৫	১৭৪৪৬.০
		আদায়	১৪৪২২.০	৬০৯.৯	১৫১৮.৯	২১২৮.৮	২৬৩৯.৯	১৯১৯১.০
	জুন ২০১৭**	বিতরণ	২৪৫০০.০	১৫০.০	১০০০.০	১১৫০.০	৪৩৫০.০	৩০০০০.০
		আদায়	৩০০০০.০	১২৫০.০	৩২৫০.০	৪৫০০.০	৫৫০০.০	৪০০০০.০
রাকাব	২০১৫	বিতরণ	৭২৯২.০	২২৮.০	২৪৫৮.০	২৬৮৬.০	৪২৫৪.০	১৪২৩২.০
		আদায়	৯২১৭.০	২২৩.০	২৮৪০.০	৩০৬৩.০	৪৬৭৩.০	১৬৯৫৩.০
	২০১৬	বিতরণ	৯২৬৯.৪	৭৮.২	২২৯২.০	২৩৭০.২	৫৪২১.৮	১৭০৬১.৪
		আদায়	১০১০৫.৭	৪৭৯.৬	২৭৪৮.৫	৩২২৮.১	৬৪৯৭.০	১৯৮৩০.৮
	মার্চ ২০১৭**	বিতরণ	২৪৪৩.২	৯২.০	৩১২.০	৪০৪.০	১৬৫৮.৯	৪৫০৬.১
		আদায়	২১৮৯.৩	৮৩.২	৩৮৩.৬	৪৬৬.৮	১৮০৮.০	৪৪৬৪.১
	জুন ২০১৭**	বিতরণ	৪৫০০.০	১৫০.০	৯০০.০	১০৫০.০	২৫৬০.০	৮১১০.০
		আদায়	৫০০০.০	২৫০.০	১১০০.০	১৩৫০.০	৩০৭৫.০	৯৪২৫.০

* = তথ্য/উপাত্তসমূহ পুঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক ।

*** = প্রক্ষেপিত ।



বেসরকারি বাণিজ্যিক ব্যাংক

বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর কার্যক্রমের
সংক্ষিপ্তসার

বাংলাদেশে তফসিলি ব্যাংকসমূহের মধ্যে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের সংখ্যা ৪০টি। তফসিলি ব্যাংকগুলোর মধ্যে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ সম্পদ ও আমানতের দিক দিয়ে এগিয়ে রয়েছে। জনগণের আমানত গ্রহণ এবং ব্যবসা-বাণিজ্য ও শিল্পখাতে ঋণ প্রদানসহ সাম্প্রতিক সময়ে কৃষি, মৎস্য ও বনায়ন এবং বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহের মত গুরুত্বপূর্ণ সেবা খাতসমূহেও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ অর্থায়ন করছে। ডিসেম্বর ২০১৬ শেষে ব্যাংকিং খাতের মধ্যে মোট সম্পদের শতকরা ৬৬.৪৫ ভাগ, মোট আমানতের শতকরা ৬৩.৭৫ ভাগ এবং মোট কর্মরত জনবলের শতকরা ৫৮.৭২ ভাগ বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর আওতাধীন। একইভাবে বিভিন্ন খাতে বৈদেশিক বাণিজ্য পরিচালনার শতকরা ৭১.২ ভাগ এবং মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের শতকরা ৭৪.২০ ভাগ বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মাধ্যমে সম্পন্ন হয়েছে।

মূলধন এবং রিজার্ভ ফান্ড

ডিসেম্বর ২০১৬ শেষে ৪০টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫৩৮.০০ বিলিয়ন, ২৮১.৯০ বিলিয়ন ও ৩৩৮.৬০ বিলিয়ন টাকা। ডিসেম্বর ২০১৬ শেষে এ ব্যাংকগুলোর মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের প্রবৃদ্ধি ছিল যথাক্রমে শতকরা ৬.২ ভাগ, ৬.০ ভাগ ও ২৫.৭ ভাগ। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মূলধন গতিধারা চার্ট-১ এ দেখানো হলো।

চার্ট-১: বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মূলধনের গতিধারা

আমানত, ঋণ ও অগ্রিম

২০১৬ সালে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট আমানত পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৪.৩৯ ভাগ বৃদ্ধি পেয়ে ৬০০৯.৯০ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরে এ প্রবৃদ্ধির হার ছিল শতকরা ১২.৮৬ ভাগ। এ ব্যাংকগুলোর আমানত বৃদ্ধিতে অবদান রাখে মূলত তলবি আমানত, যার প্রবৃদ্ধির হার ছিল শতকরা ২০.০৮ ভাগ। অন্যদিকে মেয়াদি আমানতের প্রবৃদ্ধির হার ছিল শতকরা ১৩.৩২ ভাগ।

২০১৬ সালের শেষে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ঋণ ও অগ্রিমের স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৭.৮৯ ভাগ বৃদ্ধি পেয়ে ৫২৭৯.২৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়। এ ব্যাংকগুলোর ঋণ আমানত অনুপাত ২০১৫ সাল শেষের শতকরা ৮৫.২৩ ভাগ হতে বৃদ্ধি পেয়ে ২০১৬ সাল শেষে শতকরা ৮৭.৮৪ ভাগে দাঁড়ায়। ২০১৬ সাল শেষে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট শ্রেণীকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ২৪৭.৭৮ বিলিয়ন টাকা যা ২০১৫ শেষে ছিল ২১৫.৬৬ বিলিয়ন টাকা। এছাড়া, ২০১৬ শেষে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১.২৮ ভাগ হ্রাস পেয়ে ৯৪০.০১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের আমানত, ঋণ ও অগ্রিম পরিস্থিতি এবং ঋণ-আমানত অনুপাত এর গতিধারা চার্ট-২ এ দেখানো হলো।

চার্ট-২: বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের আমানত, ঋণ ও অগ্রিমের গতিধারা

বৈদেশিক বাণিজ্য

ব্যাংকিং খাতের মধ্যে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলো বৈদেশিক বাণিজ্য পরিচালনার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। ২০১৬ সাল শেষে এ ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্য পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৮.০৪ ভাগ বৃদ্ধি পেয়ে ৬৫৭৭.১৬ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। তন্মধ্যে রপ্তানি ও আমদানি পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে শতকরা ১৪.২৮ ভাগ ও শতকরা ৭.৩৪ ভাগ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২৫১২.০০ বিলিয়ন টাকা ও ৩১৪৩.৫০ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অন্যদিকে রেমিট্যান্সের

পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৩.৮১ ভাগ হ্রাস পেয়ে ৯২১.৬৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের খাতভিত্তিক বৈদেশিক বাণিজ্যের গতিধারা চার্ট -৩ এ দেখানো হলো।



মোট আয়, ব্যয় ও জনবল পরিস্থিতি

বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট আয় ২০১৬ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৬.৮৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৬০৮.৫০ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০১৫ সালে শতকরা ৪.৬৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৫৬৯.৩২ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট ব্যয় ২০১৬ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৫.৪৩ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৩৫.৮৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০১৫ সালে শতকরা ৪.৩৭ ভাগ বৃদ্ধি পেয়ে ৪১৩.৪১ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। ২০১৬ সালে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৭৩.১১ বিলিয়ন টাকা, যা ২০১৫ সালে ছিল ৬১.৬০ বিলিয়ন টাকা।

বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে কর্মরত মোট জনবল ২০১৬ সাল শেষে দাঁড়ায় ১০২৩৯৭ জনে, ২০১৫ সাল শেষে যা ছিল ৯৮৪৬৫ জন। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের আয় , ব্যয় ও জনবল -এর গতিধারা চার্ট-৪ এ দেখানো হলো।



অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, সাম্প্রতিক বছরগুলোতে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলো ঋণ প্রদানের ক্ষেত্রে কৃষি , মৎস্য ও বনায়ন খাতকে গুরুত্ব দিচ্ছে। ফলে এ খাতে ঋণস্থিতি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০১৬ সালে কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ঋণস্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ২২.৮৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৯৮.১৭ বিলিয়ন টাকায় দাঁড়ায় যা ২০১৫ সালে শতকরা ৪১.৭৯ ভাগ বৃদ্ধি পেয়ে ৭৯.৮৯ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। তবে মোট ঋণ স্থিতির প্রবৃদ্ধিতে এ খাতের অবদান তুলনামূলকভাবে কম (শতকরা ১.৮৬ ভাগ)। ২০১৬ সালে ব্যবসা -বাণিজ্য খাতে ঋণস্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৩.১৭ ভাগ বৃদ্ধি পেয়ে ১৬৯১.৭৫ বিলিয়ন টাকায় দাঁড়ায় যা ২০১৫ সালে শতকরা ২২.৯৬ ভাগ বৃদ্ধি পেয়ে ১৪৯৪.৮৮ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। চলতি মূলধনে অর্থায়ন , শিল্প ও নির্মাণ খাতে ঋণ স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ২০.৩০, ১৯.৬২ ও ১৫.৬৬ ভাগ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১১৯৪.২২, ১০৩৫.১৬ এবং ৩৭৩.৬৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। এছাড়াও , অন্যান্য খাতে ঋণ স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৩১.৬৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৭০৬.৫৩ বিলিয়ন টাকায় দাঁড়ায়। উল্লেখ্য যে, ২০১৬ সাল শেষে দারিদ্র্য বিমোচন খাতে ঋণ স্থিতির পরিমাণ ২০১৫ সাল শেষের ৪.৩৪ বিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৪.৪৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের খাতভিত্তিক ঋণ স্থিতি চার্ট-৫ এ দেখানো হলো।



বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর অর্থায়নের ক্ষেত্রে ব্যবসা -বাণিজ্য এবং চলতি মূলধনে অর্থায়ন খাতের প্রাধান্য রয়েছে। ২০১৬ সালে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট ঋণ ও অগ্রিমের খাতভিত্তিক ঋণ অবদানের ক্ষেত্রে ব্যবসা -বাণিজ্য (শতকরা ৩২.০ ভাগ), শিল্প (শতকরা ১৯.০ ভাগ) এবং চলতি মূলধনে অর্থায়ন (শতকরা ২৩.০



ভাগ) অগ্রণী ভূমিকা পালন করে। এরপর ক্রমান্বয়ে রয়েছে নির্মাণ (শতকরা ৭.০ভাগ), পরিবহন ও যোগাযোগ (শতকরা ২.০ ভাগ), কৃষি, মৎস্য ও বনায়ন (শতকরা ২.০ ভাগ), বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ (শতকরা ২.০ ভাগ) এবং অন্যান্য খাতের অবদান ছিল শতকরা ১৩.০ ভাগ। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর কৃষি, মৎস্য ও বনায়ন, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ, পরিবহন ও যোগাযোগ ও দারিদ্র্য বিমোচন ইত্যাদি জনগুরুত্বপূর্ণ খাতসমূহে অধিক হারে অর্থায়নে এগিয়ে আসার প্রয়োজন রয়েছে। ২০১৬ সালে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট ঋণ ও অগ্রিমের খাতভিত্তিক অবদান (শতকরা হিসেবে) চার্ট-৬ এ দেখানো হলো।
ডিসেম্বর, ২০১৫ শেষে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট শাখার সংখ্যা ছিল ৪২৬৫টি, যা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৬ শেষে ৪৫৪৬-টিতে দাঁড়িয়েছে।

বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরের অগ্রগতি

বাংলাদেশে ৪০টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংক বিগত পাঁচ বছরে (২০১২-২০১৬) ব্যাংকিং কার্যক্রম পরিচালনার মাধ্যমে মূলধন পর্যাপ্ততা, ঋণ ও অগ্রিম প্রদান, বিনিয়োগ ও ব্যবসা-বাণিজ্যের প্রসার প্রভৃতি ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করেছে। বিগত পাঁচ বছরে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর অর্জিত অগ্রগতি ছিল নিম্নরূপ:

- অনুমোদিত ও পরিশোধিত মূলধন, রিজার্ভ ফান্ড এবং বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি;
- কোর ব্যাংকিং সিস্টেম (CBS) চালু, অন-লাইন CIB, e-Tendering, EFT, BACH, BEFTN প্রভৃতি সুবিধা ব্যবহারের মাধ্যমে ব্যাংকিং সেবা বৃদ্ধি ও পেপারলেস ব্যাংকিংয়ে একধাপ অগ্রগতি;
- ব্যাংকের মূলধন ভিত্তি মজবুত করার লক্ষ্যে কতিপয় ব্যাংকের Non-Convertible Subordinate Zero Coupon Bond ইস্যু অব্যাহত রাখা;
- Internet Banking, Off-shore Banking, Retail Banking, এজেন্ট ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং সেবা চালু ও প্রসারের মাধ্যমে ব্যাংকিং সেবার সুবিধা ও মান বৃদ্ধি;
- সর্বাধুনিক ব্যাংকিং সফ্টওয়্যার Real Time On-line (ওরাকল ফ্লেক্সকিউব ১১.২) চালু করা হয়েছে।
- মোবাইল ব্যাংকিং 'OK' চালু হয়েছে।
- কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা অনুযায়ী গ্রিন ব্যাংকিং ইউনিট স্থাপনের মাধ্যমে গ্রিন ব্যাংকিং নীতিমালা প্রণয়নের দ্বারা কর্মকর্তা কর্মচারীদের গ্রিন ব্যাংকিং সচেতনতা বৃদ্ধির জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।
- গ্রাহকদের সহজ সেবা প্রদানের উদ্দেশ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বৈদেশিক মুদ্রা বিনিময় বুথ স্থাপন করেছে।
- ২০১৫ সালে রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট ব্যবস্থা চালু করা হয়েছে।
- Corporate Social Responsibility (CSR) কার্যক্রমের আওতায় আর্থ-সামাজিক কল্যাণ, শিক্ষার প্রসার ও মানবতার কল্যাণে প্রদত্ত আর্থিক অনুদান;
- বাংলাদেশে ফিন্যান্সিয়াল মার্কেটে কমার্শিয়াল পেপারের প্রচলন;
- Virtual Card-এর মাধ্যমে বিদেশে উচ্চশিক্ষার বিভিন্ন ফি যেমন, application, registration ও admission fee এবং TOEFL, SAT ইত্যাদি পরীক্ষার ফি প্রদানে সুবিধা দান;
- কোর রিস্ক ব্যবস্থাপনার জন্য পৃথক ইউনিট গঠন;
- প্রবাসী বাংলাদেশীদের রেমিট্যান্স পাঠানোর প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে ব্যাংকগুলোর বিদেশে এক্সচেঞ্জ হাউস/ শাখা অফিস প্রতিষ্ঠা এবং অন্যান্য কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হওয়া ;
- জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে সৃষ্ট পরিবেশ বিপর্যয় মোকাবিলায় ও কলকারখানায় কার্বণ নিঃসরণ সম্ভাব্য ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী 'গ্রিন ব্যাংকিং' কার্যক্রমের আওতায় পরিবেশবান্ধব প্রকল্প যেমন রিনিউয়েবল এনার্জি ও সৌর বিদ্যুৎ খাতে অর্থায়ন;
- গ্রাহকদের জন্য উন্নততর ও দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণে অনলাইন ব্যাংকিং কার্যক্রমের আওতায় শাখা অফিসগুলোকে অনলাইন নেটওয়ার্কের আওতাভুক্তকরণ;
- আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনার জন্য বিশ্বের বিভিন্ন দেশে Correspondent Relationship বৃদ্ধির ব্যাপারে ব্যাংকসমূহের কার্যক্রম জোরদারকরণ;
- ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার লক্ষ্যে স্কুল ব্যাংকিং ও শিক্ষা প্রতিষ্ঠানে ইলেকট্রনিক স্টুডেন্ট বুথ সুবিধা প্রদান;
- দেশি-বিদেশি ক্রেডিট রেটিং কোম্পানির হিসাব অনুযায়ী দীর্ঘ এবং স্বল্পমেয়াদি রেটিংয়ে ধারাবাহিক উন্নতি।

- বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংগৃহীত goAML সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে ব্যাংকের শাখাসমূহ হতে নগদ লেনদেন রিপোর্ট (CTR) এবং সন্দেহজনক লেনদেন রিপোর্ট STR অন-লাইনে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা;
- ইন্টারনেট পেমেন্ট গেটওয়ে প্রবর্তনের মাধ্যমে কেনাকাটা, বিল পরিশোধ, Air Ticketing, Bus Ticketing, Railway Ticketing ও Mobile Top-up সেবা প্রদান;
- উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে পূর্ণাঙ্গ কল-সেন্টার (গ্রাহক সেবা কেন্দ্র) স্থাপন;
- কেন্দ্রীয়ভাবে সকল ডাটা Process এবং সংরক্ষণের জন্য তথ্য কেন্দ্র এবং ডিজাস্টার রিকভারি সেন্টার স্থাপন;
- নতুন শাখা খোলার মাধ্যমে ব্যাংকিং নেটওয়ার্ক বিস্তৃতকরণ, চৌকস ও সুদক্ষ মানব সম্পদ নিয়োগ অব্যাহত রাখা ও বিদ্যমান মানব সম্পদের জন্য পর্যাপ্ত ট্রেনিং, ওয়ার্কশপ এর আয়োজনের, পাশাপাশি তথ্য ও প্রযুক্তিগত উন্নয়ন সাধন।
- ঋণ শ্রেণিকরণের হার সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনা, নতুন করে যাতে কোন ঋণ শ্রেণিকৃত না হয়ে পড়ে সে ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণ, ঋণ যাতে নির্দিষ্ট অঞ্চল বা সেক্টরে কেন্দ্রীভূত হয়ে না পড়ে সে ব্যাপারে সতর্ক দৃষ্টিদান ও মনিটরিং কার্যক্রম শক্তিশালীকরণের মাধ্যমে সম্পদের গুণগত মান বজায় রাখার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।
- ই-টেন্ডার, প্রযুক্তির নতুন কাঠামো সংযোজন, কর্মকর্তা-কর্মচারী প্রণোদনা এবং কেপিআই চালুকরণ।
- বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন মোতাবেক রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশন স্থাপনের মাধ্যমে ঋণ ঝুঁকি, সম্পদ-দায় ব্যবস্থাপনা ঝুঁকি, বৈদেশিক মুদ্রা লেনদেন ঝুঁকি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি, মানি লন্ডারিং ঝুঁকি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ঝুঁকি অর্থাৎ এ ৬টি ঝুঁকি নিয়ন্ত্রণ ও মূল্যায়ণের জন্য নিজস্ব নীতি প্রণয়ন করে এবং তৎভিত্তিতে নির্ধারিত ঝুঁকির বিপরীতে মূলধনের পরিমাণ নিরূপন করা।
- বৃহৎ জনগোষ্ঠীকে উন্নত ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে আর টি জি এস সফট্ওয়্যারের সফল বাস্তবায়ন, কোর ব্যাংকিং সফট্ওয়্যার এর মাধ্যমে ইউটিলিটি বিল পেমেন্টের ক্ষেত্রে ডিপিডিসি ও ডেসকো অন্তর্ভুক্ত করা ।

পূবালী ব্যাংক লিমিটেড
www.pubalibangla.com

১৯৫৯ সালে চট্টগ্রামে প্রতিষ্ঠিত 'দি ইস্টার্ন মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড' কে ১৯৭২ সালে রাষ্ট্রীয়করণ করে নাম দেয়া হয় পূবালী ব্যাংক। ১৯৮৪ সালে এটি বেসরকারি ব্যাংক হিসাবে আত্মপ্রকাশ করে। মার্চ ২০১৭ পর্যন্ত ব্যাংকটির মোট শাখা ৪৫৪টি, ২টি ইসলামি ব্যাংকিং উইং এবং ২টি অফশোর ব্যাংকিং ইউনিট এর মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৩০টিতে দাঁড়িয়েছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৬ শতাংশ ও ২.৯ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রি মের গড় সুদহার ব্যবধান ছিল ৫.০ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৯.৫৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৩১৫০.৩৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম:

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ৬৯৯৭৭.০৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ১৯.৯২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৯.৭১ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৩৯৪২.৪৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদানর ৬৭.৫০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ছিল ১০৬১১.৪৫ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১৫.১৬ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে এসএমই এর অবদান ৩২.৫০ শতাংশ। এসএমই খাতে ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২০.১২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৮২১৫.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অংশ ছিল ৪.০১ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪.৭০ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২৮০৪.৯০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৫ এবং ২০১৬ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল যথাক্রমে ৫২২.৬ মিলিয়ন এবং ১৬১৯ মিলিয়ন টাকা।

গ্রিন ব্যাংকিং : ২০১৫ এবং ২০১৬ সালে গ্রিন ফিন্যান্স খাতে ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ৮২৬৯.৬৪ মিলিয়ন এবং ১২৯২৭.৯৩ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স : ২০১৫ ও ২০১৬ সালে পূবালী ব্যাংকের মাধ্যমে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ৪৩৮০৭ এবং ৩৭৭৫৬ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসে বে ব্যাং কটি মোট ৬৮টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে ওয়েস্টার্ন ইউনিয়ন, মানিগ্রাম, আল-রাজি ব্যাংকিং কর্পোরেশন, ব্যাংক আল বিলাড ইত্যাদি উল্লেখযোগ্য।

অটোমেশন: ব্যাংকটির ৪৫৪ টি শাখার মধ্যে সবগুলোই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ ২০১৭ পর্যন্ত সবগুলো শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে। ব্যাংকের গ্রাহক নন এমন ব্যক্তিদের আর্থিক লেনদেনের সহায়তা প্রদানের জন্য ইন্টারনেট গেটওয়ে ব্যবহার করে পূবালী ক্যাশ চালু করা হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৩৩৯ জন নারী উদ্যোক্তাকে ২৬১.৮০ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে, যা ২০১৫ সালে ১৮০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ২৪৬.১ মিলিয়ন টাকার তুলনায় ৬.৩৮ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার মধ্যে রয়েছে- ব্যাংকিং এর সাথে অসম্পৃক্ত জনগণের জন্য মোবাইল ব্যাংকিং সুবিধা চালুকরণ, এজেন্ট ব্যাংকিং এ র মাধ্যমে দরিদ্র জনগণের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া এবং সমাজের অনগ্রসর জনগণের প্রয়োজন অনুসারে নিত্য নতুন পণ্য ও সেবা চালু করা। সর্বোপরি সর্বোত্তম গ্রাহক সেবা প্রদান ও সন্তুষ্টি অর্জনই ব্যাংকের মূল লক্ষ্য।

উত্তরা ব্যাংক লিমিটেড

www.uttarabank-bd.com

উত্তরা ব্যাংক লিমিটেড ২৮ জানুয়ারি ১৯৬৫ তারিখে ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন নামে বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৭২ সালে জাতীয়করণের পর এটি উত্তরা ব্যাংক নাম ধারণ করে। সরকারের বিরাষ্ট্রীয়করণ নীতির আওতায় পুঁজি প্রত্যাহারপূর্বক এ ব্যাংক উত্তরা ব্যাংক লিমিটেড নামে সেপ্টেম্বর ১৯৮৩ সাল থেকে বেসরকারি খাতে ব্যাবসা পরিচালনার অনুমোদন লাভ করে। ব্যাংকটির মার্চ, ২০১৭ পর্যন্ত মোট ২২৯ টি শাখার মধ্যে Authorizad Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ৩৯ টিতে দাঁড়িয়েছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং অগ্রিম স্থিতির শেয়ার ছিল দেশের ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৪ শতাংশ ও ১.২ শতাংশ। ২০১৬ সালে আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.৫৬ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৬.৫৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪১৫৯৮.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৪২৬৩৮.৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ছিল ২৫.৮৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪৮.৭৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১১০৪০.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৯.৬৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোশাক শিল্পে (নিট ও ও ভেনসহ) বিতরণকৃত ঋণ ১৮৯৫.৯ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.২৭ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণে র মধ্যে SME এর অবদান ছিল ৫৯ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১১.৪৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৯১৫৩.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ৩.৫৪ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.৩৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৫১১.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে ক্ষুদ্র ঋণের শেয়ার ছিল ৫৪.২৫ শতাংশ। ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.২৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২৩১৩৫.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালে ছিল ৫৭৯.৮ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে ৮২.১ শতাংশ হ্রাস পেয়ে ০৩.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: ২০১৬ সালে বাংকের রেমিট্যান্স এর পরিমাণ ২০১৫ সালের ৫৩৩১৬.০ মিলিয়ন টাকার তুলনায় ২০.৮২ শতাংশ হ্রাস পেয়ে দাঁড়ায় ৪২২১৩.০ মিলিয়ন টাকায়।

সিএসআর: ২০১৬ সালে উত্তরা ব্যাংক এ খাতে ২৮.৪ মিলিয়ন টাকা ব্যয় করেছে।

অটোমেশন: ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৭ পর্যন্ত ব্যাংকটির ২২৯ টি শাখার মধ্যে সবগুলি শাখা Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৫৩৩৪ জন নারী উদ্যোক্তাকে ২৬৩৮২.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে , যা ২০১৫ সালের ৩৯০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৭৫০.০ মিলিয়ন টাকার তুলনায় ১৬০ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ব্যাংকটির বুথ সেবা সম্প্রসারণ ও মোবাইল ব্যাংকিং চালুর মাধ্যমে ব্যাংকিং সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার পরিকল্পনা রয়েছে।

এবি ব্যাংক লিমিটেড
www.abbl.com

এবি ব্যাংক লিমিটেড ১৯৮২ সালের ১২ই এপ্রিল তারিখে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। ২০১৬ সালের শেষে ব্যাংকটির শাখা ১০৪টিতে দাঁড়িয়েছে। ব্যাংকটির এডি শাখার সংখ্যা ৩০টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং অগ্রিম স্থিতির শেয়ার ছিল দেশের ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৬ শতাংশ ও ৩.১ শতাংশ। ২০১৬ সালে আমানত স্থিতি এবং ঋণ অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.১ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৭৩.৭৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৪৫৭৪.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ১৩৩৬৭৩.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অবদান ছিল ৪৯.০৮ শতাংশ। বিতরণকৃত শিল্প ঋণের পরিমাণ ২০১৬ সালে ৬৫৬০৫.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৯৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পো শাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২৬১৪৯.৭ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১২ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট ঋণ ও অগ্রিমের মধ্যে SME এর অবদান ছিল ২২.৩৬ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME ঋণ ২.৫৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৭৯৭১.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্ট: ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিমের খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১.৪৬ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১১.১৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩০৫১.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ (Micro-credit): ২০১৬ সালে ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৭.১১ শতাংশ হ্রাস পেয়ে ১৯১৪৩.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৮৬৩৭.৩ মিলিয়ন টাকা। ২০১৫ সালে উক্ত খাতে মোট বিতরণকৃত ঋণের পরিমান ছিল ১৩৬১৭.০ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স: ২০১৫ সালে মোট অন্তর্মুখী রেমিট্যান্স প্রবাহ ছিল ২১৯৭২.২ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে ৯.১৩ শতাংশ হ্রাস পেয়ে ১৯৯৬৭.১ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

সিএসআর: ২০১৬ সালে এবি ব্যাংক এ খাতে ১১০.৩ মিলিয়ন টাকা ব্যয় করেছে এবং স্বাস্থ্য ও দারিদ্র্য হ্রাসকরণসহ বেশ কিছু খাতে বাজেট বৃদ্ধি করেছে।

অটোমেশন: ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৭ পর্যন্ত ব্যাংকটির ১০৪ টি শাখার মধ্যে সবগুলি শাখা Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ১৪০ জন নারী উদ্যোক্তাকে ৫৩১.২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা ২০১৫ সালে নারী উদ্যোক্তার বিপরীতে বিতরণকৃত ৫৭১.৭.০ মিলিয়ন টাকার তুলনায় ৭.০৯ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ব্যাংকের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার মধ্যে রয়েছে- নারীসমাজ ও পিছিয়ে পড়া জনগোষ্ঠির জন্য বিশেষ ঋণ সুবিধা প্রদান, শ্রম নির্ভর ও আমদানী বিকল্প উৎপাদনমূখী শিল্পে অধিক অর্থায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের উন্নয়নে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণ, প্রান্তিক কৃষক পর্যায়ে সহজশর্তে সরাসরি ঋণ বিতরণ কার্যক্রম জোরদারকরণ, গ্রিন-ব্যাংকিং নীতিমালার আলোকে পরিবেশ বান্ধব ব্যাংকিং কার্যক্রম পরিচালন।

ন্যাশনাল ব্যাংক লিমিটেড
www.nblbd.com

১৯৮৩ সালে ন্যাশনাল ব্যাংক লিমিটেড প্রথম প্রজন্মের বেসরকারি খাতের বাণিজ্যিক ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে ন্যাশনাল ব্যাংক দেশব্যাপী ১৯১টি শাখার মাধ্যমে তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ব্যাংকটির এডি শাখার সংখ্যা ৪২টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৬ শতাংশ ও ২.৯ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৫ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ২.১৯ শতাংশ হ্রাস পেয়ে ২৬২৮১.০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্পঋণের অংশ ৫৭.৮৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৯.৭১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৩৬৬১.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮০.৪৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২৫৩৮৭.০০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭২.০৮ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৪৬.৬৫ শতাংশ । ২০১৫ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১৬.৭৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৫১৮৭.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রি মের মধ্যে কৃষি ঋণের শেয়ার ৩.৯৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৮.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৯৭৭.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৫ সালের তুলনায় ক্ষুদ্র ঋণ বিতরণ ৩.৫৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৪২৬২.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৫ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ৬৯৮.৯ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে ২২৩.৮১ শতাংশ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২২৬৩.১ মিলিয়ন টাকায়।

রেমিট্যান্স: ২০১৫ সালের তুলনায় রেমিট্যান্স ১৯.৩২ শতাংশ হ্রাস পেয়ে ৪৫৪৩৭.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর: ২০১৬ সালে সিএসআর খাতে ব্যয় ২৫.৮৬ শতাংশ হ্রাস পেয়ে ১০৩.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন: ব্যাংকের সকল শাখায় অটোমেশন পদ্ধতি চালু আছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৩৬৫ জন নারী উদ্যোক্তাকে ৮১৫.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৩৩১ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৮৬০.০ মিলিয়ন টাকার তুলনায় ৫.১৬ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ইতোমধ্যে ব্যাংকের সকল শাখাকে Temenos T২৪ এর আওতায় আনা হয়েছে। এছাড়াও গ্রাহক সেবার পরিধি বৃদ্ধিকল্পে নতুন নতুন সেবা ও শাখা সম্প্রসারণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সচেষ্ট রয়েছে যাতে সকল পর্যায়ের গ্রাহককে ব্যাংকিং সেবার আওতাভুক্ত করা যায়। অতিব স্বল্পসময়ের মধ্যে সকল গ্রাহককে ডেবিট কার্ড সেবার আওতায় আনা হবে

দি সিটি ব্যাংক লি:
www.the city bank.com

সিটি ব্যাংক ১৯৮৩ সালের ২৩ মার্চ তারিখে আনুষ্ঠানিক যাত্রা শুরু করে। সিটি ব্যাংকের বর্তমানে ১২০টি অনলাইন শাখার মধ্যে একটি শাখা পরিপূর্ণ ইসলামী ব্যাংকিং রীতি অনুসরণ করে পরিচালিত হয় এবং ১টি এসএমই সার্ভিস সেন্টার ও ১১টি এগ্রি শাখা রয়েছে। ব্যাংকটির এডি শাখার সংখ্যা ২৩টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৯ শতাংশ ও ২.৫ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৪ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৫.৫০ শতাংশ হ্রাস পেয়ে ৫৮৯৭.৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৬০.০৮ শতাংশ। ২০১৫ সালে শিল্প ঋণ বিতরণের পরিমাণ ৮৩৫৭২.২ মিলিয়ন টাকা থেকে ২৭.৩১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১০৬৩৯৬.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে ব্যাংকের মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৯৪.২৪ শতাংশ। ব্যাংকের বৃহৎ শিল্প ঋণের পরিমাণ ২০১৫ সালের ২৩৫০৭.০৬ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩০২০৪.৮৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

SME ঋণ: ২০১৬ সালে এসএমই ঋণ বিতরণের পরিমাণ ছিল ৫১৪৫.৫৭ মিলিয়ন টাকা। ব্যাংকের এসএমই ঋণের পরিমাণ ২০১৫ সালে ৩৮৪৭.৬৩ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৮৪৯.৪২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ২.৯৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৯২.৯৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫২৭৭.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে গ্রিন ব্যাংকিং এর অধীনে ঋণ বিতরণের পরিমাণ ছিল ৪৫৬২.৭৫ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স: ২০১৫ সালের তুলনায় রেমিট্যান্স ১১.৪৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৭৬১৫.১২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর: সিটি ব্যাংক এ খাতে ৪৩.০০ মিলিয়ন টাকা বিভিন্ন সেবামূলক কর্মকান্ডে সহায়তা হিসেবে প্রদান করে। ২০১৫ সালে এর পরিমাণ ছিল ৩৩.২০ মিলিয়ন টাকা।

অটোমেশন: ব্যাংকের সকল শাখায় অটোমেশন পদ্ধতি চালু আছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে নারী উদ্যোক্তাকে ৩৪১.৯২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, ২০১৫ সালে নারী উদ্যেক্তার বিপরীতে এ ঋণের পরিমাণ ছিল ৫৮৪.৪৯ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : আগত বছরের ঝুঁকি, মানি লন্ডারিং, নতুন সেবাদান প্রক্রিয়া উন্নতি করণ, ব্যয় যৌক্তিকী করণ ইত্যাদি বিষয়ে নতুন গবেষণার পরিকল্পনা রয়েছে। ব্যাংকিং সেবায় নতুন মাত্রা যোগ করার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত থাকবে। তাছাড়া ব্যাংকটির গ্রাহক পর্যায়ে সেবার মান উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে। এছাড়া বিভিন্ন খাতে ব্যয় যৌক্তিকরণ রীতি অবলম্বন করা, কু-ঋণ কমানোর সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা আরো জোরদার করা হবে।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

www.islamibankbd.com

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ১৯৮৩ সালের ৩০ মার্চ তারিখে কার্যক্রম শুরু করে। ব্যাংক প্রতিষ্ঠার সময় দেশী উদ্যোক্তাগণ মূলধনের ২১.৬৭ শতাংশ এবং বিদেশী উদ্যোক্তাগণ ৭৮.৩৩ শতাংশ যোগান দেন । ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ৩১৮টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৫৮টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৭.২ শতাংশ ও ৮.৭ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৫ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকের অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৪২.২৭ শতাংশ হ্রাস পেয়ে ৪৪৫৬২.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৬৭৫০৭০.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৪৫.৮৬ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১১.৩০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩০৯৬১৮.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৭০.২৭ শতাংশ। বৃহৎ শিল্পঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৬.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৪৭২২.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই ঋণের শেয়ার ছিল ৩৬.২৫ শতাংশ। এসএমই ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সাল এর তুলনায় ৬.৪৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৪৪৭১৩.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১.৭২ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সাল এর তুলনায় ৪.৫৯ শতাংশ কমে ২০১৬ সালে ১২১২৩.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ (Micro Credit): ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৭.৬৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৪৪৭৬.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং : গ্রিন ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৫.৪২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৮৭০৮৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: ব্যাংকটির মাধ্যমে ২০১৬ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল ২৭৯৯৮০.০ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ১৩২টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে আল-রাজি ব্যাংকিং কর্পোরেশন, ইউএই এক্সচেঞ্জ সেন্টার, ব্যাংক আল বিলাত, আরব ন্যাশনাল ব্যাংক, আইএমই মালয়েশিয়া ইত্যাদি উল্লেখযোগ্য।

সিএসআর: ২০১৫ সালে এ খাতে ১৪৭২৯৫৯ জন উপকারভোগীর অনুকূলে ৮০০.০ মিলিয়ন টাকা করা হয় এবং ২০১৬ সালে ১১৮৭০৯৪ জন উপকারভোগীর অনুকূলে ৬৭১.০ মিলিয়ন টাকা ব্যয় হয়েছে।

মোবাইল ব্যাংকিং: ২০১৫ ও ২০১৬ সালে মোবাইল ব্যাংকিং এ গ্রাহক সংখ্যা ছিল যথাক্রমে ২১২৫৭৬৫ ও ৪২৮৩৩৭ জন এবং লেনদেনের পরিমাণ ছিল যথাক্রমে ১৫৫৭.০ মিলিয়ন ও ৪২২.৩৯ মিলিয়ন টাকা।

অটোমেশন: ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ ২০১৬ পর্যন্ত ব্যাংকটির ৩১৮টি শাখার মধ্যে সবগুলি শাখাই কোর ব্যাংকিং সিস্টেম এর আওতায় আনা হয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ব্যাংকের কর্ম পরিকল্পনার মধ্যে রয়েছে শরীয়াহ পরিপালনের ক্ষেত্রে আদর্শ স্থাপন, জন-সম্পদকে জন-পুঁজিতে রূপান্তরের চেষ্টা, আর্থিক অর্ন্তভুক্তিমূলক কার্যক্রম বৃদ্ধি, ক্ষুদ্র, মাঝারি ও কৃষি খাতে গুরুত্ব বাড়ানো, শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টি, প্রবাসী গ্রাহক সেবার মান উন্নয়ন ও রেমিট্যান্স বৃদ্ধি, প্রযুক্তি নির্ভর নতুন প্রোডাক্ট ও সেবা উদ্ভাবন এবং শক্তিশালী পুঁজি ভিত্তি রক্ষা ও ঝুকি হ্রাস।

ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স (আই এফ আই সি) ব্যাংক লিমিটেড
www.ificbankbd.com

আইএফআইসি ব্যাংক লিঃ ১৯৮৩ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ১৩৫টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ২৩টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৭ শতাংশ ও ১.৯ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.৯৬ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৩১.৩১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৩০৭৫.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৭৩৯১৪.৪ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৪১.৩৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১২.৯৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৩০৫৪৮.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৭৫.৪৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৩৭৭৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২২.৯৬ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME এর অবদান ছিল ২২.০৭ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৩.৮৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২১০৫২.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ৩.০১ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫.১৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৮৭২.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৫ সালে গ্রিন ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ৬৪৫.০ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে এর পরিমাণ দাঁড়ায় ৭৭৭.৬ মিলিয়ন টাকায় যা পূর্ববর্তী বছরের তুলনায় ২১ শতাংশ বেশি। আইএফআইসি ব্যাংক গ্রিন ব্যাংকিং কার্যক্রমে অর্থায়ন বিস্তৃত করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপের ফলে এ খাতে ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

রেমিট্যান্স: ব্যাংকটির মাধ্যমে ২০১৫ এবং ২০১৬ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ২২৫৩৭.০ মিলিয়ন এবং ২১৩৩৫.০ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি বিদেশসহ মোট ৮টি এক্সচেঞ্জ কোম্পানির মাধ্যমে প্রেরিত অর্থ প্রাপকের হাতে নগদ এবং ব্যাংক হিসাবে বিতরণ করছে।

সিএসআর: ২০১৫ সালে আইএফআইসি ব্যাংকের সিএসআর কার্যক্রমে অবদান ছিল ৩৮ মিলিয়ন টাকা, যা ২০১৬ সালে ৬৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৬২.০ মিলিয়ন টাকায় উন্নীত হয়।

মোবাইল ব্যাংকিং: ২০১৪ সালে আইএফআইসি ব্যাংক মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করে এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ২০১৬ সালে ৬৪৭.৮ মিলিয়ন টাকা লেনদেন হয়। ২০১৬ সালের শেষে মোবাইল ব্যাংকিং এর মোট গ্রাহক সংখ্যা ২২৫০০২ তে দাঁড়িয়েছে।

অটোমেশন: ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভূক্ত। মার্চ ২০১৭ পর্যন্ত ব্যাংকটির ১৩৫টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ২৩২ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৬১৬.২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৭৮ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৩৫.৭ মিলিয়ন টাকার তুলনায় ১৬.২৬ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: একটি উত্তম কর্পোরেট সুশাসন চর্চার উন্নয়ন ও অনুসরণ, একটি নিচ্ছিদ্র ঝুঁকি ব্যবস্থাপনা নীতি বাস্তবায়ন, আধুনিক মানবসম্পদ নীতিমালা বাস্তবায়ন এবং ব্যাংকের সম্পদের গুণগত মান কঠোরভাবে বজায় রেখে গ্রাহক সেবার মান বৃদ্ধি করাই ব্যাংকের ভবিষ্যৎ পরিকল্পনা।

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
www.ucb.com.bd

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ ১৯৮৩ সালের ২৯ জুন ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ১৬৮টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ২৮টি ।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৭ শতাংশ ও ৩.১ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৮৫ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৬২.৩৬ শতাংশ বেড়ে ২৩৮৫৮.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২০৮৬২৮.৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ১৮.৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৯.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৮৫৫৪.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্ট: ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৬৯.৮ শতাংশ। শিল্প ঋণের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৭০১৭.৬ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ৮.২ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME এর অবদান ছিল ১৭.০ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME খাতে বিতরণ ৪.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৫৫৩০.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ছিল ১.৪ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সাল এর তুলনায় ৪.৬৯ শতাংশ কমে ২০১৬ সালে ২৮৪২.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ (Micro-credit): ২০১৫ সালে অত্র ব্যাংকের কৃষি খাত ও দারিদ্র্য বিমোচন খাতে বিতরণকৃত মাইক্রো ক্রেডিট এর পরিমাণ ১৮৯৩.৫ মিলিয়ন টাকা ছিল, যার পরিমাণ ২০১৬ সালে সামান্য বেড়ে ১৮৯৭.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্সঃ ২০১৫ সালে মোট অ র্থমুখী রেমিট্যান্স এর পরিমাণ ছিল ১১০৯৮.৫ মিলিয়ন টাকা, যা ২০১৬ সালে ১১৮০৭.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে ।

সিএসআরঃ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা খাতে ২০১৬ সালে ব্যয় করেছে ১০৪.৪ মিলিয়ন টাকা যা ২০১৫ সালের ৭৯.২ মিলিয়ন টাকার তুলনায় ৩২.১ শতাংশ বেশি।

অটোমেশন: ১৬৮ টি শাখা সহ প্রধান কার্যালয় ও অন্যান্য শাখা অফিস ২০ সেপ্টেম্বর ২০১৫ সালে অটোমেশন এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ২৩০ জন নারী উদ্যোক্তারে অনুকূলে ৬৫২.৮০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, ২০১৫ সালে ১৭৫ জন নারী উদ্যোক্তার অনুকূলে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ৫৫০.০ মিলিয়ন টাকা।

গ্রিন ব্যাংকিং: পরিবেশ বান্ধব অর্থায়ন (গ্রিন ব্যাংকিং) খাতে ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের ৫৫৬২.০ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬০৮০.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে ।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: উৎপাদনশীল এবং ক্রমবর্ধিষ্ণু SME খাতে সুপরিকল্পিতভাবে ঋণ প্রবাহ আরো বৃদ্ধি করে কর্মসংস্থান সৃষ্টি করা, রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পখাতে অগ্রাধিকারভিত্তিক অর্থায়নের পরিধি সম্প্রসারিত করে বিনিয়োগ স্থিতিশীলতা তৈরি করা বৈদেশিক রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে দেশে প্রবাসী মেলা আয়োজনসহ বিশেষ বিশেষ পদক্ষেপ গ্রহণ করাই ব্যাংকের ভবিষ্যৎ পরিকল্পনা ।

আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ

www.icbislamic-bd.com

আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড (সাবেক আল-বারাকা ব্যাংক ও পরবর্তীতে দি ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেড) ১৯৮৭ সালের এপ্রিল মাসে কোম্পানি আইন ১৯১৩ এর অধীনে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ৩৩টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ১৪টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.১ শতাংশ ও ০.১ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৬.৫৫ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৩.৮৩ শতাংশ বেড়ে ৮৮৯.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৮০৬.৪ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৪.২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৫.৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৭৫.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে বৃহৎ শিল্পে কোন ঋণ বিতরণ করা হয়নি।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর অবদান ছিল ৭৫.৯ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১৯.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৩৭০.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: ব্যাংকটির মাধ্যমে ২০১৫ এবং ২০১৬ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ যথাক্রমে ১৭৯.০ মিলিয়ন এবং ১৮২.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।



সিএসআর: ২০১৫ ও ২০১৬ সালে এ খাতে কোন অর্থ বিতরণ করা হয়নি।

অটোমেশন: ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। ব্যাংকটির ৩৩টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: উন্নত প্রযুক্তি ও আধুনিক ব্যাংকিং চিন্তাধারার সমন্বয়ের মাধ্যমে ব্যাংকটিকে একটি লাভজনক আধুনিক ইসলামিক ব্যাংকে পরিণত করা, ইন্টারনেট ব্যাংকিং চালু করা এবং ভিসা ক্রেডিট কার্ড চালু করার ভবিষ্যৎ পরিকল্পনা গৃহীত হয়েছে।

ইষ্টার্ন ব্যাংক লিমিটেড
www.ebl.com.bd

ইষ্টার্ন ব্যাংক লিমিটেড বাংলাদেশের দ্বিতীয় প্রজন্মের বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে অন্যতম। ১৯৯২ সালে Bank of Credit and Commerce International (BCCI) কে "BCCI Reconstruction Scheme" এর আওতায় অধিগ্রহণের মাধ্যমে ইষ্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর আত্মপ্রকাশ ঘটে। ২০১৬ সাল পর্যন্ত ইবিএল এর মোট শাখার সংখ্যা ৮২টি যার মধ্যে Authorized Dealer (AD) শাখা ১৯টি এবং সান্ধ্যকালীন শাখা ৫টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৫ শতাংশ ও ২.১ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.১ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৪৮.৭৩ শতাংশ হ্রাস পেয়ে ২৫৭২.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে শিল্পঋণের অংশ ৬০.৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৯.১২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১৪৪৩৭.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭১.৪ শতাংশ । বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) ঋণস্থিতি ২৭০০৭.৩ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১৭.৮ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট ঋণের মধ্যে SME -এর অবদান ১৪.৯৯ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME খাতে ঋণস্থিতি ১৬.৮৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২২৭৯৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ২.৬ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১১৮.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৮৮৭.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ (Micro-credit): ২০১৬ সালে মোট ঋণের মধ্যে ক্ষুদ্র ঋণের অবদান ৩.৪ শতাংশ। ২০১৫ সালের তুলনায় ক্ষুদ্র ঋণ খাতে বিতরণ ২২.২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৫২৪৬.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে গ্রিন ব্যাংকিং কার্যক্রম এর আওতায় বিতরণকৃত ঋণের অবদান ১০.৮ শতাংশ । ২০১৫ সালের তুলনায় পরিবেশ বান্ধব খাতে ঋণ বিতরণ ৪ .১৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২০২৬৮.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ইবিএলে রেমিটেন্সের অন্তঃমূখী প্রবাহ ৬৫.৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

সিএসআর: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালের সিএসআর কার্যক্রমে ব্যয় ২১.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩১.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন: বর্তমানে ইবিএল এর সকল শাখাই অনলাইন নেওয়ার্কের আওতাভুক্ত ।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৩৯৭ জন নারী উদ্যোক্তারে অনুকূলে ১২৯৯.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৬৫১ জন নারী উদ্যোক্তার অনুকূলে ১১০৯.১ মিলিয়ন টাকার তুলনায় ১৭.২ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: বিভিন্ন খাতে ব্যয় যৌক্তিককরণ, কু -ঋণ কমানো, লোন পোর্টফলিওর গুণগতমান বজায় রাখা, লোকবল এবং প্রযুক্তিতে বিনিয়োগ, Low cost ডিপোজিট sourcing এবং Technology Driven Liability Solution, SME ভোক্তাদের জন্যে Cash Management Solution Team গঠন, এজেন্ট ব্যাংকিং প্রণয়ন ইত্যাদি ভবিষ্যৎ পরিকল্পনা গঠন করা হয়েছে।

ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক
www.nccbank.com.bd

ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড ১৯৯৩ সালের ১৭ মে থেকে বেসরকারি বাণিজ্যিক ব্যাংক হিসাবে কার্যক্রম শুরু করে। ব্যাংকের ক্রমবর্ধমান অগ্রযাত্রায় ২০১৬ সালের শেষে শাখার সংখ্যা ১০৬ টি এবং অনুমোদিত ডিলার শাখা (AD) ২২ টিতে দাঁড়িয়েছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৪ শতাংশ ও ১.৮ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৩.৯৭ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৯.৫ শতাংশ হ্রাস পেয়ে ৬২৪১.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৫২.১৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৯.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৫৩১৫.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৪১.৯২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণের পরি মাণ ছিল ১২৪৯১.৩০ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১০.১১ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে SME খাতে ব্যাংকের ঋণের পরিমাণ ছিল মোট বিতরণকৃত ঋণের ২০.৮৭ শতাংশ। ২০১৬ সালে এ খাতে মোট বিতরণকৃত ঋণ ছিল ২৫৭৮৮.০ মিলিয়ন টাকা। ২০১৫ সালে এর পরিমাণ ছিল ১৭৪৬৩.০ মিলিয়ন টাকা।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রি মের মধ্যে কৃষি ঋণের পরিমাণ ছিল ১.৫৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৯.১৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৯৩৪.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ব্যাংকের ক্ষুদ্র ঋণ খাতে মোট স্থিতির পরিমাণ ২০১৫ সালের ৬৯.৩৭ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে ২০১৬ সালে ২৯.০২ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে গ্রিন ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৮৩৫৫.৯ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ১৯.৯৮ শতাংশ বেশি।

রেমিট্যান্স: ২০১৬ সালে ব্যাংকের মোট রেমিট্যান্সের পরিমাণ ছিল ১৭৩১৬.০ মিলিয়ন টাকা, যা ২০১৫ সালের ১৫৩৭১.০ মিলিয়ন টাকার তুলনায় ১২.৬৫ শতাংশ বেশি।

সিএসআর: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে সিএসআর কার্যক্রমে ব্যয় ৩৩.৫৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৫.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন: ২০১৭ সালের মার্চ পর্যন্ত ATM Booth এর সংখ্যা ৭৫ টিতে দাঁড়িয়েছে। ব্যাংকটি সর্বাধুনিক প্রযুক্তির সমন্বয়ে আর্ন্তজাতিকভাবে ব্যবহার উপযোগী Visa brand এর Dual Currency Credit Card প্রচলন করেছে।

নারী উদ্যোক্তা: নারীর ক্ষমতায়নের কর্মসূচির আওতায় ব্যাংক নারী উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে 'নারী সাবলম্বী' নামে একটি পণ্য চালু করেছে। এ পণ্যের অধীনে ২০১৬ সালে ৪০ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৩৮.৬৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে; ২০১৫ সালে ৪৭ জন নারী উদ্যোক্তার বিপরীতে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ২৬.২৫ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : নতুন কো র ব্যাংকিং সফ্টওয়্যার স্থাপন এবং ই-সার্ভিসের আওতা বৃদ্ধির মাধ্যমে ব্যাংকটিকে আধুনিকায়নের পরিকল্পনা রয়েছে। এনসিসি ব্যাংক লিঃ ২০১৭ সালে ৬টি নতুন শাখা খোলার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে অনুমোদন লাভ করেছে।

প্রাইম ব্যাংক লিমিটেড
www.primebank.com.bd

প্রাইম ব্যাংক ১৯৯৫ সালের ১৭ এপ্রিল কোম্পানী আই ন, ১৯৯৪ এর আওতায় বাংলাদেশ ব্যাংকের অধীনে নিবন্ধিত হয়।বর্তমানে প্রাইম ব্যাংকের ১৪৫ টি শাখার মধ্যে এডি ব্রাঞ্চের সংখ্যা ২৮টি ।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.১ শতাংশ ও ২.৪ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৩.৬ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৪.২ শতাংশ হ্রাস পেয়ে ২৫২৯৩.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাত ভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৬২৭৮৬.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪৪.১৭ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৫.৯৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭১৮৯৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ৯১.১৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) ঋণ ২২৫৮৮.৭০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋনের ১৩.২৭ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১০.৬৯ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২.০৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৮১৯০.৫৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.৪৪ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৮.৭৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৪১৩.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ক্ষুদ্র ঋণ কমেছে ২২৪.২০ মিলিয়ন টাকা।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে প্রাইম ব্যাংক লিমিটেডেএ খতে ১৭টি প্রকল্পে ঋণ বিতরণ করেছে ৩৬৩১.৫১ মিলিয়ন টাকা, যা ২০১৫ সালে ২৩ টি প্রকল্পে ছিল ৬৪৬৭.৭৪ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স: ২০১৫ সালে ব্যাংকের মোট রেমিট্যান্সের পরিমাণ ছিল ৩৯১৪৬.০ মিলিয়ন টাকা; ২০১৬ সালে যার পরিমাণ দাঁড়ায় ৩২১১৯.০ মিলিয়ন টাকায়।

সিএসআর: ২০১৫ সালে সিএসআর কার্যক্রমে প্রাইম ব্যাংকের অবদান ছিল ১৫৭.০ মিলিয়ন টাকা, যা ২০১৬ সালের ১৮১.০ মিলিয়ন টাকার তুলনায় কম।

অটোমেশন: ২০১৬ সালে প্রাইম ব্যাংক একটি নতুন নগদ আদায় মডিউলের উন্নয়ন কাজ শুরু করেছে।

নারীউদ্যোক্তা: ২০১৬ সালে ৩১৮ জন নারী উদ্যোক্তারে অনুকূলে ৩২৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৪৬ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৫০.৯০ মিলিয়ন টাকা ছিল।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ প্রাইম ব্যাংক ইন্টারনেট ও এসএমএস ব্যাংকিং এর মাধ্যমে বিদেশের সাথে দেশের ব্যাংকিং যোগাযোগ উন্নয়নে আগামী তিন বছরের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। তাছাড়া, শ্রেণিকৃত ঋণ হ্রাস করার লক্ষ্যে মানসম্পন্ন ঋণ প্রদানের পদক্ষেপও গ্রহণ করেছে।

সাউথইস্ট ব্যাংক লিমিটেড
www.southeastbank.com.bd

সাউথইস্ট ব্যাংক লিমিটেড ১২ মার্চ ১৯৯৫ তারিখে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং একই বছরের ২৫ মে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকটির এডি শাখার সংখ্যা ২১টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৪ শতাংশ ও ২.৭ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.০ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৩.৭ শতাংশ হ্রাস পেয়ে ৬৭১০.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাত ভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকে র বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৪৭৪৯৪.৪ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ২৫.৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৪.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬২৬২৬.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭৬.৯ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৪৩৯৬৬.৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৭.৭ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME এর অবদান ১৬.২ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১৩.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪০২০৬.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.৩ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৭৬.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩২৪১.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণের পরিমা ণ দাঁড়িয়েছে ৯.৮ মিলিয়ন টাকা । গ্রিন ব্যাংকিং কার্যক্রম জোরদারকরণ এবং গ্রিন ফাইন্যান্স এ অধিক গুরুত্ব প্রদানের কারণে ২০১৭ সালে ব্যাংক গ্রিন ফাইন্যান্সে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হবে।

রেমিট্যান্স: রেমিট্যান্স সংগ্রহ ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ৬.৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ব্যাংকটি ওয়েষ্টার্ন ইউনিয়ন, মানিগ্রাম, এক্সপ্রেস মানি ইত্যাদিসহ ২৬ টি রেমিট্যান্স এজেন্টের সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সংগ্রহে ভূমিকা রাখছে।

সিএসআর: ২০১৬ সালে ব্যাংক সিএসআর খাতে মোট ১৩৫.৯ মিলিয়ন টাকা ব্যয় করে।

অটোমেশন: ২০১৪ সালে কোর ব্যাংকিং সফটওয়্যারের নতুন ভার্সন ২.০ বাস্তবায়ন করা হয়েছিল, যা ২০১৬ সালেও বলবৎ আছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৫২৬ জন নারী উদ্যোক্তারে অনুকূলে ১৬১০.৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালের তুলনায় ১৩৬.৯ শতাংশ বেশি ।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের নতুন কিছু সম্ভাবনাময় খাত, যেমন-ঔষধ, তথ্য প্রযুক্তি, জাহাজ নির্মাণ, সিমেন্ট, সিরামিক, হিমায়িত খাদ্য, পাদুকাসহ অধিক পরিমাণ পরিবেশ বান্ধব শিল্পে বিনিয়োগ সম্প্রসারণের পরিকল্পনা গৃহীত হয়েছে। এছাড়াও দেশের সকল জেলার পল্লী অঞ্চলে শাখা সম্প্রসারণের মাধ্যমে অধিক সংখ্যক গ্রাহকের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি (SME) এবং কৃষি ঋণ বিতরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

ঢাকা ব্যাংক লিমিটেড

www.dhakabankltd.com

১৯৯৫ সালে একটি নতুন প্রজন্মের বেসরকারি বাণিজ্যিক ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে ঢাকা ব্যাংক। বর্তমানে ব্যাংকটির দেশব্যাপী ২টি ইসলামী ব্যাংকিং শাখাসহ ৯৪টি শাখা চালু আছে যার মধ্যে ব্যাংকটির এডি শাখার সংখ্যা ১৫টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৭ শতাংশ ও ১.৯ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৭ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৮৯৪১.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিম স্থিতির খাত ভিত্তিক অবদান চার্টে দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাং কের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ৬৮.৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪০.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৯৬৬৬৪.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ৬৩.৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩৩২০৯.০১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২৪.৭ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ১৫.৩ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ২১.৫ শতাংশ বৃদ্ধি পে য়ে ২০১৬ সালে ২১৫০৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাং কের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমে র মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১২.১ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২১২৭.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সালে এ খাতে ৬৩৩০.০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়, যা ২০১৫ সালের ২৯৩০.৫ মিলিয়ন টাকার তুলনায় ১১৬.০ শতাংশ বেশি।

গ্রিন ব্যাংকিং: ২০১৫ ও ২০১৬ সালে এ খাতে ব্যাংক যথাক্রমে ১৫৬.৭৪ ও ৬৯০৫.২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে।

রেমিট্যান্স: ব্যাংকটি ২০১৫ সালে ২২৪৮৬.৪ মিলিয়ন টাকা রেমিট্যান্স গ্রহণ করে যা ২০১৬ সালে হ্রাস পেয়ে ১৩৯৬৩.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর: ২০১৬ সালেও সিএসআর খাতে ব্যাংকে র কার্যক্রম অব্যাহত ছিল এবং বিভিন্ন খাতে সর্বমোট ৮০.৩ মিলিয়ন টাকা ব্যয় করা হয়।

অটোমেশন: ইন্টারনেট ব্যাংকিং গ্রাহকসংখ্যা ২০১৬ সাল শেষে ১৩১০৮টিতে উন্নীত হয়েছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ৭৮ জন নারী উদ্যোক্তারে অনুকূলে ১৫৪ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে, যা ২০১৫ সালে ৬৩ জন নারী উদ্যোক্তার অনুকূলে ১৪০.৪ মিলিয়ন টাকার তুলনায় ৯.৭ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ভবিষ্যতে কৃষি ঋণের মাত্রা এবং ব্যাপ্তি উত্তরোত্তর বৃদ্ধি, ক্ষুদ্র ও কুটিরশিল্পে পরিকল্পিত ঋণ প্রদান বৃদ্ধি, সমাজের পশ্চাদপদ জনগোষ্ঠীকে অন্তর্ভুক্তিমূলক আর্থিক কার্যক্রমের মাধ্যমে ব্যাংকিং চ্যানেলে সম্পৃক্ত করা এবং পরিবেশবান্ধব খাতে অর্থায়ন জোরদার করার পরিকল্পনা গৃহীত হয়েছে।

আল-আরাফাহ্ ইসলামি ব্যাংক লিমিটেড
www.al-arafahbank.com

আল আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড ১৮ জুন ১৯৯৫ সালে ইসলামি শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক হিসেবে প্রতিষ্ঠা লাভ করে ২৭ সেপ্টেম্বর'১৯৯৫ থেকে ব্যাংকিং কার্যক্রম শু রু করে। অন-লাইন ব্যাংকিং সুবিধাসহ বর্তমানে ব্যাংকের মোট শাখার সংখ্যা ১৪০টি। ব্যাংকটির এডি শাখার সংখ্যা ২৪টি।

২০১৬ সালের ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৩ শতাংশ ও ২.৮ শতাংশ । ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ১.৯০ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৯.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৬৭০৭.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ৪৯.৪২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৬.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৮৪৬১.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৫২.৮৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১২০৪১.০ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ৬.১৩ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME ঋণ-এর অবদান ৪৬.৪৪ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ২.৩৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৯১২৭০.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ০.০১ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ০.৩২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১২২৮.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সালে ৬২৬৯২ জন উদ্যোক্তাকে ৮৮৭.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৪৮০৬৫ জন উদ্যোক্তার বিপরীতে ৯২০.০ মিলিয়ন টাকার তুলনায় ১.০৪ শতাংশ বেশি।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে উচ্চ ঝুঁকি হিসেবে চিহ্নিত খাতে বিনিয়োগের পরিমাণ ৪৭.৫৪ শতাংশ হ্রাস পেয়ে ৬৭৪.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা ২০১৫ সালে ছিল ১২৮৫.০ মিলিয়ন টাকা ।

রেমিট্যান্স: ২০১৬ সালে ১১৭৪০.০ মিলিয়ন টাকা রেমিট্যান্স সংগৃহীত হয়েছে যা ২০১৫ সালের ৯৪৯৮.০ মিলিয়ন টাকার তুলনায় ২৩.৬০ শতাংশ বেশি।

সিএসআর: ২০১৬ সালে ১০৫.০ মিলিয়ন টাকার সিএসআর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে, যা ২০১৫ সালে ছিল ২০৫.০ মিলিয়ন টাকা।

অটোমেশন: অন-লাইন ব্যাংকিং সুবিধাসহ বর্তমানে ব্যাংকের মোট শাখা রয়েছে ১৪০টি।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে নতুন ২৫৭ জন নারী উদ্যোক্তাসহ মোট ১৮৭৫ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৩১৮৫.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ১৬১৮ জন নারী উদ্যোক্তার বিপরীতে ২৩৭৭.০ মিলিয়ন টাকার তুলনায় ৩৩.৯৯ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ২০১৭ সালে সিসকো সিসি ফোন, ভিডিও কনফারেন্স, এন্টারপ্রাইজ ডাটা ওয়্যারহাউস, সেন্ট্রাল এমআইএস, ব্যবসায় বুদ্ধিমত্তা (বিআই) প্রভৃতি বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড

www.siblbd.com

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড ইসলামী ব্যাংক হিসেবে ১৯৯৫ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকটি সারা দেশে ১২৫টি শাখার মাধ্যমে গ্রাম ও শহরের ধনী-গরীব নির্বিশেষে সকল গ্রাহকের জন্য আকর্ষণীয় আমানত ও বিনিয়োগ সুবিধা প্রদান করে আসছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.০ শতাংশ ও ২.৪ শতাংশ। ব্যাংকের আমানত ২০১৫ সালের তুলনায় ২৭.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৯০৫৬৪.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৯.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৭৪১৯৬.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.০ শতাংশ।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ৫১.২ শতাংশ। শিল্প ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৬.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৮৯১৭১.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭২.৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পো শাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৬৫৭৫.৫ মিলিয়ন টাকা, ফুটওয়্যার ও অন্যান্য ওয়্যারিং এ্যাপারেলস খাতে বিতরণকৃত ঋণ ৮৩৪৩.৮ মিলিয়ন টাকা এবং পেপার ও পেপার প্রোডাক্টস খাতে বিতরণকৃত ঋণ ৫৩৪৮.৪ মিলিয়ন টাকা ছিল।



এসএমই: ২০১৬ সালে এসএমই খাতে ৬৫০০০.০ মিলিয়ন টাকা বিনিয়োগ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ৯০৫২৫.৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয় যা মোট লক্ষ্যমাত্রার ১৩৯ .৩ শতাংশ। ২০১৬ সালে এসএমই খাতে বিনিয়োগ স্থিতি ছিল ৩৭৪৩১.৭ মিলিয়ন টাকা।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.০ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৭.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৩২৯.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সাল শেষে ব্যাংকটির ক্ষুদ্র বিনিয়োগের পরিমাণ ১০৮.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন-ব্যাংকিং: ২০১৫ সালের তুলনায় গ্রিন ব্যাংকিং খাতের বিতরণ ৮৯.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৯৮৮৫.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: ২০১৫ সালে মোট রেমি ট্যান্সের পরিমাণ ছিল ১০১৬৪.৬ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ছিল ১৩৪৩০.০০ মিলিয়ন টাকা।

সিএসআর কার্যক্রম: ২০১৫ সালে ৫৭.৭ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ১০৯.৩ মিলিয়ন টাকা সিএসআর কার্যক্রমে ব্যয়িত হয়।

অটোমেশন: বর্তমানে এসআইবিএল দেশব্যাপি ১২৫টি শাখায় অনলাইন ব্যাংকিং সেবা প্রদান করছে এবং ৭০টি নিজস্ব এটিএম বুথ ও কিউ-ক্যাশের আওতাধীন ব্যাংকসমূহের ১৮৪০টি এটিএম বুথের মাধ্যমে সার্বক্ষণিক ব্যাংকিং সেবার পরিধি প্রসারিত করেছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ১১৮৭ জন নারী উদ্যোক্তার অনুকূলে (সিএমএসএমই) ৮৫০.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : বর্তমান প্রতিযো গিতামূলক ব্যাংকিং ব্যবস্থায় সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড সুদক্ষ ও অভিজ্ঞ জনবল দ্বারা অর্জিত আস্থা ভবিষ্যতেও অটুট রাখার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড

www.dutchbanglabank.com

ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড (ডিবিবিএল), দি নেদারল্যান্ডস্ ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি (এফএমও) এবং বাংলাদেশী উদ্যোক্তাগণের যৌথ উদ্যোগে ৩ জুন ১৯৯৬ হতে বাংলাদেশে ব্যাংকিং ব্যবসা শুরু করে। ২০১৬ সালের শেষে ডিবিবিএল তার ১৬৫টি শাখা, ৪,৩৩১টি এটিএম, ৭০৮টি ফাস্ট ট্র্যাকের মাধ্যমে দেশব্যাপী সেবা প্রদান অব্যাহত রেখেছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.২ শতাংশ ও ২.৪ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১১.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২০৭,২৩৪.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৭৩,৩৯৮.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ৮৩.৭ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৬.৪।



উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ৬৪.৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৫.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৯৯৮৪৫.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অংশ ৫৫.৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৯৩৭৫.০ মিলিয়ন টাকা, টেক্সটাইল খাতে বিতরণকৃত ঋণ ৩৪১১৫.০ মিলিয়ন টাকা, এবং আয়রন স্টিল এ্যালুমিনিয়াম খাতে বিতরণকৃত ঋণ ৪৬৯৮.০ মিলিয়ন টাকা।

এসএমই খাত: ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৩.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৪২৫৬.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.৯ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৯৫৩.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সালে ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ছিল ১০৮৮.০ মিলিয়ন টাকা, যা ২০১৫ সালে ছিল ১০৩৯.৫ মিলিয়ন টাকা।

গ্রিন-ব্যাংকিং: ২০১৬ সালে ব্যাংক সর্বমোট ১৩.৬ মিলিয়ন টাকা Direct Green Finance -খাতে ঋণ বিতরণ করেছে এবং ৩২৭৯৪১.০ মিলিয়ন টাকা Indirect Green Finance -খাতে ঋণ বিতরণ করেছে।

রেমিট্যান্স: ডাচ্-বাংলা ব্যাংকের মাধ্যমে ২০১৬ সালে মোট ৪৬১৭১.৭ মিলিয়ন টাকা ফরেন রেমিট্যান্স এসেছে, যা ২০১৫ সালের তুলনায় শতকরা ১১.০ ভাগ বেশি।

সিএসআর কার্যক্রম: ব্যাংকটি সিএসআর-এ শিক্ষা, সমাজসেবা, প্রাকৃতিক দুর্যোগ ও শিল্প সংস্কৃতিতে ব্যয় করে। ২০১৫ সালে সিএসআর-এ ব্যয় ছিল ৯০১.৭ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ৮৩৮.৩ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং কার্যক্রম: ২০১৫ সালে মোবাইল ব্যাংকিং এ মোট লেনদেন হয়েছিল ২৫৭৫৮০.০ মিলিয়ন টাকা, যা ২০১৬ সালে এসে দাঁড়ায় ৫১৪৩১০.০ মিলিয়ন টাকায়।

অটোমেশন: ব্যাংকটির সকল শাখা কোর ব্যাংকিং এর আওতাধীন। ডাচ্-বাংলা ব্যাংক বিশাল বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশের মধ্যে সবচেয়ে বৃহত্তম এটিএম ও ফাষ্ট ট্র্যাক নেটওয়ার্ক স্থাপন এবং সর্বপ্রথম মোবাইল ব্যাংকিং সেবা চালু করেছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৩৩ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৪৩.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৩২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৩৭.৬ মিলিয়ন টাকার তুলনায় ১৫.৭ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: সারাদেশে ৪৭৩টি উপজেলাতে এজেন্ট নিয়োগের মাধ্যমে ডাচ্-বাংলা ব্যাংকের এজেন্ট ব্যাংকিং কার্যক্রম দেশব্যাপী ছড়িয়ে পড়েছে। শীঘ্রই সারাদেশে ৪৮৬টি উপজেলাতে ব্যাংকিং কার্যক্রম আরও ছড়িয়ে দেয়ার পরিকল্পনা করা হয়েছে।

মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড

www.mblbd.com

১৯৯৯ সালের ২রা জুন বাংলাদেশের সব শ্রেণি পেশার জনসাধারণকে আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য তৃতীয় প্রজন্মের বাণিজ্যিক ব্যাংক হিসাবে মার্কেন্টাইল ব্যাংক যাত্রা শুরু করে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৭ শতাংশ ও ২.১ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় হ্রা স পেয়ে ১০৯৩৮.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৭২৭৬৮.৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৬২.৭ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৫৬৪৬.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬১.০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৬৪৭১.৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৮.৯ শতাংশ।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান



এসএমই ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ১৮.২ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ২২.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২৫২৪.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ৪.৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৯০.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৫২৪.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ক্ষুদ্র ঋণ প্রদানের ক্ষেত্রে ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৯৯.০ শতাংশ হ্রাস পেয়ে ১২৫২৪.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং খাতঃ ২০১৬ সালে এ খাতে ব্যাংকের বিতরণকৃত ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৫২.৫ মিলিয়ন টাকা হ্রাস পেয়ে ২৬৫.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: নেটওয়ার্ক সম্প্রসারণ ও উন্নত সেবা প্রদানে বিশেষ মনোযোগী হওয়ার ফলে ২০১৬ সালে ব্যাংকের আহরণকৃত রেমিট্যান্সের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৬.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৪০৪৮.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে সিএসআর খাতে প্রদানকৃত অর্থের পরিমাণ ২৮ শতাংশ হ্রাস পেয়ে ৬৬.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

মোবাইল ব্যাংকিং খাত: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর সংক্রিয় গ্রাহক সংখ্যা ৪৩,১০০০ হতে হ্রাস পেয়ে ৬৮২৬ এ দঁড়িয়েছে এবং ২০১৬ সালে লেনদেন হয়েছে ২৬৫.৫ মিলিয়ন টাকা।

অটোমেশন: ২০১৬ সালের ব্যাংকের ১১৯ টি শাখার মধ্যে ১১৯ টি শাখা অটোমেশন কার্যক্রমের আওতাভুক্ত হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৩১০ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৪৬৫.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৫৪৪ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৩৮০.৫ মিলিয়ন টাকার তুলনায় ২২.০ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : গবেষণা ও পরিকল্পনা বিভাগ ব্যাংকের ব্যবসা সর্ম্পকিত নতুন নতুন পরিকল্পনা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করার মাধ্যমে উন্নত গ্রাহক সেবা প্রদানে সচেষ্ট হচ্ছে।

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

www.standardbankbd.com

স্টান্ডার্ড ব্যাংক লিমিটেড ১৯৯৯ সালের ১১ মে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং ৩ জুন বাণিজ্যিকভাবে যাত্রা শুরু করে। ব্যাংকটি দেশব্যাপী ১১৪ শাখা (এডি ১৯টি), বিদেশে অবস্থিত ৩টি এক্সচেঞ্জ কোম্পানি এবং ১টি মার্চেন্ট ব্যাংকিং ও ১টি সিকিউরিটি হাউজের মাধ্যমে আর্থিক সেবা প্রদান করছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৩ শতাংশ ও ১.৫ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৫ এবং ১.৫ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.২ শতাংশ।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের স্থিতির ভিত্তিতে খাতভিত্তিক অবদান



উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৬৬৯৪৪.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪৩.৬ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২১.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৯২০৩.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৪৬.৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৩৫৪৫.০ মিলিয়ন টাকা, কেমিক্যাল খাতে ২৪১২.০ মিলিয়ন টাকা, এবং সিমেন্ট শিল্প খাতে ২১৩১.০ মিলিয়ন টাকা ছিল।

এসএমই ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর অবদান ৯.৯ শতাংশ। ২০১৫ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৩৩.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৯৮৭১.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ৫.১ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৪.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৪২৩.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং খাত : ২০১৫ সালে ব্যাংকের গ্রিন ব্যাংকিং খাতে অর্থায়নের পরিমাণ ছিল সর্বমোট ৪১৯৩.১ মিলিয়ন টাকা। ২০১৬ সালে এ খাতে নতুন ৬৬৯.০ মিলিয়ন টাকা অর্থায়ন করা হয়েছে।

অটোমেশন: ব্যাংকটির সকল শাখা অনলাইন কোর ব্যাংকিং সিস্টেমের আওতাভুক্ত রয়েছে। এছাড়াও ইন্টারনেট ব্যাংকিং, এটিএম ও পজ (POS) ব্যাংকিং, এসএমএস ব্যাংকিং, মোবাইল অ্যাপস্ ব্যাংকিং এর মাধ্যমে ব্যাংকটির গ্রাহক সেবা প্রদান করছে।

রেমিট্যান্স: ২০১৫ সালে প্রাপ্ত রেমিট্যান্স -এর পরিমাণ ছিল ১১৪৯৭.১ মিলিয়ন ডলার। ২০১৬ সালে প্রাপ্ত রেমিট্যান্স -এর পরিমাণ ৮৬৭৬.৬ মিলিয়ন ডলার।

অফ-শোর ব্যাংকিং খাত : ২০১৫ সালে অফ-শোর ব্যাংকিং এর মাধ্যমে মোট ৪৯৫.৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয় এবং ২০১৬ সালে মোট ১৭৫১.৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয় ।

এজেন্ট ব্যাংকিং খাত : ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে ১৬৪১টি গ্রাহক হিসাবের বিপরীতে আমানতের পরিমাণ ছিল ২৯.৯ মিলিয়ন টাকা।

সিএসআর: ২০১৫ সালে সিএসআর খাতে ব্যয়ের পরিমাণ ৫১.৮ মিলিয়ন টাকা। ২০১৬ সালে সিএসআর খাতে ব্যয়ের পরিমাণ দাঁড়ায় ৮০.০ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং খাত: ২০১৫ সালে মোট ০.৩ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে মোট ০.৩ মিলিয়ন টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে লেনদেন হয়।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ২২ জন নারী উদ্যোক্তার অনুকূলে মোট ৭৬.৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয় যেখানে ২০১৫ সালে ২৬ জন নারী উদ্যোক্তার অনুকূলে ২৮১.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছিল।

ভবিষ্যত পরিকল্পনা : দেশের ব্যবসা-বাণিজ্যে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি খাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা। দেশের কৃষি, কৃষক তথা আপামর দরিদ্র জনসাধারণের জীবন মান উন্নয়নের লক্ষ্যে কৃষি খাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা।

ওয়ান ব্যাংক লিমিটেড

www.onebank.com.bd

ওয়ান ব্যাংক একটি বেসরকা রি বাণিজ্যিক ব্যাংক হিসেবে ১৯৯৯ সালের ১৪ ই জুলাই আত্মপ্রকাশ করে এবং কোম্পানি আইন অনুযায়ী রেজিস্টার অব জয়েন্ট স্টক অব কোম্পানিজ এর সাথে ১৯৯৯ সালের মে মাসে নিবন্ধিত হয়।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৬ শতাংশ ও ১.৯ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৬.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৫৩,৪২৮.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৩.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩২০৮৪.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রি মের মধ্যে শিল্পঋণের অংশ ৫৯.৯ শতাংশ। শিল্প ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৯.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭৯,১০৩.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৪৫.০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পো শাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৮৯৭৭.৩ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১৪.৩ শতাংশ। এছাড়াও টেক্সটাইল ও স্পিনিং খাতে বিতরণকৃত ঋণ ৯,৬৮০.২ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ৭.৩ শতাংশ এবং স্টীল ইঞ্জিনিয়ারিং খাতে বিতরণকৃত ঋণ ১১,৮২৯.৩ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ৯.০ শতাংশ।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমই: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই ঋণের অবদান ৭.০ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ১৪.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২৯৪০.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.০ শতাংশ। কৃষি ঋণের বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৭১১ .০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: গ্রিন-ব্যাংকিং খাতে ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২২.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫৪২১.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: রেমিট্যান্সের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৭.৫ শতাংশ কমে ২০১৬ সালে ৭৭৭.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে ।

সিএসআর: ব্যাংকটি সিএসআর-এ শিক্ষা, সমাজসেবা, প্রাকৃতিক দুর্যোগ ও শিল্প সংস্কৃতি খাতে প্রদান বিনিয়োগ করে। ২০১৫ সালে প্রদানের পরিমাণ ছিল ৩২.৬ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ছিল ৪৯.৬ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং কার্যক্রম: ওয়ান ব্যাংক ২০১৩ সালের ০৫ সেপ্টেম্বর "OK Banking" নামে মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস চালু করে। মোবাইল ব্যাংকিং হিসাবের মাধ্যমে ২০১৫ সালে ১৭.৫ মিলিয়ন টাকা এবং ২০১৬ সলে ০.৪ মিলিয়ন টাকা লেনদেন হয়।

অটোমেশন: ব্যাংকটির সকল শাখা কোর ব্যাংকিং এর আওতাভুক্ত। এছাড়াও ইন্টারনেট ব্যাংকিং আপগ্রেডেশন, ইএমভি (চিপ ভিত্তিক) ডেবিট / ক্রেডিট কার্ড প্রণয়নের উদ্দ্যোগ গ্রহণ, ইন্টারনেট ব্যাংকিং, অনলাইনে (ই-কমার্স) পাসপোর্ট ফি কালেকশন ইত্যাদি উল্লেখযোগ্য।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ১৩৫ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৭২০.৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ১০৪ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৪৭৪.৪ মিলিয়ন টাকার তুলনায় ৫১.৬ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ব্যাংকের গবেষণা ও উন্নয়ন বিভাগ গবেষণামূলক কার্যাবলী ও সুনির্দিষ্ট ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে বিকল্প অর্থবিতরণ ব্যবস্থাকে গ্রাহকবান্ধব করা, প্রচলিত অর্থবিতরণ ব্যবস্থার বাহ্যিকরূপে নান্দনিকতা আনয়ন, গ্রাহকসেবা পরিবৃদ্ধির জন্য প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়ন, আধুনিক বিতরণ ব্যবস্থার প্রতি জোর প্রদান ইত্যাদি পরিকল্পনা করেছে।

এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড

www.eximbankbd.com

১৯৯৯ সালের ৩ আগষ্ট তৃতীয় প্রজন্মের প্রচলিত ধারার ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করা এ ব্যাংকটি ২০০৪ সালের ১ জুলাই থেকে সম্পূর্ণ ইসলামী শরীয়া মোতাবেক পরিচালিত হচ্ছে। ২৭৪৩ জনশক্তি নিয়ে ১১৩টি শাখার মাধ্যমে ব্যাংকটি গ্রাহক সেবা প্রদান করছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৬ শতাংশ ও ৩.১ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১০.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৪৮৫৪০.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে বিনিয়োগ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২২১৮৫৭.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতস্থিতির ৮৯.৩ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং বিনিয়োগ ও অগ্রিমের গড় মুনাফা হার ব্যবধান ৪.২ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ১৩২০৬.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প বিনিয়োগ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত বিনিয়োগ ও অগ্রিমের মধ্যে শিল্পখাতে বিতরণের অংশ ২৫.২ শতাংশ। উৎপাদনশীল শিল্পখাতে বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৬.৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৫৭৮৫৩.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎশিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্পবিনিয়োগের মধ্যে বৃহৎশিল্পের অবদান ৬১.২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাকশিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত বিনিয়োগ ১৩০৪৭.৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণের ৫.৭ শতাংশ। এছাড়াও টেক্সটাইল খাতে বিতরণকৃত বিনিয়োগ ৪১০৯.৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণের ১.৮ শতাংশ।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান



এসএমই: ২০১৬ সালে মোট শিল্পবিনিয়োগের মধ্যে এসএমই -এর অবদান ৩৬.৯ শতাংশ। ২০১৫ সালের তুলনায় বিতরণের পরিমাণ ১৫.৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২২৯০৩.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে ভোক্তাখাতে বিতরণ মোট বিতরণের ০.১ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণের মধ্যে কৃষি খাতে বিতরণের শেয়ার ১.০ শতাংশ। কৃষিখাতে বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩০.৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২৩৩১.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র বিনিয়োগ: ২০১৫ সালে ক্ষুদ্র বিনিয়োগ খাতে বিতরণের পরিমাণ ছিল ৩৪৮৮৩.৩ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে ৩৬.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৭৪৯০.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন-ব্যাংকিং: ২০১৫ সালের তুলনায় গ্রিন -ব্যাংকিং খাতের বিতরণ ৬৩.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪১৬৮২.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: ২০১৫ ও ২০১৬ সালে রেমিট্যান্সের এর অন্তরমুখী প্রবাহ প্রায় একই ধারাবাহিকতায় বিরাজ করেছে।

সিএসআর কার্যক্রম: এক্সিম ব্যাংক ও এক্সিম ব্যাংক ফাউন্ডেশনের মাধ্যমে ২০১৫ সালে ৪৩০.৭ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ৪৪৪.৬ মিলিয়ন টাকা কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমে ব্যয় করেছে।

মোবাইল ব্যাংকিং কার্যক্রম : ২০১৪ সালে সেপ্টেম্বর মাসে মোবাইল ব্যাংকিং কার্যক্রম পূর্ণাঙ্গভাবে শুরু হয়েছিল। ইতোমধ্যে ৩৬৩৮টি গ্রাহক হিসাব পরিচালিত হচ্ছে।

অটোমেশন: কোর ব্যাংকিং সফটওয়ার এর মাধ্যমে শতভাগ অটোমেটেড পদ্ধতিতে সকল শাখা পরিচালিত হচ্ছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে মোট ৩৪৭ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৭০৬১.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে নারী উদ্যোক্তা খাতে বিতরণকৃত ঋণের তুলনায় ২৪.৫ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: মূলধন ও শ্রমের উৎপাদনশীলতা বৃদ্ধি, রপ্তানিমুখী বাণিজ্য ও ম্যানুফ্যাকচারিং খাতে প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ এবং সবুজ প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে একটি টেকসই, সমৃদ্ধ, অন্তর্ভুক্তিমূলক এবং জলবায়ু সহিষ্ণু ভবিষ্যৎ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে গৃহীত সরকারের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে এক্সিম ব্যাংক কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ কর্মাস ব্যাংক লিমিটেড

www.bcblbd.com

বাংলাদেশ কর্মাস ব্যাংক লিমিটেড ১৬ সেপ্টেম্বর ১৯৯৯ তারিখে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং শুরু করে। ব্যাংকের কার্যক্রম ৪৮টি শাখার মধ্যে এডি শাখার সংখ্যা ৮টি। এছাড়াও, নন -এডি শাখা সমূহের বৈদেশিক বাণিজ্য কার্যক্রম প্রধান কার্যালয়ের সেন্ট্রাল ট্রেড প্রসেসিং ইউনিট এর মাধ্যমে পরিচালিত হয়।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতি ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম যথাক্রমে ০.৩ শতাংশ ও ০.২ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম

চলতি মূলধন: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে চলতি মূলধন খাতে ঋণ প্রবাহের অংশ ১৩.০ শতাংশ। এ খাতে ব্যাংকের ঋণের প্রবাহ ২০১৫ সালের তুলনায় ১২.৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

শিল্প ঋণ (চলতি মূলধনসহ): ২০১৬ সালে শিল্প খাতে ঋণের প্রবাহ ছিল মোট ঋণ ও অগ্রিমের ২৯.৩ শতাংশ।

এসএমই খাত : ২০১৫ সালে এসএমই খাতে ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ৩৮৫৬.৬ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে দাঁড়ায় ৪২৭৮.৯ মিলিয়ন টাকা। এ খাতে ঋণ ও অগ্রিমের প্রবাহ গত বছরের তুলনায় ১১.০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ: ২০১৬-২০১৭ অর্থ বছরে কৃষি খাতে ২৭৬.৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা ২০১৫-২০১৬ অর্থ বছরে ছিল ২৩৯.৭ মিলিয়ন টাকা অর্থাৎ এখাতে গত বছরের তুলনায় ঋণ বিতরণের পরিমাণ ১৫.৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

মহিলা উদ্যোক্তা ঋণ: ২০১৫ সালে এসএমই খাতে ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ১২.১ মিলিয়ন টাকা যা বর্তমানে ১৬৭.৫ মিলিয়ন টাকা। এ খাতে ঋণ ও অগ্রিমের প্রবাহ গত বছরের তুলনায় ৩৮.১ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

রেমিট্যান্স: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে রেমিট্যান্স ১৯.৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ওয়েষ্টার্ন ইউনিয়ন, মানিগ্রাম, এক্সপ্রেস মানি, মানিগ্রাম, আইএমই, ট্রান্সফাস্ট ও প্লাসিড ইক্সপ্রেস-এর সাথে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সংগ্রহে ভূমিকা রাখছে।

মোবাইল ব্যাংকিং খাত : ২০১৪ সালে ব্যাংক মোবাইল ব্যাংক কার্যক্রম শুরু করে। বর্তমানে ব্যাংকের মোবাইল ব্যাংকিং এজেন্ট সংখ্যা ২৬৭৬টি। ২০১৬ সালে ৪৮টি স্কুল ও কলেজের ৩৬২৭৯৩ জন ছাত্র-ছাত্রী মোবাইল ব্যাংকিং -এর মাধ্যমে তাদের স্কুল ও কলেজের বেতন, ভর্তি ফি ইত্যাদি পরিশোধ করছে।

আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রম : বাংলাদেশ কমার্স ব্যাংক ২৪টি জেলায় একটি বাড়ি একটি খামারের ১৩৫০০ সমিতির প্রায় ৭৭৫০০০ গ্রাহককে আর্থিক সেবা প্রদান করে আসছে। ২০১৬ সালে ব্যাংকের মাধ্যমে ৭৩৪০.০ মিলিয়ন টাকা এ কার্যক্রমে লেনদেন হয়েছে।

অটোমেশন: ব্যাংকের ৪৮টি শাখার সবকটি শাখা কোর ব্যাংকিং এর আওতায় এসেছে। এছাড়াও আইটি খাতের নিরাপত্তার জন্যে বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন অনুযায়ী অত্যাধুনিক ডাটা সেন্টার ও ডিজাস্টার রিকভারি সাইট স্থাপন করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ব্যাংকের প্রণয়নকৃত উন্নয়ন পরিকল্পনাস মূহ হল প্রযুক্তিগত উৎকর্ষতা অর্জন এবং আর্থিক অন্তর্ভুক্তির জন্য উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করা, গ্রাহক ভিত্তি সম্প্রসারণ, আমানতের ত্রমবর্ধমান ধারা বজায় রাখা এবং অলস সম্পদের পরিমাণ কমানো, রিলেশনশীপ ব্যাংকিং প্রতিষ্ঠা এবং সেবার ধারাবাহিক মান উন্নয়ন, পরিবেশবান্ধব বিনিয়োগ নিশ্চিত করার পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমে উল্লেখযোগ্য অবদান রাখা।

মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড (এমটিবি)

www.mutualtrustbank.com

মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ ১৯৯৯ সালের ২৪ অক্টোবর ব্যাংকিং কার্যক্রম আরম্ভ করে। ব্যাংকটি তিনটি অঙ্গ প্রতিষ্ঠান (এমটিবি সিকিউরিটিজ লিঃ, এমটিবি ক্যাপিটাল লিঃ এবং এমটিবি এক্সচেঞ্জ ইউ কে লিঃ) স্থাপনের মাধ্যমে ব্যবসা সম্প্রসারণ ঘটিয়েছে। বর্তমানে সারা দেশে এমটিবি 'র ১১১টি শাখা, ২০টি এজেন্ট ব্যাংকিং শাখা, ২৩৩ টি এটিএম, ৮টি কিয়স্ক ও ৩০০০টি পস (POS) মেশিন রয়েছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৪ শতাংশ ও ১.৬ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১০.৯ শতাংশ এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৭.২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৭ শতাংশ।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ২৮.২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১১.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৩৫৫৮.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ১০.৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১১৯০১.৬ মিলিয়ন টাকা এবং টেক্সটাইল খাতে বিতরণকৃ ত ঋণ ৯৭৮১.৪ মিলিয়ন টাকা।

এসএমই: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ১.৫ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৪.৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২০৩৭.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.০ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৬.৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৩৫১.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ক্ষুদ্র ঋণের পরিমাণ ৫.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২১৬৩.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন-ব্যাংকিং: ২০১৫ সালে ঋণ বিতরণ ছিল ৬৬৪.২ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে ৪৭২.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: ২০১৫ সালে রেমিট্যান্সের পরিমাণ ছিল ১১৫৩২.৪ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১৫০২৪.৬ মিলিয়ন টাকায়।

সিএসআর: ২০১৫ সালে সিএসআর খাতে খরচের পরিমাণ ছিল ২৫.৫ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে সিএসআর খাতে খরচের পরিমাণ দাঁড়ায় ৪৮.৭ মিলিয়ন টাকায়।

অটোমেশন: ব্যাংকটির সকল শাখা কোর ব্যাংকিং এর আওতাভুক্ত।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৩৪০ জন নারী উদ্যোক্তার অনুকূলে ২০৯.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ২০৪ জন নারী উদ্যোক্তার অনুকূলে প্রদানকৃত ২২১.১ মিলিয়ন টাকার তুলনায় ৫.২ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: বিভিন্ন ব্যাংকিং সেবার গুণগত মান (Service Quality) পরিমাপ, ডাটা মাইনিং এবং ভোক্তা অভিজ্ঞতা যাচাই। হাতে কলমে প্রশিক্ষণের মাধ্যমে ব্যাংকের মানব সম্পদের কর্ম দক্ষতা বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করেছে।

ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড

www.fsiblbd.com

ফার্স্ট সিকিউরিটি ব্যাংক লিমিটেড ২৫ অক্টোবর ১৯৯৯ সাল থেকে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে, যা ২০০৯ সালের ১ জানুয়ারিতে একটি পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকে রূপান্তরিত হয়। ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ব্যাংকের ১৫৮টি শাখা এবং নিজস্ব ১২৬ টি এটিএম বুথ রয়েছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৯ শতাংশ ও ৩.২ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৮.৬ শতাংশ এবং বিনিয়োগ (ঋণ ও অগ্রিম) স্থিতি ২০.৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং বিনিয়োগ গড় মুনাফা হার ব্যবধান ৪.৮ শতাংশ।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট বিনিয়োগের মধ্যে শিল্প বিনিয়োগের অংশ ৭.৬ শতাংশ। শিল্প বিনিয়োগ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১১২.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৪৮০৮.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট শিল্প বিনিয়োগের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮০.০ শতাংশ।

এসএমই: ২০১৬ সালে মোট বিতরণকৃত বিনিয়োগের মধ্যে এসএমই এর অবদান ৩.১ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে বিনিয়োগ বিতরণ ১৪.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬০০৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি বিনিয়োগ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিনিয়োগের মধ্যে কৃষি বিনিয়োগের শেয়ার ১.৮ শতাংশ। কৃষি বিনিয়োগের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৩.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৯৮১.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান



ক্ষুদ্র বিনিয়োগ: ২০১৫ সালে ক্ষুদ্র খাতে বিনিয়োগের পরিমাণ ছিল ১৮.৮ মিলিয়ন টাকা, যা ২০১৬ সালে দাঁড়িয়েছে ৭৩৯.৯ মিলিয়ন টাকায়।

গ্রিন-ব্যাংকিং: ২০১৫ সালে গ্রিন-ব্যাংকিং কার্যক্রমে বিতরণকৃত বিনিয়োগের পরিমাণ ছিল ৭৪.৩ মিলিয়ন টাকা, যা ৩০.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে দাঁড়িয়েছে ৯৭.০ মিলিয়ন টাকায়।

রেমিট্যান্স: ২০১৫ সালে রেমিট্যান্স এর পরিমাণ ছিল ৫৬৫৯.৬ মিলিয়ন টাকা যা ৩৭.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে দাঁড়িয়েছে ৭৭৭৮.৯ মিলিয়ন টাকায়

সিএসআর: ২০১৫ সালে সিএসআর খাতে বিতরণের পরিমাণ ছিল ১৪১.৮ মিলিয়ন টাকা, যা ৭.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে দাঁড়িয়েছে ১৫১.৮ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং খাত: ২০১৫ সালের মোবাইল ব্যাংকিং কার্যক্রমে লেনদেনের পরিমাণ ১৭৯৯.১ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪০৫৪.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

এজেন্ট ব্যাংকিং খাত: ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করে মে ২৯ তারিখ, ২০১৬ খ্রিস্টাব্দে। ৩১ ডিসেম্বর ২০১৬ ইং পর্যন্ত প্রায় ১৪.৪ মিলিয়ন টাকা লেনদেন সম্পন্ন হয়েছে।

অটোমেশন: বর্তমানে ব্যাংকের সকল শাখা কোর ব্যাংকিং এর আওতাভুক্ত।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ২৯২ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৩৯০.১ মিলিয়ন টাকা বিনিয়োগ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ২০৫ জন নারী উদ্যোক্তার অনুকূলে ১৭৬.৭ মিলিয়ন টাকার তুলনায় ১২০.৮ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: শহর ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার পাশাপাশি দেশের প্রত্যন্ত অঞ্চলে আধুনিক এবং তড়িৎ ব্যাংকিং নেটওয়ার্ক চালু করার লক্ষ্যে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড পরিকল্পনা গ্রহণ করেছে।

দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড

www.premierbankltd.com

১৯৯৯ সালের ২৬ অক্টোবরে যাত্রা শুরু করে প্রিমিয়ার ব্যাংক। বর্তমানে ১২টি এসএমই সেবা কেন্দ্রসহ ৯৯টি শাখার মাধ্যমে ব্যাংকটি সারাদেশে তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৩ শতাংশ ও ১.৬ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৫.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২৫,৪৯০.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৪.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১৩৭২৩.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে । ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৫ শতাংশ।

উল্লেখযোগ্য কার্যক্রম

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের স্থিতির ভিত্তিতে



শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্পঋণের অংশ ৬৬.৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৯২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৪৪১৪.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭৭.০ শতাংশ । বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) ঋণ ১৩৩৪১.০ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১১.৭ শতাংশ। টেক্সটাইল খাতে ঋণ ২০৬০০.১ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১৮.১ শতাংশ, ফুড এন্ড এলাইড শিল্প খাতে ঋণ ২৭৭৭.২ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ২.৪ শতাংশ, কেমিকেল এন্ড কেমিকেল প্রডাক্টস খাতে ঋণ ১,৯৫৯.০ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১.৭ শতাংশ এবং অন্যান্য খাতে ঋণ ১৭৩৯৯.৩ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১৫.৩ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে SME খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ১৭,৮৫৪.৯ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১৫.৭ শতাংশ ।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.৬ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪৬.৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২৯৫৪.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের পরিমাণ ৭৬৬.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন-ব্যাংকিং : প্রত্যক্ষ ও পরোক্ষ গ্রিন ফাইন্যান্সে ২০১৬ সালে ২৫টি প্রকল্পে ৩৮৫৮.২ মিলিয়ন টাকা বিতরণ করা হয় যা ২০১৫ সালে ২১ টি প্রকল্পে ৩,৮০৩.২ মিলিয়ন টাকা ছিল।

রেমিট্যান্স: ২০১৫ সালে ১০৯০৬.২ মিলিয়ন টাকা ও ২০১৬ সালে ১৭১৫৮.৯ মিলিয়ন টাকা রেমিট্যান্স এসেছে।

সিএসআর কার্যক্রম: সিএসআর কার্যক্রমে এর অংশ হিসেবে সামাজিক ও অন্যান্য খাতে ২০১৫ সালে ৯২.৯ মিলিয়ন টাকা ও ২০১৬ সালে ১১৮.৪ মিলিয়ন টাকা ব্যয় করা হয়।

অটোমেশন: ব্যাংকের ৯৯টি শাখার মধ্যে সবগুলি শাখাই অটোমেশন এর আওতাভুক্ত।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ২৫ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৪৫.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ১৪ জন নারী উদ্যোক্তার অনুকূলে ছিল ১৪৪.২ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের অন্যতম ভবিষ্যত পরিকল্পনা হচ্ছে শ্রেণীকৃত ঋণের হার ৩.০ শতাংশের নিচে নামিয়ে আনা, মুনাফা বৃদ্ধির লক্ষ্যে সেবা ভিত্তিক আয়ের ধারাবাহিক বৃদ্ধিকরণ, গ্রাহকদের স্বল্পমূল্যে এটিএম সেবা, ইন্টারনেট ব্যাংকিং সার্ভিস প্রদানের ব্যবস্থা প্রণয়ন, সম্পদ ও দায়ের সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

ব্যাংক এশিয়া লিমিটেড

www.bankasia-bd.com

ব্যাংক এশিয়া লিমিটেড ১৯৯৯ সালের ২৭শে নভেম্বর বেসরকারি খাতে তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে যাত্রা শুরু করে। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ১১৪টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ১৯টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতি ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.০ এবং ২.৩ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হার ব্যবধান ৪.২ শতাংশ ছিল।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্পঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২১৩৮৭৪.১ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৪৪.০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৫.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৯৪১৯১.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭২.৯ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৮৮১০.৯ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৮.৮ শতাংশ।

এসএমই ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ১৪.০ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৩৭.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৯৮৩৯.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.৬ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৩.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৩১৯.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ: ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫০.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫৪৮৮.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৫ সালের তুলনায় গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ ৮.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে দাঁড়িয়েছে ১৫৫২৮.৪ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স: ২০১৫ সালে ব্যাংকের রেমিট্যান্সের আন্তঃমুখী প্রবাহ ছিল ৪২৯৯৬.৮ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে ৩.১ শতাংশ হ্রাস পেয়ে ৪১৬৬৫.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর: ২০১৬ সালে ব্যাংক এশিয়া সিএসআর খাতে ১০৯.০৬ মিলিয়ন টাকা প্রদান করে।

এজেন্ট ব্যাংকিং খাত: ২০১৬ সালে ব্যাংকের এজেন্ট সংখ্যা ১১৫০ টিতে দাঁড়িয়েছে এবং লেনদেনের পরিমাণ ছিল ২৮৪৩৩.৬ মিলিয়ন টাকা।

অটোমেশন: ব্যাংক এশিয়ার সকল শাখা Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ৬২ জন নারী উদ্যোক্তার অনুকূলে ৬০.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যেখানে ২০১৫ সালে ৮৭ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১০০.৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছিল।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ব্যাংকটি ২০১৬ সালের মধ্যে ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠানের অর্থায়নে বিশেষভাবে অগ্রাধিকার দেওয়া, এজেন্ট ব্যাংকিং, একটি বাড়ী একটি খামার এবং অন্যান্য বিকল্প ডেলিভারি চ্যানেলের মাধ্যমে ব্যাংকিং সুবিধা বঞ্চিতদের ব্যাং কিং সেবার সাথে সংযুক্ত করাকে আরো জোরদারকরণ এবং শ্রেণিকৃত ঋণ ৩ শতাংশের নিচে রাখার জন্য পরিকল্পনা গ্রহণ করেছে।

ট্রাষ্ট ব্যাংক লিমিটেড

www.trustbank.com.bd

ট্রাষ্ট ব্যাংক লিমিটেড, বাংলাদেশ আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্টের স্পন্সরশীপে ব্যাংক কোম্পানি হিসেবে জুন ১৭, ১৯৯৯ তারিখে নিবন্ধিত হয়ে আগস্ট, ১৯৯৯ থেকে কার্যক্রম শুরু করে। ট্রাষ্ট ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড এবং ট্রাষ্ট ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড নামে ব্যাংকের ২টি সাবসিডিয়ারি কোম্পানি ও রয়েছে। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ১১০টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ১৭টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৮ শতাংশ ও ২.০ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতি ছিল যথা ক্রমে ১৭৩০৫৯.৯ মিলিয়ন ও ১৪১৯৮৭.৪ মিলিয়ন টাকা। ব্যাংকটির ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৫ শতাংশ ছিল। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় বৃদ্ধি পেয়ে ১৩৩৪২.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প ঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১০১৫৫৬.৩ মিলিয়ন টাকার মধ্যে উৎপাদনমুখী শিল্প ঋণের অংশ ৫৬.৯ শতাংশ। শিল্প ঋণের বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২২.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৪০৪৭.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮৩.১ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১২১৪৮.৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১১.৯ শতাংশ।

এমএমই ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ১১.০ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৮৪.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১৭২২.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১৩.৫ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩২.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৫৩০.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এছাড়া, ব্যাংকটি অর্থবছর ২০১৫-১৬-তে গবাদিপশু উন্নয়ন খাতে ২৬৯.৯ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

ক্ষুদ্র ঋণ: ২০১৫ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ২৯২৮.৮ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ৬৯০৬.৬ মিলিয়ন টাকা।

গ্রিন ব্যাংকিং: ২০১৫ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ২৪৯২০.৪ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে ২০১৬ সালে এখাতে ঋণের পরিমাণ ২৩৪২৭.২৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্সঃ ২০১৫ সালে রেমিট্যান্সের পরিমাণ ছিল ২৪১৪৮.০ মিলিয়ন টাকা, যা ২০১৬ সালে ৪.০ শতাংশ হ্রাস পেয়ে ২৩১৭২.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর: ২০১৫ সালে ট্রাষ্ট ব্যাংকের সিএসআর কার্যক্রমে অবদান ছিল ১০৬.৫ মিলিয়ন টাকা, তবে ২০১৬ সালে ২২.০ শতাংশ হ্রাস পেয়ে ৮৩.০ মিলিয়ন টাকা হয়েছে।

মোবাইল ব্যাংকিং খাত: ট্রাষ্ট মোবাইল মানির লেনদেনের পরিমাণ ২০১৫ সালের ৩৪৩৩.৭ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭৬৪৬.০ মিলিয়ন টাকা হয়েছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ২০৩ জন নারী উদ্যোক্তার অনুকূলে ২৭৮.২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ২০১৫ সালে ২৮৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৩০৮.৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছিল।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ট্রাষ্ট ব্যাংক ব্যাংকিং সুবিধাবঞ্চিত এলাকার মানুষকে কম খরচের ও প্রযুক্তি ভিত্তিক ব্যাংকিং কার্যক্রমে আরো সম্পৃক্ততার মাধ্যমে টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধি ধরে রাখতে সচেষ্ট।

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড

www.sjiblbd.com

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড ১০ই মে ২০০১ সালে ব্যাংকিং কার্যক্রম আরম্ভ করে। ২০১৬ সাল শেষে ব্যাংকের পরিশোধিত মূলধন দাঁড়িয়েছে ৭৩৪৬.৯ মিলিয়ন টাকা। ২০১৭ সালের মার্চ পর্যন্ত ব্যাংকটির মোট শাখার সংখ্যা ১০৩ টি যার মধ্যে AD শাখা হলো ১৯ টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং বিনিয়োগ (ঋণ ও অগ্রিম) স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং বিনিয়োগ (ঋণ ও অগ্রিম) স্থিতির যথাক্রমে ১.৩ শতাংশ ও ১.৭ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৩.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২৪৪০৯.৮ মিলিয়ন টাকায় এবং বিনিয়োগ (ঋণ ও অগ্রিম) স্থিতির পরিমান ২০১৫ সালের তুলনায় ২৭.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২২৯৯৮.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্প: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট বিনিয়োগ এর মধ্যে শিল্প বিনিয়োগের অংশ ৫০.০ শতাংশ। শিল্প বিনিয়োগ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৬৩.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩০৪৩৩.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প বিনিয়োগের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬১.৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত বিনিয়োগ ৫৫০৯.৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত বিনিয়োগের ৯.১ শতাংশ। এছাড়াও টেক্সটাইল শিল্পে বিতরণকৃত বিনিয়োগ ৮০৯৭.১ মিলিয়ন টাকা এবং খাদ্য প্রক্রিয়াজাত শিল্পে বিতরণকৃত বিনিয়োগ ২১৯৭.৭ মিলিয়ন টাকা।

এসএমই: ২০১৬ সালে মোট বিতরণকৃত বিনিয়োগের মধ্যে এসএমই এর অবদান ৪০.৫ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এ সএমই খাতে ঋণ বিতরণ ৪৬.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২২৯৫৭.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি বিনিয়োগ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত বিনিয়োগের মধ্যে কৃষি বিনিয়োগের শেয়ার ৮.৬ শতাংশ। কৃষি বিনিয়োগ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫২.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫,২২৯.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র বিনিয়োগঃ ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত বিনিয়োগ এর মধ্যে ক্ষুদ্র বিনিয়োগের শেয়ার ১৯.০ শতাংশ। ক্ষুদ্র বিনিয়োগ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪৫.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১৫৯১.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত বিনিয়োগের মধ্যে গ্রিন ফাইন্যান্স এর শেয়ার ০.৬ শতাংশ। এর মধ্যে Direct Finance গ্রিন ফাইন্যান্স ১৬৮.৭ মিলিয়ন এবং In-Direct Finance গ্রিন ফাইন্যান্স ২২৭.৯ মিলিয়ন।

রেমিট্যান্স: ২০১৫ সালে রেমিট্যান্স আহরণের পরিমাণ ছিল ৩৫৪৩.৮ মিলিয়ন এবং ২০১৬ সালে রেমিট্যান্স আহরণের পরিমাণ ছিল ৩৩৬০.৬ মিলিয়ন।

সি এস আর কার্যক্রম: ২০১৫ সালের সিএসআর কার্যক্রমের সার্বিক ব্যয় ছিল সর্বমোট ৫৬.৫ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালের সিএসআর কার্যক্রমের সার্বিক ব্যয় ছিল সর্বমোট ৭৬.৭ মিলিয়ন টাকা।

অটোমেশন: ব্যাংকটির সকল শাখা কোর ব্যাংকিং সফটওয়্যার এর আওতাভুক্ত।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ১১৯ জন নারী উদ্যোক্তাকে ৬০৩.৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ১৩৯ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৮৩৬.২ মিলিয়ন টাকার তুলনায় ২৭.৮ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: এসএমই বিনিয়োগের উপর বিশেষ গুরুত্ব দেয়া, কৃষকদের জন্য বিশেষ বিনিয়োগ প্রকল্প হাতে নেয়া, বস্ত্রখাতের পাশাপাশি পাটজাত পণ্য, চামড়া ও হিমায়িত খাদ্য, প্রকৌশলী ও ঔষধ খাতের বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে অধিক আয় উপার্জনের পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের প্রতি গুরুত্ব দেয়ার পরিকল্পনা রয়েছে।

যমুনা ব্যাংক লিমিটেড

www.jamunabankbd.com

যমুনা ব্যাংক লিমিটেড ২০০১ সালের ৩রা জুন ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট শাখার সংখ্যা ১১২ টিতে দাঁড়িয়েছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের শেয়ার ব্যাংকিং খাতের আমানত এবং ঋণ ও অগ্রিমের মোট পরিমাণের যথাক্রমে ১.৫ শতাংশ ও ১ .৬ শতাংশ। ব্যাংকের আমানত ২০১৫ সালের তুলনায় ১৯.১ শতাংশ এবং ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৪.২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের সুদহার ব্যবধান ৪.৮ শতাংশ।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্পঋণের অংশ ৫৯.৪ শতাংশ। শিল্প ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৭.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৯৫২৩.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ২৬.৮ শতাংশ অর্থাৎ ১৮৬১৮.৩ মিলিয়ন টাকা। ২০১৬ সালে তৈরি পোশাক শিল্পে বিতরণকৃত ঋণ ১০৬৭৬.৪ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ৯.১ শতাংশ।

SME ঋণ: ২০১৬ সালে SME খাতে বিতরণকৃত মোট ঋণ পূর্ববর্তী বছরের তুলনায় ১৫ .৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৪৫৩৬ .৫ মিলিয়ন টাকা দাঁড়িয়েছে, যা মোট ঋণের ১২.৪ শতাংশ।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রীমের স্থিতির ভিত্তিতে বিভিন্ন অর্থনৈতিক খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.১ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২১.৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১২৭৩.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স: রেমিট্যান্স এর পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২০৩০.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর কার্যক্রম: ২০১৬ সালে সিএসআর কার্যক্রমে ব্যয়ের পরিমাণ দাঁড়ায় ৭৫.০ মিলিয়ন টাকা, ২০১৫ সালে ছিল ৬৭.১ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং কার্যক্রম: ২০১৫ সালে গ্রাহক সংখ্যা ছিল মোট ১৩৮২৮ জন, ডিস্ট্রিবিউটর এর সংখ্যা মোট ১১ টি এবং এজেন্ট সংখ্যা মোট ২৮ টি। বর্তমানে গ্রাহক সংখ্যা মোট ৫৪৯৯৩ জন, ডিস্ট্রিবিউটর এর সংখ্যা মোট ৩১ টি এবং এজেন্ট সংখ্যা মোট ৭৫১টি।

গ্রিন ব্যাংকিং খাত: বাংলাদেশের পরিবেশবান্ধব টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য **গ্রিন ব্যাংকিং** একটি প্রধান চালিকা শক্তি হিসাবে ইতিমধ্যে চিহ্নিত হয়েছে। আবার টেকসই ব্যাংকিংএর জন্য পরিবেশবান্ধব অর্থায়নের কোন বিকল্প নেই। ২০১৬ সালের প্রত্যক্ষ পরিবেশবান্ধব অর্থায়নের বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সুস্পষ্ট নির্দেশনা ও কর্মপরিকল্পনাসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অটোমেশন: ব্যাংকটির সবকটি শাখাই কোর ব্যাংকিং-এর আওতাধীন।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: যমুনা ব্যাংক দরিদ্রবান্ধব ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের নিয়মিত কার্যক্রমের পাশাপাশি ব্যাংকিং সুবিধার বাইরে থাকা দেশের বিশাল জনগোষ্ঠীকে আর্থিক সেবার আওতায় নিয়ে আসার কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা করছে।

ব্র্যাক ব্যাংক লিমিটেড

www.bracbank.com

ব্যাংকিং সেবাকে শহরের বাইরে প্রত্যন্ত অঞ্চলের উদ্যোক্তাদের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে ২০০১ সালে যাত্রা শুরু করে ব্র্যাক ব্যাংক লিমিটেড। ১৮১টি শাখা, ৪৪৮টি এস.এম.ই ইউনিট নিয়ে দেশব্যাপী সেবা প্রদান করছে ব্র্যাক ব্যাংক। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ১৮১টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ৩টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতি যথাক্রমে ১.৮ শতাংশ ও ২.৪ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদাহার ব্যবধান ছিল ৭.৮ শতাংশ।

উল্লেখযোগ্য কার্যক্রম



শিল্পঋণ: ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১১৪৬৬৮.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ২১.২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৮৮.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৪২৫০.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ২৫.৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৪৫৯৯.৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭৪.২ শতাংশ।

এসএমই ঋণ: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ৪৩.০ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই ঋণ বিতরণ ৫৮.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৯২৮৪.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.৩ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৭৮.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৬৩৩.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি অর্থবছর ২০১৬-২০১৭-এ গবাদি পশু খাতের উন্নয়নের জন্য ৫১.০ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

রেমিট্যান্স: ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে রেমিট্যান্স ২১.৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ব্যাংকটি ৬৬টি এজেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপে গ্রহণ করেছে, যার মধ্যে BRAC Saajan, Express Money, Western Union, MoneyGram, IME উল্লেখযোগ্য।

সিএসআর: ব্র্যাক ব্যাংক সিএসআর -এ শিক্ষা, সমাজসেবা, প্রাকৃতিক দুর্যোগ ও শিল্প সংস্কৃতিতে বিনিয়োগ করে। ২০১৫ সালে বিনিয়োগ ছিল ৬০.৮ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ২৬.৭ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং খাত: ব্যাংকটির মোবাইল ব্যাংকিং গ্রাহক সংখ্যা ২০১৫ সালের ১৫.০ মিলিয়ন জন থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৬.২ মিলিয়ন জন হয়েছে। ব্যাংকিং লেনদেনের মোট পরিমাণ ১২৯৯১০৮.৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৮০৫৪৭৬.৪ মিলিয়ন টাকা হয়েছে

অটোমেশন: ব্যাংকটির মোট ১৮১টি শাখার সবই কোর ব্যাংকিং-এর আওতাধীন।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে ১৬১২ জন নারী উদ্যোক্তার অনুকূলে ১৭১৬.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৪৫৮ জন নারী উদ্যোক্তার অনুকূলে ২৭২.৭ মিলিয়ন টাকার তুলনায় ১৫.৮ শতাংশ বেশি।

ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা: প্রচলিত ব্যাংকিংয়ের বাইরে থাকা উদীয়মান সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (এস.এম.ই) সহজ ঋণ সুবিধা প্রদানের পরিকল্পনা রয়েছে। আর্থিক খাতের রেগুলেটরি নীতিমালা ও নিয়মকানুন সম্পূর্ণ পরিপালন করে ভ্যালুভিত্তিক ব্যাংকিং সেবা প্রদান করবে ব্র্যাক ব্যাংক লিমিটেড।

দি ফারমার্স ব্যাংক লিমিটেড

www.farmersbankbd.com

৩ জুন ২০১৩ তারিখে দি ফারমার্স ব্যাংক লিমিটেড গুলশান কর্পোরেট শাখা উদ্বোধনের মাধ্যমে ব্যাংকটি তার বাণিজ্যিক কার্যক্রম শুরু করেছে। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ৫২ টি শাখার মধ্যে Authorized Dealer(AD) শাখার সংখ্যা ৪ টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.৫ ও ০.৬ শতাংশ ছিল। ২০১৬ সাল শেষে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের পরিমাণ যথাক্রমে ৫০৬৩৬ ও ৪৪১৩৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৯ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির তারল্য ঘাটতি দাঁড়িয়েছে ৫২৯.০ মিলিয়ন টাকা। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৫ সালে দি ফারমার্স ব্যাংক লিমিটেডের বিতরণকৃত শিল্প ঋণের পরিমাণ ছিল ৩৬০.৪ মিলিয়ন টাকা। ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৭৪৩৩.৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৭.০ শতাংশ। ২০১৬ সালে বিতরণকৃত শিল্প ঋণের পরিমাণ ১৯১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯২.৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩৬৫ মিলিয়ন টাকা।

এসএমই : ২০১৬ সালে এসএমই খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ৫০৫৩ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১৮.৪ শতাংশ । ২০১৬ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৫.৩ শতাংশে দাঁড়িয়েছে। ২০১৬ সালে ভোক্তা ঋণ বিতরণের মোট পরিমাণ ১৪৫২ মিলিয়ন টাকা।

চার্টঃ ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রীম স্থিতির খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৯ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৬ সালে ২৪৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা ২০১৫ সালের বিতরণকৃত ৩২২.০ মিলিয়ন টাকার তুলনায় ২৪.২ শতাংশ কম। এছাড়া, ২০১৬ সালে গবাদি পশু খাতের উন্নয়নের জন্য ব্যাংকটি ৬২ মিলিয়ন টাকা ঋণ প্রদান করেছে।

রেমিট্যান্স : ২০১৬ সালে ব্যাংকের রেমিট্যান্সের পরিমাণ ছিল ৩৬৩ মিলিয়ন টাকা। ব্যাংকটি Xpress Money, Cash Express, RIA, Transfast, Western Union এই ৫ টি এজেন্ট এর মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

সিএসআর : ২০১৬ সালে সিএসআর খাতে ব্যাংক ১৪.৯ মিলিয়ন টাকা বিতরণ করেছে। ২০১৫ সালে এর পরিমাণ ছিল ৩.৫ মিলিয়ন টাকা।

অটোমেশন : শুরু থেকেই দি ফারমার্স ব্যাংক লিমিটেড সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে কার্যক্রম পরিচালনা করছে এবং সবগুলো শাখাই Core Banking System এর আওতাধীন।

নারী উদ্যোক্তা : ২০১৬ সালে ব্যাংকটি ৮ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৭.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : দি ফারমার্স ব্যাংক, ব্যাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক গ্রিন ব্যাংকিং চর্চার সফল বাস্তবায়ন এবং আমানত সংগ্রহ ও উল্লেখযোগ্য পরিমাণে ঋণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছে। বাংলাদেশ ব্যাংকের নিয়ম অনুযায়ী ব্যাংকটির মোট ঋণের ন্যূনতম ৫ শতাংশ কৃষি ঋণ হিসাবে ১১.০ শতাংশ সুদে কৃষকদের বিতরণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। প্রান্তিক কৃষক, বর্গাচাষী, শিল্প উদ্যোক্তা, নতুন উদ্যোক্তা, নারী উদ্যোক্তাদেরকে ঋণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছে ব্যাংকটি।

মেঘনা ব্যাংক লিমিটেড

www.meghnabank.com.bd

মেঘনা ব্যাংক লিমিটেড ২০ মার্চ ২০১৩ সালে পাবলিক লিমিটেড কোম্পানিতে নিবন্ধিত হয়ে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনক্রমে বেসরকারি বাণিজ্যিক ব্যাংক হিসেবে যাত্রা শুরু করে। ব্যাংকটি ০৯ মে ২০১৩ তারিখে বাংলাদেশ ব্যাংক এর অনুমোদনক্রমে ব্যাংক কোম্পানী আইনের ৩২(১) ধারা অনুসারে তার ব্যাংকিং কার্যক্রম শুরু করে। মার্চ ২০১৬ শেষে ব্যাংকটি ৩৭টি শাখা নিয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিমের মোট পরিমাণের (উভয়ক্ষেত্রে) ০.৩ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৫৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৫৫০৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২০৯৯০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ৮২ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৯ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৪৬.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৮২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্টে দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৬৯৪৯.৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৬৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১০৬৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯৪ শতাংশ। বৃহৎশিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩১৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.৮ শতাংশ। এছাড়াও নির্মাণ খাতে বিতরণকৃত ঋণ ৩২৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.৯ শতাংশ এবং অন্যান্য শিল্প খাতে বিতরণকৃত ঋণ ৫৩৪৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৪৮.৩ শতাংশ।

এসএমই : ২০১৬ সালে বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই খাতের অবদান ১৮.৬ শতাংশ। ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে এসএমই খাতে ঋণ বিতরণ ১৪৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩১৫৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্টঃ ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ৩.২ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৩৬.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং খাত : ২০১৬ সালে গ্রিন ব্যাংকিং কার্যক্রমের আওতায় ২৭৬.৭ মিলিয়ন টাকা ঋণ দেওয়া হয়েছে।

রেমিট্যান্স : ২০১৫ সালে রেমিট্যান্সের অর্ন্তমূখী প্রবাহ ছিল ১৩৫২ মিলিয়ন টাকা। ২০১৬ সালে তা বৃদ্ধি পেয়ে ২০১৭.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর : ২০১৬ সালে সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে ২.৬ মিলিয়ন টাকা।

অটোমেশন : ব্যাংক শুরু থেকেই অটোমেশনের মাধ্যমে পূর্ণ কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে ব্যাংকের ১৫টি এটিএম বুথ রয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৬ সালে ১৫ জন নারী উদ্যোক্তাকে ১১.৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালের তুলনায় ৭৪.১ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকটি তার ব্যবসা-বাণিজ্য কার্যক্রম সম্প্রসারণ করার লক্ষ্যে শাখা ও বুথ স্থাপনের মাধ্যমে শহর ও গ্রামাঞ্চলে সেবা পৌঁছে দেওয়ার পরিকল্পনা করেছে। এছাড়া, ব্যাংকটি গ্রাহক সেবার পাশাপাশি সামাজিক দায়িত্ব পালনেও বদ্ধপরিকর।

মিডল্যান্ড ব্যাংক লিমিটেড

www.midlandbankbd.net

মিডল্যান্ড ব্যাংক লিমিটেড ২০ জুন ২০১৩ তারিখে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। ২০১৬ সাল পর্যন্ত ২১ টি শাখা, ২৩ টি এটিএম বুথ এবং ১টি কন্টাক্ট সেন্টারের মাধ্যমে গ্রাহক সেবার নেটওয়ার্ক বিস্তার করেছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিমের মোট পরিমাণের উভয়ক্ষেত্রে ০.৩ শতাংশ। ব্যাংকরে মোট আমানত ২০১৫ সালের তুলনায় ৪৮.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৬৬৭৫.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫১.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২১০৪৩.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা মোট আমানতের ৭৮.৯ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৪ শতাংশ। ২০১৬ সাল শেষে ব্যাংকের তারল্য ৬১৭.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭০৩২.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম ২৩০০৮.১ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৫০.৪ শতাংশ। ২০১৫ সালের তুলনায় ব্যাংকের শিল্প ঋণের পরিমাণ ৪৪২.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১৫৯৮.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮২.৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৯৯৯.৯ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত শিল্প ঋণের ৮.৬২ শতাংশ।

এসএমই : ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই খাতের অবদান ৬.৭ শতাংশ। এসএমই খাতে ঋণ বিতরণ ২০১৬ সালে ১৫৫৪.৫০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে ভোক্তা ঋণ বিতরণের পরিমাণ মোট বিতরণকৃত ঋণের ০.৬৩ শতাংশ।

চার্টঃ ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ৪.৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৭৮.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১০৭১.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ : ব্যাংকের ক্ষুদ্র ঋণের পরিমাণ ২০১৫ সাল হতে ৩৫৭.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৪৭৬.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং : ২০১৩ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করার পর মিডল্যান্ড ব্যাংক লিমিটেড গ্রিন ব্যাংকিং নীতি বাস্তবায়ন কার্যক্রম শুরু করে এবং ২০১৬ সাল পর্যন্ত ০৮টি ব্রিক ফিল্ড (জিক জ্যাক) প্রজেক্টে ৮৯.০ মিলিয়ন টাকা ঋণ প্রদান করেছে।

রেমিট্যান্স : মিডল্যান্ড ব্যাংক আইএমই, এক্সপ্রেস মানি, ওয়েস্টার্ন ইউনিয়ন, ব্রাক স্বজন এক্সচেঞ্জ, জেঞ্জ, প্লাসিড এবং রিয়া-এর সাথে দ্বিপাক্ষিক রেমিট্যান্স আহরণ চুক্তি স্বাক্ষর করেছে। ব্যাংকটি ২০১৬ সালে ২৩৬.০ মিলিয়ন টাকার রেমিট্যান্স সংগ্রহ করে।

সিএসআর : ২০১৬ সালে ব্যাংকটি সিএসআর কার্যক্রমের আওতায় ৪৩.১ মিলিয়ন টাকা প্রদান করেছে।

অটোমেশন : কোর ব্যাংকিং সফটওয়্যারের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা ছাড়াও ব্যাংকটিতে একটি ডাটা সেন্টার চালু করা হয়েছে এবং একটি ডিজাস্টার রিকভারী সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। ব্যাংকটিতে অভ্যন্তরীণ পোর্টাল (কর্পোরেট) এর মাধ্যমে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম চালু আছে। মিডল্যান্ড ব্যাংক ইতোমধ্যে সরকারি ইউটিলিটি বিল সংগ্রহের জন্য বিভিন্ন অনলাইন গেটওয়ের সাথে অন্তর্ভুক্ত রয়েছে। সম্প্রতি বিইএফটিএন ও আরটিজিএস-এর মাধ্যমে অর্থ প্রেরণ, বিআরটিএর বিল গ্রহণ,ই-জিপি'র মাধ্যমে টেন্ডার জমা নেয়া, অনলাইনে গ্রাহকের মতামত ইত্যাদি কার্যক্রম সংযুক্ত হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৬ সালে ৭৯৪৩ জন নারী উদ্যোক্তাকে ৩৮৬.৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৩১৬০ জন নারী উদ্যোক্তার বিপরীতে বিতরণকৃত ১৫২.১ মিলিয়ন টাকার তুলনায় ৬০.৭ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকটি অধিক সংখ্যক জনগনকে ব্যাংকিং সেবার আওতায় আনার জন্য ২০১৭ সালে এজেন্ট ব্যাংকিং চালু করেছে। এছাড়া, ব্যাংকের নিজস্ব তথ্যপ্রযুক্তি খাতে নিরাপত্তা ব্যবস্থার উন্নতির জন্য এ খাতে আরো বিনিয়োগের পরিকল্পনা আছে। নারী উদ্যোক্তাদের ব্যাংকিং-এর আওতায় আনার প্রয়োজনে ওপেন লোন বিতরণের মাধ্যমে ঋণ সুবিধা প্রদানসহ মোবাইল অ্যাপসের মাধ্যমে ব্যাংকিং সেবা এবং EMV সংযুক্ত ভিসা ডেবিট ও ক্রেডিট কার্ড চালু করেছে।

সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড

www.sbacbank.com

সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর অধীনে ২৫ মার্চ ২০১৩ তারিখে ব্যাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণপূর্বক তফসিলভূক্ত ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়িয়েছে ৫৪ টি তে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির উভয়ক্ষেত্রে ০.৪ শতাংশ। ব্যাংকের আমানত ২০১৫ সালের তুলনায় ২৪.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৮৩৩৭.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩০.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩০১৭৪.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ৭৮.৭ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.০ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির তারল্য ১২.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৫৩৩৩.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম ৩৩০১৯.৯ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪০.২ শতাংশ। শিল্প ঋ ণ ২০১৫ সালের তুলনায় ১৫.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩২৮৭.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৫৩.২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩৫৮২.৮ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১১.৯ শতাংশ।

এসএমই : ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে এসএমই খাতের অবদান ৩৪.৬ শতাংশ, যার পরিমাণ প্রায় ৪৫৯১.৩ মিলিয়ন টাকা। মূলতঃ শাখা সম্প্রসারণ ও নতুন গ্রাহক সৃষ্টির কারণে এসএমই খাতে ঋণ বৃদ্ধি ঘটেছে। ২০১৬ সালে ভোক্তা ঋণের অংশ মোট ঋণের ২.৩ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.১ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১০৯.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৯৪.৭মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্টঃ ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



সিএসআর : ২০১৫ সালে সিএসআর বাবদ ব্যয়িত অর্থের পরিমাণ ছিল ৬.৬ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে কর পরবর্তী মুনাফা বৃদ্ধি পাওয়ার কারণে বেড়ে ৩২.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৬ সালে নারী উদ্যোক্তা খাতে ব্যাংকটি ২০৮.৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যা ২০১৫ সালের বিতরণকৃত ২২.৪ মিলিয়ন টাকার তুলনায় ৮৩২.১ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : দূরবর্তী ও অনগ্রসর এলাকায় ব্যাংকিং সেবা সম্প্রসারিত করার লক্ষ্যে সারা দেশে শাখা বিস্তার করাই ব্যাংকটির অন্যতম প্রধান কাজ। কর্পোরেট লোন, রিটেইল লোন, এসএমই ও কৃষি ঋণ এবং নারী উদ্যোক্তাদের ঋণ প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরিকল্পনা রয়েছে। আইটি পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে, আইটিভিত্তিক উদ্ভাবনী পণ্য ও বিকল্প ডেলিভারি চ্যানেল প্রবর্তনের দ্বারা পণ্য ও পরিষেবার বিবিধকরণ এবং রেমিট্যান্স সেবা বৃদ্ধিকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ অনাবাসীদের জন্য নতুন পণ্যের উদ্ভাবন করার চেষ্টা রয়েছে ব্যাংকটির।

এনআরবি গ্লোবাল ব্যাংক

www.nrbglobalbank.com

এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড ২৫ জুলাই ২০১৩ তারিখে অনুমোদন লাভ করে। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত ৩৭ টি শাখা রয়েছে।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির উভয়ক্ষেত্রে ০.৫ শতাংশ। ব্যাংকের আমানত ২০১৫ সালের তুলনায় ৬০.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪২৮৮০.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৬.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৫১৩৮.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ৮১.৯ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৯.০ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির তারল্য ৫০.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩১৫.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৫১৪৫.৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অবদান ১৬.২ শতাংশ । শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৬ সালে ৫৭০১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্প ঋণের অবদান ৬৩.৪ শতাংশ।

এসএমই : ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই খাতের অবদান ৩৬.৫ শতাংশ। ২০১৬ সালে এসএমই খাতে ঋণ বিতরণ ৭৫.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ০.৫৩ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৬ সালে ১৮৭.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্টঃ ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



রেমিট্যান্স : রেমিট্যান্স সংগ্রহের জন্য XpressMoney,Western Union, RIA, Transfast, Turbo Cash, Tranglo এর সাথে ব্যাংকটি চুক্তিবদ্ধ। রেমিট্যান্স সংগ্রহ ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে বৃদ্ধি পেয়েছে ৩৫০ শতাংশ।

সি এস আর : ২০১৫ সালে ব্যাংকটি সি এস আর কার্যক্রমের আওতায় ২৫.৮ মিলিয়ন টাকা ব্যয় করে এবং ২০১৬ সালে তা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৩৯.০ মিলিয়ন টাকায় । দেশব্যাপী ব্যাংকটির গ্রাহক সংখ্যার বৃদ্ধির সাথে সামাজিক দায়বদ্ধতার পরিসরও বেড়েছে।

অটোমেশন : প্রতিষ্ঠালগ্ন থেকেই ব্যাংকটি সম্পূর্ণ কম্পিউটারাইজড এবং অনলাইন এর মাধ্যমে কাজ করে যাচ্ছে। ২০১৬ সালে SMS Banking,Online reporting, Trade Finance Implemention, IT Service automation, সঞ্চয়পত্র automation এর কাজ সম্পন্ন হয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও সরকারের রূপকল্প -২০২১ অনুযায়ী অনুসৃত নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে ব্যাংকটি তার কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। ব্যাংকটি Non Resident Bangladeshi (NRB) দের জন্য বিশেষায়িত প্রোডাক্ট প্রচলন এবং প্রতিটি শাখায় NRB সহায়তাডেস্ক গঠন করেছে। সমন্বিত আর্থিক অন্তর্ভুক্তিকরণ কর্মসূচির আওতায় ব্যাংকটি ব্যাংকের সকল শাখায় স্কুল ব্যাংকিং কার্যক্রমকে বিশেষভাবে তদারকি করাসহ সংশ্লিষ্ট এলাকাসমূহে স্কুল বাছাই করে স্কুল ব্যাংকিং কার্যক্রম আরো জোরদার করার পরিকল্পনা নেয়া হয়েছে ।

মধুমতি ব্যাংক লিমিটেড

www.modhumotibankltd.com

মধুমতি ব্যাংক লিমিটেড বেসরকারি ব্যাংক হিসেবে ৯ জুন ২০১৩ তারিখে ব্যাংক কোম্পানি আইন অনুযায়ী বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংকিং ব্যবসা পরিচালনার জন্য অনুমোদন পায়। ব্যাংকের ২০১৬ সালের শেষে মোট শাখার সংখ্যা ২৩টিতে দাঁড়ায়।

২০১৬ সালে মধুমতি ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতি ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির উভয়ক্ষেত্রে ০.২ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৩৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৩৩০৩.৭ মিলিয়ন এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ৭২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৭১৩৮.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ৭৪ শতাংশ। মূলতঃ শাখা সম্প্রসারণ এবং ব্যাংকের আমানতকারী বৃদ্ধির কারণেই আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.০ শতাংশ। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাত ভিত্তিক অবদান চার্টে দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম ১৬৪৭৪.৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪৫.২ শতাংশ। ২০১৫ সালের তুলনায় ব্যাংকের শিল্প ঋণের বিতরণের পরিমান ১২.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭৪৫১.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মধুমতি ব্যাংক কর্তৃক বৃহৎ শিল্পে ২৯৩৪.১ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

এসএমই : ২০১৬ সাল শেষে ব্যাংকের এসএমই খাতে বিতরণকৃত ঋণের স্থিতি ৪৬৮০ মিলিয়ন টাকা, যা মোট ঋণ ও অগ্রিমের ২৭ শতাংশ।

কৃষিঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ০.৮১ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৯৫.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩৩.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্টঃ ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



গ্রিন ব্যাংকিং : ২০১৬ সালে ব্যাংকের গ্রিন ব্যাংকিং কার্যক্রমের আওতায় ১০০ মিলিয়ন টাকা ঋণ অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে ব্যাংকটি গ্রিন ব্যাংকিংএর আওতায় সোলার হোম সিস্টেমে অতিরিক্ত আরও ২২.৫ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

রেমিট্যান্স : ২০১৬ সাল শেষে ব্যাংক বিভিন্ন রেমিট্যান্স হাউস-এর মাধ্যমে ১২০ মিলিয়ন টাকার বৈদেশিক রেমিট্যান্স স্বদেশে পৌঁছে দিতে সক্ষম হয়।

সিএসআর : ২০১৬ সালে মধুমতি ব্যাংক সিএসআর খাতে মোট ৩৪.৫ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

অটোমেশন : মধুমতি ব্যাংক আন্তর্জাতিক মান সম্পন্ন আইসিটি সরঞ্জাম স্থাপনের মাধ্যমে গ্রাহকদের পণ্য এবং পরিষেবা প্রদানের উদ্যোগ নিয়েছে। ব্যাংকটি অপারেশনের প্রথম থেকে কেন্দ্রীয় তথ্য কেন্দ্র এবং কোর ব্যাংকিং দিয়ে যাত্রা শুরু করে। শাখা নেটওয়ার্ক সম্প্রসারণ এর পাশাপাশি আইসিটি বিভাগের বিভিন্ন চ্যানেলের দ্বারা সমস্ত প্রযুক্তিগত সুবিধা প্রদান করা হয়।

নারী উদ্যোক্তা : দেশের অর্থনীতিতে নারীদের সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকটি বিশেষ সুবিধায় নারী উদ্যোক্তাদেরকে ঋণ বিতরণ কার্যক্রম চালু করেছে। ২০১৬ সালে ব্যাংক ২২ জন নারী উদ্যোক্তার বিপরীতে মোট ৬০.১ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকিং জগতের সকল চ্যালেঞ্জকে বিবেচনায় রেখে দক্ষ লোকবল নিয়োগের মাধ্যমে ব্যাংকটি কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। বর্তমান প্রেক্ষাপটে বড় চ্যালেঞ্জ হচ্ছে ব্যাংকের সহায়ক/ পরিপূরক সেবা বৃদ্ধি এবং ঋণের গুণগত মান বজায় রাখা। এ লক্ষ্যে ব্যাংকটি ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করতঃ ঋণের শ্রেণি করণ সহনীয় পর্যায় রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাওয়ার উদ্যোগ গ্রহণ করেছে।

এন আর বি ব্যাংক লিমিটেড

www.nrbbankbd.com

প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীদের সমন্বয়ে গঠিত এন আর বি ব্যাংক লিমিটেড ২৮ মে ২০১৩ তারিখে প্রাইভেট সেক্টরে চতুর্থ প্রজন্মের ব্যাংক হিসেবে যাত্রা শুরু করেছে। ব্যাংকটির প্রধান উদ্দেশ্য হচ্ছে প্রবাসী বাংলাদেশীদের বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে উৎসাহিত করা এবং অন্যতম প্রধান আর্থিক প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হওয়া।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতি ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির উভয়ক্ষেত্রে ০.২ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৩০.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৭৪৬৫.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২৫৮৯.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ৭২.১ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৩ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৬৬.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪০১৪.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্টে দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১০৫৭৪.৩ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৬০.৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৩৮৪.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩৬.১ শতাংশ । বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১০৭৭.৪ মিলিয়ন টাকা, বেসিক মেটাল/ স্টীল খাতে বিতরণকৃত ঋণ ৮৫০.০ মিলিয়ন টাকা এবং বৈদ্যুতিক সরঞ্জাম ও যন্ত্রপাতি খাতে বিতরণকৃত ঋণ ২৭৯.৬ মিলিয়ন টাকা।

এসএমই : ২০১৬ সালে এসএমই খাতের ঋণ বিতরণের পরিমাণ ৪৬৩৩.৩ মিলিয়ন টাকা যা ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের ৪৩.৮ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৯.৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

চার্টঃ ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ : ২০১৬ সালে কৃষি ঋণ বিতরণের পরিমাণ ৬৬০ মিলিয়ন টাকা যা ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের ৬.২ শতাংশ। মূলতঃ এন. জি. ওর. মাধ্যমে নতুন কৃষি ঋণ বিতরণের কারণে কৃষি ঋণ বিতরণে বৃদ্ধি ঘটেছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৬ সালে ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ১০৭৫.১৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের ১০.২ শতাংশ।

রেমিট্যান্স : ২০১৫ সালে রেমিট্যান্সের পরিমাণ ছিল ৮২৯.২ মিলিয়ন টাকা, যা ২০১৬ সালে ১৫৩৭.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে ।

সিএসআর : ২০১৬ সালে সি এস আর খাতে ব্যাংকটি মোট ৮.৫ মিলিয়ন টাকা ব্যয় করেছে । এনআরবি ব্যাংক লিমিটেড সক্রিয়ভাবে বিভিন্ন ধরনের সিএসআর কার্যক্রমে অংশগ্রহণ করে থাকে যার মধ্যে শিক্ষা, নিরাপত্তা ও দুর্যোগ ব্যবস্থাপনা খাত অন্যতম।

অটোমেশন : এনআরবি ব্যাংক লিমিটেড শুরু থেকেই ওরাকল ইউবিএস কোর ব্যাংকিং সফটওয়্যার এর মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। ব্যাংকটি ২০১৩ সাল থেকে গ্রাহকদের এটিএম কার্ড প্রদান শুরু করে এবং ইলেকট্রনিক বিবরণী দেওয়া শুরু করে । এছাড়া, ব্যাংকের প্রতিটি শাখা প্রথম থেকেই অন-লাইনে গ্রাহকদের ব্যাংকিং সেবা প্রদান করে আসছে।

নারী উদ্যোক্তা : ২০১৬ সালে ৪ জন নারী উদ্যোক্তার অনুকূলে মোট ৩৫৬.৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা ২০১৫ সালের ৪ জন নারী উদ্যোক্তার অনুকূলে বিতরণকৃত ২৫০.০ মিলিয়ন টাকার তুলনায় ৪২.৭ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : বাংলাদেশে স্থায়ী ও অস্থায়ীভাবে বসবাসরত সাধারণ ভোক্তা, প্রাতিষ্ঠানিক গ্রাহক, এস.এম.ই, নারী উদ্যোক্তা, কৃষি, গ্রিন ব্যাংকিং ইত্যাদিসহ অর্থনীতির প্রতিটি ক্ষেত্রে ব্যাংকটি একটি গ্রহণযোগ্য ও মানসম্মত আর্থিক প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠিত হওয়ার চেষ্টা করছে। ব্যাংকটির সফলতার মূলে রয়েছে মানসম্মত সেবা, দক্ষ জনবল, সর্বপ্রকার আধুনিক প্রযুক্তির সমন্বয় ।

এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

www.nrbcommercialbank.com

১৮ এপ্রিল ২০১৩ তারিখে এনআরবি কমার্শিয়াল ব্যাংক চতুর্থ প্রজন্মের ব্যাংক হিসেবে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। মার্চ ২০১৭ পর্যন্ত ব্যাংকটির মোট ৫১ টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৬ টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতি ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির উভয়ক্ষেত্রে ০.৫ শতাংশ। ব্যাংকের আমানত ২০১৫ সালের তুলনায় ৫২.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৪২১৮.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৬১.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৭৪০৭.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ৮৪.৬ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.০ শতাংশ ছিল। ২০১৬ সালে ব্যাংকটি তারল্যের স্থিতি ১১৬.৩ মিলিয়ন টাকা রাখতে সমর্থ হয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্টে দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৫৭৩৩.৪ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৭৪.৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৬ সালে ১৯১৮০.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৫০.৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩০১৪.১ মিলিয়ন, টেক্সটাইল খাতে বিতরণকৃত ঋণ ১৮৯৫.৩ মিলিয়ন টাকা এবং অন্যান্য উৎপাদনশীল শিল্প খাতে বিতরণকৃত ঋণ ৪৮০৬.০ মিলিয়ন।

এসএমই ঋণ : ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ২৩.৮ শতাংশ। এসএমই খাতে ঋণ বিতরণ ২০১৬ সালে ৬১১৬.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্টঃ ২০১৬ সালের মোট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ : ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.৪ শতাংশ। এনআরবি কমার্শিয়াল ব্যাংক তাদের কৃষি ঋণের বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা করে কৃষি ঋণ বিতরণ করে থাকে। কৃষি ঋণ স্থিতির পরিমাণ ২০১৫ সালে ছিল ৫২৫.৯ মিলিয়ন টাকা, যা ২০১৬ সালে বৃদ্ধি পেয়ে ৭৭৩.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি অর্থবছর ২০১৬ এ গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৪৭.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

গ্রিন ব্যাংকিং : এনআরবি কমার্শিয়াল ব্যাংক ২০১৬ সালে গ্রিন ফাইন্যান্স এর আওতায় ৪৬২.৩ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

রেমিট্যান্স : এনআরবি কমার্শিয়াল ব্যাংকের ২০১৬ সালের অন্তর্মুখী রেমিট্যান্স ৪০৯.৭ মিলিয়ন টাকা, যা ২০১৫ সালের তুলনায় ১০.৪ মিলিয়ন টাকা বেশি। ব্যাংকটি Western Union, Xpress Money, RIA, Money Gram and Placid ৫টি এজেন্ট এর মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

সিএসআর : ২০১৬ সালে এ খাতে মোট ১৩.৩৩ মিলিয়ন টাকা ব্যয় করা হয়েছে, যা ২০১৫ সালের ব্যয়িত ১৫.৩ মিলিয়ন টাকার তুলনায় ১২.৯ শতাংশ কম।

অটোমেশন : প্রতিষ্ঠাকাল সময় হতে এনআরবি কমার্শিয়াল ব্যাংক পরিপূর্ণভাবে অটোমেটেড ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করেছে। ব্যাংকটি শুরু থেকে কোর ব্যাংকিং সফটওয়্যার এর মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে।

নারী উদ্যোক্তা : ২০১৬ সালে ৩৪ জন নারী উদ্যোক্তাকে ১৩৩.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

ইউনিয়ন ব্যাংক লিমিটেড

www.unionbank.com.bd

ইউনিয়ন ব্যাংক লিমিটেড ২০ মে ২০১৩ তারিখে যাত্রা শুরু করে। ব্যাংকটির মার্চ ২০১৭ পর্যন্ত মোট ৫৮টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৬টি।

২০১৬ সালে ব্যাংকের আমানত এবং বিনিয়োগ স্থিতি ব্যাংকিং খাতের মোট আমানত এবং বিনিয়োগ স্থিতির যথাক্রমে ০.৮ শতাংশ ও ০.৯ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকের আমানত এবং বিনিয়োগের গড় মুনাফা হার ব্যবধান (Spread) ছিল ৫.৪ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকের তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ২১ শতাংশ হ্রাস পেয়ে ৬৩৭০.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাত ভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

৪. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে প্রবাসী কল্যাণ ব্যাংক এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) স্বাক্ষর হয়েছে। উক্ত চুক্তি অ নুযায়ী ২০১৬-১৭ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৭০০.০০ মিলিয়ন টাকা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১.০৩.২০১৭ তারিখ পর্যন্ত প্রবাসী কল্যাণ ব্যাংকের অর্জন ৫৯৫.৬০ মিলিয়ন টাকা; অর্জনের হার ৮৫%।

৫. ২০১৬-১৭ অর্থবছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫০০.০০ মিলিয়ন টাকা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১.০৩.২০১৭ তারিখ পর্যন্ত অর্জন ৪৪৬.৪০ মিলিয়ন টাকা; অর্জনের হার ৮৯%।

৬. ২০১৬-১৭ অর্থবছরে কর ও প্রভিশন পরবর্তী মুনাফার লক্ষ্যমাত্রা ১৩০.০০ মিলিয়ন টাকা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১.০৩.২০১৭ তারিখ পর্যন্ত অর্জন ৭০.৭০০ মিলিয়ন টাকা; অর্জনের হার ৫৪%।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

www.ansarvdpbank.gov.bd

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন ১৯৯৫ (১৯৯৫ সনের ২১ নং আইন) এর মাধ্যমে দেশের প্রায় ৬.১ মিলিয়ন ভূমিহীন, বিত্তহীন ও নিম্নবিত্ত আনসার ও ভিডিপি সদস্যের কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনের মাধ্যমে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠিত হয়। ব্যাংকটির অনুমোদিত মূলধন ১০০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১০৭৬ মিলিয়ন টাকা। ব্যাংকটির পরিশোধিত মূলধনের শতকরা ২৫ ভাগ বাংলাদেশ সরকারের শেয়ার এবং অবশিষ্ট ৭৫ ভাগ আনসার ও ভিডিপি সদস্যদের। ব্যাংকের বর্তমান শাখার সংখ্যা ২৩৯টি, আরো ২০টি শাখা খোলার পরিকল্পনা রয়েছে।

ব্যাংকের আমানত ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ৬৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৩৭০৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ৭৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৫৯৭৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মহিলা এবং প্রবাসীদের আমানতকে উৎসাহিত করার জন্য নতুন আমানত প্রোডাক্ট ''নারী আমানত'' এবং ''প্রবাস'' (প্রবাসী বাংলাদেশী সঞ্চয়) আমানত চালু করা হয়েছে এতে সুদের হার সাধারণ সঞ্চয়ী হিসাবে প্রদত্ত সুদের চেয়ে অধিক। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক খাত ভিত্তিক অবদান নিম্নে চার্ট এ দেখানো হলোঃ-

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৫-১৬ অর্থবছরে মোট বিতরণকৃত ৩২৭৯.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৩৬.৭ শতাংশ। আনসার প্রণোদনা কৃষি ভিত্তিক প্রকল্পে চলতি মূলধন ও ব্যবসায় নগদ ঋণ নামে একটি ঋণ কর্মসূচী চালু রয়েছে। ব্যাংকের পরীক্ষিত ঋণগ্রহীতা যারা দুই বা ততোধিকবার ঋণ গ্রহণ করে যথানিয়মে ঋণ পরিশোধ করেন তাদেরকে তুলনামূলক কম সুদে এ ঋণ প্রদান করা হয়। ২০১৫-১৬ অর্থবছরে শিল্প ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ১২০৫ মিলিয়ন ও ৮৩২ মিলিয়ন টাকা।

এসএমই ঋণ : ব্যাংকের নিজস্ব তহবিল হতে পরিচালিত ২০১৫-১৬ অর্থবছরে মোট ঋণের মধ্যে এসএমই এর অবদান ৩০ শতাংশ যা ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ২৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৬৮১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৫-১৬ অর্থবছরে ব্যাংকের মোট ঋণ ও অগ্রীমের মধ্যে কৃষি ঋণের অংশ ৫৫.১ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় প্রায় ৩৩৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ১৮০৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলত নতুন শাখা ও নতুন নতুন সদস্য অন্তর্ভুক্তির কারণে কৃষি ঋণের বৃদ্ধি ঘটেছে।

ক্ষুদ্র ঋণ : ব্যাংক প্রধানতঃ ভূমিহীন, বিত্তহীন ও নিম্নবিত্ত আনসার/ভিডিপি সদস্যাদের মাঝে গ্রুপভিত্তিক জামানতবিহীন ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। ব্যাংকের প্রধান খাত ক্ষুদ্র ঋণের সীমা ০.০৫ মিলিয়ন টাকা এবং এর ধারাবাহিকতায় ২০১৪-১৫ অর্থবছরে ক্ষুদ্র ঋণের পরিমান যথাক্রমে ১৮৯০ মিলিয়ন টাকা থেকে ১৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ১৬১৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রীন-ব্যাংকিং : সৌর বিদ্যুৎ প্রকল্প এবং বায়ো গ্যাস প্ল্যান্ট খাতে ঋণ বিতরণের জন্য মাঠ পর্যায়ে ঋণ বিতরণ চালু করা হয়েছে।

রেমিট্যান্স : রেমিট্যান্সের পরিমাণ ২০১৪-১৫ অর্থবছরের ৪.৫ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৩.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন : ব্যাংকটির ২২টি শাখায় CBS এর আওতায় অটোমেশন করার কাজ সম্পন্ন হয়েছে। জুন ২০১৭ এর মধ্যে মোট ৬৬টি শাখা অটোমেশনের আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৫-১৬ অর্থবছরে ৩৫৩৮২ জন নারী উদ্যোক্তাকে ১৯৮৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৪-১৫ অর্থবছরের ৩৪৯৪০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১২৭৬ মিলিয়ন টাকার তুলনায় ৫৬ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : সারা দেশের ৬.১ মিলিয়ন আনসার ও ভিডিপি সদস্য (যার অর্ধেক নারী) এর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও স্বাবলম্বি করে তোলার লক্ষ্যে বতমানে পরিচালিত ২৩৯ টি শাখা পর্যায়ক্রমে দেশের প্রতি উপজেলায় পরিব্যাপ্ত করা হবে। রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংক ও অন্যান্য প্রাতিষ্ঠানিক আমানত সংগ্রহের মাধ্যমে বতমানে ব্যাংক টি ঋণ দান কর্মসূচী বাস্তবায়ন করছে বাংলাদেশ ব্যাংক থেকে বাড়তি তহবিল ও সরকারের নিকট থেকে বর্ধিত মূলধন/তহবিল প্রাপ্তির বিষয়টিও প্রক্রিয়াধীন রয়েছে। সরকারের মাধ্যমে ব্যাংকটির জন্য নিজস্ব ভবন/ফ্লোর নেয়ার প্রচেষ্টা চলছে।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

www.bsbl.org.bd

১৯৪৮ সালে প্রতিষ্ঠিত ইস্ট পাকিস্তান প্রভিনশিয়াল কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড স্বাধীনতার পর ১৯৭২ সালে বাংলাদেশ জাতীয় সমবায় ব্যাংক নামে এবং পরবর্তীতে ১৯৭৮ সালে বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড (বিএসবিএল) নামে আত্মপ্রকাশ করে। বর্তমানে বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ অনুযায়ী পরিচালিত। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন সমবায় অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড সমবায়ীদের জন্য একটি আর্থিক প্রতিষ্ঠান। অধিকন্তু, ক্লিয়ারিং হাউজের সদস্য হিসেবে বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে এ ব্যাংক কাজ করে থাকে।

ব্যাংকের আমানত স্থিতি ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ২২.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ১২৯.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৪-১৫ অর্থ বছরের তুলনায় ১৬.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ১৪৩০.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ব্যাংকিং কার্যক্রম বৃদ্ধি পাওয়ার কারণে আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৫-১৬ অর্থবছরে ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৯ শতাংশ এবং তারল্যের স্থিতি গত অর্থবছরের তুলনায় ৫৮.০ শতাংশ হ্রাস পেয়ে ৩১৭.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

কৃষি ঋণ : কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪-১৫ অর্থবছরের ৪৪.২ মিলিয়ন টাকা হতে ৫০.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৬৬.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৫-১৬ অর্থবছরে ১৫২ জন নারী উদ্যোক্তাকে ৬.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা ২০১৪-১৫ অর্থবছরে ২০৯ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ১১.৭ মিলিয়ন টাকা।

অটোমেশন : ২০১০ সালের জুন মাস থেকে ব্যাংকের সকল কার্যক্রম সফটওয়্যার ভিত্তিক অটোমেশনের আওতায় আনা হয়েছে।

অন্যান্য কার্যক্রম : ব্যাংকটি চলতি, সঞ্চয়ী ও স্থায়ী আমানত হিসাব খোলা, পে-অর্ডার, নগদ টাকা উত্তোলনের জন্য অটোমেটিক ক্লিয়ারিং হাউসের এমআইসিআর চেক সুবিধাসহ বিভিন্ন কাজ করে থাকে। দেশের দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ২০১৬ সালে বিভিন্ন সমবায় সমিতির মাধ্যমে ১৪৩০ জন সদস্যকে ৫৮.২ মিলিয়ন টাকা প্রকল্প ভিত্তিক ঋণ প্রদান করা হয়েছে। ২০১৬ সালে ১২৮৫ জন সদস্যকে ২৪৬.৮ মিলিয়ন টাকা ভোক্তা এবং ৬৭১ জন সদস্যকে ১৬৫.৬ মিলিয়ন টাকা ব্যক্তিগত ঋণ প্রদান করা হয়েছে।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের খাতভিত্তিক অবদান



ভবিষৎ পরিকল্পনা : বর্তমান বিশ্বায়নের যুগে বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের রূপকল্প ২০২১ এবং ৭ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে বিভিন্ন জনকল্যাণমুখী কাজ করছে। ব্যাংকিং কার্যক্রমে তথ্য-প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বেশ কিছু কার্যক্রম গ্রহণ করেছে এবং ব্যাংকের চলমান কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহার আগামী দিনগুলিতে আরো সম্প্রসারিত হবে।

গ্রামীণ ব্যাংক

www.grameen.com

ক্ষুদ্রঋণ কার্যক্রমকে একটি প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার লক্ষ্যে ১৯৭৬ সালে ড. মুহাম্মদ ইউনূস এর নেতৃত্বে গ্রামীণ ব্যাংক প্রকল্প নামে একটি প্রায়োগিক কার্যক্রম শুরু হয়। ঐ প্রকল্পটির সফল বাস্তবায়নের প্রেক্ষিতে এক পর্যায়ে ১৯৮৩ সালের অক্টোবর মাসে বিশেষ অধ্যাদেশ বলে প্রকল্পের অবয়ব থেকে একটি বিশেষায়িত ব্যাংক হিসেবে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা লাভ করে। বর্তমানে গ্রামীণ ব্যাংকের কার্যক্রম "গ্রামীণ ব্যাংক আইন ২০১৩" দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়ে আসছে। কোন প্রকার জামানত ব্যতীত গ্রামীণ ব্যাংক ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠীকে ক্ষুদ্র ঋণ দিয়ে থাকে। ঋণের টাকা সাপ্তাহিক কিস্তিতে পরিশোধ করা হয় এবং ব্যাংকের যাবতীয় আর্থিক লেনদেন সাপ্তাহিক কেন্দ্র বৈঠকের মাধ্যমে সম্পন্ন করা হয়।

ব্যাংকের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৫.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৯৯৮০৭.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১৮২৪৩.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ৫৯.২ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রীমের গড় সুদহার ব্যবধান ছিল ১২.৩ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১২৮.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

উল্লেখ্যযোগ্য কার্যক্রম

ক্ষুদ্র ঋণ : গ্রামীণ ব্যাংক ২০১৫ সালে ১৪৯২২৭.৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৫.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৮৭৫৩২.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে ৯৪৮৩১ জন নতুন সদস্য অন্তর্ভুক্ত হওয়ায় এবং পুরানো সদস্যদের ঋণের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় ২০১৬ সালে ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে ।

গৃহ ঋণ : বাসস্থান মানুষের মৌলিক চাহিদাগুলোর অন্যতম। সে লক্ষ্যকে বাস্তবায়নের জন্য ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ৬৯৭১৬৮টি গৃহ নির্মাণের জন্য ৮ শতাংশ সুদে ৯৩৬২.১ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে।

সংগ্রামী (ভিক্ষুক) সদস্য : সুদমুক্ত ঋণ কর্মসূচির আওতায় গ্রামীণ ব্যাংক ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ১০৩১৫৭ জন ভিক্ষুক সদস্যদের মধ্যে ১৭৬.১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। শর্তহীনভাবে বিতরণকৃত এ ঋণ গ্রহীতারা তাঁদের সুবিধা অনুযায়ী আয়ের মাধ্যমে ঋণ পরিশোধ করে থাকেন। মৃত্যুবরণকৃত সদস্যের ঋণ গ্রামীণ ব্যাংক নিয়ম অনুযায়ী মওকুফ করে দেয়। ভিক্ষুকদের সামাজিক মর্যাদা দেয়ার জন্য গ্রামীণ ব্যাংক এ কর্মসূচিকে 'সংগ্রামী সদস্য কর্মসূচি' হিসেবে নামকরণ করেছে।

উচ্চশিক্ষা ঋণ : উচ্চ শিক্ষায় উৎসাহিত করার লক্ষ্যে প্রতি বছর সম্মানিত সদস্যদের প্রায় ২৩ হাজার ছেলেমেয়েকে স্কুল ও কলেজ পর্যায়ে গ্রামীণ ব্যাংক ৫টি ক্যাটাগরিতে ৪৭.৫ মিলিয়ন টাকারও বেশি বৃত্তি দিয়ে থাকে। এক্ষেত্রে, মেয়েদের অগ্রাধিকার দেয়া হয়। গরিব সদস্যের মেধাবী সন্তানেরা যাতে উচ্চ শিক্ষা থেকে ঝরে না পড়ে সে লক্ষ্যে গ্রামীণ ব্যাংক উচ্চ শিক্ষাঋণ কর্মসূচি চালু করেছে। সদস্যদের ছেলেমেয়ে যারা শিক্ষার তৃতীয়স্তরে সফলতার সহিত প্রবেশ করে তাদের মধ্যে উচ্চ শিক্ষা ঋণ প্রদান করা হয়। শিক্ষাকালীন সময়ে এ ঋণ সুদমুক্ত। লেখাপড়া শেষ হবার পর এ ঋণের সুদের হার ৫ শতাংশ। ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ৫৩৬৪৫ জন ছাত্র শিক্ষা ঋণ গ্রহণ করেছে। উচ্চ শিক্ষা ঋণ বাবদ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত অনুমোদিত ঋণের পরিমাণ ৪৫৮৩.০ মিলিয়ন টাকা, বিতরণকৃত ঋণের পরিমাণ ৩৬৭৯.৫ মিলিয়ন টাকা এবং আদায়যোগ্য ঋণের পরিমাণ ২৫৯৬.৫ মিলিয়ন টাকা।

পল্লী ফোন : গ্রামীণ ব্যাংকের সদস্যদের মধ্যে পল্লীফোন বিতরণের কর্মসূচি অব্যাহত রয়েছে। ২০১৬ এর ডিসেম্বর পর্যন্ত ১৬৮৮৯৫৬টি পল্লীফোন বিতরণ করা হয়েছে। এ মোবাইল ফোনের বদৌলতে দেশের অভ্যন্তরে ও বিশ্বের বিভিন্ন স্থানের সাথে দ্রুত যোগাযোগ করা সম্ভব হচ্ছে। বাংলাদেশের প্রায় সর্বত্র এ সুবিধা বিস্তৃত রয়েছে।

ঋণ বীমা : গ্রামীণ ব্যাংকের সদস্যদের মৃত্যুর পর ঋণ ও সুদ মওকুফ করার জন্য ঋণ বীমা সঞ্চয় তহবিল রয়েছে। বীমাভুক্ত কোন সদস্য মারা গেলে এ তহবিল থেকে সদস্যের বকেয়া ঋণ ও সুদ পরিশোধ করে দেয়া হয়। গ্রামীণ ব্যাংক সদস্যের স্বামীদেরও এ কর্মসূচির আওতায় এনেছে। ২০১৬ এর ডিসেম্বর পর্যন্ত ঋণবীমা কর্মসূচিতে অন্তর্ভুক্ত সদস্য ও স্বামী মারা গেছেন ৪১৬৬৯৫ জন। তাঁদের বকেয়া ঋণ ও সুদ বাবদ ৫৪২৪.৮ মিলিয়ন টাকা ঋণ বীমা তহবিল থেকে পরিশোধ করা হয়েছে।

জীবন বীমা : গ্রামীণ ব্যাংকের কোন সদস্য মারা গেলে তাঁর সৎকারের জন্য জীবন বীমা কর্মসূচি থেকে ২০০০ টাকা করে এককালীন অনুদান দেয়া হয়ে থাকে। এ জন্য সদস্যদের কোন টাকা জমা দিতে হয় না। ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ১৮৪৯৪০ জন মৃত সদস্যের উত্তরাধিকারীদের ৩১৫.৭ মিলিয়ন টাকা অনুদান দেয়া হয়েছে।

অটোমেশন : তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে প্রত্যন্ত অঞ্চলে ২৫৬৮টি শাখার হিসাব-নিকাশ কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : গ্রামীণ ব্যাংকের আরো নতুন শাখা খুলে সমগ্র বাংলাদেশে ব্যাংকের কার্যক্রম বিস্তৃত করার পরিকল্পনা রয়েছে।

কর্মসংস্থান ব্যাংক

www.karmasangsthanbank.gov.bd

বেকার জনগোষ্ঠিকে মানব সম্পদে রূপান্তর করার মাধ্যমে দেশের মোট প্রবৃদ্ধিতে কিছুটা অংশগ্রহণের উদ্দেশ্যে ১৯৯৮ সনের ২২ সেপ্টেম্বর এ ব্যাংকের যাত্রা শুরু হয়। দেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ন্যায় মুনাফা অর্জন এ ব্যাংকের মূল লক্ষ্য নয়। এ কারণে পুঁজির অভাব আছে এমন বেকারদের অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প ঋণ দেয়া হয়। ঋণ গ্রহীতা সরাসরি উপকৃত হওয়ার পাশাপাশি প্রকল্পের সাথে সংশ্লিষ্ট অন্য বেকারদেরও কর্মসংস্থানের সৃষ্টি হয়। ব্যাংকটি সম্পূর্ণ সরকারি মালিকানাধীন আর্থিক প্রতিষ্ঠান। ব্যাংকটির তারল্য সরকারি বরাদ্দের উপর নির্ভরশীল। ২০১৬ সাল পর্যন্ত ব্যাংকটি ২৩২টি শাখার মাধ্যমে সমগ্র দেশব্যাপী ব্যাংক ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। ২০১৬ সালে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৭০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৫২০০ মিলিয়ন টাকা।

২০১৪-১৫ অর্থবছরে ব্যাংকের আমানত স্থিতির পরিমাণ ছিল ৩৫৮.৭ মিলিয়ন টাকা যা ২০১৫-১৬ অর্থবছরে ২৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৪৩.৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৬৭৩৪.৬ মিলিয়ন টাকা যা ২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৮০৯১.৫ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৫-৫.৮ শতাংশ। ২০১৫-১৬ অর্থবছরে ব্যাংকটির তারল্যের স্থিতি ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৬৫.৭ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। কর্মসংস্থান ব্যাংকের ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

এসএমই ঋণ : ২০১৫-১৬ অর্থবছরে মোট বিতরণকৃত ঋণ ৫১৯৯.৮ মিলিয়ন টাকার মধ্যে এসএমই খাতে বিতরণের পরিমাণ ২০৯৯.২ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ৪০.৪ শতাংশ।

ক্ষুদ্র ঋণ : ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে বেকারত্বের অবসান ঘটানোই ব্যাংকের মূল লক্ষ্য। তাই এ ব্যাংকের বিতরণকৃত প্রায় সকল ঋণই ক্ষুদ্র ঋণের আওতাভুক্ত। ২০১৫-১৬ অর্থবছরে বিতরণকৃত ক্ষুদ্র ঋণের পরিমাণ ৪০৮২.৩ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ৫১৯৯.৮ মিলিয়ন টাকার ৭৮.৫ শতাংশ।

গ্রিন ব্যাংকিং: বৈশ্বিক আবহাওয়া পরিবর্তনের কারণে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে মুক্ত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী কর্মসংস্থান ব্যাংকে গ্রিন ব্যাংকিং কার্যক্রম প্রবর্তন করা হয়েছে। এ স্কীমের আওতায় বায়োগ্যাস প্রকল্প, সৌরশক্তি চালিত সেচ প্রকল্প, সবুজ বনায়ন, সবুজ সার উৎপাদন ও নার্সারী প্রকল্পে ২০১৫-১৬ অর্থবছরে ১৫ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে যা ২০১৪-১৫ অর্থবছরে ছিল ১৩ মিলিয়ন টাকা।

চার্টঃ ২০১৬ সালে ঋণ ও অগ্রিমের খাতভিত্তিক অবদান



ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ব্যাংকটির ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে প্রস্তাবিত ভবন নির্মাণ, প্রতিটি উপজেলায় কমপক্ষে ১টি শাখা খোলা, কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে জনপ্রতি ৬০ শ্রমঘণ্টা প্রশিক্ষণ প্রদান, ঋণের স্থিতি ১০৫০০ মিলিয়ন টাকায় উন্নীত করা এবং শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাস করা।

প্রবাসী কল্যাণ ব্যাংক

www.pkb.gov.bd

বাংলাদেশের অর্থনীতিতে প্রশংসনীয় অবদান রাখা প্রবাসীদের সার্বিক কল্যাণ সাধনের লক্ষ্যে 'প্রবাসী কল্যাণ ব্যাংক আইন-২০১০' এর মাধ্যমে রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান হিসেবে প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিষ্ঠিত হয়। ব্যাংকটির আনুষ্ঠানিক কার্যক্রম ২০১১ সালে শুরু হয়। এর অনুমোদিত মূলধন ৫০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৫০০ মিলিয়ন টাকা। বিদেশগামী এবং প্রবাস ফেরত কর্মীদের সহজ শর্তে ঋণ প্রদান করাই এ ব্যাংকের মূল উদ্দেশ্য। এছাড়া আধুনিক তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী উপায়ে রেমিট্যান্স প্রেরণে প্রবাসীদের সহায়তা করাও এ ব্যাংকের একটি অন্যতম প্রধান কাজ। বর্তমানে ৫৪ টি শাখার মাধ্যমে এ ব্যাংকের কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ব্যাংকের আমানত ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ২.৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৬১৮.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ৯৭.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৮৬০.৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানতের ১৩৯ শতাংশ। মূলতঃ শাখা সম্প্রসারণের কারণে ঋণ ও অগ্রিমের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৫-১৬ অর্থবছরে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় মুনাফা হার ব্যবধান ৪ শতাংশ। প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

অভিবাসন ঋণ : ২০১৫-১৬ অর্থবছরে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে অভিবাসন ঋণের অংশ ৯৮ শতাংশ। অভিবাসন ঋণের পরিমাণ ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ১০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৮৪২.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শাখা সম্প্রসারণ ও প্রচার প্রচারণা বৃদ্ধির ফলে অভিবাসন ঋণ বৃদ্ধি পেয়েছে।

পুনর্বাসন ঋণ : ২০১৫-১৬ অর্থবছরে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে পুনর্বাসন ঋণের অংশ ১ শতাংশ। পুনর্বাসন ঋণের পরিমাণ ২০১৪-১৫ অর্থবছরের তুলনায় ১৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ১২.৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

সিএসআর : ২০১৪-১৫ অর্থবছরে ব্যাংকটির সিএসআর বাবদ ব্যয়ের পরিমাণ ছিল ১.০ মিলিয়ন টাকা যা ২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ১.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন : প্রবাসী কল্যাণ ব্যাংকের সকল শাখায় Real Time Online Banking পরিচালিত হচ্ছে।

চার্টঃ ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের খাতভিত্তিক অবদান



ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকটি বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংকের অনুমোদন পেলে আগামী পাঁচ বছরে তথ্য-প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে রেমিট্যান্স আনয়নকারী ব্যাংক হিসেবে উল্লেখযোগ্য স্থান অর্জন করতে সক্ষম হবে।

পল্লী সঞ্চয় ব্যাংক

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ গড়ার লক্ষ্যে একটি স্থায়ী সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে ২০১৪ সালে পল্লী সঞ্চয় ব্যাংক পতিষ্ঠিত হয়। সহজ ও সহনীয় শর্তে উপকারভোগীদের ঋণসেবা প্রদানের মধ্য দিয়ে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেয়ার লক্ষ্য নিয়ে ২২ জুন ২০১৬ তারিখে যাত্রা শুরু করেছে পল্লী সঞ্চয় ব্যাংক। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক একযোগে ৩৮৫টি শাখায় ব্যাংকিং কার্যক্রম পরিচালনার অনুমোদন দেয়। একটি বাড়ী একটি খামার প্রকল্পের সাথে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরের মাধ্যমে প্রাথমিক পর্যায়ে চলমান প্রকল্পের লোকবল এবং দায় সম্পদ দ্বারা ৪৮৫টি উপজেলায় প্রতিষ্ঠিত অফিস ভবনেই ব্যাংকের কার্যক্রম স্থায়ীভাবে পরিচালিত হবে। তবে পল্লী সঞ্চয় ব্যাংকের সার্বিক ব্যাংকিং কার্যক্রম এখনও পুরোপুরিভাবে শুরু করা যায়নি। শীঘ্রই আমানত হিসাব খোলার মধ্য দিয়ে সঞ্চয় বৃদ্ধি করে পর্যাপ্ত পরিমাণ ঋণ সুবিধা প্রদানের মধ্য দিয়ে পল্লী সঞ্চয় ব্যাংকের সার্বিক কার্যক্রম চালু হবে বলে আশা করা যায়।

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	অনুমোদিত মূলধন	পরিশোধিত মূলধন	রিজার্ভ ফান্ড	আমানত স্থিতি			ঋণ ও অগ্রিম স্থিতি	বিনিয়োগ	তারল্য (+/-)	শ্রেণীকৃত ঋণ ** (পুঞ্জিভূত)	শ্রেণীকৃত ঋণের** শতকরা হার$	মোট পরিসম্পদ	মোট আয়	মোট ব্যয়	কর্পোরেট ট্যাক্স	প্রভিশন
					চলতি	মেয়াদি	মোট										
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	২০১৫	১০০০,০	৮০৬,০	৪৯৯,০	৫২২,০	১৭৪৬,০	২২৬৮,০	৩৩৯৬,০	১৫৭৭,০	৫৯১,০	১৪৯,০	৪,৪	৫৭৩৭,০	৪৪৪,০	২৯২,০	৫২,০	৩০,০
	২০১৬**	১০০০,০	১০৬২,০	৫০০,০	৯২৮,০	২৭৮১,০	৩৭০৯,০	৫৯৭৯,০	৯২৯,০	৪৪৫,০	৪৫৪,০	৭,৬	৭৮৬০,০	৭১২,০	৪১৮,০	৮১,০	১০৪,০
	মার্চ ২০১৭	১০০০০,০	১০৭৬,০	৫০০,০	৪৬০,০	৪০০৯,০	৪৪৬৯,০	৭৩৩৪,০	১০০৩,০	১১৪,০	৪৫৬,০	৬,২	৯৫১৪,০	৮৪৬,০	৬২৪,০	৪২,০	১২৩,০
	জুন ২০১৭@	১০০০০,০	১০৯৫,০	৫০০,০	৫০০,০	৪৯৮০,০	৫৪৮০,০	৭৭৫০,০	১১০০,০	২৩৫,০	৬০০,০	৭,৭	১০০৬৫,০	১১০০,০	৮০০,০	৮৫,০	৬০,০
বাংলাদেশ সমবায় ব্যাংক	২০১৫	১০০০,০	৫৪,৮	২৬৮৭,৪	৬৩,৫	৪১,৭	১০৫,২	১২২৮,৪	৭,১	৭৫৫,২	০,০	০,০	৪৯২৯,৫	২৪২,০	১২২,৫	৬,০	১০৮,৩
	২০১৬**	১০০০,০	৬০,৫	৫১২,৯	৫৫,৮	৭৩,৩	১২৯,১	১৪৩০,৮	৭,০	৩১৭,৩	০,০	০,০	৪৮১৫,২	২৫৮,৭	১৬৬,৬	৬,০	৩৮,৮
	মার্চ ২০১৭	১০০০,০	৬৪,৯	৫১২,৯	৫৯,২	১২১,২	১৮০,৪	১৫১৬,০	৭,০	১৩৪,৩	০,০	০,০	৫০০৪,৩	১৫৭,১	১৩৮,২	২,০	১০,০
	জুন ২০১৭@	১০০০,০	৬৪,৯	৫১২,৯	৮০,০	৭০,০	১৫০,০	১৫২৯,৯	৮,০	০,০	০,০	০,০	৫০০৫,০	১৬০,০	১৩৯,০	২,০	১৫,০
গ্রামীণ ব্যাংক*	২০১৫	১০০০০,০	৮৩৫,৮	১০৩৯১,৫	৬৮৩৭৬,২	১২১৪২৮,৩	১৮৯৮০৪,৫	৯৬৪২২,৩	২৬৭,০	২,১	১৮৭৪,৫	১,৯	২২০৮৮৫,৪	৩১৩৫১,৭	২৬১৩৩,০	০,০	৫১৯৪,৪
	২০১৬**	১০০০০,০	৮৩৫,৮	১১৪৯১,৮	৭৭৫৪১,৭	১২২২৬৫,২	১৯৯৮০৭,০	১১৮২৪৩,৬	২৩০,৫	৪,৮	৬৫০,৯	০,৬	২২৯৩৬০,৯	৩২১১৫,৫	২৮৭৩২,৮	০,০	১৯৮৯,৮
	মার্চ ২০১৭	১০০০০,০	৮৫৪,১	১১৪৯১,৮	৬৯৫৪৯,৮	১২৩৬৪৪,১	১৯৩১৯৩,৯	১২৫৮৯০,৩	২৬০,৫	৩,৫	৬৪০,৩	০,৫	২৩১৬৫৪,৫	৮১৪৪,৮	৭৫৭০,৪	০,০	৪৯৬,৪
	জুন ২০১৭@	১০০০০,০	৮৫৭,৫	১১৪৯১,৮	৬৯৬৬০,৩	১২৩৮৪০,৬	১৯৩৫০০,৯	১৩১৯৫৪,৪	২৬০,৫	৫,৮	৬১০,৪	০,৫	২৩৩৯৪৮,৮	১৬৯৮২,০	১৫৬৪৫,০	০,০	৯৯২,০
কর্মসংস্থান ব্যাংক	২০১৫	৭০০০,০	৫২০০,০	৬৭৩,৩	২৫১,২	১০৭,৬	৩৫৮,৭	৬৭৫৪,৬	০,০	১৫৯,৩	৬২৫,০	৯,০	৭৯০৪,৩	৭৮২,৪	৪৭৫,২	৮০,৭	১৯৮,১
	২০১৬**	৭০০০,০	৫২০০,০	৭১০,৬	৩২১,৪	১২২,২	৪৪৩,৭	৮০৯১,৫	০,০	১৬৫,৭	৫৭৪,৮	৭,০	৯০৪৪,৭	৮০৬,১	৬৯৪,২	৩৫,২	৬০,১
	মার্চ ২০১৭	৭০০০,০	৫২০০,০	৭১০,১	৪০১,২	৩৫৩,৯	৭৫৫,১	৯০০৩,০	০,০	১৬২,১	৫৭০,৩	৬,০	৯৯৩৩,২	৬৯৪,৪	৬১২,৭	১৫,০	০,০
	জুন ২০১৭@	১০০০০,০	৮০০০,০	৭৪০,০	৪২০,০	৫৮০,০	১০০০,০	৯৮২০,০	০,০	১৬৬,০	৫৬৮,০	৬,০	১০০০০,০	৯২৫,০	৮০৫,০	৬০,০	৪৮,০
প্রবাসী কল্যাণ ব্যাংক	২০১৫	৫০০০,০	১০০০,০	১৫৭,৪	০,০	৬৩৪,৬	৬৩৪,৬	৪৩৫,৫	১৩৪০,৪	১৩৬,৯	০,০	০,০	৫৯,০	১৬২,০	৮২,৫	২৩,১	২৫,১
	২০১৬**	৫০০০,০	১০০০,০	১৭৮,৭	০,০	৬১৮,৭	৬১৮,৭	৮৬০,৪	৯২২,৯	৪৩৪,০	৪৩৯,৭	৫,০	৫৯,১	১৭০,৬	১০৯,০	২৩,৫	৬,২
	মার্চ ২০১৭	৫০০০,০	১০০০,০	১৭৮,৭	০,০	১০০,৯	১০০,৯	১১১৩,১	৪৪০,৩	২৯০,৩	৫৩২,৯	৪,৮	৫৯,৯	১৫৮,১	৮৭,৩	৮,১	০,০
	জুন ২০১৭@	৫০০০,০	১০০০,০	২০০,০	০,০	১০৫,০	১০৫,০	১২০০,০	৩০০,০	২২৩,০	৪৪৩,৯	৩,৮	৬১,০	২২২,২	১৪০,০	১৩,২	২০,০

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	নীট মুনাফা	আমানতের সুদ/মুনাফা হার	ঋণের সুদ/মুনাফা হার	মূলধন পর্যাপ্ততার হার (%)	বৈদেশিক বাণিজ্য				সিএসআর	মোট জনবল			বিদেশি প্রতিসংগী ব্যাংক	মোট শাখা (সংখ্যায়)			ক্রেডিট রেটিং
					রপ্তানি	আমদানি	রেমিট্যান্স (অন্তঃমুখী প্রবাহ)	মোট		কর্মকর্তা	কর্মচারী	মোট		বাংলাদেশ	বিদেশ	মোট	
১	১৯ = ১৫-১৬-১৭-১৮	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫
অনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	৭০.০	৫.৯	১৩.০	২২.০	০.০	০.০	৪.৫	৪.৫	০.০	৪৬৫	২৫০	৭১৫	০	২১৭	০	২১৭	-
	১০৯.০	৫.৯	১৩.০	১৯.০	০.০	০.০	৩.৫	৩.৫	০.০	৫০৪	২৯৭	৮০১	০	২৩৯	০	২৩৯	-
	৫৭.০	৫.৬	১৩.০	২২.০	০.০	০.০	৪.৪	৪.৪	০.০	৫১৪	২৯৯	৮১৩	০	২৩৯	০	২৩৯	-
	১৫৫.০	৫.৫	১৩.০	২৩.০	০.০	০.০	৪.৮	৪.৮	০.০	৫১৬	২৯৯	৮১৫	০	২৫৯	০	২৫৯	-
বাংলাদেশ সমবায় ব্যাংক	৫.২	৭.৫	১১.৯	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১০৫	১১৬	২২১	০	১	০	১	-
	৪৭.৪	৬.০	১১.৯	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১০৩	১১৫	২১৮	০	১	০	১	-
	৬.৯	৬.০	১১.৯	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১০৩	১১৫	২১৮	০	১	০	১	-
	৪.০	৬.০	১১.৯	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১০৩	১১৫	২১৮	০	১	০	১	-
গ্রামীণ ব্যাংক*	২৪.৩	৮.৮	১৯.৫	৯.০	০.০	০.০	০.০	০.০	০.০	৭৯০৬	১৬৪০২	২৪৩০৮	০	২৫৬৮	০	২৫৬৮	-
	১৩৯২.৯	৭.৭	২০.০	৯.০	০.০	০.০	০.০	০.০	০.০	৮৭০০	১৫০১৩	২৩৭১৩	০	২৫৬৮	০	২৫৬৮	-
	৭৮.০	৭.৬	২০.১	৯.৩	০.০	০.০	০.০	০.০	০.০	৮৬৫৯	১৪৯৫৮	২৩৬১৭	০	২৫৬৮	০	২৫৬৮	-
	৩৪৫.০	৬.৭	২০.৩	৯.৪	০.০	০.০	০.০	০.০	০.০	৮৯৭৯	১৪৫৫৮	২৩৫৩৭	০	২৫৬৮	০	২৫৬৮	-
কর্মসংস্থান ব্যাংক	২৮.৪	৩.৫-৭.২	৮.০-১৩.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	৫৯৫	৬৭৬	১২৭১	০	২১২	০	২১২	-
	১৬.৬	৩.৫-৭.২	৮.০-১৩.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	৬২৯	৫৯৫	১২২৪	০	২৩২	০	২৩২	-
	৬৬.৭	৩.৫-৭.২	৮.০-১৩.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০	০	০	০	২৩৩	০	২৩৩	-
	১২.০	৩.৫-৭.২	৮.০-১৩.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০	০	০	০	১৫৭	০	১৫৭	-
প্রবাসী কল্যাণ ব্যাংক	৩১.৩	৬.০-৭.০	৯.০-১১.০	১৬.০	০.০	০.০	০.০	০.০	১.০	৮৩	৭৪	১৫৭	০	৪৯	০	৪৯	-
	৩১.৮	৬.০-৭.০	৯.০-১১.০	৭.০	০.০	০.০	০.০	০.০	১.২	৭৭	৭৩	১৫০	০	৫৪	০	৫৪	-
	৬২.৮	৫.০-৭.০	৯.০-১১.০	৬.০	০.০	০.০	০.০	০.০	১.২	৭৭	৭৩	১৫০	০	৫৪	০	৫৪	-
	৪৯.০	৬.০-৭.০	৯.০-১১.০	২৫.০	০.০	০.০	০.০	০.০	১.৫	৭৭	৭৩	১৫০	০	৫৫	০	৫৫	-

* পঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক।

@ = প্রক্ষেপিত।

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	কৃষি মৎস্য ও বনায়ন					শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)				চলতি মূলধন অর্থায়ন
		শস্য	শস্য ব্যতীত অন্যান্য	মৎস্য	বনায়ন	মোট	বৃহৎ	মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট	
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	২০১৫	০.০	৩৪১.০	৭২.০	০.০	৪১৩.০	০.০	০.০	০.০	০.০	১৩০৮.০
	২০১৬**	০.০	১৫৭৮.০	২২৮.০	০.০	১৮০৬.০	০.০	০.০	০.০	০.০	১৬৮১.০
	মার্চ ২০১৭	০.০	২৮৩৭.০	২৬৮.০	০.০	৩১০৫.০	০.০	০.০	০.০	০.০	১৬৯৬.০
	জুন ২০১৭@	০.০	২৯৯৮.০	২৭৫.০	০.০	৩২৭৩.০	০.০	০.০	০.০	০.০	১৮৩৬.০
বাংলাদেশ সমবায় ব্যাংক	২০১৫	২০৫.৭	১০২২.৭	০.০	০.০	১২২৮.৪	০.০	০.০	০.০	০.০	০.০
	২০১৬**	২১৮.৪	১২১২.৪	০.০	০.০	১৪৩০.৮	০.০	০.০	০.০	০.০	০.০
	মার্চ ২০১৭	২১৯.৯	১২৯৬.২	০.০	০.০	১৫১৬.০	০.০	০.০	০.০	০.০	০.০
	জুন ২০১৭@	২২৯.৯	১৩০০.০	০.০	০.০	১৫২৯.৯	০.০	০.০	০.০	০.০	০.০
গ্রামীণ ব্যাংক	২০১৫	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০
	২০১৬**	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০
	মার্চ ২০১৭	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০
	জুন ২০১৭@	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০
কর্মসংস্থান ব্যাংক	২০১৫	০.০	০.০	৫৬৭.৪	২০.৪	৫৮৭.৮	০.০	০.০	৬৩৮.৪	৬৩৮.৪	০.০
	২০১৬**	০.০	০.০	৭২৯.২	২৬.৫	৭৫৫.৭	০.০	০.০	৭৩৩.৪	৭৩৩.৪	০.০
	মার্চ ২০১৭	০.০	০.০	৮৩৯.০	২৭.০	৮৬৬.০	০.০	০.০	৮৪৩.০	৮৪৩.০	০.০
	জুন ২০১৭@	০.০	০.০	৮৮০.০	২৮.০	৯০৮.০	০.০	০.০	৮৯০.০	৮৯০.০	০.০
প্রবাসী কল্যাণ ব্যাংক	২০১৫	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০
	২০১৬**	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০
	মার্চ ২০১৭	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০
	জুন ২০১৭@	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি*

(মিলিয়ন টাকায়)

নির্মাণ	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	পরিবহন ও যোগাযোগ	ব্যবসা বাণিজ্য					দারিদ্য বিমোচন	অন্যান্য	সর্বমোট
			পাইকারি ও খুচরা	রপ্তানি	আমদানি	হোটেল ও রেস্তোঁরা	মোট			(টেবিল-১ এর ক্রমিক ৯ এর সমান হবে)
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১৬৭৫.০	৩৩৯৬.০
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	২৪৯২.০	৫৯৭৯.০
২১.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	২৫১২.০	৭৩৩৪.০
৩০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	২৬১১.০	৭৭৫০.০
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১২২৮.৪
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১৪৩০.৮
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১৫১৬.০
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১৫২৯.৯
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	৯৬৪২২.৩	০.০	৯৬৪২২.৩
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১১৮২৪৩.৬	০.০	১১৮২৪৩.৬
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১২৫৮৯০.৩	০.০	১২৫৮৯০.৩
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১৩১৯৫৪.৪	০.০	১৩১৯৫৪.৪
০.০	০.০	৬.০	১৭১২.১	০.০	০.০	০.০	১৭১২.১	৬২১.২	৩১৬৯.১	৬৭৩৪.৬
০.০	০.০	১.০	২১৫৫.৮	০.০	০.০	০.০	২১৫৫.৮	৭৬০.৩	৩৬৮৫.২	৮০৯১.৫
০.০	০.০	১.০	২৪৮৫.০	০.০	০.০	০.০	২৪৮৫.০	৮৭০.০	৪২৩৮.০	৯৩০৩.০
০.০	০.০	১.০	২৬২০.০	০.০	০.০	০.০	২৬২০.০	৯২০.০	৪৪৮১.০	৯৮২০.০
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	৪৩৫.৫	৪৩৫.৫
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	৮৬০.৪	৮৬০.৪
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১১১৩.১	১১১৩.১
০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	০.০	১২০০.০	১২০০.০

* = তথ্য/উপাত্তসমূহ পঞ্জিকাবর্ষ অনুসারে।

** =সাময়িক

(ঙ)= প্রক্ষেপিত

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় *

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	বিতরণ/ আদায়	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	মোট
				মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	২০১৫	বিতরণ	৪১৩.০	১৪১৯.০	০.০	১৪১৯.০	১৭২.০	২০০৪.০
		আদায়	১৭৩০.০	১১১৭.০	০.০	১১১৭.০	১৩৫.০	২৯৮২.০
	২০১৬**	বিতরণ	১৮০৬.০	১২০৫.০	০.০	১২০৫.০	২৬৮.০	৩২৭৯.০
		আদায়	৩০৩৫.০	৮৩২.০	০.০	৮৩২.০	১৮০.০	৪০৪৭.০
	মার্চ ২০১৭	বিতরণ	৩৯৫৬.০	৯৫৩.০	০.০	৯৫৩.০	১২৩.০	৫০৩২.০
		আদায়	২৬১৭.০	৯১৭.০	০.০	৯১৭.০	১৪৩.০	৩৬৭৭.০
	জুন ২০১৭®	বিতরণ	৫০৫৭.০	১৩০৬.০	০.০	১৩০৬.০	৩০৯.০	৬৬৭২.০
		আদায়	৩৫৯০.০	১১২১.০	০.০	১১২১.০	১৯০.০	৪৯০১.০
বাংলাদেশ সমবায় ব্যাংক	২০১৫	বিতরণ	৪৪.২	০.০	০.০	০.০	০.০	৪৪.২
		আদায়	৪৯.০	০.০	০.০	০.০	০.০	৪৯.০
	২০১৬**	বিতরণ	৬৬.৫	০.০	০.০	০.০	০.০	৬৬.৫
		আদায়	৬৮.৮	০.০	০.০	০.০	০.০	৬৮.৮
	মার্চ ২০১৭	বিতরণ	১৫.৪	০.০	০.০	০.০	০.০	১৫.৪
		আদায়	১৪.০	০.০	০.০	০.০	০.০	১৪.০
	জুন ২০১৭®	বিতরণ	৩০.০	০.০	০.০	০.০	০.০	৩০.০
		আদায়	২০.০	০.০	০.০	০.০	০.০	২০.০
গ্রামীণ ব্যাংক	২০১৫	বিতরণ	০.০	০.০	০.০	০.০	১৪৯২২৭.৩	১৪৯২২৭.৩
		আদায়	০.০	০.০	০.০	০.০	১৪০৩০০.৪	১৪০৩০০.৪
	২০১৬**	বিতরণ	০.০	০.০	০.০	০.০	১৮৭৫৩২.৮	১৮৭৫৩২.৮
		আদায়	০.০	০.০	০.০	০.০	১৬৫৭১১.৫	১৬৫৭১১.৫
	মার্চ ২০১৭	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৫৬৫৮৫.৩	৫৬৫৮৫.৩
		আদায়	০.০	০.০	০.০	০.০	৪৮৯৩৮.৬	৪৮৯৩৮.৬
	জুন ২০১৭®	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৬১৫০০.০	৬১৫০০.০
		আদায়	০.০	০.০	০.০	০.০	৫৫৪৩৫.৯	৫৫৪৩৫.৯
কর্মসংস্থান ব্যাংক	২০১৫	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৮০৮২.৩	৮০৮২.৩
		আদায়	০.০	০.০	০.০	০.০	৪৩৪৯.২	৪৩৪৯.২
	২০১৬**	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৫১৯৯.৮	৫১৯৯.৮
		আদায়	০.০	০.০	০.০	০.০	৪৭৮৬.২	৪৭৮৬.২
	মার্চ ২০১৭	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৪৮৪৩.৮	৪৮৪৩.৮
		আদায়	০.০	০.০	০.০	০.০	৪৩৩৭.০	৪৩৩৭.০
	জুন ২০১৭®	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৬৬৪৪.০	৬৬৪৪.০
		আদায়	০.০	০.০	০.০	০.০	৫৮৩৭.০	৫৮৩৭.০
প্রবাসী কল্যাণ ব্যাংক	২০১৫	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৩৩৪.২	৩৩৪.২
		আদায়	০.০	০.০	০.০	০.০	২৩০.৯	২৩০.৯
	২০১৬**	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৭৯৪.৩	৭৯৪.৩
		আদায়	০.০	০.০	০.০	০.০	৪৫০.০	৪৫০.০
	মার্চ ২০১৭	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৫৯৭.৬	৫৯৭.৬
		আদায়	০.০	০.০	০.০	০.০	৪৪৭.০	৪৪৭.০
	জুন ২০১৭®	বিতরণ	০.০	০.০	০.০	০.০	৮০২.৮	৮০২.৮
		আদায়	০.০	০.০	০.০	০.০	৫৭৪.৫	৫৭৪.৫

* = তথ্য/উপাত্তসমূহ পঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক

®= প্রক্ষেপিত

অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান

আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের সংক্ষিপ্তসার

ডিসেম্বর ২০১৬ পর্যন্ত দেশে লাইসেন্সপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে ৩৩টি। আর্থিক প্রতিষ্ঠানগুলো মূলতঃ সরকারি সিকিউরিটিজ ও পুঁজিবাজারে বিনিয়োগসহ শিল্প ও নির্মাণ খাতে অর্থায়ন করে থাকে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ জনগণের নিকট হতে মেয়াদি আমানত গ্রহণ এবং ব্যবসা-বাণিজ্য ও শিল্পখাতে ঋণ প্রদানসহ সাম্প্রতিক সময়ে পরিবহন ও যোগাযোগ এবং বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহের মত গুরুত্বপূর্ণ সেবা খাতসমূহেও অর্থায়ন করছে। ডিসেম্বর ২০১৬ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহে ৩২২৮ জন কর্মকর্তা ও ২১৫০ জন কর্মচারিসহ মোট জনবল ছিল ৫৩৭৮ জন।

মূলধন এবং রিজার্ভ ফান্ড

ডিসেম্বর ২০১৬ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট অনুমোদিত এবং পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ২১৬.৭১ বিলিয়ন ও ৭১.৩৭ বিলিয়ন টাকা। ডিসেম্বর ২০১৬ -এ খাতের অনুমোদিত মূলধন ৬.৪ শতাংশ এবং পরিশোধিত মূলধন ৪.৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহের রিজার্ভ ফান্ড ২০১২ সাল হতে ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২০১৬ শেষে ৩২.৬২ বিলিয়ন টাকায় দাঁড়ায়। আর্থিক প্রতিষ্ঠানসমূহের মূলধন ও রিজার্ভ ফান্ডের গতিধারা চার্ট-১ এ দেখানো হলো।

চার্ট-১: মূলধন ও রিজার্ভ ফান্ডের গতিধারা



আমানত এবং ঋণ ও অগ্রিম

আর্থিক প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র মেয়াদি আমানত গ্রহণ করে থাকে। ২০১৬ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট আমানতের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৮.১ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৮৩.৫৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৬ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ ও অগ্রিমের স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় ১৯.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ৫৩১.৫৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৬ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট শ্রেণীকৃত ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় ৫.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৯.৬০ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট ঋণ ও অগ্রিমের ৭.৪৪ শতাংশ। ২০১৬ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ-আমানত অনুপাত পূর্ববর্তী বছরের তুলনায় বৃদ্ধি পেয়ে ১৩৮.৬ শতাংশে দাঁড়ায়। মূলতঃ আর্থিক প্রতিষ্ঠানগুলোর ঋণ শুধুমাত্র আমানতের উপর নির্ভরশীল নয় বিধায় তা আমানতকে ছাড়িয়ে গেছে। ২০১৫ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট বিনিয়োগের পরিমাণ ছিল ২৮.৫০ বিলিয়ন টাকা, যা ২০১৬ সালশেষে কিছুটা বৃদ্ধি পেয়ে ২৮.৮০ বিলিয়ন টাকায় দাঁড়ায়। আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানত, ঋণ ও অগ্রিম পরিস্থিতি এবং ঋণ-আমানত অনুপাত এর গতিধারা চার্ট-২ এ দেখানো হলো।

চার্ট-২: আমানত, ঋণ ও অগ্রিম স্থিতির পরিস্থিতি



মোট আয়-ব্যয় ও জনবল পরিস্থিতি

২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট আয় পূর্ববর্তী বছরের তুলনায় ১২.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৬১.৫৩ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট ব্যয় পূর্ববর্তী বছরের তুলনায় ২২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৫.৩০ বিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট ব্যয়ের প্রবৃদ্ধি মোট আয়ের তুলনায় কিছুটা বেশি ছিল

চার্ট-৩: আয়, ব্যয় ও জনবল পরিস্থিতি



বিধায় পরিচালনগত মুনাফা ৯.৮ শতাংশ হ্রাস পেয়ে ১৬.২৩ বিলিয়ন টাকায় দাঁড়ায়। তবে, ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রভিশনিংসহ নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৬.৯৭ বিলিয়ন টাকা। আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত মোট জনবল ২০১৬ সাল শেষে ৫৩৭৮ জনে দাঁড়ায় যা ২০১৫ সাল শেষে ছিল ৪৭০১ জন। আর্থিক প্রতিষ্ঠানসমূহের আয়-ব্যয় ও জনবল পরিস্থিতি চার্ট-৩ এ দেখানো হলো।

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, শিল্প (চলতি মূলধনে অর্থায়ন ব্যতীত), ব্যবসা-বাণিজ্য ও নির্মাণ খাত অগ্রণী ভূমিকা পালন করছে। আর্থিক প্রতিষ্ঠানগুলোকে পরিবহন ও যোগাযোগ খাত এবং দীর্ঘমেয়াদি অবকাঠামোগত উন্নয়ন খাতসহ অন্যান্য জনগুরুত্বপূর্ণ খাতসমূহে অধিক হারে অর্থায়নে এগিয়ে আসার প্রয়োজন রয়েছে। ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি ঋণ স্থিতি (শতকরা হিসেবে) চার্ট-৪ এ দেখানো হলো।

চার্ট-৪ ২০১৬ সালের খাতওয়ারি ঋণ স্থিতি



আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিগত পাঁচ বছরের অর্জিত অগ্রগতি

দীর্ঘমেয়াদি ও মূলধনী অর্থায়ন সেবা চাহিদার ব্যাপক বৃদ্ধির কারণে দেশের সার্বিক আর্থিক ব্যবস্থায় আর্থিক প্রতিষ্ঠানসমূহ সাম্প্রতিক বছরগুলোতে অর্থনীতির প্রায় সকল খাতে সুষম উন্নয়নের লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে। অগ্রগতির কতিপয় মৌলিক সূচকের ওপর ভিত্তি করে আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিগত পাঁচ বছরের অগ্রগতি নিম্নে আলোকপাত করা হলোঃ

- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিভিন্ন লাভজনক প্রকল্পে বিনিয়োগ করার পাশাপাশি শিল্প, ব্যবসা বাণিজ্য ও অবকাঠামো খাতে বিগত পাঁচ বছরে উল্লেখযোগ্য পরিমাণে ঋণ প্রদান;
- কতিপয় আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ক্রেডিট রেটিং-এ দীর্ঘমেয়াদে "এএএ" এবং সল্প মেয়াদে ST-৩ অর্জন;
- আর্থিক প্রতিষ্ঠানসমূহে ওপেন সোর্স ডাটাবেজ ও প্রোগ্রাম ব্যবহারের ক্ষেত্রে বেশী গুরুত্ব প্রদান;
- ঋণ বিতরণ কার্যক্রমকে বহমুখীকরণ ও বৃহদাংক ঋণের ঝুঁকি হ্রাসের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এসএমই এবং ক্ষুদ্র ঋণ খাতকে অগ্রাধিকার প্রদান;
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। আইডিএলসি ক্ষুদ্র ও মাঝারি নারী উদ্যোক্তাদের জন্য "আইডিএলসি পূর্ণতা" নামে একটি কমপ্রেহেন্সিভ ঋণ সেবা চালু করেছে, যা বাংলাদেশ ব্যাংকসহ সমগ্র আর্থিক খাতের সকল মহলে ব্যাপক ভাবে প্রশংসিত হয়েছে ।
- ২০১৬ সালে সাবিনকো অটোমেশন কার্যক্রম ত্বরানিত করার লক্ষ্যে সেজ ইআরপি (Sage ERP) সফটওয়্যার বাস্তবায়ন করেছে। আইডিএলসি কোর ব্যাংকিং সফট্ওয়্যার প্রনয়ন করে।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিভিন্ন খাতে যেমন বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ; পরিবহন ও যোগাযোগ এবং ব্যবসা-বাণিজ্য খাতে ঋণ বিতরণের পরিমাণ তুলনামূলক বেশি বৃদ্ধি পেয়েছে।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ওয়েব ভিত্তিক ক্রেডিট মূল্যায়ন সিস্টেম বাস্তবায়ন করা হয়েছে যেখানে এসএমই এবং কনজিউমার ডিভিশন ঋণ প্রস্তাব মূল্যায়ন করতে পারে এবং অনলাইনে অনুমোদন দিতে পারে।
- ২০১৬ সালে আইপিডিসি একটি আধুনিক ও অনলাইন ভিত্তিক ঋণের আবেদন, মূল্যায়ন ও মঞ্জুরের জন্য CRM Loan Origination System (CRM LOS) চালু করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ "সরকারের রূপকল্প-২০২১" এবং সপ্তম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে দেশের আর্থসামাজিক উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে আসছে।

সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো)

www.sabinco.com.bd

বাংলাদেশ এবং সৌদি আরবের মধ্যে বিদ্যমান ভ্রাতৃত্ববোধের নিদর্শনস্বরূপ সৌদি আরব এবং বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী পর্যায়ে ১৯৮৩ সালে এক প্রোটোকল স্বাক্ষরের মাধ্যমে সাবিনকো স্থাপনের সূচনা হয়। বর্তমানে ছয় জন সদস্য নিয়ে কোম্পানির বোর্ড গঠিত, যার মধ্যে বোর্ডের চেয়ারম্যান এবং দু'জন সদস্য সৌদি সরকার কর্তৃক এবং ডেপুটি চেয়ারম্যান ও অন্য দু'জন সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত। সাবিনকোর মূল উদ্দেশ্য হচ্ছে বাণিজ্যিক ভিত্তিতে শিল্প ও কৃষিভিত্তিক শিল্পে বিনিয়োগ করা এবং প্রয়োজনবোধে এগুলো পরিচালিত করা। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ২১০৬.১ মিলিয়ন টাকা।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের ঋণ ও অগ্রিম স্থিতির ০.৪ শতাংশ। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৭.৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২০৭১.১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলতঃ অর্থায়িত কয়েকটি প্রকল্প কর্তৃক ঋণের সম্পূর্ণ অংশ আগাম পরিশোধের কারণে ঋণ ও অগ্রিম স্থিতি হ্রাস পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ১০ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৪৭.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৩২৯.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অত্র প্রতিষ্ঠান কোন আমানত গ্রহণ করে না। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্পঋণের অংশ ১০০.০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৭.৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৩৪২.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ স্বল্পব্যয়ী বৈদেশিক ঋণ প্রাপ্যতা সহজলভ্য হওয়ায় প্রকল্পসমূহের ঋণ আগাম পরিশোধিত হচ্ছে এবং এ কারণে নতুন শিল্প ঋণের চাহিদা হ্রাস পেয়েছে। নতুন প্রকল্পসমূহ উল্লিখিত স্বল্পব্যয়ী বৈদেশিক ঋণের প্রতি আগ্রহী হওয়ায় দেশে শিল্প ঋণ বিতরণ হ্রাস পেয়েছে, যা সাবিনকোর ঋণ বিতরণে বিরূপ প্রভাব ফেলেছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ১৯.৭ শতাংশ। বৃহৎ শিল্পে বিতরণকৃত ঋণের সম্পূর্ণ অংশই বস্ত্রশিল্প খাতে বিতরণ করা হয়েছে, যার পরিমাণ ৬৭.৩ মিলিয়ন টাকা।

এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৮০.৩ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৪৫.১ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ২৭৫.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। সাবিনকো এসএমই খাতে একটি আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে wholesale finance হিসেবে ২০১৫ সালের ৪০০.০ মিলিয়ন টাকার পরিবর্তে ২০০.০ মিলিয়ন টাকা বিতরণ করে।

সিএসআরঃ সাবিনকো ২০১৫ ও ২০১৬ সালে সিএসআর হিসেবে যথাক্রমে ১.৫ মিলিয়ন টাকা এবং ১.৮ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

অটোমেশনঃ ২০১৫ সালে সাবিনকো অটোমেশন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সেজ ইআরপি (Sage ERP) সফটওয়্যার ক্রয় করেছে, যা ২০১৬ সাল থেকে অন্যান্য সফটওয়্যার এর সাথে সমান্তরালভাবে ব্যবহৃত হচ্ছে।

নারী উদ্যোক্তাঃ সাবিনকো ২০১৭ সালে নারী উদ্যোক্তা খাতে ৩৭.৫ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুরী লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে এবং নতুন নারী উদ্যোক্তা নির্বাচন এবং তাঁদের অনুকূলে ঋণ মঞ্জুরী গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ সাবিনকো আগামী বছরগুলোতে বিনিয়োগ কর্মকান্ড বৃদ্ধি করতে বদ্ধপরিকর। মূলতঃ মেয়াদি ঋণের আকার বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করে সাবিনকো বিভিন্ন উৎপাদনশীল ও লাভজনক প্রকল্পে সুচিন্তিত বিনিয়োগের মাধ্যমে মোট পরিসম্পদের পরিমাণ আগামী পাঁচ বছরের মধ্যে দ্বিগুণ করার পরিকল্পনা গ্রহণ করেছে। প্রতিষ্ঠানটি ক্ষুদ্র ও মাঝারি শিল্পে এবং নারী উদ্যোক্তাদের মাঝে বিনিয়োগ করার পরিকল্পনা গ্রহণ করেছে। এ লক্ষ্যে খুলনা অঞ্চলের লবণাক্ত পানি কবলিত এলাকার হতদরিদ্র নারী উদ্যোক্তাদের মাঝে ঋণ সুবিধা প্রদান করে তাদের ভাগ্য উন্নয়নে ভূমিকা রাখার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সর্বোপরি, সাবিনকো কৃষিভিত্তিক শিল্পসহ অন্যান্য উৎপাদনশীল শিল্পখাতে বিনিয়োগের মাধ্যমে দেশের অর্থনীতির উন্নয়নে এবং বেকারত্ব দূরীকরণে কাজ করে যাচ্ছে।

আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড

www.idlc.com

সর্ববৃহৎ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড ১৯৮৫ সালে যাত্রা শুরু করে ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০০.০ মিলিয়ন ও ২৫১৩.৭ মিলিয়ন টাকায়।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানতের স্থিতি এবং ঋণ ও অগ্রিমের স্থিতি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১২.৪ শতাংশ ও ১১.৫ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৩.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৭৫৬৩.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬১১৩৫.৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১২৮.৫ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হারের ব্যবধান ৫.৫ শতাংশ। ২০১৬ সালে কোম্পানির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৮.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৫৬৫.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে এ প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৬৭৩৭.৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৩৮.১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩০.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩৯৯৪.৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭১.৯ শতাংশ। বৃহৎশিল্পের আওতায় তৈরী পোশাক শিল্পে (নিট ও ওভেন সহ) বিতরণকৃত ঋণ ১৬০৮.৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৪.৩ শতাংশ।

এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর পরিমাণ ৪৮.২ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ১২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৭৬৯৮.৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

কৃষি ঋণঃ ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের পরিমাণ মাত্র ১.৯ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ২০.৪ শতাংশ হ্রাস পেয়েছে।

সিএসআরঃ আইডিএলসি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসাবে ২০১৬ সালে সিএসআর কার্যক্রমের মাধ্যমে ৪.৯ মিলিয়ন টাকা ব্যয় করে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



অটোমেশনঃ আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড ২০১৫ এবং ২০১৬ সালে বেশ কিছু প্রযুক্তিগত প্রকল্প বাস্তবায়ন করেছে, যা এর অপারেশনাল দক্ষতা বৃদ্ধি করেছে এবং গ্রাহক সেবার মানকে উন্নত করেছে যেমন, নিজস্ব ক্লাউড ভিত্তিক সেবা প্রবর্তন, ফাইল সংরক্ষণ, মাই ডকুমেন্টস, অনলাইন ইমেল সংরক্ষাণাগার, ডকুমেন্ট চেক ইন, জরুরী ফান্ড রিলিজ, মেয়াদি আমানত সংক্রান্ত সেবা উন্নতর করার জন্য একটি ওয়েব ভিত্তিক সমাধান তৈরি করা হয়েছে।

নারী উদ্যোক্তাঃ প্রতিষ্ঠানটি ২০১৬ সালে ৭৮২ জন নারী উদ্যোক্তাকে ২৩৩৩.২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যা ২০১৫ সালের তুলনায় ২.৮ শতাংশ বেশি। উল্লেখ্য যে, আইডিএলসি ক্ষুদ্র ও মাঝারী নারী উদ্যোক্তাদের জন্য "আইডিএলসিপূর্ণতা" নামে একটি কমপ্রেহেন্সিভ ঋণ সেবা চালু করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ প্রতিষ্ঠানটির ভবিষ্যৎ পরিকল্পনা হলো- ক্ষুদ্র ও মাঝারি ঋণের অধিকতর সম্প্রসারণের মাধ্যমে শহর ও গ্রামাঞ্চলের প্রান্তিক উদ্যোক্তাদের অর্থায়নের আওতায় আনা, নারী উদ্যোক্তাদের সহায়তাকরণ এবং পরিবেশবান্ধব অর্থায়নে অধিকতর গুরুত্বারোপ করা, কর্পোরেট পোর্টফোলিও বৃদ্ধি করা, গুণগত কর্পোরেট ব্যবসার প্রসার, শ্রেণীকৃত ঋণ নিয়ন্ত্রণে অধিকতর কঠোর ব্যবস্থাপনা, পুঁজি বৃদ্ধির সহায়তাকরণে সম্পাদিত চুক্তিসমূহ সফলভাবে বাস্তবায়ন করা, পুঁজি বাজারে নিজস্ব বিনিয়োগে প্রবৃদ্ধি নিশ্চিতকরণ।

জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড

www.gspfinance.com

আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুযায়ী দেশী ও বিদেশী উদ্যোক্তা এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আর্থিক প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড ১৯৯৬ সালের ১৭ই এপ্রিল হতে বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করে। কোম্পানিটি ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এ তালিকাভূক্ত। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২০০০ মিলিয়ন টাকা ও ১০৪৬ মিলিয়ন টাকা।

২০১৬ সালে জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড-এর আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.০ শতাংশ ও ১.২ শতাংশ। আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৪.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৬৮৯.৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩০.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬১৩৭.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১৬৬.৪ শতাংশ। মূলতঃ নতুন আমানত গ্রহণের কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং নতুন ঋণ প্রদানের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৬ শতাংশ। ২০১৬ সালে কোম্পানির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৪৫.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩১৯.৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেডের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ৬৫.৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩১.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৪৯৭.৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ১০০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় খাদ্যসামগ্রী উৎপাদন খাতে বিতরণকৃত ঋণ ৬৫০ মিলিয়ন টাকা এবং অন্যান্য শিল্প খাতে ৮৪৮ মিলিয়ন টাকা।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ১২.৪ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৮৪.৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৬ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১.৬ শতাংশে দাঁড়ায়।

কৃষি ঋণঃ ২০১৬ সালে জিএসপি ফাইন্যান্স-এর মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.২ শতাংশে দাঁড়িয়েছে।

সিএসআরঃ সিএসআর কার্যক্রমের জন্য সর্বমোট ব্যয়িত অর্থের পরিমাণ ২০১৫ সালে ছিল ০.২ মিলিয়ন, টাকা যা শতকরা ২১.১ ভাগ হ্রাস পেয়ে ২০১৬ সালে ০.১৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ জিএসপি ফাইন্যান্স কোম্পা নি (বাংলাদেশ) লিমিটেড এর নিয়মিত ব্যবসার পাশাপাশি এসএমই ও মহিলা উদ্যোক্তাদের সাবলম্বী করার জন্য উক্ত খাতে ঋণ বিতরণের উদ্দেশ্যে আলাদা বিভাগ চালু করেছে এবং ভবিষ্যতে এর কার্যপরিধি আরও বৃদ্ধি করার চেষ্টা অব্যহত রেখেছে। জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড ঝুঁকি বিশ্লেষণপূর্বক আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্পের পাশাপাশি পরিবেশ বান্ধব উৎপাদশীল ও লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে পোর্টফোলিও বৃদ্ধির সর্বাত্মক চেষ্টা অব্যাহত রাখছে।

বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড
www.bifcol.com

দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে কাঙ্খিত গতি সঞ্চারের লক্ষ্যে ১৯৯৬ সালের ১০ আগস্ট 'কোম্পানি আইন, ১৯৯৪' এর আওতায় বাংলাদেশ ইন্ডাষ্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড (বিআইএফসি) প্রতিষ্ঠিত হয়, যা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত একটি অ-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান। যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত অত্র কোম্পানির ৫০ শতাংশ মালিকানা বিদেশি প্রতিষ্ঠানের এবং ৫০ শতাংশ মালিকানা শিল্প ও ব্যবসা-বাণিজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠিত স্থানীয় উদ্যোক্তা ও জনগণের। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪০০০.০ মিলিয়ন ও ১০০৬.৮ মিলিয়ন টাকা।

২০১৬ সালে বিআইএফসি-এর আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৩ শতাংশ ও ১.৬ শতাংশ প্রতিষ্ঠানের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৩.৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৫০৮৬.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৭.৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৮৭৬১.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১৭২.৩ শতাংশ। মূলতঃ বিভিন্ন আমানতের মেয়াদপূর্তির কারণে আমানত স্থিতির হ্রাস ঘটেছে এবং নতুন ঋণ বিতরণ হ্রাস পাওয়ায়, পুনঃ তফসিলিকরণ, নতুন শ্রেণীকরণ, ঋণের মেয়াদপূর্তির ও আদায়ের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ হ্রাস পেয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণঃ ২০১৬ সালে বিআইএফসি-এর বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে শিল্পঋণের অবদান ৯.৪ শতাংশ। শিল্পঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৯৮.৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৬.৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭৮.১ শতাংশ।

এসএমইঃ প্রতিষ্ঠানটি ২০১৬ সালে এসএমই খাতে ২৪ টি ঋণ হিসাবে মোট ৪৯ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



সিএসআরঃ বিআইএফসি ০৫ বছর মেয়াদী চুক্তির আওতায় ৫ম বছরের জন্য ২৫ মে ২০১৫ সালে ৪.০ লক্ষ টাকা সিড ট্রাস্টকে অনুদান প্রদান করে। সিড ট্রাস্ট বাংলাদেশের সুবিধাবঞ্চিত শিশু যারা মানসিক ও শারীরিকভাবে প্রতিবন্ধী এবং বহুবিধ অক্ষমতার শিকার তাদের সমাজে পুনর্বাসনের জন্য কাজ করে যাচ্ছে।

অটোমেশনঃ বিআইএফসি অটোমেশনের মাধ্যমে তথ্য সংরক্ষণ, তথ্য প্রবাহ ও দাপ্তরিক সকল কর্মকান্ডে দ্রুততা আনয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে ইতোমধ্যে যেসব IT Package বাস্তবায়িত হয়েছে বা বাস্তবায়নাধীন রয়েছে তার যথাযথ ব্যবহার ও বাস্তবায়ন ত্বরান্বিত ও নিশ্চিতকরণে কাজ করে যাচ্ছে। আরো সময়োপযোগী ও উন্নত হার্ডওয়্যার, হালনাগাদ সফটওয়্যার এবং ট্রেনিং দ্বারা বিআইএফসি'র IT ডিপার্টমেন্টকে উন্নত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিআইএফসির দৈনন্দিন ও সেবামূলক সকল কার্যক্রম অটোমেটেড পদ্ধতিতে সম্পাদনের লক্ষ্যে সময়ভিত্তিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ২ জন নারী উদ্যোক্তাকে ৪.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৪ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৮.৭ মিলিয়ন টাকার তুলনায় ৪৮.২ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ বিআইএফসি ব্যবসায়িকভাবে লাভজনক ও বাজার সম্ভাবনাময় পণ্যের গুণগত মানের উৎকর্ষতা এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আধুনিকীকরণ, সুষমকরণ ও সম্প্রসারণের জন্য বিআইএফসি সচেষ্ট। বিআইএফসি ভবিষ্যৎ কর্মপরিকল্পনার অংশ হিসেবে যেসকল কার্যক্রম হাতে নিয়েছে সেগুলো হলোঃ নতুন ও সময় উপযোগী পণ্যের উদ্ভাবন; সময় উপযোগী তথ্য ও প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ; গ্রিন ব্যাংকিং ও গ্রিন ব্রাঞ্চ প্রতিষ্ঠা করা ইত্যাদি।

লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড
www.lankabangla.com

শ্রীলংকা এবং বাংলাদেশের যৌথ উদ্যোগে লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড একটি আর্থিক প্রতিষ্ঠানরূপে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটি আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এবং কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় ১৯৯৭ সালে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। ২০০৬ সালে কোম্পানিটি পুঁজিবাজারে তালিকাভুক্ত হয়। লংকাবাংলা ফাইন্যান্সের প্রধান কার্যক্রমের মধ্যে রয়েছে প্রজেক্ট ফাইন্যান্স, টার্ম লোন, ক্রেডিট কার্ড, ফ্যাক্টরিং, মর্টগেজ লোন, পার্সোনাল লোন, এসএমই লোন, অটো লোন, কর্পোরেট লোন এবং বিভিন্ন মেয়াদী আমানত সংগ্রহ করা। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন ও ২৭৬৭ মিলিয়ন টাকা।

২০১৬ সালে আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১০.৪ শতাংশ ও ৮.৮ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৩৩.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪০০৩৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৯.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৬৭৪৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১১৬.৮ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.২ শতাংশ। ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১১৫.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৩৫৯.৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৪৫৬৩২.১ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ছিল ৭০.৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২০.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩২৩৭৪.৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলতঃ সম্ভাবনাময় নতুন শিল্পে ঋণ দেওয়ার কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৪০.৫ শতাংশ। বৃহৎ শিল্প খাতে বিতরণকৃত ঋণ ১৩১২১.১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২৮.৮ শতাংশ।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমইএর অবদান ৮.৫ শতাংশ । ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৯০.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৮৬৫.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ক্ষুদ্র ঋণঃ ক্ষুদ্র ঋণ বিতরণ ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ২৩২.১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। কোম্পানির ঝুঁকি হ্রাস এবং ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে উৎপাদনে অবদান রাখার লক্ষ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ বৃদ্ধি করা হয়েছে।

গ্রিন ব্যাংকিঃ ২০১৫ সালে ৫০৫৯.৬ মিলিয়ন ও ২০১৬ সালে ৪২৬৬.৯ মিলিয়ন গ্রিন-ব্যাংকিং খাতে ঋণ বিতরণ করা হয়, যা ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ১৫.৭ শতাংশ কম।

সিএসআরঃ প্রতিষ্ঠানটি ২০১৫ সালে সিএসআর কার্যক্রমে ৫.৮ মিলিয়ন ও ২০১৬ সালে ৩.৯ মিলিয়ন টাকা ব্যয় করে, যা ২০১৫ সালের তুলনায় ৩২.৫ শতাংশ কম।

অটোমেশনঃ এ প্রতিষ্ঠানটি ২০১৫ সালে ১৯.৯ মিলিয়ন এবং ২০১৬ সালে ১৯.১ মিলিয়ন অটোমেশন বাবদ ব্যয় করেছে, যা ২০১৫ সালের তুলনায় ৪.২ শতাংশ কম।

নারী উদ্যোক্তাঃ প্রতিষ্ঠানটি ২০১৬ সালে ৬৩ জন নারী উদ্যোক্তাকে ১৫৯.২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যা ২০১৫ সালে ৪৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১০৬.৬ মিলিয়ন টাকার তুলনায় ৪৯.৩ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ কোম্পানিটি বৈচিত্র্যপূর্ণ পোর্টফোলিও, টেকসই ব্র্যান্ড তৈরি, মানব সম্পদ উন্নয়ন এবং সমাজের জীবন যাত্রার মান উন্নত করার ক্ষেত্রে প্রাধান্য অনুযায়ী বিনেয়োগের পরিকল্পনা গ্রহণ করেছে।

দি ইউএই-বাংলাদেশ কোম্পানি লিমিটেড (ইউবিকো)

www.ubinco.com

৮ নভেম্বর, ১৯৮৬ আবুধাবী ফান্ড ফর আরব ইকনোমিক ডেভেলপমেন্ট ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত চুক্তি মোতাবেক ইউএই-বাংলাদেশ একটি ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (ইউবিকো) গঠিত হয়। ১৯৮৭ সালের জুন মাসে ইউবিকো বাংলাদেশে প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়। কোম্পানির ৪০ ভাগ মালিকানা বাংলাদেশ সরকারের এবং ৬০ ভাগ মালিকানা আবুধাবী ফান্ডের। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ১০০০ মিলিয়ন টাকা।

২০১৬ সালে ইউবিকো-এর ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.২ শতাংশ। ২০১৬ সালে ইউবিকোর ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪০.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১০১৮.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলতঃ নতুন নতুন ক্ষেত্রে বিনিয়োগের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের গড় সুদহার ৯.৮ শতাংশ। ২০১৬ সালে ইউবিকোর তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৮.৩ শতাংশ হ্রাস পেয়ে ৫৪৯.৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে ইউবিকোর বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্পঋণের অংশ ৭৬.৩ শতাংশ। শিল্পঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৭৫.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫৮০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৭৬.৩ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ স্থিতি ২৫.৩৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭৪৮.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ঋণের অবদান ২৩.৭ শতাংশ। কৃষি ঋণের আওতায় শস্য, বনায়ন এবং মৎস্য খাতে বিতরণকৃত ঋণ ১৮০.০ মিলিয়ন টাকা।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



ক্ষুদ্র ঋণঃ ইউবিকো ক্ষুদ্র উদ্যোক্তাদের অর্থায়নে বদ্ধপরিকর। এরই অংশ হিসেবে ইউবিকো বিভিন্ন অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান, ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান ও এনজিও-এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে ক্ষুদ্র ঋণ গ্রহিতাদের অর্থায়ন করে থাকে।

সিএসআরঃ সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ইউবিকো ২০১৬ সালে বিভিন্ন প্রতিষ্ঠানে ১.৭০ মিলিয়ন টাকা অনুদান দিয়েছে। উক্ত অর্থ শীতার্তদের মধ্যে শীত বস্ত্র বিতরণ, শিক্ষা, চিকিৎসা, জনসচেতনতা এবং এসিড আক্রান্ত নারীদের পুনর্বাসন খাতে ব্যয় করা হয়।

নারী উদ্যোক্তাঃ ২০১৫ সালে ৪৬১ জন নারী উদ্যোক্তার মধ্যে ৫০.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ২০১৬ সালে ৬৪৯৭ জন নারী উদ্যোক্তাকে ৩৯৬.২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা মোট বিতরণকৃত ঋণের ৫২.১৩ শতাংশ।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ ইউবিকোর ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসমূহের মধ্যে বিনিয়োগ বৃদ্ধিকরণ, সামাজিক দায়বদ্ধতামূলক কর্মকান্ডে অংশগ্রহণ, এসএমই, কৃষি ও গ্রিন ব্যাংকিং খাতে বিনিয়োগ ইত্যাদি উল্লেখযোগ্য।

ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড

www.phoenixfinance.com.bd

ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড (পিএফআইএল) ১৯৯৪ সালের কোম্পানি আইন এর আওতায় বাংলাদেশে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে ১৯৯৫ সালে ফিনিক্স লিজিং কোম্পানি লিমিটেড নামে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। পরবর্তীতে এর সার্বিক কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় নাম পরিবর্তন করে বর্তমানে ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড (পিএফআইএল) নামকরণ করা হয়। ২০১৬ সালে ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩০০০ মিলিয়ন ও ১২১৫ মিলিয়ন টাকা।

২০১৬ সালে কোম্পানির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৪.৩ শতাংশ ও ৪.১ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৭.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৬৪৩৫.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৬.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২১৫৩৫.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১৩১.০ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৮৬ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ২০.৫ শতাংশ হ্রাস পেয়ে ৩৮০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৭৮৬৮.১ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অবদান ৫৫.৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৯.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৪০৪.৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্পঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮৪ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোশাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৭৫৬.১ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ৯.৬ শতাংশ।

এসএমইঃ ২০১৬ সালে বিতরণকৃত মোট ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৫.১ শতাংশ। ২০১৫ সালের তুলনায় ৪৩.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে এসএমই ঋণ ৩৯৬.১ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



কৃষি ঋণঃ ২০১৬ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান মাত্র ১.১ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৮৮.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ক্ষুদ্র ঋণঃ ২০১৬ সালে কোম্পানির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে ক্ষুদ্র ঋণের অবদান ২.৯ শতাংশ। ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩৩.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৩১.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআরঃ ২০১৫ সালে সিএসআর কার্যক্রমের আওতায় কোম্পানি শিক্ষা, স্বাস্থ্য ও দূর্যোগ ব্যবস্থাপনা খাতে ০.৮ মিলিয়ন টাকা এবং ২০১৬ সালে ০.৪ মিলিয়ন টাকা অনুদান দেয়।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ১০ জন নারী উদ্যোক্তাকে ৩৩০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ০৬ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৩.২ মিলিয়ন টাকার তুলনায় ২৪ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ প্রতিষ্ঠানটির ভবিষ্যৎ কর্মপরিকল্পনা হচ্ছে বিভিন্ন ধরনের আর্থিক পণ্য এবং সেবাসমূহ সরবরাহ, ব্যবসায়িক উদ্যোক্তা সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান এবং দারিদ্র্য বিমোচনে ভূমিকা পালন, এসএমই খাতের উন্নয়নে ভূমিকা রাখা ও নারী উদ্যোক্তা খাতে বিনিয়োগ বৃদ্ধি করা।

বে লিজিং এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড

www.blilbd.com

বে লিজিং এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড ১৯৯৬ সালের মে মাসে পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে কাযর্ক্রম শুরু করে। ১৯৯৮ সালের জুন মাসে কোম্পানিটি পরিপূর্ণ মার্চেন্ট ব্যাংক হিসাবে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয় এবং ২০০৯ সালের ১২ এপ্রিল বাংলাদেশের পুঁজি বাজারে সক্রিয়ভাবে প্রবেশ করে। ডিসেম্বর ২০১৬ শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩০০০ মিলিয়ন ও ১৩০৯ মিলিয়ন টাকা।

২০১৬ সালে কোম্পানির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.২ শতাংশ ও ১.৫ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৯.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৭৭৩.৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২১.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭৭৬৮.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১৬২.৭ শতাংশ। মূলতঃ আমানতের উপর মনোযোগ বৃদ্ধির কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.০ শতাংশ। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণঃ ২০১৬ সালে কোম্পানির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৭৮৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৭৯.৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৩.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২২১০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৫ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭৮.৫ শতাংশ। বৃহৎ শিল্প ঋণের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৪২০.৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৫০.৯ শতাংশ। এছাড়াও, ব্যবসা ও বাণিজ্য খাতে বিতরণকৃত ঋণ ২৮৫.৪ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাতে ১৪০.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

চার্ট: ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমই ঋণঃ ২০১৬ সালে এসএমই খাতে ১১৪.৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়, যা মোট বিতরণকৃত ঋণের ৪.১ শতাংশ।

কৃষি ঋণঃ ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৮ শতাংশ। বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২১.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ৪ জন নারী উদ্যোক্তাকে ১৬.৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ছিল ৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ২২.৩ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ বে-লিজিং এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড তার অর্থনৈতিক পরিসর বৃদ্ধির লক্ষ্যে ৮ অক্টোবর, ২০১৬ তারিখে মাওনা শাখার শুভ উদ্বোধন করে এবং বাংলামটর শাখার অনুমোদন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। বে-লিজিং ব্যবস্থাপনা তথ্য আরো উন্নত করার লক্ষ্যে আরো জনবল বৃদ্ধি ও নতুন করে শাখার খোলার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড

www.primefinancebd.com

১৯৯৬ সালের ১০ মার্চ প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (পিএফআইএল) প্রতিষ্ঠিত হয় এবং আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্স প্রাপ্ত হয়ে ৮ ফেব্রুয়ারী ১৯৯৮ সালে কার্যক্রম শুরু করে। প্রাথমিক বাজার থেকে মূলধন সংগ্রহের লক্ষ্যে ২০০৫ সালের ২ অক্টোবর এবং ৪ অক্টোবর যথাক্রমে চট্টগ্রাম ও ঢাকা ষ্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত হয়। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩০০০ মিলিয়ন ও ২৭২৯ মিলিয়ন টাকা।

২০১৬ সালে প্রাইম ফাইন্যান্স এর আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৫ শতাংশ ও ২.৪ শতাংশ। প্রাইম ফাইন্যান্সের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৫.৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৯৪৫৬.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২৯৪৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১৩৬.৯ শতাংশ। মূলতঃ ব্যক্তি আমানতকারীর আমানতের পরিমাণ বৃদ্ধির কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ০.৫ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৮৮.৮ শতাংশ কমে ১২০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রাইম ফাইন্যান্স এর বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ৪২.৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৭.৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৮১৮.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলতঃ বিদ্যুৎ উৎপাদনকারী এবং কৃষিজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে ঋণ বিতরণের কারণে শিল্পঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

চার্ট: ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৫৬. ৪ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণের পরিমাণ ১৯৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১০.৬ শতাংশ। এছাড়াও, বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানে বিতরণকৃত ঋণের পরিমাণ ৪০০ মিলিয়ন টাকা, কৃষিজাত পণ্য উৎপাদনকারী খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ২১৫ মিলিয়ন টাকা।

এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৫২.৭ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ২৭.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২২৪০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলতঃ শাখা এবং জনবল বৃদ্ধির মাধ্যমে নতুন ব্যবসায়িক এলাকা চিহ্নিত করে ঋণ বিতরণের কারণে এসএমই খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

কৃষি ঋণঃ ২০১৬ সালে প্রাইম ফাইন্যান্সের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ৩৬.৪ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির কৃষি ঋণ বিতরণের পরিমাণ ১৫৪৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলতঃ কৃষিজাত পণ্য উৎপাদনকারী বিভিন্ন প্রতিষ্ঠানে বৃহৎ পরিমাণ ঋণ বিতরণের কারণে বৃদ্ধি ঘটেছে।

সিএসআরঃ প্রাইম ফাইন্যান্স ২০১৬ সালে ৭৫০০০ টাকা সিএসআর কার্যক্রম বাবদ ব্যয় করেছে।

অটোমেশনঃ নেটওয়ার্ক সিস্টেম এর নিরাপত্তা উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে। প্রাইম ফাইন্যান্সের ওয়েব সাইট নতুনভাবে তৈরী করা হয়েছে এবং নতুন নতুন তথ্য ও উপাত্ত অন্তর্ভূক্ত করা হয়েছে। ওপেন সোর্স ডাটাবেজ ও প্রোগ্রাম ব্যবহারের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব প্রদান, সার্বিকভাবে কোম্পানির গুরুত্বপূর্ণ তথ্য উপাত্ত সমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা এবং ব্যাকআপ সিস্টেম উন্নত ও কার্যকর করা হয়েছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ১৪ জন নারী উদ্যোক্তাকে ৬৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে বিতরণকৃত ৭১.৩ মিলিয়ন টাকার তুলনায় ৬.০৩ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড নতুন নতুন বিনিয়োগের ক্ষেত্র (ক্ষুদ্র ও মাঝারি উদ্দোক্তা, গ্রাহক ঋণ ও বাট্টাকরণ) তৈরি করেছে। পাশাপাশি দেশের অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ স্থানে শাখা স্থাপন করেছে। এছাড়া, গ্রাহক সেবা বৃদ্ধির উদ্দেশ্যে তথ্য প্রযুক্তি খাতকে আধুনিকায়নের কাজ শুরু করেছে।

ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড

www.deltabrac.com

অধিকতর জনসংখ্যার জন্য বাসস্থান নিশ্চিতকরণের মাধ্যমে সামাজিক উন্নয়নের লক্ষ্য নিয়ে ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড (ডিবিএইচ) ১৯৯৭ সালে তার যাত্রা শুরু করে। দেশের বেসরকারি খাতের প্রথম এবং বৃহত্তম গৃহনির্মাণ ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে ডিবিএইচ বাসস্থান গড়ে তোলায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে, যা মানুষের মৌলিক চাহিদাগুলোর মধ্যে অন্যতম। ডিবিএইচ বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহঋণ প্রদান কার্যক্রম পরিচালনা করার জন্য এবং মেয়াদি আমানত গ্রহণের জন্য অনুমোদনপ্রাপ্ত হয়েছে। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২০০০ মিলিয়ন ও ১২১৯ মিলিয়ন টাকা।

২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৯.০ শতাংশ ও ৬.৭ শতাংশ। আর্থিক প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ২২.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৪৩৯৪.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৫.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৫৮৩৫.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১০৪.২ শতাংশ। মূলতঃ আকর্ষণীয় সুদের হার, আমানতকারীদের আস্থা এ সব কিছুর সমন্বয়ের ফলে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং সেবার মান, চাহিদা ও আয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ সুদের হার ইত্যাদির কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৩.৪ শতাংশ। ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের ১৪১.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২১৩৯.৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

গৃহায়ণ খাতে ঋণঃ ২০১৬ সালে গৃহায়ণ খাতে ঋণ বিতরণের মোট অবদান মোট বিতরণকৃত ঋণের ৯৯.২ ভাগ। ডিবিএইচ গৃহায়ণ ঋণে বিশেষায়িত একটি প্রতিষ্ঠান বিধায় বিগত তিন বছরে প্রত্যক্ষ্যভাবে গ্রিন-ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণ করেনি। কিন্তু ঋণ প্রদানের সময় ঋণ গ্রহীতাদের সোলার প্যানেল ব্যবহার, পরিবেশ সংরক্ষণ ইত্যাদি কাজে উদ্বুদ্ধ করার মাধ্যমে পরোক্ষভাবে ভূমিকা রেখে আসছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান

সিএসআরঃ প্রতিষ্ঠানের সামাজিক কার্যক্রমের আওতায় ২০১৬ সালে ডিবিএইচ ০.২ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

অটোমেশনঃ গত অর্থ বছরে আইটি বিভাগ, প্রযুক্তি পরিবর্তনের সাথে সাথে সাম্প্রতিক বিভিন্ন কার্যকারিতাকে আরও উন্নত করার জন্য সফলভাবে অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে উন্নয়ন সাধন করেছে। এর মধ্যে 'ফাইলের এপ্লিকেশন সিস্টেম (ডি এফ এস)' এবং ডাটাগার্ড দ্বারা 'রিয়েল এপ্লিকেশন ক্লাস্টার' বাস্তবায়নের মাধ্যমে ডিআর সাইটের উন্নতিকরণ বিশেষভাবে উল্লেখযোগ্য । আইটি বিভাগ ব্যবসা প্রক্রিয়াকে আরও উন্নত করতে 'ডেইলি রিসিভেবল আপডেট' এবং ডিপোজিটের ক্ষেত্রে 'ইএফটিএন', 'ইন্টুশন প্রিভেনশন সিস্টেম (আইপিএস)' 'কোয়ালিস' বাস্তবায়িত হয়েছে। এছাড়াও, আইটি বিভাগ গত অর্থবছরে, ডিবিএইচ-এর কেন্দ্রীয় সফটওয়্যার সিস্টেমকে উন্নত করতে 'অনলাইন পারচেজ রিকুইজিশন সিস্টেম', 'অটোমেটেড ভাউচার', 'কল মানি ম্যানেজমেন্ট সিস্টেম' এবং 'ফাইল মুভেবল ট্র্যাকিং সিস্টেম' বাস্তবায়নের মাধ্যমে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স বিশেষায়িত গৃহ নির্মাণ ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে ভবিষ্যতেও তার অর্জিত সাফল্য ধরে রাখার বিষয়ে কর্মপরিকল্পনা তৈরি করেছে।

ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড
www.Ilfsl.com

ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড (আইএলএফএসএল) ১৯৯৬ সালে বাংলাদেশে ব্যাংকের অনুমোদনক্রমে বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান হিসাবে কার্যক্রম শুরু করে। ২০০১ সালে কোম্পানিটি লিজিং এর পাশাপাশি স্বল্পমেয়াদী ঋণ সার্ভিসের চালু করে এবং সেপ্টেম্বর ২০০৭-এ ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এ নিবন্ধিত হয়। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২০০০ ও ১৭৯৬.৩ মিলিয়ন টাকা।

২০১৬ সালে আইএলএফএসএল-এর আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৫.৭ শতাংশ ও ৫.৬ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৬৩.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২১৯১০.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৬.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ এ ২৯৭৩০.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১৩৫.৭ শতাংশ। ২০১৫ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ২.২ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যর স্থিতি ৮৩৫.৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ১০০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪৮.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৫১৭৬.৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোশাকশিল্পে (নিট ও ওভেনসহ) বিতরনকৃত ঋণ ২১৬৪.৯ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.২৮ শতাংশ। খাদ্যদ্রব্য উৎপাদনকারী খাতে বিতরণকৃত ঋণ ২৩৪৩.৪ মিলিয়ন টাকা, শিপ ম্যানুফ্যাকচারিং-এ ৪৬৫ মিলিয়ন টাকা।

এসএমইঃ ২০১৬ সালে ঋণ বিতরণের পরিমাণ ১২৫৪ মিলিয়ন টাকা, যা ২০১৫ সালের মোট ঋণ বিতরণের তুলনায় ৫৬.৮ শতাংশ বেশি। সরকারের রূপকল্প ২০২১ ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে বিবেচনা করে টেলিকম ও আইটি সেক্টরে মোট এসএমই ঋণের ২৮.৮ শতাংশ বিতরণ করা হয়েছে।

গ্রিন ব্যাংকিঃ প্রতিষ্ঠানটি ২০১৬ সালে গ্রিন ব্যাংকিং সহায়ক প্রজেক্টে ৩৩০ মিলিয়ন টাকা বিতরণ করেছে। ভবিষ্যৎতে কোম্পানিটি গ্রিন-ব্যাংকিং খাতে সরাসরি বিনিয়োগ করার জন্য প্রয়োজনীয় পদেক্ষেপ নিয়েছে।

সিএসআরঃ ইন্টারন্যাশনাল লিজিং ২০১৬ সালে সিএসআর খাতে ০.৮ মিলিয়ন টাকা ব্যয় করেছে।

অটোমেশনঃ ২০১৬ সালে ব্যাংক আলটিমাস নামক অনলাইন ইন্টিগ্রেটেড সফটওয়্যার সংস্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। সফটওয়্যারটি ২০১৭ সালের মধ্যে চালু করার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড
www.reflbd.com

রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড (আরইএফএল) আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর আওতায় যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে মে ১৯৯৬ থেকে কার্যক্রম শুরু করে। ২০১৬ সালে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪০০০ মিলিয়ন ও ২০০০ মিলিয়ন টাকা।

২০১৬ সালে আরইএফএল -এর আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৯.৩ শতাংশ ও ৭.৬ শতাংশ। ২০১৬ সালে কোম্পানির আমানতের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ০.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৫৭৬৪.৫ মিলিয়ন টাকা দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ০.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৪০৫৮৩.১ মিলিয়ন টাকা দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১১৩.৫ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হার ব্যবধান ছিল শতকরা ৩ ভাগ। ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্য স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৬৫.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৭৪১.৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাত ভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হল।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণঃ ২০১৬ সালে এ প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৬৭৪৭.৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ছিল ১৫.২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৫.৮ শতাংশ কমে ২০১৬ সালে ১০২৪.৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের পরিমাণ ছিল ৮৬.৪৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেন সহ) বিতরণকৃত ঋণ ছিল ৮০.০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.১৯ শতাংশ। এছাড়াও লৌহ ও ইস্পাত খাতে ৭২.০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.১ শতাংশ।

এসএমই ঋণঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৫.৭ শতাংশ। ২০১৬ সালে এসএমই-খাতে ঋণ বিতরণ ৩৮৬.৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৬ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৪৫.৭ শতাংশ।

কৃষি ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ছিল ০.১ শতাংশ। এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ২০১৫ সালের ৫০.০ মিলিয়ন টাকার তুলনায় ০.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৮.০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ক্ষুদ্র ঋণঃ ২০১৫ ও ২০১৬ সালে বিতরণকৃত ক্ষুদ্র ঋণ ছিল যথাক্রমে ২৫৫.২৫ মিলিয়ন এবং ২১৬.৩ মিলিয়ন টাকা।

সিএসআরঃ ২০১৫ ও ২০১৬ সালে সিএসআর কার্যক্রমে প্রতিষ্ঠানটি যথাক্রমে ১৯.৬৭ মিলিয়ন এবং ১.৪০ মিলিয়ন টাকা ব্যয় করে।

অটোমেশনঃ অটোমেশন কার্যক্রমে ২০১৫ ও ২০১৬ সালে ব্যয় ছিল যথাক্রমে ৪.৫ মিলিয়ন এবং ১৫.০ মিলিয়ন টাকা।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ৭ জন নারী উদ্যোক্তাকে ১৯.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়, যা ২০১৫ সালে ১০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ৩২.২ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড ভবিষ্যৎ সেবার মান বৃদ্ধি, আমানত এবং ঋণ ও অগ্রিমের গুনগত মান বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন করেছে।

আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড

www.ipdcbd.com

১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয়ে আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড বাংলাদেশের প্রথম বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে ১৯৮৩ সালে কার্যক্রম শুরু করে। কোম্পানিটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কমনওয়েলথ উন্নয়ন সংস্থা (CDC), বিশ্বব্যাংকের আন্তর্জাতিক অর্থায়ন সংস্থা (IFC), জার্মান বিনিয়োগ এবং উন্নয়ন সংস্থা (DEG) এবংআগা খান ফান্ড ফর ইকনোমিক ডেভেলপমেন্ট (AKFED)–এর যৌথ উদ্যোগে প্রতিষ্ঠা লাভ করে। বর্তমানে কোম্পানির মালিকানায় রয়েছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ব্র্যাক, আগা খান ফান্ড ফর ইকনোমিক ডেভেলপমেন্ট (AKFED),আয়েশা আবেদ ফাউন্ডেশন, আর.এস.এ ক্যাপিটাল লিমিটেড এবং সাধারণ শেয়ার হোল্ডারগণ। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪০০০.০ মিলিয়ন ও ১৫১৫.০মিলিয়ন টাকা।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৪.৫ শতাংশ ও ৩.৭ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৬২.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৭১৭৯.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২০৩.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৯৪৮০.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১১৩.৪ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হার ব্যবধান ৪.২ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় উল্লেখযোগ্য হারে (৭২৯৫.৭ শতাংশ) বৃদ্ধি পেয়ে ১১৭০.৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৫৪২২.১ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অবদান ৭৪.২ শতাংশ। শিল্পঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় উল্লেখযোগ্য হারে (৪০৪.৩ শতাংশ) বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১১৪৪১.৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭২.৪ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) ঋণ ২০২১.৭ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১০.৪ শতাংশ। এছাড়াও, টেক্সটাইল খাতে বিতরণকৃত ঋণ ৮৪২.৫ মিলিয়ন টাকা।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমইঃ ২০১৬ সালে বিতরণকৃত মোট ঋণের মধ্যে এসএমই-এর অবদান ১২.৫ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ ৩৩৪.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৯৩২.৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

কৃষিঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ৮.৮ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৭.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩৫৭.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

সিএসআরঃ ২০১৫ ও ২০১৬ সালে সিএসআর খাতে প্রতিষ্ঠানটির বিতরণ যথাক্রমে ২.০ মিলিয়ন ও ৫.০ মিলিয়ন টাকা।

অটোমেশনঃ ২০১৬ সালে একটি আধুনিক ও অনলাইন ভিত্তিক ঋণের আবেদন, মূল্যায়ন ও মঞ্জুরের জন্য CRM Loan Origination System (CRM LOS) চালু করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়, যার ফলে ঋণ ব্যবস্থাপনায় নতুন দিক উন্মোচন হবে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে নারী উদ্যোক্তাদের ২.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালের তুলনায় ৩৮.৯ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ আইপিডিসি-এর ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে সাশ্রয়ী মূল্যে গৃহঋণ সুবিধা, রিটেইল ব্যবসায় ও নারী উদ্যোক্তাদের মাঝে বিনিয়োগের নতুন ক্ষেত্র তৈরি করার মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন। ব্যবসায়িক শাখা সম্প্রসারণ, তথ্য-প্রযুক্তির উন্নয়ন, ব্রান্ডিং এবং মানবসম্পদ উন্নয়নে নতুন বিনিয়োগের মাধ্যমে আইপিডিসি-কে আরও সফল আর্থিক প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠিত করা।

উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড (ইউফিল)
www.uttarafinance.biz

উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড (ইউফিল) ১৯৯৫ সালে বাংলাদেশ ও সিঙ্গাপুরের যৌথ উদ্যোগে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে লিজিং ও ফাইন্যান্সিং কার্যক্রম শুরু করে। কোম্পানিটি ১৯৯৭ সালের আগস্ট মাসে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ও সেপ্টেম্বর মাসে ঢাকা স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হয় এবং ১৯৯৮ সালের মার্চ মাসে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার অনুমোদন লাভ করে। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫০০০ মিলিয়ন ও ১২৫২ মিলিয়ন টাকা।

২০১৬ সালে আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৪.০ শতাংশ ও ৪.৫ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৮.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৫৩৬৮.৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৩৬৬৬.৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১৫৪.০ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৬ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৮.৩ শতাংশ হ্রাস পেয়ে ২৯৩০.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অবদান ৯৫.৩ শতাংশ। শিল্পঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৩.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৬২৮৬.৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মূলত দেশের বৃহৎ ও মাঝারি শিল্পে ঋণ বিতরণ বৃদ্ধির কারণে শিল্প ঋণ বিতরণে বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্পঃ প্রতিষ্ঠানটির ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯১.১ শতাংশ ।

এসএমইঃ ইউফিল-এর ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ২.৯ শতাংশ ।

কৃষি ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ০.৩ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪২.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



সিএসআরঃ ২০১৬ সালে উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড ০.৩ মিলিয়ন টাকা সিএসআর কার্যক্রমে ব্যয় করে এবং ভবিষ্যতে এ খাতে বরাদ্দ বৃদ্ধির পরিকল্পনা হাতে নিয়েছে।

অটোমেশনঃ ইউফিল-এর হেড অফিস, হেড অফিস (বর্ধিত), গুলশান শাখা, চট্টগ্রাম শাখা ও বগুড়া শাখা এবং যশোর অফিসে অটোমেশনের আওতায় রয়েছে নিজস্ব মেইল সার্ভার, যা এন্টিভাইরাস দ্বারা সুরক্ষিত।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ৬১ জন নারী উদ্যোক্তাকে ১৭১.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৪৬ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৩৪.০ মিলিয়ন টাকার তুলনায় ৪৮.৪ শতাংশ বেশি।

ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড
www.unitedfinance.com.bd

ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে ২৭ এপ্রিল ১৯৮৯ সালে ইউনাইটেড লিজিং কোম্পানি লিমিটেড নামে নিবন্ধিত হয় এবং পরবর্তিতে ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনে লাইসেন্সপ্রাপ্ত হয়। কোম্পানিটি ১৯৯৪ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেডে তালিকাভূক্ত হয়। ব্যবসা সম্প্রসারণ ও বহুমুখীকরণের উদ্দেশ্যে ২৫ নভেম্বর ২০১৪ সালে প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করে ইউনাটেড ফাইন্যান্স লিমিটেড করা হয়। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩০০০ মিলিয়ন ও ১৬৯৭ মিলিয়ন টাকা।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.৩ শতাংশ ও ২.৬ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৯.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২৫৭০.১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৫.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩৮০৩.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১০৯.৮ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.২ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৯.৭ শতাংশ হ্রাস পেয়ে ৩৮৪৮.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৬৪৩৪.৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৩১.৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩১.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৮২৮৮.১ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

কৃষি ঋণঃ প্রতিষ্ঠানটি ২০১৬ সালে কৃষি ঋণ বাবদ ৫৪৯.৬ মিলিয়ন টাকা বিতরণ করে, যা বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের ২.১ শতাংশ।

গ্রিন ব্যাংকিং ঃ ইউনাইটেড ফাইন্যান্স বায়োগ্যাস প্লান্ট, সৌরবিদ্যুৎ ইত্যাদি খাতে ঋণ বিতরণ করে আসছে। ২০১৬ সালে ১১.৮ মিলিয়ন টাকা বায়োগ্যাস প্লান্ট নির্মাণে ২০ মিলিয়ন টাকা অগ্নি নির্বাপক খাতে এবং ১০০ মিলিয়ন টাকা গ্রিন কারখানা নির্মাণে বিতরণ করা হয়েছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



সিএসআরঃ ইউনাইটেড ফাইন্যান্স ২০১৬ সালে উত্তর ও দক্ষিণ অঞ্চলের দরিদ্র, দুঃস্থ ও অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র, কম্বল বিতরণ করে যাতে প্রতিষ্ঠানটির ব্যয় হয়েছিল ০.৯ মিলিয়ন টাকা। ২০১৫ সালে প্রতিষ্ঠানটির সিএসআর কার্যক্রমে অবদান ছিল ১.৫ মিলিয়ন টাকা।

অটোমেশনঃ ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড এ ২০১৬ সালে অটোমেশন কার্যক্রমে বেশ কিছু অগ্রগতি সাধিত হয়েছে। ব্যবস্থাপনা এবং গ্রাহকদের এসএমএস এর মাধ্যমে বিভিন্ন সেবা প্রদান ইত্যাদি কাজ সফলতার সাথে সম্পাদন করছে। এছাড়া, ২০১৬ সালে মোবাইল ভিত্তিক তথ্য ও উপাত্ত সংগ্রহে ব্যাপক অগ্রগতি অর্জন করেছে। প্রতিষ্ঠানটির তৈরিকৃত সফটওয়্যার এর মাধ্যমে মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ৪৮৮ জন নারী উদ্যোক্তাকে ৯১৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালের ৪৬৮.৮ মিলিয়ন টাকার তুলনায় ৯৫ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ ব্যবসা সম্প্রসারণ, গ্রাহকদের উন্নততর সেবা প্রদান এবং অভ্যন্তরীণ কার্যক্রমের গুণগত মান বৃদ্ধিকরণের মাধ্যমে প্রতিষ্ঠানটির দীর্ঘমেয়াদি অবস্থান নিশ্চতকরণে গবেষণা কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ২০১৫ সালে গবেষণার গুরুত্ব বিবেচনায় রেখে প্রতিষ্ঠানটি দুটি পৃথক বিভাগ গঠন করেছে যারা ২০১৬ সালেও নতুন নতুন কার্যক্রম ও এর অটোমেশন নিয়ে গবেষণা করছে।

ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড

www.unicap-bd.com

ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড (ইউসিএল) বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর আওতায় ১৯৯৮ সালের ১২ আগস্ট আর্থিক প্রতিষ্ঠান হিসেবে অধিভুক্ত হয়ে ১৯৯৯ সালে ব্যবসা শুরু করে। প্রতিষ্ঠানটি আইপিও-এর মাধ্যমে ২০০৭ সালের জুলাই মাসে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে এ তালিকাভুক্ত হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর, সিলেট, নরসিংদী ও বগুড়াতে অবস্থিত আটটি অফিসের মাধ্যমে গ্রাহকদের আর্থিক সেবা প্রদান করে যাচ্ছে। ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২০০০ মিলিয়ন টাকা ও ১৮২৩ মিলিয়ন টাকা।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.৪ শতাংশ ও ৩.১ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১১.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩১৩১.২ মিলিয়ন টাকায় দাঁড়ায় । অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৬৩৯৯.২ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ১২৪.৯ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৯ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণে (২৫০.৪ শতাংশ) বৃদ্ধি পেয়ে ৬৩৬.৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটি কর্তৃক বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্পঋণের অংশ ৭৮.৫ শতাংশ। মূলতঃ কোম্পানির ঐকান্তিক প্রচেষ্টায় দেশের শিল্প ঋণ কার্যক্রমকে আরও গতিশীল করার প্রত্যয়ে ২০১৬ সালে শিল্পঋণ খাতে মোট ৫২৩৩.২ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩৩.৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৪৯১.২ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.৪ শতাংশ। এছাড়াও পাওয়ার, গ্যাস, এনার্জি খাতে বিতরণকৃত ঋণ ৪৪০.০ মিলিয়ন টাকা এবং আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট খাতে ৪৭০.০ মিলিয়ন টাকা।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ১১.৮ শতাংশ । ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ২০১৬ সালে ৩৭.৪ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৭৮৭.৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

কৃষি ঋণঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের অবদান ১.৯ শতাংশ। কোম্পানিটি ২০১৪ সাল থেকে কৃষি খাতে বিনিয়োগ শুরু করে এবং ২০১৬ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ১২৫.৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

সিএসআরঃ প্রতিষ্ঠানটি সিএসআর কার্যক্রমে ২০১৬ সালে ১.০ মিলিয়ন টাকা বিতরণ করেছে। এছাড়া, ইউসিএল পথ শিশুদের আত্মনির্ভরশীল করা, অপরাধমূলক কার্যকলাপ থেকে বিরত রাখা, খেলাধুলার মাধ্যমে মননশীলতার প্রসার ঘটানো ইত্যাদি বিভিন্ন রকমের কার্যক্রমসহ প্রতি বছর সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করে থাকে।

অটোমেশনঃ ইউসিএল এর অবকাঠামোগত উন্নয়ন ও সফটওয়্যার অটোমেশনে প্রচেষ্টা অব্যাহত রাখাসহ ঋণ কার্যক্রমের নির্ভুল হিসাব সফটওয়্যার-এর সহায়তায় কেন্দ্রীয়ভাবে পরিচালনা করে আসছে। অতি সম্প্রতি প্রতিষ্ঠানটির ঋণ মূল্যায়ন ও মানব সম্পদ বিভাগ এবং গুরুত্বপূর্ণ দলিলাদি ও ডকুমেন্টস্ সংরক্ষণ কার্যক্রম অটোমেশনের আওতায় এনেছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ১৬ জন নারী উদ্যোক্তাকে ৪০.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালের ৩৭.২ মিলিয়ন টাকার তুলনায় ৭.৫ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ প্রতিষ্ঠানটি ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে ইতিমধ্যে ২০১৭ সালে ১টি নতুন শাখা সম্প্রসারণসহ ৮৫৫৫ মিলিয়ন টাকার নতুন বিনিয়োগ, ৩৪৮৪ মিলিয়ন টাকার নতুন আমানত এবং শ্রেণিকৃত ঋণের হার ৬.১ শতাংশে কমিয়ে আনার পরিকল্পনা করেছে।

পিপলস্ লিজিং এ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড

www.plfsbd.com

বাংলাদেশে শিল্পোন্নয়ন ও উৎপাদনশীল খাতকে দীর্ঘমেয়াদি বিনিয়োগে সহায়তা প্রদানের লক্ষ্যে কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় ১৯৯৬ সালের ১২ আগষ্ট একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে পিপলস লিজিং এ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড (পিএলএফএস) প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে পিএলএফএস 'আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর অধীনে ২৪ নভেম্বর ১৯৯৭ তারিখে বাংলাদেশ ব্যাংক লাইসেন্সপ্রাপ্ত হয় এবং ১৯৯৯ সালে কার্যক্রম শুরু করে । ২০১৬ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫০০০ মিলিয়ন ও ২৮৫৪ মিলিয়ন টাকা।

২০১৬ সালে পিএলএফএস-এর আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.৮ শতাংশ ও ২.৫ শতাংশ । প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১১.৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৪৪১০ মিলিয়ন টাকায় দাঁড়ায় । অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪.০ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৩৪৪৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানত স্থিতির ৯৩.৩ শতাংশ । ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হার ব্যবধান ২.৯ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৫১.১ শতাংশ হ্রাস পেয়ে ৩২৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে পিএলএফএস-এর বিতারণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অবদান ১০০ শতাংশ । শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৭.৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৫৫২ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯৬.৭ শতাংশ ।

এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ১ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৮৭.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে ।

গ্রিন ব্যাংকিংঃ ২০১৪ সালের শেষদিকে পিএলএফএস পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা ও গ্রিন-ব্যাংকিং কার্যক্রম গ্রহণ করে । ২০১৬ সালে পিএলএফএস উক্ত খাতে ৫ মিলিয়ন টাকা বিতরণ করে ।

অটোমেশনঃ পিএলএফএস ২০১৫ সালে অটোমেশন কার্যক্রম শুরু করে, যা বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে ।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ২ জন নারী উদ্যোক্তাকে ৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৫ জন নারী উদ্যোক্তার বিপরীত ২৬ মিলিয়ন টাকার তুলনায় ৭৭ শতাংশ কম ।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ পিপলস লিজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিঃ এর সুদূরপ্রসারী ভবিষৎ পরিকল্পনা রয়েছে । এ প্রেক্ষিতে প্রতিষ্ঠানটির মূখ্য উদ্দেশ্যসমূহ হলোঃ আর্থ-সামাজিক দৃষ্টিকোণ বিবেচনায় উচ্চ গুণমানসম্পন্ন ও কৌশলগতভাবে ভারসাম্যপূর্ণ পোর্টফলিও গঠন এবং কর্পোরেট প্রতিষ্ঠান হিসেবে সমাজের মঙ্গল ও উন্নয়ন সাধন করা; গ্রাহকদেরকে বড় পরিসরে উত্তম ও গুণগত আর্থিক সহয়তা এবং সেবা প্রদান; এবং কর্পোরেট গভর্নেস নিশ্চিত করা ।

ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল)

www.idcol.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে ১৯৯৭ সালের ১৪ মে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) এর যাত্রা শুরু হয়। প্রতিষ্ঠানটি ৫ জানুয়ারি ১৯৯৮ তারিখে একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ব্যাংকের নিবন্ধন লাভ করে। শুরু হতেই এটি অবকাঠামো উন্নয়ন প্রকল্প ও নবায়নযোগ্য শক্তি কর্মসূচিতে অর্থায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

ইডকল-এর ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৩.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪০৩৫৬.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে ইডকল -এর অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৪.৫৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৯৩৬৪.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

গ্রিন ব্যাংকিং : ইডকল-এর গ্রিন-ব্যাংকিং কার্যক্রমের আওতায় নবায়নযোগ্য শক্তি খাতে ২০১৫ এবং ২০১৬ অর্থবছরে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ যথাক্রমে ৬০৩১ মিলিয়ন এবং ৫১০৫ মিলিয়ন টাকা। ইডকলের নবায়নযোগ্য শক্তি খাতে বিতরণকৃত ঋণের সিংহভা গই সৌরবিদ্যুৎ কর্মসূচির আওতাভুক্ত। বর্তমান ব্যবসায়িক মন্থর গতির কারণে এ কর্মসূচির অধীনে বিতরণকৃত ঋণের পরিমাণ হ্রাস পেয়েছে। এখানে উল্লেখ্য যে, অন্যান্য নবায়নযোগ্য শক্তি প্রকল্পে র আওতায় যথা - সৌরবিদ্যুৎভিত্তিক সেচ পাম্প, সৌরবিদ্যুৎভিত্তিক মিনিগ্রীড, বায়োগ্যাসভিত্তিক বিদ্যুৎ প্রকল্প, সৌরবিদ্যুৎ ভিত্তিক টেলিকম টাওয়ার প্রভৃতি প্রকল্পে ঋণ বিতরণের পরিমাণ বিগত অর্থ বছরের তুলনায় শতকরা ১৭৭.০ ভাগ বৃদ্ধি পেয়েছে।



সিএসআর : ইডকল সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের ধারাবাহিকতায় ২০১৬ সালে উত্তরাঞ্চলের শীতার্ত মানুষের মধ্যে শীতবস্ত্র বিতরণ করেছে। এ কর্মসূচির আওতায় গাইবান্ধা ও পঞ্চগড়ে শীতার্ত মানুষের মধ্যে ৩৫৫০ টি কম্বল বিতরণ করা হয়, যার মূল্য ১.০ মিলিয়ন টাকা এবং এছাড়াও একটি এতিমখানায় ০.০১ মিলিয়ন টাকা মূল্যের একটি সোলার হোম সিস্টেম বিতরণ করা হয়।

অটোমেশন : ২০১৬ অর্থ বছরে ইডকল টি আর কাবিখা সফটওয়্যার এর মাধ্যমে প্রকল্পা ধীন বিভিন্ন সহযোগী সংস্থা কর্তৃক স্থাপনকৃত সিস্টেমের তথ্য তাৎক্ষণিকভাবে ইডকলের ডাটাবেজে সংরক্ষি তহচ্ছে । পিকো পিভি সফটওয়্যার -এর মাধ্যমে ইডকলের বিভিন্ন সহযোগী সংস্থা কর্তৃক গ্রাহক পর্যায়ে সরবরাহকৃত পিকো পিভি (ক্ষুদ্র সৌর বিদ্যুৎ) সিস্টেমের তথ্য তাৎক্ষণিকভাবে ডাটাবেজে সংরক্ষিত হচ্ছে । দ্রুত তথ্য আদান প্রদানের জন্য প্রতিটি ব্রাঞ্চ অফিসের ব্যান্ডউইথ ২৫৬ কেবিপিএস থেকে বাড়িয়ে ২ এমবিপিএস-এ উন্নীত করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ইডকল এর নবায়নযোগ্য শক্তি কর্মসূচির আওতায় মহিলা উদ্যেক্তাভিত্তিক সমবায় সমিতি উপকূলীয় বিদ্যুৎতায়ন ও মহিলা উন্নয়ন সমিতি, এসো জাতি গড়ি, নারী উন্নয়ন ফোরাম এবং দেশগড়ি কে অর্থায়ন করে থাকে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : সরকারের অগ্রাধিকারভিত্তিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহে বিনিয়োগের ধারা অব্যাহত রেখে বিভিন্ন উন্নয়ন প্রকল্প যথা -বিদ্যুৎ, তথ্যপ্রযুক্তি, ট্যুরিজম, যোগাযোগ ব্যবস্থা, বন্দর প্রভৃতি খাতসমূহে ৬৬৯৬০ মিলিয়ন টাকা বিনিয়োগের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড

www.nationalhousingbd.com

কোম্পানী আইন, ১৯৯৪ এর আওতায় ১৮ আগস্ট ১৯৯৮ সালে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড প্রতিষ্ঠিত হয় এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর অধীনে বাংলাদেশ ব্যাংক থেকে ২৯ ডিসেম্বর, ১৯৯৮ তারিখে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে লাইসেন্সপ্রাপ্ত হয়ে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। কোম্পানির উদ্যোক্তা শেয়ারহোল্ডারদের মধ্যে ৩টি ব্যাংক (আই.এফ.আই.সি ব্যাংক লিমিটেড, ন্যাশনাল ব্যাংক লিমিটেড, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড), ৭টি বীমা কোম্পানি (ইস্টার্ন ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড, ইস্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড, জীবন বীমা কর্পোরেশন, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড, প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড, রিলায়েন্স ইন্স্যুরেন্স লিমিটেড, এবং সাধারণ বীমা কর্পোরেশন), ৬টি স্থানীয় কর্পোরেট প্রতিষ্ঠান এবং ২টি প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারী ফোরাম রয়েছে।

২০১৬ সালে প্রতিষ্ঠানের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার/অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.২ শতাংশ ও ১.৭ শতাংশ। প্রতিষ্ঠানের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৫২.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৮৪৭৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৮৯৬০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১০৫.৭ শতাংশ। মূলতঃ প্রতিষ্ঠানের সুনাম, পরিচিতি, কর্ম-পরিধি বেশি হওয়ার কারণে আমানত ও ব্যবসায়িক প্রবৃদ্ধি ঘটেছে। ২০১৬ সালে আমানত এবং ঋণের সুদহার ব্যবধান ছিলো ৪.৭ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানের অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৫৫.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৯১৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণের মধ্যে শিল্পঋণের অংশ ২.২৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৭৮.৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে মাত্র ৭৪.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

মূলতঃ প্রতিষ্ঠানের নীতি নির্ধারণি সিদ্ধান্ত মোতাবেক গৃহ ঋণের উপর বেশি গুরুত্ব দেওয়ায় গৃহ ঋণ বেড়েছে এবং SME ঋণ বিতরণ কমেছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



শ্রেণিকৃত ঋণ (পরিমাণ ও আদায়সহ) : ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে শ্রেণিকৃত ঋণের তুলনামূলক অবস্থা এবং ঋণ আদায় (বৃদ্ধি/হ্রাস) পরিস্থিতি :

(মিলিয়ন টাকা)

বিবরণ	২০১৪	২০১৫	২০১৬
শ্রেণিকৃত ঋণ	৩১৭	৪১০	৪৪৩
আদায়ের পরিমাণ	২৫	৮.৪	১১.৫

গ্রিন ব্যাংকিং : কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা মোতাবেক গ্রিন-ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রয়েছে।

সিএসআর : ২০১৬ সালে সিএসআর কার্যক্রমের আওতায় ঢাকা শিশু হাসপাতালে অনুদান দেয়া হয়।

অটোমেশন : অটোমেশন কার্যক্রমে ২০১৫ সালে ডিপোজিট মডিউলের বাস্তবায়নের কার্যক্রম শুরু হয়েছে।

মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড

www.mfl.com.bd

মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড (এমএফএল) 'আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩' এর অধীনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয়ে ১৬ মে ১৯৯৫ তারিখে 'কোম্পানী আইন ১৯৯৪' মোতাবেক একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত হয় এবং জানুয়ারি ২০০০ থেকে আর্থিক প্রতিষ্ঠান হিসাবে কার্যক্রম শুরু করে। বেসরকারি খাতে উদ্যোক্তা উন্নয়ন এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প /ব্যবসা প্রসারের মাধ্যমে দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এমএফএল ক্ষুদ্র ও লিজ সহায়তা প্রদান করে। এমএফএল মাইক্রো ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট অ্যাসিসটেন্স অ্যান্ড সার্ভিসেস (মাইডাস) এর একটি সহযোগী প্রতিষ্ঠান। মাইডাস ১৯৮২ সাল হতে বাংলাদেশে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিতে আর্থিক ও কারিগরী সহায়তা দিয়ে আসছে। প্রতিষ্ঠানটি বর্তমানে সারাদেশে মোট ১৬ টি শাখার (প্রধান কার্যালয়সহ) মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে।

২০১৬ সালে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৮ শতাংশ ও ১.৭ শতাংশ। মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১০৩.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৮৫৫.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৭২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৮৯৩২.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৩০.৩ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ২.৭ শতাংশ। ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানটির বিধিবদ্ধ তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১২৫.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৪৮.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫১৭১.১ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৩১.৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৬ সালে ১৬২৬.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলত নতুন খাত সৃষ্টির ফলে উদ্যোক্তা বৃদ্ধি পাওয়ায় শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৬ সালে বৃহৎ শিল্পে বিতরণ করা হয়েছে ৬০৯.৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত শিল্প ঋণের ৩৭.৫ শতাংশ।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমই: ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ৫৩.৪ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এখাতে ঋণ বিতরণ ৯১.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২৭৬৩.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। নূতন উদ্যোক্তা তৈরি ও বাংলাদেশ ব্যাংকের নানাবিধ পরিকল্পনা ও ঋণ প্রদানে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের দ্রুত সেবার কারণে এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১২৪.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৩৯.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং : বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন অনুযায়ী গ্রিন ব্যাংকিং কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ২০১৬ সালে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের বিতরণকৃত ঋণের পরিমাণ ৪৭২.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর: সামাজিক দায়বদ্ধতার আওতায় মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড বিভিন্ন সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধির ফলে ২০১৬ সালে সিএসআর কার্যক্রম এর আওতায় ০.১ মিলিয়ন টাকা ব্যয় করে।

অটোমেশন: প্রতিষ্ঠানটি তার ১৬টি শাখাই পুরোপুরিভাবে অটোমেটেড করেছে। এ ছাড়া যে কোন দুর্যোগপূর্ণ অবস্থা মোকাবেলার জন্য ডাটা-ব্যাক আপ ব্যবস্থা রয়েছে। ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে সকল শাখা ব্যবস্থাপনা মনিটরিং করা হচ্ছে।

নারী উদ্যোক্তা: ২০১৬ সালে নারী উদ্যোক্তা ঋণ বাবদ প্রতিষ্ঠানটি ৫৫৩.৫ মিলিয়ন টাকা বিতরণ করেছে, যা মোট বিতরণকৃত ঋণের ১০ শতাংশ।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: ২০১৬-১৭ সালের লক্ষ্য অর্জনের জন্য প্রতিষ্ঠানটি ঝুঁকি ও আমানত বিবেচনা করে ভাল গ্রাহকদের মধ্যে ঋণ বিতরণ, অভ্যন্তরীণ নিরীক্ষার মাধ্যমে প্রতিরক্ষা ব্যবস্থা জোরদারকরণসহ শ্রেণিকৃত ঋণের হার ১০ শতাংশের নিচে নামিয়ে আনা ইত্যাদি পদক্ষেপ গ্রহণের পরিকল্পনা করেছে।

ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড

www.first-finance.com.bd

১৯৯৩ সালের ২৮ জুন ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড (এফএফএল) একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসাবে প্রতিষ্ঠা লাভ করে এবং পরবর্তীতে ১৯৯৯ সালের ৫ অক্টোবর বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয়। দেশের বিভিন্ন স্থানে প্রতিষ্ঠানটি জামানত বিহীন ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করছে।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৫ শতাংশ ও ১.৭ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ১৫.৭ শতাংশ কমে ২০১৬ সালে ৫৮৬৫.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৯১৫০.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৫৬.০ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ২.৭ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৫৬.০ শতাংশ হ্রাস পেয়ে ৪৬০.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণের ১৭৪৩.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ১২.১২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৪.৮৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২১১.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণঃ ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ঋণের শেয়ার মাত্র ২.৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৯০.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৩.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। কৃষি খাতকে অগ্রাধিকার প্রদানের ফলে এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



অটোমেশনঃ ২০১৫ সাল হতে সকল শাখায় অটোমেশনের মাধ্যমে তথ্য আদান-প্রদানের জন্য 'Customize' সফটওয়ার বিদ্যমান আছে এবং একই বছর Disaster Recovery Side (DRS) স্থাপন করা হয়েছে। মানব সম্পদ উন্নয়ন ও ERP (Enterprise Resources Planning) এর উন্নয়ন ও " Bug Fixing" করা হয়েছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ১২ জন নারী উদ্যোক্তার মধ্যে ৫.৯ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ছিল ১০৬ জন এবং টাকার পরিমাণ ৮৩.৭ মিলিয়ন।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ মন্দ ঋণ আদায় ও কর্পোরেট ঋণ প্রদানে ব্যাপক কার্যক্রম গ্রহণ করে আর্থিক প্রতিষ্ঠানটির মুনাফা বৃদ্ধিপূর্বক দেশের আর্থসামাজিক কর্মকান্ডে গতি আনয়নের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। দেশের বিভিন্ন অঞ্চলে শাখা সম্প্রসারণের মাধ্যমে আর্থিক কর্মকান্ডের প্রসার ঘটানো এবং কর্মকর্তাদের ব্যাংকিং বিধি বিধান পরিপালন ব্যবস্থা জোরদার ও উন্নয়ন করার লক্ষ্যে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা এর মধ্যে উল্লেখযোগ্য।

বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড

www.bdfinance.net

বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (বিডি ফাইন্যান্স) ১৯৯৯ সালের ২২ ডিসেম্বর বাংলাদেশ ব্যাংক থেকে লাইসেন্স প্রাপ্ত হয়ে ২০০০ সালের ১৫ ফেব্রুয়ারি আর্থিক প্রতিষ্ঠান হিসাবে যাত্রা শুরু করে। ২০০৭ সালে কোম্পানিটি আইপিওতে শেয়ার ছাড়ার মাধ্যমে পাবলিক লি মিটেড কোম্পানীতে রূপান্তরিত হয়। ঢাকা শহরে তিনটি এবং ঢাকার বাইরে আরো দুটি শাখার মাধ্যমে কোম্পানিটি তার কার্যক্রম পরিচালনা করছে। শতকরা ৫৭.৫৯ ভাগ মালিকানায় বিডি ফাইন্যান্স এর প্রথম সাবসিডিয়ারী কোম্পানি হিসেবে বিডি ফাইন্যান্স সিকিউরিটিজ লিমিটেড ২০১১ সালের নভেম্বর মাসে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য বিডি ফাইন্যান্স - এর শতকরা ৯৯.৯৩ ভাগ মালিকানায় গঠিত হয় বিডি ফাইন্যান্স ক্যাপিটাল হোল্ডিংস লিমিটেড, যা ২০১২ সালের ফেব্রুয়ারি মাসে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদন লাভ করে। কোম্পানিটি বর্তমানে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৩ শতাংশ ও ২.৬ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৬.০৬ শতাংশ কমে ২০১৬ সালে ৮৭০৭.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩৮৯১.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। আমানতের সুদের হার কমে যাবার কারণেই আমানত স্থিতির পরিমাণ কমেছে অন্যদিকে নতুন পণ্য ও সেবা চালু এবং প্রতিযোগিতামূলক সুদ হারের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৭ শতাংশ। ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১১.৫ শতাংশ হ্রাস পেয়ে ১৮.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৯৪২৩.৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৬২.৬ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২.২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৫৮৯৮.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩৪.৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৫০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৫.৯ শতাংশ। অন্যান্য খাতে বিতরণকৃত ঋণ ৩৪৭৩ মিলিয়ন টাকা, যা মোট বিতবণকৃত ঋণের ৩৬.৮ শতাংশ।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমই : ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই -এর অবদান ১০.২ শতাংশ। এসএমই ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে ১৭.২ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

নারী উদ্যোক্তা : বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড নারী উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানের প্রতিটি শাখায় আলাদা আলাদা নারী উদ্যোক্তা উন্নয়ন সেল গঠন করে তাতে নারী কর্মকর্তা নিয়োগ দিয়েছে। কোম্পানি থেকে ২০১৬ সালে ১৬ জন নারীর মধ্যে ৭.৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

অটোমেশন : ২০১৬ সালের প্রতিষ্ঠানটি কোর ব্যাংকিং সফটওয়্যার - ব্যাংকআলটিমাস সম্পূর্ণরূপে চালু করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : কস্ট অব ফান্ড কমাতে ব্যাংক ক্রেডিট লাইন এর উপর নির্ভরতা কমিয়ে আমানত সংগ্রহের উপর জোর দেওয়া, শাখার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলে ঋণ বিতরণ বৃদ্ধি করা, এসএমই, নারী উন্নয়ন ও কৃষি খাতকে অগ্রাধিকার প্রদান করা ও সঞ্চয় বৃদ্ধির লক্ষ্যে আকর্ষণীয় জমা প্রকল্প চালুকরণ ইত্যাদি পরিকল্পনা রয়েছে।

ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (আইআইডিএফসি)

www.iidfc.com

ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (আইআইডিএফসি) ২০০০ সালের ১৯ ডিসেম্বর তারিখে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং ২০০১ সালের ২৩ জানুয়ারি তারিখে অর্থায়ন ব্যবসা পরিচালনার জন্য লাইসেন্সপ্রাপ্ত হয়।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.৩ শতাংশ ও ২.৭ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৩৪.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১২৫৭২.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৩.৬০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৪,৫৫৩.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ১১৫.৮ শতাংশ। মূলতঃ প্রতিষ্ঠানের আমানত ভিত্তি শক্তিশালীকরণের লক্ষ্যে নমনীয় ও বাজারবান্ধব হারে আমানত গ্রহণ করার কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং বৃহৎ ও মাঝারি আকারের শিল্প প্রতিষ্ঠান ও অবকাঠামোগত প্রকল্পে এবং ছোট ছোট লাভজনক ব্যবসা প্রতিষ্ঠানে দীর্ঘ ও স্বল্পমেয়াদি ঋণ লীজ সুবিধা প্রদানের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হার ব্যবধান ছিল ৩.১ শতাংশ। আইআইডিএফসি'র অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ৫৩.২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৫০.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণের ৯১৭৯.৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৭৬.০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৬০.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৯৭৫.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯৩.০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণের পরিমাণ ৭৫৫. ৯ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৮.২ শতাংশ। এ ছাড়াও আয়রন ও স্টিল খাতে বিতরণকৃত ঋণ ৯৪০.৩৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১০.২ শতাংশ এবং বিদ্যুৎ, গ্যাস, পানি ও স্যানিটারি, ট্রান্সপোর্ট ও কমিউনিকেশন ও আইটি খাতে বিতরণকৃত ঋণ ৪৭৮৮.৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৫২.২ শতাংশ।

এসএমই ঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই -এর অবদান ১৫.৯ শতাংশ। ২০১৫ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ৫৪.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৪৫৩.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ঋণের শেয়ার মাত্র ১.৭২ শতাংশ। ২০১৬ সালে কৃষি ঋণ বিতরণের পরিমাণ ছিল ১৫৭.৫ মিলিয়ন টাকা, যা ২০১৫ সালে ছিল ৭৫.৬ মিলিয়ন টাকা।

গ্রিন ব্যাংকিংঃ প্রতিষ্ঠানটি ২০১৬ সালে ১১১.৩৫ মিলিয়ন টাকা গ্রিন ব্যাংকিং কার্যক্রমের আওতায় ঋণ বিতরণ করেছে, যা ২০১৫ সালে ছিল ১৮৮.৩৫ মিলিয়ন টাকা।

সিএসআরঃ প্রতিষ্ঠানটি ২০১৬ সালে বন্যার্ত মানুষের সাহায্যার্থে কুড়িগ্রাম জেলার চিলমারী থানায় ০.৩৫ মিলিয়ন টাকা ত্রাণ বিতরণ করেছে।

অটোমেশন ঃ প্রতিষ্ঠানটি কোর ব্যাংকিং সফটওয়্যার ও এইচআর এন্ড পে-রোল সিস্টেম এর বিভিন্ন সভার এবং সেন্ট্রাল নেটওয়ার্কিং (LAN/WAN) এর মাধ্যমে শাখার প্রতিটি ডোমেইন ব্যবহারকারীর জন্য একই নেটওয়ার্কিং এর অধীনে সেন্ট্রাল সফটওয়্যার ব্যবহার করে আসছে। প্রতিষ্ঠানটি তার অফিসিয়াল ফাইলের নিরাপত্তা এবং প্রতিষ্ঠানের স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে ইলেক্ট্রিক ফাইল আরকাইভ সিষ্টেম, এন্টি মানিলন্ডারিং কার্যক্রম মনিটরিং এর জন্য অটোস্ক্রিনিং সফটওয়্যার, ই-টেন্ডারিং এবং ই-রিক্রুটমেন্ট সফটওয়্যারের ব্যবহার বাস্তবায়ন ও নিশ্চিত করেছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ৬ জন নারী উদ্যোক্তার মধ্যে ২৭.২০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৫ সালে ৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ৯২.৪৫ মিলিয়ন টাকা।

ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.ifilbd.com

বাংলাদেশে একটি কল্যাণমূলক অর্থব্যবস্থা বাস্তবায়নের অভিপ্রায়ে ২০০১ সালের ২৭ ফেব্রুয়ারি ১০০০ মিলিয়ন টাকা অনুমোদিত মূলধন নিয়ে পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (আইএফআইএল)-এর আত্মপ্রকাশ ঘটে এবং একই বছরের ১২ এপ্রিল বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স প্রাপ্তির মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান হিসাবে এর কার্যক্রম শুরু করে। এটি বাংলাদেশের শরীয়াহ ভিত্তিক প্রথম আর্থিক প্রতিষ্ঠান এবং এর যাবতীয় কার্যক্রম ইসলামী শরিয়াহ'র ভিত্তিতে পরিচালিত হয়ে থাকে । প্রতিষ্ঠানটি ২০০৫ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জ -এ তালিকাভুক্ত হয়। বর্তমানে এর পরিশোধিত মূলধন ১২০৯.৮ মিলিয়ন টাকা। আইএফআইএল ঢাকা ও চিটাগাং উভয় স্টক এক্সচেঞ্জ এর 'এ' ক্যাটাগরী হিসাবে তালিকাভুক্ত একটি কোম্পানি।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.১ শতাংশ ও ১.৭ শতাংশ । প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৯.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭৯১০.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৭.০ শতাংশ বৃদ্ধি পে য়ে ২০১৬ সালে ৯০৭২.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১১৪.৭ শতাংশ । ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৫ শতাংশ । ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৭৯.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে । প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে শিল্পঋণের অংশ ৪৭.৬ শতাংশ। শিল্প ঋণ বিতরণ পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২৭.২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১৮৮০.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্প অবদান ৩৮.৭ শতাংশ । বৃহৎ শিল্পের আওতায় ফার্মাসি টিক্যালস খাতে বিতরণকৃত ঋণ ৬৯৯.০ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১৭.৭ শতাংশ, তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩৬৫.৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৯.৩ শতাংশ, পাওয়ার এ বিতরণকৃত ঋণ ১০৫.১ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ২.৭ শতাংশ । এছাড়াও স্টীমিলস খাতে বিতরণকৃত ঋণ ৬৮.৯ মিলিয়ন টাকা , যা মোট বিতরণকৃত ঋণের ১.৭ শতাংশ ।

এসএমই ঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই -এর অবদান ৩৩.২ শতাংশ । ২০১৫ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ১৯.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩১২.০ মিলিয়ন টাকা দাঁড়িয়েছে ।

গ্রিন ব্যাংকিংঃ ২০১৬ সালে গ্রিন ব্যাংকিং খাতে বিতরণকৃত মোট ঋণ ২০.০ মিলিয়ন টাকা।

সিএসআরঃ সিএসআর কার্যক্রম হিসেবে ০.৩ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে ।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ১৩ জন নারী উদ্যোক্তার মধ্যে ১৮৫.৬ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে, যা ২০১৫ সালে ১০ জন নারী উদ্যোক্তার মধ্যে দেয়া ১৭৫.৬ মিলিয়ন টাকার তুলনায় ৫.৭ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা ঃ ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (আইএফআইএল) তার লক্ষ্য ও উদ্দেশ্য দ্রুততার সাথে বাস্তবায়ন এবং ব্যবসায়িক অবস্থা আরো ত্বরান্বিত করার জন্য একটি মধ্যবর্তী কৌশলপত্র গ্রহণ করেছে। এ লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে আরো সম্পর্ক উন্নয়ন, নতুন শাখা স্থাপন, কস্ট অব ফান্ড কমিয়ে আনা, কর্পোরেট গ্রাহকদের সাথে আরো বেশি ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও সম্ভাবনাময় শিল্প প্রতিষ্ঠানগুলোতে উর্ধ্বতন কর্মকর্তাদের সফর, শ্রেণিকৃত ঋণ কমিয়ে আনা এবং কর্মকর্তা কর্মচারীদেরকে আকর্ষণীয় বেতন-ভাতা প্রদান ইত্যাদি।

ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.ffilbd.com

ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (এফএফআইএল) ২১ জুন ২০০১-এ পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে কোম্পানি আইন, ১৯৯৪-এর অধীনে প্রতিষ্ঠিত হয়। কোম্পানিটি ফিন্যান্সিয়াল ইন্সিটিটিউশন আইন, ১৯৯৩ এর অধীনে কার্য পরিচালনার জন্য ৩ জুলাই ২০০১-এ লাইসেন্স প্রাপ্ত হয়। প্রতিষ্ঠানটি ২০১৩ সালের ১৭ সেপ্টেম্বর তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এ তালিকাভুক্ত হয় এবং ২০ জানুয়ারি ২০১৫ এ ২টি শাখা খোলার জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন লাভ করে।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৮ শতাংশ ও ২.১ শতাংশ। আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৬.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১০৭২৬.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩.০ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ১০৯৭৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১০২.৪ শতাংশ। মূলতঃ ব্যাংক এবং সঞ্চয়পত্রের তুলনায় সুদের হার বেশি হওয়ার কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং ২০১৬ সালে দেশের তারল্য বৃদ্ধি পাওয়ার ফলে কর্পোরেট ঋণ গ্রহীতাদের সুদের হার বাজারে হঠাৎ করেই কমে যায় যে কারণে বেশ কিছু বৃহৎ ঋণগ্রহীতা ঋণ সম্পূর্ণ পরিশোধ করে দেয়ার ফলে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ হ্রাস পায়। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ০.৪ শতাংশ। ২০১৬ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৫ সালের তুলনায় ১২৩.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৪২৭.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ ঃ ২০১৬ সালে বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্পঋণের অংশ ৭৮.৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩.৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৩৩৯৬.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ লৌহ ও ইস্পাত, খাদ্য, জ্বালানি, ঔষধ এবং ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স খাতে ঋণ বিতরণ বেশি হওয়ার কারণে শিল্প ঋণ বিতরণ বেড়েছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



বৃহৎ শিল্পঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮৬.৯ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় লৌহ ও ইস্পাত শিল্পে বিতরণকৃত ঋণ ৮০০.০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৮.৬ শতাংশ। এছাড়াও খাদ্যশিল্প খাতে বিতরণকৃত ঋণ ৬০০.০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৩.৯ শতাংশ এবং জ্বালানি খাতে বিতরণকৃত ঋণ ৩৫০.০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৮.১ শতাংশ।

এসএমইঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসমই-এর অবদান ১০.৩ শতাংশ । ২০১৫ সালের তুলনায় এসমই খাতে ঋণ বিতরণ ১১৫.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৪৪৪.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ২০১৬ সালে কোম্পানি এসমই খাতে বেশি গুরুত্ব দেয়ার ফলে এ খাতে ঋণ বিতরণের হার বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১.৪ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ ঃ ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের অংশ ১৫.৪ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৮৪.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৬৪.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। একইভাবে কৃষিঋণখাতে ফোকাস বেশি দেয়ার কারণে এবং শাখাগুলিতে সহজশর্তে কৃষিঋণ বিতরণ কর্মসূচি হাতে নেয়ায় কৃষি ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে।

গ্রিন ব্যাংকিংঃ ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে গ্রিন-ব্যাংকিং কার্যক্রমের আওতায় ঋণের অংশ ১.২ শতাংশ। গ্রিন-ব্যাংকিং কার্যক্রম আওতায় ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩৩.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫০.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ দেশের টেকসই অর্থনৈতিক অবস্থার উন্নতিকল্পে এ খাতে বিনিয়োগে কোম্পানিটি উৎসাহিত হয়েছে।

সিএসআর ঃ প্রতিষ্ঠানটি সিএসআর কার্যক্রমে ২০১৫ ও ২০১৬ সালে যথাক্রমে ১.২ মিলিয়ন টাকা ও ১.০ মিলিয়ন টাকা ব্যয় করে।

অটোমেশন ঃ ফারইষ্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড বাংলাদেশ ব্যাংকের আইসিটি সিকিউরিটি নির্দেশিকা অনুযায়ী অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরাপত্তার বিষয়গুলো বিবেচনা করে একটি নিরাপদ আইসিটি অবকাঠামো তৈরি করেছে। প্রতিষ্ঠানটির ডাটা সেন্টার, ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, সার্ভার, প্রিন্টার, স্ক্যানার এবং নেটওয়ার্কের মত সমস্ত আইসিটি উপকরণ পাসওয়ার্ড সুরক্ষিত। প্রতিষ্ঠানটির অফিস সার্বক্ষণিক ডিজিটাল নজরদারি এবং এ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম দ্বারা সুরক্ষিত। যেকোন দূর্যোগে দৈনন্দিন কার্যক্রম সঞ্চালিত রাখার জন্য প্রতিষ্ঠানটি এর আইসিটি অবকাঠামোতে একটি দূর্যোগ পুনরুদ্ধার সাইট কার্যকর আছে, যার একটি নির্দিষ্ট ব্যাকআপ পদ্ধতি আছে। বিভিন্ন অ্যাপ্লিকেশন সফটওয়ার প্রতিষ্ঠানটির দৈনন্দিন কার্যক্রম এবং অপারেশন সঞ্চালনের জন্য ব্যবহার করা হয়।

নারী উদ্যোক্তা ঃ ২০১৬ সালে ৩ জন নারী উদ্যোক্তার মধ্যে ৭.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যেখানে ২০১৫ সালে ২ জন নারী উদ্যোক্তাকে ১৫.০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা ঃ প্রতিষ্ঠানটি দৈনন্দিন কার্যক্রম এবং অপারেশন সঞ্চালনের জন্য পরিকল্পিতভাবে বিভিন্ন সফটওয়্যার উন্নয়ন প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে। প্রতিষ্ঠানটির ভবিষ্যত কর্মপরিকল্পনা হল ফাইন্যান্স সেক্টরে বৃহৎ আকারে অর্থায়নের মাধ্যমে নিজস্ব বাজার আরো বড় করা। যার মাধ্যমে প্রতিষ্ঠানটি সহজেই বাজার লীডার হিসাবে আত্মপ্রকাশ করতে পারবে। অন্যদিকে, ব্রান্ড ইমেজ উন্নতির মাধ্যমে প্রতিষ্ঠানটি নতুন নতুন কার্যক্রম গ্রহণের মাধ্যমে তাঁর স্বকীয়তা তুলে ধরবে। পাশাপাশি প্রতিষ্ঠানটি উন্নততর অর্থনৈতিক সেবা প্রতিষ্ঠিত করার মাধ্যমে গ্রাহকদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে চায়।

এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.f as bd.com/ffil

এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ৪ মার্চ ১৯৯৭ থেকে একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসাবে কার্যক্রম শুরু করে এবং ১৭ সেপ্টেম্বর ২০০১ তারিখে অ-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশ ব্যাংক থেকে ১৯৯৩ সার্লে আর্থিক প্রতিষ্ঠান আইনের আওতায় লাইসেন্স প্রাপ্ত হয়। এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ৩১ জুলাই ২০০৭ এ বিএসইসি থেকে আইপিওর অনুমোদন ক্রমে ঢাকা ও চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত হয় এবং শেয়ার লেনদেনের জন্য সর্বসাধারণের কাছে উন্মুক্ত হয়। ২০১৬ সালের শেষে কোম্পানির অনুমোদিত এবং পরিশোধিত মূলধন যথাক্রমে ২১০০ মিলিয়ন এবং ১২২৯ মিলিয়ন টাকা।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত এবং ঋণ ও অগ্রিম এর অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.১ শতাংশ ও ২.৬। প্রতিষ্ঠানটির আমানত ২০১৫ সালের তুলনায় ১৬.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৮২২৪.০ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম এর পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৩৮৪২.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ১৬৮.৩ শতাংশ। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.১ শতাংশ। ২০১৬ সালে আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্য ২২২.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৮৩৬.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ: ২০১৬ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে শিল্প ঋণ এর অংশ ৯২.৫ শতাংশ। বিতরণকৃত শিল্প ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪১.৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৩০৯৫.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ মাঠ পর্যায়ে বিপণন কার্যক্রম জোরদার করার কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

কৃষি ঋণ: ২০১৬ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের অংশ ২.৫ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৬ সালে ৮২.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



সিএসআর কার্যক্রমঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটি শীতার্তদের মাঝে ০.৩৮ মিলিয়ন টাকার কম্বল বিতরণ করেছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ২ জন নারী উদ্যোক্তাকে ২.৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়, যেখানে ২০১৫ সালে ৬ জন নারী উদ্যোক্তাকে ৭.৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছিল ।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ ভবিষ্যৎ ব্যবসা ও স্থিতিশীল প্রবৃদ্ধি ধরে রাখার লক্ষ্যে এফএএস বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। প্রতিষ্ঠানটি বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক ঘোষিত শিল্প/এসএমই বিনিয়োগ নীতিমালার সাথে সামাঞ্জস্যপূর্ণ উৎপাদনশীল খাতের প্রকল্পসমূহকে আর্থিক সেবা প্রদান বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত এসএমই খাতসমূহে বিনিয়োগের অগ্রাধিকার, মধ্যবিত্ত সমাজের আবাসন সমস্যা লাঘবে বিনিয়োগ প্রতিশ্রুতিশীল মহিলা উদ্যোক্তাদের অর্থায়নে অগ্রণী ভূমিকা পালন এবং বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় ও লাভজনক, জাতীয় অর্থনীতি সংশ্লিষ্ট যে কোন ধরণের প্রকল্পে লীজ ফাইন্যান্সিং সহ অন্যান্য আর্থিক সেবা প্রদান করবে।

প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড
www.premierleasing.com.bd

কোম্পানী আইন, ১৯৯৪ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর অধীনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদনপ্রাপ্ত হয়ে ৪ ফেব্রুয়ারি ২০০২-এ ৪০০ মিলিয়ন টাকার অনুমোদিত মুলধন ও ৫১ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড (পিএলএফএল) প্রতিষ্ঠা লাভ করে। দেশের শিল্পোন্নয়ন ও উৎপাদনশীল খাতকে সহায়তা প্রদানের লক্ষ্যে ২৫ মে ২০০২ হতে প্রতিষ্ঠানটির প্রাথমিক কার্যক্রম শুরু হয়।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৫ শতাংশ ও ২.৬ শতাংশ । প্রতিষ্ঠানটির আমানত ২০১৫ সালের তুলনায় ৩.০ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৯৪৬১.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রীম এর পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১১.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৪০২০.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ১৪৮.২ শতাংশ। মূলতঃ প্রতিষ্ঠানের সকলের সম্মিলিত প্রচেষ্টা ও আন্তরিক সেবা প্রদানের কারণে ঋণ ও অগ্রিমের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.০ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির তারল্য ৬২.০ শতাংশ হ্রাস পেয়ে ১৭৫.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রমঃ

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৬১১৬.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৭০.৪ শতাংশ । শিল্প ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ২০.৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৪৩০৬.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলত প্রতিষ্ঠানের বর্তমান বিনিয়োগ প্রসার নীতিমালার কারণে শিল্প ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



বৃহৎ শিল্প ঃ ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬৩.৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় কাগজ উৎপাদন শিল্পে বিতরণ ৫৫০.০ মিলিয়ন টাকা, তৈরি পোশাক শিল্পে বিনিয়োগ ২৩৮.০ মিলিয়ন টাকা, নির্মাণ শিল্প ও সিমেন্ট উৎপাদন খাতে বিতরণ ৫৮০.০ মিলিয়ন, লৌহ ও লৌহজাত শিল্পখাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ১৩৪ মিলিয়ন টাকা, এছাড়া বেসরকারি বিদ্যুৎ সহায়ক সামগ্রী নির্মাণকারী প্রতিষ্ঠানে ৪০০ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে।

এসএমইঃ ২০১৬ সালে বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ৪.৯ শতাংশ। তবে ২০১৫ সালের তুলনায় এখাতে ঋণ বিতরণ ৪.৪ শতাংশ হ্রাস পেয়ে ৩০৪.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআরঃ প্রতিষ্ঠানটি ২০১৬ সালে বিভিন্ন সিএসআর কার্যক্রমে মোট ০.৭৫ মিলিয়ন টাকা ব্যয় করেছে।

অটোমেশনঃ প্রতিষ্ঠানটির হেড অফিস ও শাখা অফিসসমূহকে নিজ নিজ নেটওয়ার্কিং এর আওতায় এনেছে। এছাড়া, হেড অফিসের সকল কম্পিউটারগুলোকে একটি সার্ভারের আওতায় এনে গ্রাহককে উন্নত ও দ্রুততার সাথে সেবা প্রদান করছে। প্রতিষ্ঠানটির নিজস্ব ওয়েব সাইট ও মেইল সার্ভার রয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড-এর সামগ্রিক ব্যবসা আরো বিস্তৃত করার সিদ্ধান্ত নিয়েছে। ২০১৭ সালে ঢাকা ও অন্যান্য বিভাগীয় শহরে নতুন শাখা স্থাপনের মাধ্যমে কোম্পানির আর্থিক সেবা প্রদান কার্যক্রম বিস্তৃত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া, প্রতিষ্ঠানটির ২০১৭ সালের প্রাক্কলিত বিনিয়োগ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১০০০০ মিলিয়ন টাকা। চলমান অর্থনৈতিক অবস্থা পর্যালোচনা করে যথাসম্ভব ঝুঁকিমুক্ত খাতসমূহ চিহ্নিত করার মাধ্যমে নিরাপদ খাতে বিনিয়োগসহ কর্পোরেট গ্রাহকদের মধ্য থেকে অপেক্ষাকৃত সম্ভাবনাময় খাত এবং ব্যক্তি পর্যায়ে সম্ভাব্য ভাল গ্রাহক নির্বাচন বিশেষ করে বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত শিল্প বিনিয়োগ নীতিমালার আওতায় বিভিন্ন প্রতিষ্ঠিত ও সম্ভাবনাময় কোম্পানিকে বিএমআরই এর জন্য বিনিয়োগ সহায়তা প্রদান এবং জাতীয় স্বার্থ সংশ্লিষ্ট প্রকল্প এবং রপ্তানিমুখী ও আমদানী বিকল্প শিল্পসমূহ ও প্রতিষ্ঠানকে ঋণ মঞ্জুরীতে অগ্রাধিকার প্রদান করার পরিকল্পনা প্রতিষ্ঠানটির রয়েছে।

ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড
www.nfl.com.bd

ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড (সাবেক সেলফ এমপ্লয়মেন্ট ফাইন্যান্স লিমিটেড) ২০০১ সালের জুলাই মাসে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত হয় এবং ২০০২ সালের জুন মাসে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্স প্রাপ্ত হয়ে এপ্রিল ২০০৭ হতে আর্থিক প্রতিষ্ঠান হিসাবে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠানটি দেশের শিল্প ও ব্যবসা বাণিজ্যের উন্নয়নের মাধ্যমে দেশের কর্মসংস্থান ও দারিদ্র বিমোচনের উদ্দেশে কাজ করছে।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.১ শতাংশ ও ১.১ শতাংশ। ন্যাশনাল ফা ইন্যান্স লিমিটেডের আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ৬.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৪২০২.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে , ঋণ ও অগ্রিম স্থিতি র পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪.৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৫৯৬২.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিম এর গড় সুদহার ব্যবধান ৪.০ শতাংশ। ২০১৬ সালে ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেডের অতিরিক্ত তারল্যের স্থিতি ১৮.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ৮৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাত ভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হল।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৭৩৫.০ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৩০.৮ শতাংশ। শিল্পঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৫৭.৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৬ সালে ৫৩৫.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩০.৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১০৩.০ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১৯.৩ শতাংশ। এছাড়া, খাদ্য ও পানীয় শিল্পে বিতরণকৃত ঋণ ৩৫০.০ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ৬৫.৪ শতাংশ।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



এসএমই : ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ২৩.৫ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১.৪ শতাংশ।

নারী উদ্যোক্তা : ২০১৬ সালে ২ জন নারী উদ্যোগক্তাকে ৭.৫ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

অটোমেশন : ২০০৮ সাল থেকে ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড সফটওয়্যার ব্যবহার করেছে। ২০১৬ সালে পুরাতন সফটওয়্যারটি পরিবর্তন করে আরও আধুনিক যুগোপোযোগী অনলাইন সফটওয়্যার প্রবর্তন করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা: রূপকল্প ২০২১ এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার মূল লক্ষ্য টেকসই উন্নয়নের মাধ্যমে মানুষের জীবন যাত্রার মান বৃদ্ধি করা। এ লক্ষে আর্থিক খাত সকল শিল্প প্রতিষ্ঠান ও উদীয়মান উদ্যোক্তা বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অর্থের যোগান দিয়ে আসছে। ২০১৬ সালের পরবর্তী বছরগুলোতে শাখার সংখ্যা বৃদ্ধিসহ নতুন ধরনের পণ্যের অন্তর্ভুক্তির মাধ্যমে প্রতিষ্ঠানটি ব্যবসা সম্প্রসারণ করে দেশের অর্থনীতির টেকসই উন্নয়নে ভুমিকা রাখবে। মানসম্পন্ন ব্যবসার সম্প্রসারণ, সেবার মান বৃদ্ধি ও উপযুক্ত খাতে অর্থের যোগানের মাধ্যমে দেশের আর্থিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে প্রতিষ্ঠানটির পরিকল্পনা রয়েছে।

হজ্ব ফাইন্যান্স কোম্পানী লিমিটেড
www.hajjfinance.net

হজ্ব ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (এইচএফসিএল) একটি শরীয়াহভিত্তিক আর্থিক প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০০৬ সালের সেপ্টেম্বর মাসে অনুমোদন ক্রমে যাত্রা শুরু করে। প্রতিষ্ঠানটি ঢাকা আহ্ছানিয়া মিশন এবং মালয়েশিয়ার যৌথ মালিকানায় প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠানটি মালয়েশিয়ার জনপ্রিয় হজ্ব ব্যবস্থাপনা এবং অর্থ তহবিল প্রতিষ্ঠান ''তাবুং হাজী'' এর আদলে গঠিত, যার মূল উদ্দেশ্য হলো হজ্বব্রত পালনে ইচ্ছুক ব্যক্তিদের সঞ্চিত অর্থ বিভিন্ন শরীয়াহভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ডে বিনিয়োগ করা এবং অর্জিত মুনাফার একটি অংশ সুষ্ঠু হজ্ব ব্যবস্থাপনা ও বাস্তবায়নে ব্যয় করা।

২০১৬ সালে আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৫ শতাংশ ও ১.২ শতাংশ। আমানত স্থিতি ২০১৫ সালের তুলনায় ২৬.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৫৭৩৪.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৪.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৬৩৫৭.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১১০. ৯ শতাংশ। ২০১৬ সালে মুনাফার হার ক্রমবর্ধমানভাবে হ্রাস পাওয়া সত্বেও হজ্ব ফাইন্যান্স কোম্পানী লিমিটেড -এর আমানত ও অর্থায়ন উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৩.৬ শতাংশ। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম:

শিল্প ঋণ : ২০১৬ সালে বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে শিল্প ঋণের অংশ ৬৫.৭ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ০.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ২১৪৩.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন গ্রাহক সৃষ্টির কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৬ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬৬.২ শতাংশ।

এসএমই : ২০১৬ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই এর অবদান ১.২ শতাংশ।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিমের খাতভিত্তিক অবদান



কৃষি ঋণ: ২০১৬ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ৩.৩ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ১৮৩.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১০৯.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং: ২০১৬ সালে প্রতিষ্ঠানটি কর্তৃক ডাইরেক্ট এন্ড ইনডাইরেক্ট গ্রিন ব্যাংকিং বাবদ অর্থায়ন হলো সর্বমোট ১২৫৩.৪ মিলিয়ন টাকা যা মোট অর্থায়নের ৩৮.৪ শতাংশ।

সিএসআর: ২০১৫ ও ২০১৬ সালের সিএসআর কার্যক্রমে খরচের পরিমাণ যথাক্রমে ০.২ এবং ০.৩ মিলিয়ন টাকা।

অটোমেশন : অটোমেশন কার্যক্রমের আওতায় ওয়েব বেজ ব্যাংকিং সফটওয়ার, ই-মেইল, ওয়েব সাইটসহ অটোমেশন চলমান রয়েছে।

অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড বাংলাদেশ

www.agranisme.org

অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড অগ্রণী ব্যাংক লিমিটেড এর শতভাগ মালিকানায় ২০১০ সালের ২৭ অক্টোবর একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস হতে নিবন্ধিত হয়। ২০১১ সালের ৩১ জানুয়ারি বাংলাদেশ ব্যাংকের নিকট থেকে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনার নিমিত্তে লাইসেন্সপ্রাপ্ত হয়। প্রতিষ্ঠানটি গ্রাহক অথবা অন্য কোন ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান হতে কোন প্রকার আমানত গ্রহণ করে না। মূলত: প্রতিষ্ঠানটি এসএমএই খাতে ঋণ কার্যক্রম পরিচালনা করে থাকে। ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৩০.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৭৮৭.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ১০.০ শতাংশ।

এসএমইঃ২০১৬ সালে কোম্পানির মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই, ব্যবসা-বাণিজ্য ও অন্যান্য খাতে ঋণের পরিমাণ ৩১৪.৯ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৫৮.৮ শতাংশ।

কৃষি ঋণঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের পরিমাণ ৩১.৩ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৫ সালের তুলনায় ৪৪.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ১৬৭.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এ খাতকে বিশেষভাবে গুরুত্ব প্রদানের ফলে এ খাতে ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



সিএসআরঃ প্রতিষ্ঠানটি ২০১৫ সালে সিএসআর কার্যক্রমের আওতায় ১.৯ মিলিয়ন টাকা বিতরণ করেছে। তবে ২০১৬ সালে সিএসআর কার্যক্রমের আওতায় কোন টাকা বিতরণ করা হয়নি।

অটোমেশন ঃ প্রতিষ্ঠানটি Loan Monitoring সংক্রান্ত সকল কাজ কম্পিউটারাইজড ও অটোমেটেড করার জন্য প্রধান কার্যালয়সহ ৫০টি শাখায় Integrated Loan Monitoring System Database Software (ILMSD) চালু করেছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৬ সালে ২৭১ জন নতুন নারী উদ্যোক্তার অনুকূলে ৪৩.৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ প্রতিষ্ঠানটির কার্যক্রম অধিকতর ফলপ্রসূ করার লক্ষ্যে নিজস্ব একটি রিসার্চ ও পরিকল্পনা সেল প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রধান কার্যালয় হতে Woman Entrepreneur Development Unit- এর কার্যক্রম সমন্বয় সাধন করা হচ্ছে। এছাড়াও গুরত্বপূর্ণ শাখার মাধ্যমে নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ পরামর্শ ও সেবা কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে।

বাংলাদেশ ফাইন্যান্স ফান্ড লিমিটেড

www.biffl.org.bd

বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড (বিআইএফএফএল) কোম্পানি আইন, ১৯৯৪-এর অধীনে অবকাঠামো প্রকল্পে দীর্ঘমেয়াদি বিনিয়োগের লক্ষ্যে নিবন্ধিত হয়। আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর আওতায় ২১ মার্চ ২০১১-এ নিবন্ধিত এ প্রতিষ্ঠানটি একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে অর্থায়ন ব্যবসা পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬ অক্টোবর ২০১১ তারিখে লাইসেন্সপ্রাপ্ত হয়। বিআইএফএফএল-এর মূল লক্ষ্য হচ্ছে ঋণ সুবিধা এবং মূলধনী (ইক্যুইটি) অংশীদারিত্বের মাধ্যমে পিপিপি প্রকল্পের জন্য দীর্ঘমেয়াদি অর্থায়ন। এ লক্ষ্যে বিআইএফএফএল দেশি-বিদেশি বিনিয়োগকারী হতে বেসরকারি বিনিয়োগ সংগ্রহ করে দেশের ভৌত অবকাঠামো প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহে বিনিয়োগ করে থাকে। বিআইএফএফএল কোন প্রকার আমানত গ্রহণ করে না।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট স্থিতির ১.০ শতাংশ। 'সিনহা এনার্জি পাওয়ার লিমিটেড'-কে ২০১৪ সালে ১০০০ মিলিয়ন টাকার ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে কোম্পানির মূল কার্যক্রম শুরু হয়। ২০১৫ সালে অর্থনৈতিক অঞ্চল উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষকে 'শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল' প্রকল্পে বিআইএফএফএল ৩৬৫০ মিলিয়ন টাকা ঋণ সুবিধা প্রদান করে। প্রতিষ্ঠানটি ২০১৬ সালে উল্লেখযোগ্য বেশ কয়েকটি প্রকল্পে ঋণ সুবিধা দেয়, এর মধ্যে 'ফার্স্ট ঢাকা এলেভেটেড এক্সপ্রেসওয়ে' নামক মেগা প্রকল্পে প্রতিষ্ঠানটি ৪৪০০ মিলিয়ন টাকা ঋণ সুবিধা প্রদান করে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৫ সালের তুলনায় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়ে ২০১৬ সালে ৯৯০১.৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রমঃ

শিল্প ঋণ ঃ ২০১৬ সালে বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিমের মধ্যে শিল্প ঋণের অংশ ৯৩.৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৬ সালে ৬৮৩০.০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন ঃ প্রতিষ্ঠানটির সামগ্রিক অ্যাকাউন্টিং কার্যক্রম পরিচালনার জন্য Tally Software চালু করা হয়েছে। এছাড়া, প্রতিষ্ঠানটি সকল কর্মকর্তাদের ব্যবহৃত কম্পিউটারসমূহ একটি সমন্বিত নেটওয়ার্কের আওতায় এনেছে এবং বাংলাদেশ ব্যাংকের সাথে যাবতীয় Online Reporting কার্যক্রম পরিচালনা শুরু করেছে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা ঃ বিআইএফএফএল কর্তৃক গৃহীত ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসমূহের মধ্যে রয়েছে দীর্ঘমেয়াদি ঋণ প্রদানের মাধ্যমে দেশের অবকাঠামো (বিদ্যুৎ, অর্থনৈতিক অঞ্চল, রাস্তা, ফ্লাইওভার, বন্দর, পর্যটন) উন্নয়নে একটি সফল আর্থিক প্রতিষ্ঠান হিসেবে পরিচিতি লাভ করা, বিভিন্ন বিকল্প উৎস (দেশি, বিদেশি) হতে অর্থ সংগ্রহ করে দীর্ঘমেয়াদি ঋণ প্রকল্প বাস্তবায়ন, প্রতিষ্ঠানটির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে In-house, স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ, Core Banking Software স্থাপন ও চালুকরণ এবং সামাজিক দায়বদ্ধতা (CSR) বিষয়ক বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা।

মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.meridianfinancebd.com

৪ জুন ২০১৫ তারিখে বাংলাদেশ ব্যাংকের লাইসেন্স প্রাপ্তির মাধ্যমে যাত্রা শুরু করে মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড। আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর-মূল লক্ষ্য হল 'স্বতন্ত্র ও প্রগতিশীল' আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশের উদ্যোক্তাদের জন্য টেকসই ব্যবসায় আর্থিক সহায়তা প্রদান করা।

২০১৬ সালে আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.৬ শতাংশ ও ০.৫ শতাংশ। ২০১৬ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২৩০৩ মিলিয়ন টাকা এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২৭৮৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৩ শতাংশ। এ সময়ে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ১০০৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রমঃ

শিল্প ঋণ ঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৪২৯.৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৫১.৫ শতাংশ।

নারী উদ্যোক্তাঃ ২০১৭ সালের মার্চ পর্যন্ত নারী উদ্যোক্তাদের অনুকূলে মোট ২১.০ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে।

কৃষি ঋণঃ ২০১৬ সালে মোট ৬১৮.৩ মিলিয়ন টাকা কৃষি ঋণ বিতরণ করা হয়, যা মোট বিতরণকৃত ঋণের ১৮.০ শতাংশ।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



গ্রিন ব্যাংকিংঃ ২০১৬ সালে মেরিডিয়ান ফাইন্যান্স একটি অত্যাধুনিক প্রযুক্তির স্বয়ংক্রিয় ইট ভাটায় ১০০ মিলিয়ন টাকা বিনিয়োগের প্রতিশ্রুতি দেয় এবং আরও একটি স্বয়ংক্রিয় ইট ভাটার জন্য ৪০০ মিলিয়ন টাকা উত্তোলনের জন্য নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ শুরু করে।

অটোমেশন ঃ প্রতিষ্ঠানটি অটোমেশনে উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে। তথ্যপ্রযুক্তির যথোপযুক্ত ব্যবহারের মাধ্যমে মেরিডিয়ান ফাইন্যান্স গ্রাহককে উন্নতমানের সেবা প্রদান করে আসছে। প্রতিষ্ঠানটি তথ্যপ্রযুক্তির পূর্ণ ব্যবহারের মাধ্যমে সার্বিক কর্মকান্ডে গতিশীলতা নিশ্চিত করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা ঃ প্রতিষ্ঠানটি বাৎসরিক ঋণ বিতরণে ক্রমবর্ধিষ্ণু প্রবৃদ্ধি অর্জনসহ মোট সম্পদের ৭০ শতাংশ আমানত থেকে এবং বাকি ৩০ শতাংশ ব্যাংক ঋণ ও ইক্যুইটির মাধ্যমে অর্থায়নের পরিকল্পনা গ্রহণ করেছে।

সিএপিএম ভেঞ্চার ক্যাপিটাল এন্ড ফাইনান্স লিমিটেড

www.cvcflbd.com

সিএপিএম ভেঞ্চার ক্যাপিটাল এন্ড ফাইন্যান্স লিমিটেড কোম্পানি আইন ১৯৯৪ অনুসারে ৩১ মার্চ ২০১৫-এ পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়। প্রতিষ্ঠানটি ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন এ্যাক্ট ১৯৯৩ অনুসারে একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত হয় এবং ২৯ ফেব্রুয়ারি ২০১৬ হতে কার্যক্রম শুরু করে।

২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.২ শতাংশ ও ০.২ শতাংশ। ২০১৬ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতির পরিমাণ দাঁড়িয়েছে ৭৪৫.৯ মিলিয়ন টাকা। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৬ সালে ৯২১.২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৬ সালে আমানত এবং ঋণ ও অগ্রি মের গড় সুদহার ব্যবধান ছিল ৩. ৫ শতাংশ। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রমঃ

শিল্প ঋণ ঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৯৪৫.৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪৮.০ শতাংশ। মূলতঃ টেক্সটাইল, ইস্পাত ও প্রকৌশল, তৈরি পোশাক ও টেলিযোগাযোগ খাতে শিল্প ঋণ বিতরণ করা হয়েছে।

কৃষি ঋণ ঃ ২০১৬ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ঋণ ৬.৫ শতাংশ।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা ঃ প্রতিষ্ঠানটি দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য সফটওয়্যার উন্নয়ন প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে। ব্যবসার প্রবৃদ্ধি, সরকারের রাজস্ব বৃদ্ধি, এসএমই খাতের উন্নয়ন, কর্মসংস্থান বৃদ্ধি এবং সামাজিক দায়বদ্ধতার বিষয়ে প্রতিষ্ঠানটি বিশেষ কর্মসূচি গ্রহণ করবে।

চার্ট : ২০১৬ সালের ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক অবদান



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)

www.icb.gov.bd

দেশের দ্রুত শিল্পায়ন এবং পুঁজিবাজারের উন্নয়নের লক্ষ্যে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালের ১ অক্টোবর 'দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬' বলে প্রতিষ্ঠিত হয়। উক্ত অধ্যাদেশ রহিত করে বর্তমানে 'ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪' অনুযায়ী কর্পোরেশন পরিচালিত হচ্ছে।

উল্লেখযোগ্য কার্যক্রম:



পুঁজিবাজার উন্নয়ন ও স্থিতিশীলতার লক্ষ্যে মার্কেট মেকিং ভূমিকা হিসেবে লেনদেনে সক্রিয় অংশগ্রহণ, ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের জন্য প্রণোদনা স্কিম প্রণয়ন, পুঁজিবাজারের বিভিন্ন কাঠামোগত উন্নয়ন, নীতিমালা প্রণয়ন, অভিজ্ঞতা বিনিময়, পরামর্শ প্রদানসহ বিভিন্ন ইন্সট্রুমেন্ট চালুর মাধ্যমে বাজারকে উজ্জীবিত রাখতে আইসিবি কার্যকর ভূমিকা পালন করছে। পুঁজিবাজারে স্বচ্ছতা ও জবাবদিহিতার স্বার্থে অমনিবাস হিসাবের পরিবর্তে স্বতন্ত্র বেনিফিশিয়ারি ওনার্স (বিও) হিসাব খোলা, ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তার লক্ষ্যে বিশেষ তহবিল গঠন ইত্যাদির মাধ্যমে আইসিবি বাজার সহায়ক ভূমিকা পালন করে থাকে। প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশন, সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয়, স্টক মার্কেট অপারেশন, ব্যাংক গ্যারান্টি প্রদান, যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ, বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান, বিদ্যমান বিনিয়োগ হিসাব, ইউনিট ফান্ড ও মিউচুয়্যাল ফান্ডসমূহ ব্যবস্থাপনা , ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন, সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ, সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম (মার্চেন্ট ব্যাংকিং, মিউচ্যুয়াল ফান্ড অপারেশনস্, ব্রোকারেজসহ অন্যান্য কার্যক্রম) তত্ত্বাবধান , ট্রাস্টি ও হেফাজতকারীর দায়িত্ব পালন, উদ্যোক্তা হিসেবে নতুন নতুন মিউচ্যুয়াল ফান্ড বাজারজাতকরণ, ইক্যুইটি অ্যান্ড এন্ট্রাপ্রেনরশিপ ফান্ড (ইইএফ) ব্যবস্থাপনা , বিশেষ তহবিল ব্যবস্থাপনা, বিভিন্ন বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান , বাজার চাহিদার সাথে সঙ্গতি রেখে নতুন ব্যবসার উদ্ভাবন এবং পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষাঙ্গিক কার্যক্রম অর্থায়ন ও পরিচালনা এ প্রতিষ্ঠানের প্রধান কাজ।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃ জাতীয় শুদ্ধাচার কৌশল পরিপালন তথা দুর্নীতিমুক্ত সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি এবং আইসিবিকে একটি দক্ষ অনুকরণীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে।

তথ্যপ্রযুক্তিগত অগ্রগতিঃ আধুনিক তথ্যপ্রযুক্তির সাথে সামঞ্জস্য রেখে কর্পোরেশনের কাজের দক্ষতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে দৈনন্দিন কার্যাবলীতে ডিজিটাল পদ্ধতি ব্যবহারের জন্য কর্পোরেশনের প্রায় সকল কার্যক্রম ও গ্রাহক সেবা ডিজিটাল পদ্ধতিতে সম্পাদন করা হচ্ছে।

সিএসআরঃ কর্পোরেট সোস্যাল রেসপন্সিবিলিটি (সিএসআর) হিসেবে আইসিবি প্রতিবছর বিভিন্ন আর্থিক সহায়তা ও অনুদান প্রদানসহ নানা কর্মসূচী গ্রহণ করে থাকে, যার মধ্যে দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান; অটিজম, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী শিশুদের উন্নয়ন ও পুনর্বাসনমূলক কার্যক্রমে সহায়তা প্রদান উল্লেখযোগ্য।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ

- টেকসই পুজিবাজার গঠনের জন্য নতুন মিউচ্যুয়াল ফান্ড ইস্যু করা;
- অবকাঠামোগত উন্নয়নের সাথে জড়িত প্রকল্পসমূহে ঋণ ও অগ্রিম সরবরাহকরণ যাতে শিল্পায়ন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়;
- স্থিতিশীল ও গতিশীল পুঁজিবাজার গঠনের স্বার্থে ক্ষতিগ্রস্ত বিনিয়োগ হিসাবসমূহে সুদ মওকুফ সুবিধা প্রদান করা;
- আইসিটি পরিকল্পনার আওতায় তথ্যপ্রযুক্তির উন্নয়ন ও প্রসার এবং প্রতিকূল পরিস্থিতিতে সংগৃহীত তথ্যাদি অক্ষুন্ন রাখা, নিরবিচ্ছিন্ন গ্রাহকসেবা প্রদান এবং হালনাগাদ তথ্যাদি সংরক্ষণের লক্ষ্যে যশোরে ডিআরএস (ডিজাস্টার রিকভারি সাইট) স্থাপন কার্যক্রম গ্রহণ;
- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রবাসী বাংলাদেশিদের বিনিয়োগ ক্ষেত্র সম্প্রসারণ ও বিনিয়োগ উৎসাহিত করার লক্ষ্যে প্রবাসী বাংলাদেশি শিল্প ফান্ড গঠনের উদ্যোগ গ্রহণ।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

www.bhbfc.gov.bd

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) গৃহনির্মাণ ঋণদানের ক্ষেত্রে একমাত্র বিশেষায়িত সরকারি আর্থিক প্রতিষ্ঠান। মানুষের অন্যতম মৌলিক চাহিদা বাসস্থান বিনির্মাণে আর্থিক সহায়তা প্রদান করার লক্ষ্যে ১৯৫২ সালে হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (এইচবিএফসি) প্রতিষ্ঠা লাভ করে। স্বাধীনতাব পব ১৯৭৩ সালে রাষ্ট্রপতির ৭ নম্বর আদেশের মাধ্যমে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) নামে পুনর্গঠন করা হয়। বাংলাদেশের ক্রমবর্ধমান আবাসন সংকট মোকাবেলায় বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন প্রায় ৬৫ বছর ধরে দেশের একমাত্র বিশেষায়িত সরকারি গৃহ ঋণদান প্রতিষ্ঠান হিসেবে সফলতার সাথে কাজ করে আসছে।

ঋণ বিতরণঃ

২০০৩-২০০৪ অর্থ বছরে বিতরণকৃত মোট ঋণের ৮৯ ভাগই ছিল ঢাকা ও চট্টগ্রামে। আর ১১ ভাগ ছিল এই দুই জেলার বাইরে। বর্তমানে ঢাকা ও চট্টগ্রাম শহর ব্যতীত বিতরণকৃত ঋণের পরিমাণ ৫৫ ভাগ যা ক্রমান্বয়ে আরো বৃদ্ধি পাবে।

ঋণ আদায়

সাম্প্রতিক সময়ে ঋণ আদায়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরে আদায়যোগ্য ৫৬৯০.৯ মিলিয়ন টাকার বিপরীতে ঋণ আদায় হয়েছে ৫২৩২.৭ মিলিয়ন টাকা। আদায় হার প্রায় ৯১.৯৫ শতাংশ। ২০০১-২০০২ অর্থবছরে শ্রেণীকৃত ঋণের হার ছিল ২৫.৮০ শতাংশ, যা ২০১৫-১৬ অর্থবছরে হ্রাস পেয়ে ৬.৯৭ শতাংশে দাঁড়িয়েছে । ২০১৬-২০১৭ অর্থবছরে আদায়যোগ্য ৫৮৩২.৬ মিলিয়ন টাকার বিপরীতে মার্চ ২০১৭ পর্যন্ত আদায় হয়েছে ৩৮৭৬.৬ মিলিয়ন টাকা । আদায়ের হার ৮৮.৬২ শতাংশ।

মূলধন

কর্পোরেশনের অনুমোদিত পরিশোধিত মূলধন যথাক্রমে ১১১০.০ মিলিয়ন ও ১১০০.০ মিলিয়ন টাকা। ইতোমধ্যে অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১০০০০.০ মিলিয়ন ও ৬০০০.০ মিলিয়নে উন্নীত করার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে যা প্রক্রিয়াধীন আছে। কর্পোরেশন বিভিন্ন সরকারি ও বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট ডিবেঞ্চার বিক্রয়, সরকারি আমানত ও সরকারি ঋণ হতে তহবিল সংগ্রহ করে। কর্পোরেশন গৃহীত দায় নিয়মিত পরিশোধ করে অর্জিত মুনাফা হতে নিয়মিত আয়কর পরিশোধ করছে। ২০১৫-১৬ অর্থবছরে পরিশোধিত আয়করের পরিমাণ ৬৫৯.৭ মিলিয়ন টাকা।

সিএসআরঃ সামাজিক দায়বদ্ধতার আওতায় Corporate Social Responsibilities (CSR) ফান্ড গঠন করা হয়েছে, যার মাধ্যমে দুস্থ, গরীব ও অসহায়দের প্রয়োজনীয় আর্থিক সহযোগিতা প্রদান করা হয়। এছাড়া, শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ ও বৃক্ষরোপন কর্মসূচির মতো জনহিতকর কার্যক্রমে অবদান রাখা হয়।

অটোমেশন : ঋণ হিসাব সংক্রান্ত কাজের জন্য Loan Management Customized Software-কে Web Based Loan Management Customized Software-এ পরিবর্তন ও আধুনিকায়ন করা হয়েছে। ফলে, ঋণ হিসাব সংক্রান্ত কাজ তাৎক্ষণিকভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে। এছাড়া PF, HB Advance, Computer Advance, Motor Cycle Advance, Income Tax, FDR, Debenture ইত্যাদির কাজ Software-এর মাধ্যমে করা হচ্ছে। কর্পোরেশনের ওয়েবসাইট National Portal Framework-এর আওতায় আনা হয়েছে এবং আধুনিকায়ন করা হয়েছে। ওয়েবসাইটে বিদ্যমান ঋণের হালনাগাদ তথ্য পাওয়া যাচ্ছে। BHBFC Loan Calculator নামের Application (Mobile Apps) টি Google Play Store (http://play.google.com) থেকে Smart Phone (Android) ডাউনলোড করে ব্যবহার করা যাচ্ছে। উক্ত Mobile Apps থেকে জনসাধারণ নির্দিষ্ট পরিমাণ ঋণের বিপরীতে মাসিক কিস্তির পরিমাণ এবং কর্পোরেশন সম্পর্কিত অন্যান্য তথ্যবলীও পাওয়া যাচ্ছে। সাধারণ ঋণ, ফ্ল্যাট ঋণের ডাটাবেজ্ সিস্টেম মাইগ্রেশন এবং সফটওয়্যার আপগ্রেডেশন, মডিফিকেশন, কনভার্সনসহ General Accounts, HRM, Audit, Training, Planning, CIB, MIS ইত্যাদিসহ একটি Web Based Integrated Customised Software(ERP) তৈরির কাজ প্রক্রিয়াধীন।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা মোতাবেক কর্পোরেশনে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। নৈতিকতা সংক্রান্ত মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। ফোকাল পয়েন্ট নিয়োগ, মাঠ পর্যায়ে অফিসসমূহে নৈতিকতা কমিটি গঠন, ফোকাল পয়েন্টে দায়িত্ব নির্ধারণ, অন্যান্য প্রতিষ্ঠানের নৈতিকতা কার্যক্রম সংগ্রহ করা, মাসিক সমন্বয় সভার আয়োজন, মনিটরিং সেলের মাধ্যমে মাসিক তদারকির আয়োজন করা হয়। মাঠপর্যায়ের অফিসসমূহে নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান করা হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- দেশের প্রত্যন্ত এলাকায় ঋণ সুবিধা সম্প্রসারণ করার লক্ষ্যে একটি প্রকল্প কার্যক্রম হাতে নেয়া হয়েছে। আইডিবি'র নিকট হতে ১০০ মিলিয়ন মার্কিন ডলারের সাহায্য পাওয়ার আশ্বাস পাওয়া গেছে যা বর্তমানে প্রক্রিয়াধীন আছে। ইমরাত নির্মাণসামগ্রীর মূল্য বৃদ্ধির ফলে নির্মিতব্য ভবন নির্মাণ ব্যয়ও বৃদ্ধি পেয়েছে। এজন্য কর্পোরেশনের বিদ্যমান ঋণের সিলিং বৃদ্ধি এবং প্রতিযোগিতামূলক বাজারে গৃহ নির্মাণ ঋণ প্রদানের বিদ্যমান সুদহার হ্রাস করার বিষয়টি বিবেচনাধীন রয়েছে;
- জেলা, উপজেলা ও গ্রামীণ গ্রোথসেন্টারসহ সারাদেশে সীমিত আয়ের জনগোষ্ঠীকে পরিকল্পিত আবাসন তৈরীর জন্য সহজ শর্তে স্বল্পসুদে আর্থিক সহায়তা প্রদানের উদ্দেশ্যে সার্বিক ঋণ কার্যক্রম সম্প্রসারণ করা;
- নিম্ন মধ্যবিত্ত ও মধ্যবিত্ত স্কীমের ঋণ সহায়তা সম্প্রসারণ এবং কৃষি ভূমি সাশ্রয়ী ছোট ইউনিট বিশিষ্ট বহুতল আবাসিক ভবন তৈরীতে ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে বিশেষ প্রকল্প গ্রহণ;
- ১৯৭৩ সনের আইন (পি.ও-৭/১৯৭৩) সংশোধনের মাধ্যমে কর্পোরেশনের তহবিল ঘাটতি মোকাবেলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- দেশি-বিদেশি আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ সহায়তা গ্রহণের সুযোগ বৃদ্ধি করা;
- অনুমোদিত ও পরিশোধিত মূলধন বৃদ্ধিকরণ;
- প্রতি জেলায় অফিস খোলা এবং প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান এবং সর্বস্তরের কর্মচারীদের নিয়মিতভাবে প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;
- তথ্য অধিকার নীতিমালা অনুযায়ী তথ্য প্রদান ও প্রকাশের জন্য প্রণীত নির্দেশিকা বাস্তবায়ন;
- আধুনিক তথ্যপ্রযুক্তি (কম্পিউটার, অন-লাইন, ওয়েব-সাইট, ইন্টারনেট, মোবাইল ইত্যাদি) ব্যবহারের মাধ্যমে তথ্য আদান-প্রদানের সুবিধা জোরদারকরণ।

আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

আর্থিক প্রতিষ্ঠানের নাম	সাল	অনুমোদিত মূলধন	পরিশোধিত মূলধন	রিজার্ভ ফান্ড	আমানত স্থিতি			ঋণ ও অগ্রিম স্থিতি	বিনিয়োগ	তারল্য (+/-)	শ্রেণীকৃত ঋণ **(পুঞ্জীভূত)
					তলবি	মেয়াদি	মোট				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট লিমিটেড	২০১৫	২১০৬.১	২১০৬.১	২৩৪৫.৫	০.০	০.০	০.০	২৫২১.৮	১৭১৭.৮	৮৯৮.৪	২.৯
	২০১৬	২১০৬.১	২১০৬.১	৪৩৮২.২	০.০	০.০	০.০	২০৭১.১	১৭৩৪.৬	১৩২৯.০	০.০
	মার্চ ২০১৭***	২১০৬.১	২১০৬.১	৪৩৮২.২	০.০	০.০	০.০	১৮৬৯.৯	১৭৩৪.৬	১৫৮৫.৪	০.০
	জুন ২০১৭@	২১০৬.১	২১০৬.১	৪৩৮২.২	০.০	০.০	০.০	২৩৭৪.৪	১৮০১.৯	১৩৬০.৫	০.০
আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড	২০১৫.০	৪০০০.০	২৫১৩.৭	৪২২২.৯	০.০	৪৬১৭৪.৫	৪৬১৭৪.৫	৫৩৮৫৭.৭	২৭৭০.৯	২৩৬৭.০	১৬৪৭.০
	২০১৬.০	১০০০০.০	২৫১৩.৭	৫০৯০.৯	০.০	৪৭৫৬৩.৭	৪৭৫৬৩.৭	৬১১৩৫.৭	২৭৪৮.১	২৫৬৫.০	১৮১৮.৯
	মার্চ ২০১৭***	১০০০০.০	৩৭৭০.৫	৫৫৬৯.৫	০.০	৫১৪০৬.৭	৫১৪০৬.৭	৬৬১৭৬.৫	২৭৬৭.৯	২৭১১.০	১৮৪৬.৩
	জুন ২০১৭@	১০০০০.০	৩৭৭০.৫	৫৯৪৬.৯	০.০	৪৯২২২.৯	৪৯২২২.৯	৬৮৯৫৬.৮	২৯২৮.৭	২৮৬৫.০	১৮৪০.০
জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড	২০১৫	২০০০.০	১০৪৬.০	১৬৫৮.০	০.০	২৯৫৪.৪	২৯৫৪.৪	৪৬৯০.০	২৩১.০	১৩০.০	৩০৩.৮
	২০১৬	২০০০.০	১০৪৬.০	১৪৬৮.৪	০.০	৩৬৮৯.৩	৩৬৮৯.৩	৬১৩৭.৬	২৪৫.৯	৩১৯.৭	৪৪৭.৬
	মার্চ ২০১৭***	২০০০.০	১০৪৬.০	১৫৪২.৭	০.০	৩১৫৪.৭	৩১৫৪.৭	৫৭০৭.৫	২৪৬.৩	২৪.৯	৭৩৩.২
	জুন ২০১৭@	২০০০.০	১০৪৬.০	১৪২০.০	০.০	৩৬৫০.০	৩৬৫০.০	৬৫১২.০	২৭০.০	৪৫.০	৪৫০.০
বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	২০১৫	৪০০০.০	১০০৬.৮	-৭.৮	০.০	৫৮৬৩.৬	৫৮৬৩.৬	১০৬৩১.২	৩১৫.৮	১৭১.২	৮৮৪৭.৭
	২০১৬	৪০০০.০	১০০৬.৮	-৬৯৩.৬	০.০	৫০৮৬.২	৫০৮৬.২	৮৭৬১.০	৩০৯.৯	১৫৩.৬	৭৮০৪.১
	মার্চ ২০১৭***	৪০০০.০	১০০৬.৮	-৮৫৮.৪	০.০	৫২৪৫.৮	৫২৪৫.৮	৮৬৯১.৭	২৬৭.৭	১৪৮.৭	৭৮৫৮.৭
	জুন ২০১৭@	৪০০০.০	১০০৬.৮	-৮৯০.০	০.০	৫০০৬.৫	৫০০৬.৫	৮৬৩৪.০	২৬০.০	১৩০.০	৭৮৮০.০
লংকা বাংলা ফাইন্যান্স লিমিটেড	২০১৫	৩০০০.০	২৪০৬.৪	৩০৫২.৩	০.০	৩০০৮০.৯	৩০০৮০.৯	৩৬০১৮.৮	১৮৩৬.৩	২০২৫.৮	১৩৩৯.২
	২০১৬	১০০০০.০	২৭৬৭.৪	৩৪০২.৪	০.০	৪০০৩৩.২	৪০০৩৩.২	৪৬৭৪৯.২	২১৩০.১	৪৩৫৯.৯	১৬৪৭.৬
	২০১৭***	১০০০০.০	৩১৮২.৫	২৬৭০.৭	০.০	৪১৯৭৬.১	৪১৯৭৬.১	৫১৬০২.১	১৯২৯.৩	৫২৬৪.৮	১৯৫৮.২
	জুন ২০১৭@	১০০০০.০	৩১৮২.৫	২৮৫৩.৭	০.০	৪৬১৩৬.৭	৪৬১৩৬.৭	৫৭৪২৭.৫	৩১৬২.০	৫৮৮৮.০	২৩২৭.৭
দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	২০১৫	১০০০.০	১০০০.০	৪৮৬.৫	০.০	০.০	০.০	৭২৩.৩	৬.২	৭৬৭.০	০.০
	২০১৬	১০০০.০	১০০০.০	৪৮২.০	০.০	০.০	০.০	১০১৮.৬	৭.৮	৫৪৯.৯	৬.৬
	মার্চ ২০১৭***	১০০০.০	১০০০.০	৫০৬.০	০.০	০.০	০.০	৯৩৭.৫	৭.৮	৬৫২.৬	৬.৬
	জুন ২০১৭@	১০০০.০	১০০০.০	৫১৯.৪	০.০	০.০	০.০	১০৮৭.৫	৭.৮	৫২৯.৮	৬.৬
ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড	২০১৫	৩০০০.০	১২১৫.০	৫১৭.০	০.০	১৩৯৯৯.০	১৩৯৯৯.০	১৭০৩৫.০	৮০৬.০	৪৭৮.০	৪৭৬.০
	২০১৬	৩০০০.০	১২১৫.০	৫৭৪.০	০.০	১৬৪৩৫.০	১৬৪৩৫.০	২১৫৩৫.০	৭৫৭.০	৩৮০.০	৮০৯.০
	মার্চ ২০১৭***	৩০০০.০	১২১৫.০	৫৮৮.০	০.০	১৭৯৩৩.০	১৭৯৩৩.০	২০৩৫৫.০	৭০৯.০	৩৭৪.০	১১৫৮.০
	জুন ২০১৭@	৩০০০.০	১২১৫.০	৫৯৮.০	০.০	১৯৪৩০.০	১৯৪৩০.০	২৪৮৫৫.০	৭২৫.০	২৮৭.০	১০২৫.০
বে লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২০১৫	৩০০০.০	১৩০৯.০	১৩৯৭.২	০.০	৩৬৯৫.২	৩৬৯৫.০	৬৩৯০.৩	১০২৫.০	২৫০.০	৪১১.২
	২০১৬	৩০০০.০	১৩০৯.০	১৩১৩.০	০.০	৪৭৭৩.৫	৪৭৭৩.৪	৭৭৬৮.৬	১০২৫.০	২৪১.৩	৬২৬.০
	মার্চ ২০১৭***	৩০০০.০	১৩০৯.০	১৩২৯.১	০.০	৪৮৮০.২	৪৮৮০.২	৮৬০৭.০	১০৫৩.২	৫৮০.৪	৬৬৭.১
	জুন ২০১৭@	৩০০০.০	১৩০৯.০	১৩৫৭.৩	০.০	৫২০০.১	৫২০০.০	৯০০০.২	১০২০.৫	৪৬০.২	৬৫৬.০
প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২০১৫	৩০০০.০	২৭২৯.০	১৮১২.০	৫০০.০	৯৫৪৪.০	১০০৪৪.০	১২৩৪৩.০	৯২৮.০	১০৭০.০	১২৫৯.০
	২০১৬	৩০০০.০	২৭২৯.০	৮৬৩.০	৪৪০.০	৯০১৬.০	৯৪৫৬.০	১২৯৪৬.০	৮৯৩.০	১২০.০	১৫৫৮.০
	মার্চ ২০১৭***	৩০০০.০	২৭২৯.০	৭১০.০	৪৯০.০	৮৯৬১.০	৯৪৫১.০	১২৬২৯.০	১০০১.০	১০৫.০	১৪৩৫.৯
	জুন ২০১৭@	৩০০০.০	২৭২৯.০	১৫২৮.০	৫০০.০	৯৯২১.০	১০৪২১.০	১৩৩৭৯.০	১০৪৬.০	১০৫.০	১৩৭৮.৪
ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড	২০১৫	২০০০.০	১১৬০.৫	১৯৫০.২	০.০	২৭৯৯৫.৭	২৭৯৯৫.৭	৩০৯২০.২	৩৬৫.১	৮৮৬.৬	৯৬.৭
	২০১৬	২০০০.০	১২১৮.৫	২৩৭৩.১	০.০	৩৪৩৯৪.০	৩৪৩৯৪.০	৩৫৮৩৫.০	৪৪১.৩	২১৩৯.৯	১৩০.০
	মার্চ ২০১৭***	২০০০.০	১২১৮.৫	২৭৪৪.০	০.০	৩৭০৩০.২	৩৭০৩০.২	৩৭৩৭২.৫	৪৭১.৭	১৫৭৫.৫	১২৯.৪
	জুন ২০১৭@	২০০০.০	১২১৮.৫	৩৯৬১৫.৩	০.০	৩৭৬৪৪.৫	৩৭৬৪৪.৫	৩৮৮৯৭.২	৪৬৪.৫	১২০০.০	১২০.০

আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

আর্থিক প্রতিষ্ঠানের নাম	শ্রেণীকৃত ঋণের** শতকরা হার	মোট পরিসম্পদ	মোট আয়	মোট ব্যয়	কর্পোরেট ট্যাক্স	প্রভিশন	নীট মুনাফা	আমানতের সুদ/মুনাফা হার	ঋণের সুদ/ মুনাফা হার*	মূলধন পর্যাপ্ততার হার (%)
১	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯ = ১৫-১৬-১৭-১৮	২০	২১	২২
সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট লিমিটেড	০.১	৪২৩৯.৭	৬০৩.৫	৭৬.৫	১৫৩.০	০.০	৩৭৪.০	০.০	১১.৪	৮৩.৫
	০.০	৩৮০৫.৭	৫৬৬.৫	৮০.৩	১৪৫.৬	২.৫	৩৩৮.১	০.০	১০.০	৮২.৫
	০.০	৩৬০৪.৫	১০০.৫	১৬.২	৩৫.৭	০.০	৪৮.৫	০.০	৯.৭	৮৩.৪
	০.০	৪১৭৬.৩	২৮৭.৯	৩৪.৯	৭৮.২	০.০	১৭৪.৮	০.০	৯.৬	৮৩.৫
আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড	৩.১	৭১৭৬৮.৭	৮৭৮৭.৯	৬২২০.৯	১০৩১.৭	২৯১.৬	১২৪৩.৮	৮.৭	১৪.২	১৩.৪
	৩.০	৭৬৫০৫.১	৯০৫৭.৭	৬৩০৩.৪	১০৮৪.৪	১৭৩.৪	১৪৯৬.৪	৭.২	১২.৭	১৩.৩
	২.৮	৮৪৩৯৫.৮	২৩০৩.০	১৫৯৬.৬	২৫৫.৮	৯৭.৮	৩৫২.৯	৭.০	১২.২	০.০
	২.৮	৮৮১২৫.৪	৪৬৮৫.৪	৩১৬৬.২	৫৮৬.০	১৯০.৯	৭৫৬.৪	৬.৮	১১.৯	০.০
জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড	৬.৫	৬২৪৪.০	৭৪৫.০	৪২২.০	১২৭.০	৭.৭	১৮৯.০	৯.৭	১৪.৬	২২.০
	৭.৩	৮১৩৪.১	৯২২.১	৩৭৫.৩	১৯৪.১	৬৬.৫	২৮৬.৩	৮.৭	১৩.৩	২০.৪
	১২.৯	৭৭৩৯.৪	২৪৪.০	১০২.৫	৫০.৯	১৪.২	৭৬.৪	৮.৭	১৩.২	২১.০
	৬.৯	৮৫১২.০	৪৯৬.০	২০০.৫	১০৭.০	২৮.০	১৬০.৫	৮.৫	১২.৯	২০.৫
বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	৮৩.২	১২১০১.০	৭৭৯.৪	১১০৯.৪	০.০	২৯৫.৮	-৬২৫.৮	১০.৫	১৬.৯	০.১
	৮৯.১	১০২৫৮.০	২৫৪.৮	৯০১.৬	০.০	৩৮.১	-৬৮৪.৯	৯.৮	১৫.০	-০.৫
	৯০.৪	১০১৩৭.৪	৪১.৩	২০৫.৪	০.০	০.০	-১৬৪.১	৯.৩	১৫.০	-০.৫
	৯০.০	১০০০৮.০	৪০.০	৩৯৫.০	০.০	০.০	-২৮৫.০	৯.৩	১৫.০	-০.৫
লংকা বাংলা ফাইন্যান্স লিমিটেড	৩.৭	৪৪৬১৪.৫	২০৭৯.৪	৯৫৬.৭	১৫.৯	৭৬.৮	১০৩০.০	৯.২	১৩.৬	১৪.২
	৩.৫	৫৭৬২২.৫	৫৯৯৬.৬	৪৮১৩.৬	৩৫.৩	৭৫.৭	১০৭২.১	৮.৫	১২.৭	১৩.২
	৩.৮	৬৩১৮৭.৮	১৫৬৭.৫	১৩৪৬.৫	৯.৫	১১৩.০	৯৮.৫	৭.৯	১১.৩	১১.২
	৩.৬	৬৮৭৯০.৫	৩৩১৬.৩	২৭২৮.৭	১৯.৯	২৮৬.৪	২৮১.৪	৭.৭	১২.৩	১১.৪
দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	০.০	১৫১৩.৮	১৪৬.৭	৪০.৭	০.০	২.৬	১০৩.৫	০.০	১০.৯	১০০.৮
	০.৬	১৫৯১.৯	১৩৪.৩	৩৯.৮	০.০	৯.৯	৮৪.৫	০.০	৯.৮	১২২.৭
	০.৭	১৬১৪.০	৩৩.০	৯.৮	০.০	-০.৯	২৪.০	০.০	৯.৭	১২০.৯
	০.৬	১৬২৫.২	৭০.০	১৯.৭	০.০	০.১	৫০.২	০.০	৯.৬	১১৬.২
ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড	২.৮	২০০৩৮.০	২৬৮৩.০	২০০২.০	২৫৫.০	১৬১.০	২৬৫.০	১২.০	১৬.১	১২.৫
	৩.৮	২৪৩৮৯.০	২৮৫২.০	২১৭১.০	২৭৩.০	১২৫.০	২৮৩.০	১০.০	১৪.৩	১১.০
	৫.০	২৬৩৬২.০	৬৬০.০	৫১১.০	৫০.০	২৯.০	৭০.০	৯.৬	১৩.৯	১১.০
	৪.১	২৭৯৫১.০	১৩২৫.০	১০১০.০	৯৯.০	৫৭.০	১৫৯.০	৯.৫	১৩.৭	১১.০
বে লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৬.৪	৯৮৪৬.৯	৮৪৩.০	৬৫১.৬	৬৭.২	৩০.৫	৯৩.৭	৯.১	১৪.১	২৪.৩
	৮.১	১১৮৯১.৮	৯১১.৪	৭২৪.২	৬৫.০	১০.১	১১২.১	৮.২	১২.২	১৯.৯
	৭.৮	১৩১০৩.৫	২৩৭.২	২০০.০	৬.৪	২.০	২৮.৮	৮.১	১২.০	১৯.৯
	৭.৩	১৪০০০.২	৫৫৪.১	৪৪৫.৪	২৫.০	১০.০	৭৩.৭	৮.০	১২.০	২০.০
প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	১০.২	১৯৭৭৩.০	১৫৬৩.০	১৭১২.০	৮.০	২৭১.০	-৪২৭.০	১০.৪	১৩.০	২০.০
	১২.০	১৮৯১৪.০	৬৭০.০	১৩৪৩.০	৯.০	২৬৬.০	-৯৪৯.০	৮.৩	৮.৮	১৮.০
	১১.৪	১৮৬৭৯.০	২৭৬.০	২৯৭.০	৬.০	১১৮.০	-১৪৫.০	৮.৪	৮.৯	১৭.১
	১০.০	১৯৪২৯.০	৪৪২.০	৮১৮.০	০.০	১৭.০	-৩৯৩.০	৮.৫	৮.৯	১৬.১
ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড	০.৩	৩৯১৬৯.৪	৪৫৬১.৪	৩০৯০.২	৫৭১.১	১৭৩.৯	৭২৬.৩	৮.৫	১২.৫	১৫.৯
	০.৪	৪৬৪৭১.৭	৪৩৮৮.৭	৩০০১.২	৫৮১.১	-২২.৭	৮২৯.১	৬.৬	১০.০	১৫.৮
	০.৩	৪৯৬০৮.৮	১১৭৪.৩	৮০২.৩	১৪৫.২	-১৪৪.৩	৩৭১.১	৬.৭	৯.৮	১৬.৪
	০.৩	৪৮৬৫৪.১	২৩৬৩.৬	১৬০১.৮	১৫৩.৩	-১২৬.৬	৭৩৫.১	৬.৮	৯.৮	১৭.০

আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

আর্থিক প্রতিষ্ঠানের নাম	বৈদেশিক বাণিজ্য				সিএসআর	মোট জনবল			বিদেশি প্রতিসংগী ব্যাংক	মোট শাখা (সংখ্যায়)			ক্রেডিট রেটিং
	রপ্তানি	আমদানি	রেমিট্যান্স (অন্তঃমুখী প্রবাহ)	মোট		কর্মকর্তা	কর্মচারী	মোট		বাংলাদেশ	বিদেশ	মোট	
১	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫
সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট লিমিটেড	০.০	০.০	০.০	০.০	১.৫		১৩	১৩	০	১	০	১	-
	০.০	০.০	০.০	০.০	১.৮	২৭	১৩	৪০	০	১	০	১	-
	০.০	০.০	০.০	০.০	০.২	২৬	১৩	৩৯	০	১	০	১	-
	০.০	০.০	০.০	০.০	০.২	২৭	১৩	৪০	০	১	০	১	-
আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড	০.০	০.০	০.০	০.০	৯.৯	২৬২	৭৯৮	১,০৬০	০	২৩	০	২৩	LT- AAA ST- ECRL 1
	০.০	০.০	০.০	০.০	৪.৯	১৫১	৯৪৮	১,০৯৯	০	২৫	০	২০	LT- AAA ST- ECRL 1
	০.০	০.০	০.০	০.০	০.৮	৩৪২	৭৮৭	১,১২৯	০	২৫	০	২৫	LT- AAA ST- ECRL 1
	০.০	০.০	০.০	০.০	৪.৬	৩৪২	৭৮৭	১,১২৯	০	২৫	০	২৫	LT- AAA ST- ECRL 1
জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড	০.০	০.০	০.০	০.০	০.২	৩৫	১১	৪৬	০	১	০	১	A-
	০.০	০.০	০.০	০.০	০.১	৩৩	১৭	৫০	০	১	০	১	A-
	০.০	০.০	০.০	০.০	০.১	৩০	১৯	৪৯	০	১	০	১	A-
	০.০	০.০	০.০	০.০	০.১	৩৮	২০	৫৮	০	১	০	১	A-
বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	০.০	০.০	০.০	০.০	১.৬	৪৬	১৮	৬৪	০	৪	০	৪	A, ST-3
	০.০	০.০	০.০	০.০	০.০	৫১	২০	৭১	০	৪	০	৪	A, ST-5
	০.০	০.০	০.০	০.০	০.০	৪৮	২০	৬৮	০	৪	০	৪	A, ST-5
	০.০	০.০	০.০	০.০	০.০	৫১	২০	৭১	০	৪	০	৪	A, ST-5
লংকা বাংলা ফাইন্যান্স লিমিটেড	০.০	০.০	০.০	০.০	৫.৮	৪১৫	১০৫	৫২০	০	১৩	০	১৩	A1, ST-3
	০.০	০.০	০.০	০.০	৩.৯	৪৯৭	১৭৬	৬৭৩	০	১৮	০	১৮	AA3,ST-2
	০.০	০.০	০.০	০.০	৪.২	৫০৩	২০৫	৭০৮	০	২১	০	২১	AA3,ST-2
	মার্চ ২০১৬**	বিতরণ	০.০	২৬৫৬.২	০.০	২৬৫৬.২	০.০	২৬৫৬.২
		আদায়	০.০	৭৩০.৪	০.০	৭৩০.৪	০.০	৭৩০.৪
	জুন ২০১৭@	বিতরণ	০.০	৬৯৪৬.১	০.০	৬৯৪৬.১	০.০	৬৯৪৬.১
		আদায়	০.০	১১৩২.২	০.০	১১৩২.২	০.০	১১৩২.২

আর্থিক প্রতিষ্ঠানগুলোর খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় *

সারণী-৩

আর্থিক প্রতিষ্ঠানের নাম	সাল	বিতরণ/ আদায়	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	মোট
				মেয়াদী ঋণ	চলতি মূলধন	মোট		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২০১৫	বিতরণ	৬৬.৫	৩৪১.৯		৩৪১.৯	২২৯৯.৬	২৭০৮.০
		আদায়	৫৩.২	৩৩২.০		৩৩২.০	৪৯৮.০	৮৮৩.২
	২০১৬	বিতরণ		৭৪.০		৭৪.০	৩২৩৭.০	৩৩১১.০
		আদায়		৪৪.৪		৪৪.৪	১৯৪২.০	১৯৮৬.৪
	মার্চ ২০১৬**	বিতরণ				০.০	৬৮৪.০	৬৮৪.০
		আদায়				০.০	৪১০.০	৪১০.০
	জুন ২০১৭@	বিতরণ		১৬.০		১৬.০	৭৫৮.০	৭৭৪.০
		আদায়		১০.০		১০.০	৪৫৫.০	৪৬৫.০
মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড	২০১৫	বিতরণ	১৭.৮	৯৩১.১	৩৫০.৮	১২৮১.৯	২১৮৪.০	৩৪৮৩.৬
		আদায়	১২.৩	৫৫০.৮	০.৭	৫৫১.৫	১৮৬৪.৩	২৪২৮.১
	২০১৬	বিতরণ	৩৯.৯	১১৬৪.৩	৪৬২.৫	১৬২৬.৮	৩৫০৪.৪	৫১৭১.১
		আদায়	১৬.১	৩৪৬.৪	২২.৩	৩৬৮.৭	৩০০৬.৪	৩৩৯১.২
	মার্চ ২০১৬**	বিতরণ	০.০	৭.২	২.৬	৯.৮	১৩৭৩.৮	১৩৮৩.৬
		আদায়	৩.৮	১৩৫.৭	১২.৬	১৪৮.৩	১৪২৫.৮	১৫৭৭.৮
	জুন ২০১৭@	বিতরণ	২.০	৫.৫	২.৭	৮.১	১৪১৬.০	১৪২৬.২
		আদায়	৩.৯	১৩৯.৯	১৩.০	১৫২.৯	১৪৬৯.৬	১৬২৬.৩
ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড	২০১৫	বিতরণ	২২.৯	৯৩.২	৪৩.২	১৩৬.৪	১৪৭৮.৫	১৬৩৭.৯
		আদায়		৮৬৯.৪	১৩৩৪.০	২২০৩.৪	০.৭	২২০৪.১
	২০১৬	বিতরণ	৪৩.৫	৭১.২	১৪০.০	২১১.২	১৪৮৮.৩	১৭৪৩.০
		আদায়	২৬.৮	৪৩.৮	৮৬.২	১৩০.০	৯১৫.৯	১০৭২.৬
	মার্চ ২০১৬**	বিতরণ	৩৯.১	৮৪.৬	৩১০.৫	৩৯৫.১	১৬৮.৬	৬০২.৮
		আদায়	২৪.৪	৫২.৮	১৯৩.৭	২৪৬.৫	১০৫.২	৩৭৬.১
	জুন ২০১৭@	বিতরণ	৪৫.৫	১০৫.৮	৪০৩.৭	৫০৯.৪	১৯৮.৭	৭৫৩.৬
		আদায়	৪৫.৪	১০৫.৬	৪০২.৯	৫০৮.৫	১৯৮.৩	৭৫২.২
বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	২০১৫	বিতরণ	০.০	৪৭৯২.৪	১২৩৫.০	৬০২৭.৪	৪০৭৭.৩	১০১০৪.৭
		আদায়	০.০	২৫৮৫.০	১৫৮৯.০	৪১৭৪.০	১৭৩৬.২	৫৯১০.২
	২০১৬	বিতরণ	৫২.৪	৪৫৭৮.৯	১৩১৯.৩	৫৮৯৮.২	৩৪৭৩.০	৯৪২৩.৫
		আদায়	১৩.৯	১৯৩৭.৩	৮২৬.২	২৭৬৩.৫	১৫০৬.২	৪২৮৩.৭
	মার্চ ২০১৬**	বিতরণ	১০০.০	৬৮০.০	২০৮.০	৮৮৭.৯	৪৪৬.৭	১৪৩৪.৬
		আদায়	০.০	১৫৮.১	২৬.১	১৮৪.২	২০৬.৭	৩৯০.৯
	জুন ২০১৭@	বিতরণ	১৫০.৫	১৫৬০.০	১৫২৬.০	৩০৮৬.০	১৯৩০.০	৫১৬৬.৫
		আদায়	২২.৬	১৮৯.২	১১৫.৫	৩০৪.৬	৭৪৮.১	১০৭৫.৩
ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	২০১৫	বিতরণ	৭৫.৬	১৮৬১.৮	২৪৮৩.৫	৪৩৪৫.৩	১২২৫.৩	৫৬৪৬.১
		আদায়	৪০.৩	১০৭২.২	৩৩৪৪.৪	৪৪১৬.৬	১৫৬৬.৭	৬০২৩.৫
	২০১৬	বিতরণ	১৫৭.৫	২০৮৬.৪	৪৮৮৯.২	৬৯৭৫.৬	২০৪৬.৩	৯১৭৯.৫
		আদায়	১২৭.২	১৪৪৬.৯	৩৭১৯.১	৫১৬৬.০	১৬১৩.৬	৬৯০৬.৭
	মার্চ ২০১৬**	বিতরণ	২০.০	৭০৩.৯	১১৪৫.৫	১৮৪৯.৪	১৪১.৩	২০১০.৬
		আদায়	৬.৪	৯১৮.২	৩৯৭.২	১৩১৫.৪	১৫৪.৯	১৪৭৬.৬
	জুন ২০১৭@	বিতরণ	৪০.০	১৪০৭.৭	২২৯১.০	৩৬৯৮.৭	২৮২.৫	৪০২১.৩
		আদায়	১২.৮	১৮৩৬.৪	৭৯৪.৩	২৬৩০.৭	৩০৯.৮	২৯৫৩.৩
ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড	২০১৫	বিতরণ	০.০	২৫৮৩.১	০.০	২৫৮৩.১	৮৯৯.৫	৩৪৮২.৬
		আদায়	০.০	১১৭২.০		১১৭২.০	৯১২.৬	২০৮৪.৬
	২০১৬	বিতরণ	৭৫.০	১৮৩০.১	৫০.০	১৮৮০.১	১৯৯২.২	৩৯৪৭.৩
		আদায়	১৫.১	১৬০৪.১		১৬০৪.১	২০৬২.৬	৩৬৮১.৮
	মার্চ ২০১৬**	বিতরণ	৪০.০	৮৪৭.০		৮৪৭.০	৪১৪.১	১৩০১.১
		আদায়	৫.২	৩৮৩.৭	২.১	৩৮৫.৮	৫৮৫.২	৯৭৬.২
	জুন ২০১৭@	বিতরণ	২.০	১২০৬.৫	৫.০	১২১১.৫	৬১৩.৩	১৮২৬.৮
		আদায়	০.৭	৭৭২.৬	২.১	৭৭৪.৭	৯৩৯.৫	১৭১৪.৯
ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড	২০১৫	বিতরণ	৩৬০.০	২২৭৩.৯	১২৫০.০	৩৫২৩.৯	১১৯.৬	৪০০৩.৫
		আদায়	১৭৬.০	১৫৬৬.৯	১৬৫১.১	৩২১৮.০	৩২৩.৬	৩৭১৭.৬
	২০১৬	বিতরণ	৬৬৪.২	২০৫৪.১	১৩৪২.৫	৩৩৯৬.৬	২৪৭.৬	৪৩৩৮.৪
		আদায়	১১৩৮.৭	২৬৬৬.০	৪৬৫.২	৩১৩১.২	২০৭.৬	৪৪৭৭.৬
	মার্চ ২০১৬**	বিতরণ	১.৯	৭১৯.৮	২৪১.০	৯৬০.৮	২১.৮	৯৮৪.৫
		আদায়	১৪.৭	৫৪৬.৫	১১২.৭	৬৫৯.৩	৬০.২	৭৩৪.১
	জুন ২০১৭@	বিতরণ	১১৬৪.২	৩১৭০.৭	২১৪২.৫	৫৩১৩.২	৬৪৭.৬	৭১২৫.০
		আদায়	৭৫.২	১৪৬৬.৮	৬৭২.৭	২১৩৯.৬	৫৬০.২	২৭৭৪.৯
এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড	২০১৫	বিতরণ	০.০	৩৮৭২.৬	১৪৫২.১	৫৩২৪.৭		৫৫১৫.৮
		আদায়	০.০	৫৭৭.৯	৩৬৭.৮	৯৪৫.৬	১০৫.১	১০৫০.৭
	২০১৬	বিতরণ	৮২.০	১৬৯২.৯	১৪০২.৯	৩০৯৫.৭	১৬৯.৯	৩৩৪৭.৭
		আদায়	৩.০	৮৭৯.১	৩৬৫.১	১২৪৪.২	১০৫.২	১৩৫২.৪
	মার্চ ২০১৬**	বিতরণ	২৫.০	২৪৫.৭	৯০.৮	৩৩৬.৫	৮.১	৩৬৯.৬
		আদায়	৫.২	৩৮৬.৯	১৪৬.৬	৫৩৩.৫	৩০.৩	৫৬৯.০
	জুন ২০১৭@	বিতরণ	২৭.৫	২৭০.৩	৯৯.৯	৩৭০.১	৮.৯	৪০৬.৫
		আদায়	১০.৫	৮৩১.৯	২৭৮.৫	১১১০.৪	২৮.৬	১১৪৯.৫
প্রিমিয়ার লীজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড	২০১৫	বিতরণ		৫৪১১.০		৫৪১১.০	২৩১৯.০	৭৭৩০.০
		আদায়		৭১৯.০		৭১৯.০	৬৫৬.০	১৩৭৫.০
	২০১৬	বিতরণ	৬০.০	৪৩০৬.০		৪৩০৬.০	১৭৫০.০	৬১১৬.০
		আদায়	৪০.০	১২৫৮.০		১২৫৮.০	৪২৪.০	১৭২২.০
	মার্চ ২০১৬**	বিতরণ	৪০০.০	৬১০.০		৬১০.০	০.০	১০১০.০
		আদায়	২৪.০	২১০.০		২১০.০	৪১.০	২৭৫.০
	জুন ২০১৭@	বিতরণ	৪৫০.০	১৪২০.০		১৪২০.০	২৮৬.০	২১৫৬.০
		আদায়	৩৫.০	৪১৫.০		৪১৫.০	৫৬.০	৫০৬.০

আর্থিক প্রতিষ্ঠানগুলোর খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় *

সারণী-৩

আর্থিক প্রতিষ্ঠানের নাম	সাল	বিতরণ/ আদায়	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	মোট
				মেয়াদী ঋণ	চলতি মূলধন	মোট		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড	২০১৫	বিতরণ	০.০	১০৭৯.০	১৮০.০	১২৫৯.০	১৬৮৬.০	২৯৪৫.০
		আদায়	০.০	১২৫৩.০	৮৩১.০	২০৮৪.১০	৯৪৭.০	৩০৩১.০
	২০১৬	বিতরণ	০.০	৪৩৫.০	১০০.০	৫৩৫.০	১২০০.০	১৭৩৫.০
		আদায়	০.০	৮২৯.০	৫৬.০	৮৮৫.০	৯৬৩.০	১৮৪৮.০
	মার্চ ২০১৭**	বিতরণ	০.০	৫৪৬.০	০.০	৫৪৬.০	৭৫৯.০	১৩০৫.০
		আদায়	০.০	২৭৮.০	০.০	২৭৮.০	৩৬৯.০	৬৪৭.০
	জুন ২০১৭@	বিতরণ	০.০	৭৫০.০	০.০	৭৫০.০	৫০০.০	১২৫০.০
		আদায়	০.০	৪০০.০	০.০	৪০০.০	৫০০.০	৯০০.০
হজ্ব ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	২০১৫	বিতরণ	৩৮.৫	১৮৯৪.৬	২৩০.০	২১২৪.৬	১১০১.৫	৩২৬৪.৬
		আদায়	৭.৫	৭৮৫.২	২.২	৭৮৭.৪	৩৫২.৯	১১৪৭.৮
	২০১৬	বিতরণ	১০৯.০	১৮২০.২	৩২৩.০	২১৪৩.২	১০১১.৮	৩২৬৪.০
		আদায়	১৬.৮	৯৮৫.২	২৮৯.০	১২৭৪.২	৮৩৫.৫	২১২৬.৪
	মার্চ ২০১৭**	বিতরণ	২৬০.৮	১৭২.৭	১২.০	১৮৪.৭	৬০৪.২	১০৪৯.৭
		আদায়	১৫.০	১৪২.৫	৯.৪	১৫১.৯	৪৩৬.২	৬০৩.১
	জুন ২০১৭@	বিতরণ	২৭৩.৮	২৫৯.১	৫০.০	৩০৯.১	১০৮৭.৫	১৬৭০.৪
		আদায়	৫৫.০	২৭৫.০	৩৫.০	৩১০.০	৭৮৫.২	১১৫০.২
অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানি লিমিটেড	২০১৫	বিতরণ	১১৫.৮	১৩.১	০.০	১৩.১	২৪৬.৩	৩৭৫.১
		আদায়	১১৯.১	৮.৪	০.০	৮.৪	২১২.৮	৩৪০.২
	২০১৬	বিতরণ	১৬৭.৫	৫৩.৪	০.০	৫৩.৪	৩১৫.০	৫৩৫.৮
		আদায়	১৫৭.৫	৫৩.৭	০.০	৫৩.৭	২৭৮.১	৪৮৯.৩
	মার্চ ২০১৭**	বিতরণ	২৮.৮	১১.০	০.০	১১.০	৫৫.৮	৯৫.৫
		আদায়	৩৮.৭	১৩.৭	০.০	১৩.৭	৭৭.৩	১২৯.৭
	জুন ২০১৭@	বিতরণ	৬২.১	২২.৫	০.০	২২.৫	১১৫.৪	২০০.০
		আদায়	৪৩.০	১৫.১	০.০	১৫.১	৮৪.৫	১৪২.৭
বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড	২০১৫	বিতরণ		৩৩৪৬.৫		৩৩৪৬.৫		৩৩৪৬.৫
		আদায়		২০৬.৬		২০৬.৬		২০৬.৬
	২০১৬	বিতরণ		৪৮৮০.০	১৯৫০.০	৬৮৩০.০	৪৫০.০	৭২৮০.০
		আদায়		১৫৭৯.০	৩২৮.৪	১৯০৭.৪		১৯০৭.৪
	মার্চ ২০১৭**	বিতরণ		৩৫৭.৪		৩৫৭.৪		৩৫৭.৪
		আদায়		১৫৩.৪	৪৫৪.০	৬০৭.৪		৬০৭.৪
	জুন ২০১৭@	বিতরণ		২৮৫৭.৪	৫০০.০	৩৩৫৭.৪		৩৩৫৭.৪
		আদায়		১৫৮০.০		১৫৮০.০		১৫৮০.০
মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২০১৫	বিতরণ	০.০	১৭০.০	০.০	১৭০.০	২১.৮	১৯১.৮
		আদায়	০.০	০.০	০.০	০.০	০.০	০.০
	২০১৬	বিতরণ	৬১৮.৩	১৭৫৮.৮	৭.৩	১৭৬৫.৮	১০৪৫.৫	৩৪২৯.৬
		আদায়	২১৪.৯	২১০.৬	৫.৩	২১৫.৮	২১৪.০	৬৪৪.৭
	মার্চ ২০১৭**	বিতরণ	৬৬৮.০	২১৫৮.৮	০.০	২১৫৮.৮	১৩৫১.৮	৪১৭৮.৬
		আদায়	২২০.৯	২৫০.৭	০.০	২৫০.৭	২৬৪.০	৭৩৫.৫
	জুন ২০১৭@	বিতরণ	৭২৬.৬	২৩৫৮.৮	৪৭.৩	২৪০৫.৮	১৪৫১.৮	৪৫৮৪.২
		আদায়	২৩৫.৯	২৬৪.৫	১৫.৮	২৮০.৩	২৮৯.১	৮০৫.২
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ	২০১৫	বিতরণ				০.০		০.০
		আদায়				০.০		০.০
	২০১৬	বিতরণ	৬.৫	৪৫৪.০		৪৫৪.০	৪৮৫.৩	৯৪৫.৮
		আদায়	১.৪	৩১.৫		৩১.৫	৯.৫	৪২.৩
	মার্চ ২০১৭**	বিতরণ		৭০৬.০		৭০৬.০	৪৬৫.৩	১১৭১.৩
		আদায়	১.৭	৩৭.৩		৩৭.৩	২৪.১	৬৩.১
	জুন ২০১৭@	বিতরণ	১২.০	৯০০.০		৯০০.০	৬৭৫.০	১৫৮৭.০
		আদায়	২.০	৪১.৮		৪১.৮	৪৪.৬	৮৮.৩
নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান সমূহ	২০১৫	বিতরণ	৩৯৫৪.১	৮৮৭৭৫.০	৪২৪৯৮.০	১৩১২৭৩.০	৮৭৭৬০.৩	২২২০৯৪.৬
		আদায়	২২৭২.০	৫১৫৩০.১	৩৯২২৮.৩	৯০৭২৮.৪	৭০৩৭৫.৬	১৬২৭৫৭.২
	২০১৬	বিতরণ	৬৮৫১.৯	৯৯৮৯৬.৬	৬৪০৮৭.৪	১৬৩৯৮৩.৯	১০৪৬৬৩.৩	২৭৪৭৮৮.৮
		আদায়	৪৯৩৩.৮	৬১৫৪০.১	৫১৯৬৩.৫	১১২৭০৩.৬	৮৭৬৬০.৫	২০৪১০৯.৪
	মার্চ ২০১৭**	বিতরণ	২৯৫৯.৬	২৬২২৪.২	১৫৩০৯.৭	৪১৫৩৩.৯	৩৪২২৪.০	৭৮৫৬৯.৫
		আদায়	১৪২৪.৬	১৪২৫১.১	১১৪৯০.৮	২৫৭৪১.৮	২৩৮৮২.৩	৫০৮৯০.৫
	জুন ২০১৭@	বিতরণ	৪৩০২.০	৬৪১৬৯.৫	৩০৯৯১.৪	৯৫১৬০.৮	৪১৩৫৯.৫	১৪০৮২২.৩
		আদায়	১১৩৫.১	৩৯১৩৩.১	২২৩১৪.৬	৬১৪৪৭.৭	২৯২৯১.১	৯১৮৭৩.৯



বীমা



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

জাতীয় অর্থনীতিতে বীমা খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশে সম্ভাবনাময় এই খাতটি সামগ্রিক বিবেচনায় এখন পর্যন্ত কাঙ্খিত লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারেনি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশের বীমা খাতের আধুনিকায়ন ও উন্নয়নের জন্য Insurance Act, 1938 রহিত পূর্বক যুগোপযোগী বীমা আইন, ২০১০ জারি করে এবং তা বাস্তবায়নের লক্ষ্যে 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' আইন, ২০১০ প্রণয়ন করে। যার ফলশ্রুতিতে ২৬ জানুয়ারি, ২০১১ ইং তারিখে ১ জন চেয়ারম্যান ও ২ জন সদস্যের সমন্বয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে।

সাধারণ বীমা কর্পোরেশন ও জীবন বীমা কর্পোরেশন নামে দুটি রাষ্ট্রায়ত্ব বীমা কর্পোরেশন এবং দুইটি বিদেশী বীমা কোম্পানিসহ মোট ৪৬ টি নন-লাইফ ও ৩২ টি লাইফ ইন্স্যুরেন্স প্রতিষ্ঠান বাংলাদেশে বীমা ব্যবসা পরিচালনা করছে। ৩২ টি লাইফ ইন্স্যুরেন্স কোঃ এর মধ্যে ২০১৫ সালে একটি বিদেশী কোম্পানি 'লাইফ ইন্স্যুরেন্স কর্পোরেশন অব বাংলাদেশ'এর অনুমোদন দেওয়া হয়েছে।

অসংগঠিত বীমা খাতের সংস্কারের লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ নানাবিধ কর্মসূচির মাধ্যমে বিরাজমান সমস্যা, অনিয়ম-অব্যবস্থাপনা এবং দুর্নীতি প্রতিরোধপূর্বক এই খাতকে নিয়মতান্ত্রিক ধারায় চালিত করার উদ্দেশ্যে বিভিন্ন সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণ করেছে। এ পদক্ষেপগুলোর মধ্যে উল্লেখ্যযোগ্য হলোঃ বীমা শিল্পে দক্ষ জনবল তৈরিতে বীমা এজেন্টদের প্রশিক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে। ফলে একজন প্রশিক্ষিত বীমা এজেন্ট দক্ষতার সাথে এখন মাঠ পর্যায়ে বীমা ব্যবসার সাথে যুক্ত হবে, জনসাধারণের সচেতনতা বাড়বে এবং বীমা গ্রাহকদের হয়রানি দূর হবে। বীমা কোম্পানির চেয়ারম্যান, বোর্ড সদস্য এবং মুখ্য নির্বাহী কর্মকর্তাদের সঙ্গে কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে বিবিধ সভা আয়োজন করা হয়ে থাকে। এছাড়া কর্তৃপক্ষ দেশের বিভিন্ন অঞ্চলের তৃণমূল পর্যায়ের কর্মীদের সাথে মত বিনিময় সভার আয়োজন করেছে যা মাঠ পর্যায়ে বীমা খাতে সমস্যা অনুধাবন ও তদানুযায়ী ব্যবস্থা গ্রহণে ভূমিকা পালন করছে। কর্তৃপক্ষ কর্তৃক বীমা অভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা দেশের ৭টি বিভাগীয় শহরে দু'দিনব্যাপী লাইফ বীমা কোম্পানিসমূহের প্রায় ৪৫০০ জন এমপ্লয়ার অব এজেন্টদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। কর্তৃপক্ষ লাইফ ও নন-লাইফ বিষয়ে কয়েকটি সেমিনারের আয়োজন করে। উক্ত সেমিনারে বীমা কোম্পানির মধ্যম ও জেষ্ঠ্য পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহণ করেন। দেশ ও বিদেশের বীমা ব্যক্তিত্ব ও একচ্যুয়ারিবৃন্দ 'কি নোট স্পিকার' হিসেবে অংশগ্রহণ করেন। কর্তৃপক্ষ আইসিএবি এর সাথে বীমা কোম্পানির বার্ষিক প্রতিবেদন ও অডিটিং এর উপরও সেমিনারের আয়োজন করে। এছাড়াও সম্প্রতি "Role of Insurance Sector in Bangladesh" বিষয়ে মতবিনিময় সভার আয়োজন করে। দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (FBCCI) এর সদস্যগণ, বীমা কর্পোরেশন/কোম্পানির চেয়ারম্যান এবং FBCCI এর ইন্স্যুরেন্স এবং নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান বিষয়ে স্ট্যান্ডিং কমিটির সদস্যগণ উক্ত সভায় অংশগ্রহণ করেন। বীমা খাতে কম্পিউটার নির্ভর নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে তদারকি জোরদার করতে দেশের স্বার্থে বীমা কোম্পানিগুলোকে এক ও অভিন্ন সফটওয়্যারের আওতায় নিয়ে আসার জন্য কাজ করছে। যুগপোযোগী ও আন্তর্জাতিক স্বীকৃত পদ্ধতিসমূহের ব্যবহারের মাধ্যমে দেশের বীমা খাতের তদারকি ও উন্নয়নের যাত্রাকে গতিশীল করার লক্ষ্যে কর্তৃপক্ষ International Association of Insurance Supervisors (IAIS) এর সদস্য হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় কর্তৃপক্ষের তত্ত্বাবধানে বীমা শিল্পের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে "Bangladesh Insurance Sector Development Project" চালুর কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

এছাড়াও নন-লাইফ ইন্স্যুরেন্স খাতে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপগুলো হলো - বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ মোতাবেক বীমা কোম্পানিসমূহে মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ অনুমোদনে কার্যকর ব্যবস্থা গ্রহণ, টেরিফ রেইট লঙ্ঘন বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ, সম্পূর্ণ বাকিতে ব্যবসা বন্ধের ব্যবস্থা গ্রহণ, পরিচালকদের নিজস্ব কোম্পানিতে ব্যবসা সীমিত করা, পরিচালকদের যুগপৎ অন্য আর্থিক প্রতিষ্ঠানে পরিচালক না থাকার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ এবং কমিশনের হার নির্ধারণ করা ইত্যাদি।

লাইফ ইন্স্যুরেন্স খাতে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপগুলো হলো- সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির ব্যবস্থাপনা ব্যয় আইনানুগ সীমার মধ্যে রাখতে কোম্পানির পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা পর্ষদের সাথে কর্তৃপক্ষের সভার আয়োজন, সকল লাইফ বীমা কোম্পানির হিসাব ৩১ ডিসেম্বর এর মধ্যে সম্পন্ন করত: কর্তৃপক্ষ বরাবর দাখিল এবং এর উপর কোম্পানির পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা পর্ষদের সাথে কর্তৃপক্ষের সভার আয়োজন। এছাড়া কমিশনভিত্তিক জনবলের স্তর পুনর্বিন্যাস করা, কমিশনের হার নির্ধারণ করা এবং বীমা কোম্পানিসমূহকে একচ্যুয়ারি নিয়োগে উৎসাহিত করা ইত্যাদি।

এছাড়াও বীমা খাতে স্বচ্ছতা আনয়নের জন্য ভূসম্পত্তি, ইমারত ক্রয়-বিক্রয়, যানবাহন ক্রয় এর নীতিমালা প্রণয়ন করা হয়েছে। কর্তৃপক্ষ বীমা গ্রহীতাদের বীমা দাবী সংক্রান্ত অভিযোগ আমলে নিয়ে তা সংশ্লিষ্ট সকল পক্ষের উপস্থিতিতে অনুষ্ঠিত সভার মাধ্যমে নিষ্পত্তি করার কার্যক্রম অব্যাহত রেখেছে। বীমা আইন, ২০১০ মোতাবেক ১৩/০১/২০১৫ ইং তারিখে গঠিত বীমা বিরোধ নিষ্পত্তির জন্য গঠিত কমিটি ইতোমধ্যে ০৮ টি বীমা বিরোধ নিষ্পত্তি করেছে। বীমা কোম্পানিসমূহের কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণের জন্য তাদের পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী পর্যবেক্ষণ করা হচ্ছে। তাছাড়া বীমা দাবি নিষ্পত্তি যথাযথভাবে হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে কোম্পানিসমূহ থেকে মাসিক ভিত্তিতে প্রতিবেদন আনা হচ্ছে। বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর আওতায় ০৫ (পাঁচ)টি বিধিমালা এবং ১২ (বারো)টি প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত হয়েছে। আরো ৯টি বিধি/প্রবিধানমালা প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বিভিন্ন পর্যায়ে প্রণীতব্য বিধি/প্রবিধানগুলো ক্রমান্বয়ে বাস্তবায়িত হলে বীমা শিল্পে উল্লেখযোগ্য সংস্কার সাধন সম্ভব হবে।

বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৪ সালে প্রণীত জাতীয় বীমা নীতি বাস্তবায়নকরত: বীমা খাতকে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কর্মপরিকল্পনা গৃহীত হয়েছে। এ লক্ষ্যে বীমার সুফল বার্তা সকলের মাঝে পৌঁছে দিতে গত ২৩-২৫ মার্চ ২০১৬ ইং তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বীমা মেলা ২০১৬ অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও জাতীয় বীমা নীতির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে সকল লাইফ ও নন-লাইফ কোম্পানি এবং কর্পোরেশনের চেয়ারম্যান/সদস্য ও মুখ্য নির্বাহী কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভাসহ দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বীমা বিষয়ক কোর্স চালুকরণের লক্ষ্যে কর্তৃপক্ষের একজন সদস্যের নেতৃত্বে গঠিত কমিটি বীমা শিক্ষাক্রম (Sylabus) প্রণয়ন করে তা বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নিকট প্রেরণ করেছে। এছাড়াও কর্তৃপক্ষ সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত হয়ে জাতীয় স্বার্থে বীমার সুফল বার্তা পৌঁছে দিতে প্রচেষ্টা অব্যাহত রেখেছে যেমন, দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত উন্নয়ন মেলা এবং ডিজিটাল মেলায় অংশগ্রহণ ইত্যাদি।

কর্তৃপক্ষের পরিদর্শক দল দেশের বীমা কোম্পানিসমূহের বিভন্ন শাখা অফিস পরিদর্শন অব্যাহত রেখেছে। পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত অনিয়মসমূহের উপর ভিত্তি করে সংশ্লিষ্ট কোম্পানির সাথে কর্তৃপক্ষ শুনানির আয়োজন করে এবং প্রয়োজনে বিধি মোতাবেক জরিমানা করে থাকে। ফলশ্রুতিতে বীমা খাতে বিরাজমান বিভিন্ন ধরণের অনিয়ম উৎঘাটন ও এসব অনিয়মের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ সম্ভবপর হয়েছে। কর্তৃপক্ষ দেশের বিভিন্ন অঞ্চলের তৃণমূল পর্যায়ের কর্মীদের সাথে মতবিনিময় সভার আয়োজন করেছে যা মাঠ পর্যায়ে বীমা খাতে সমস্যা অনুধাবন ও তদনুযায়ী ব্যবস্থা গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ইলেকট্রনিক ডাটা/তথ্য বিনিময় চালুকরণ, প্রমিত রিপোর্টিং টেমপ্লেট প্রস্তুত ও কম্পিউটারাইজড রিস্ক বেইজড রেগুলেটরি সিস্টেম চালুকরণের কাজ কর্তৃপক্ষ করে যাচ্ছে। কর্তৃপক্ষ বীমা শিল্পে উন্নত মানবসম্পদ নিশ্চিত করার জন্য কোম্পানিসমূহকে Human Resource Guidelines প্রণয়নের জন্য নির্দেশ দিয়েছে। উল্লেখ্য, কর্তৃপক্ষের উপযুক্ত ব্যবস্থা গ্রহণের ফলে বীমা কোম্পানিগুলোর ব্যবস্থাপনা ব্যয় হ্রাস পাচ্ছে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠিত হওয়ার পর থেকে সর্বমোট ১২৮ কোটি ৪৭ লক্ষ ৪৮ হাজার টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। মে, ২০১২ থেকে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত প্রায় ২,০৫,৫২৭ (প্রায় দুই লক্ষ পাঁচ হাজার পাঁচশত উনপঞ্চাশ) টি এমপ্লয়ার অব এজেন্ট এবং এজেন্ট লাইসেন্স দেওয়া হয়েছে। ২০১৫-২০১৬ পর্যন্ত এ বাবদ নন-লাইফ ও লাইফ বীমা কোম্পানি থেকে আয় হয়েছে ৬৯,২০,০০০/-(উনসত্তর লক্ষ বিশ হাজার) টাকা। আইডিআরএ থেকে এ পর্যন্ত ১৩৮টি (একশত আটত্রিশ) সার্ভে কোম্পানি তাদের লাইসেন্স নিয়মিত নবায়ন করেছে। ২০১৫ হতে ২০১৬ পর্যন্ত সার্ভে কোম্পানির লাইসেন্স নবায়ন বাবদ ৩,০৮১,০০০/- (ত্রিশ লক্ষ একাশি হাজার) টাকা আয় হয়েছে। বিভিন্ন লাইফ ও নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির শাখা খোলার জন্য ২০১৫ হতে ২০১৬ পর্যন্ত কর্তৃপক্ষের আয় হয়েছে ১৫,৬৭,০০০/- (পনেরো লক্ষ সাতষট্টি হাজার) টাকা। ২০১৫-২০১৬ সালে বিভিন্ন কোম্পানিসমূহের উপর আরোপিত সংক্রান্ত জরিমানা বাবদ কর্তৃপক্ষ আয় করেছে ৩০৩.৪৭ লক্ষ টাকা। ইন্স্যুরেন্স কোম্পানি রেজিস্ট্রেশন বাবদ ২০১৪ হতে ২০১৬ এর মার্চ পর্যন্ত কর্তৃপক্ষের আয় হয়েছে ১১৫,১৯,৯৭,৬৫০/- (একশত পনের কোটি উনিশ লক্ষ সাতানববই হাজার ছয়শত পঞ্চাশ) টাকা।

বাংলাদেশের বীমা শিল্পে সার্বিক চিত্র নিম্নে উপস্থাপন করা হলঃ

লাইফ বীমা খাতঃ

জীবন বীমা কর্পোরেশনঃ

জীবন বীমা কর্পোরেশন (জেবিসি) বাংলাদেশের একমাত্র রাষ্ট্রায়ত্ব জীবন বীমা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে অত্যন্ত সুনামের সাথে ব্যবসা পরিচালনা করে আসছে। ২০১৬ সালের তথ্য অনুযায়ী প্রতিষ্ঠানটি মোট ১০৯৮ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়ে ৪৭০ টি জোনাল ও রিজিওনাল শাখার মাধ্যমে সারাদেশে তাদের ব্যবসা কার্যক্রম অব্যাহত রেখেছে। ২০১৫ সালে প্রতিষ্ঠানটির সর্বমোট প্রিমিয়াম ছিল ৪০২.৮৬ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মোতাবেক ০.৬৫% হ্রাস পেয়ে ৪০০.২৫ টাকায় দাড়িয়েছে। জীবন বীমা কর্পোরেশনের প্রিমিয়াম আয়, সম্পদ, বিনিয়োগ ও লাইফ ফান্ডের একটি চিত্র পাশের ছকে উপস্থাপন করা হলঃ

ক) সরকারী জীবন বীমা কর্পোরেশনের আর্থিক চিত্রঃ

(কোটি টাকা)

বিবরণ	সাল	
	২০১৫	২০১৬*
১ম বছরের প্রিমিয়াম	৬৮.১৭	৭৬.৪৭
রিনিউয়াল প্রিমিয়াম	৩০৮.৮৬	২৮৭.৫৮
গ্রুপ টার্মস্ এবং অন্যান্য	২৫.৮৩	৩৬.২০
সর্বমোট	৪০২.৮৬	৪০০.২৫
লাইফ ফান্ড	১৭২২.৩৪	১৮২৮.০১
বিনিয়োগ	১৬১৯.৭৬	১৬৭১.৫৪
মোট সম্পদ	১৮৮৫.৫৩	১৯৭০.৫৮

*অনিরীক্ষিত

বেসরকারি লাইফ বীমা কোম্পানিসমূহঃ

বীমা শিল্পের বিভিন্ন প্রতিবন্ধকতা দূরীকরণ এবং শিল্পের প্রসার ও উন্নয়নে সরকার ১৯৮৪ সালে The Insurance (Amendment) Ordinance এর মাধ্যমে বেসরকারি খাতে বীমা কোম্পানি গঠনের সুযোগ প্রদান করে। এর ফলশ্রুতিতে ১৯৮৫ সালে বেসরকারী মালিকানাধীন ০৫ (পাঁচ)টি লাইফ বীমা কোম্পানি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বাংলাদেশে ৩১টি বেসরকারি লাইফ বীমা কোম্পানি ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করছে। ২০১৫ সালের তথ্য মতে বেসরকারী ৩০ টি লাইফ বীমা কোম্পানিব সর্বমোট প্রিমিয়াম আয় ছিল ৬৯১৯.৯২ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৪.২২% বৃদ্ধি পেয়ে ৭,২১১.৮৫ কোটি টাকায় দাড়িয়েছে। সকল বেসরকারি লাইফ বীমা কোম্পানির আর্থিক চিত্র পাশের ছকে উপস্থাপন করা হলঃ

খ) সকল বেসরকারি লাইফ বীমা কোম্পানিসমূহের আর্থিক চিত্রঃ

(কোটি টাকা)

বিবরণ	সাল	
	২০১৫	২০১৬*
১ম বছরের প্রিমিয়াম	১,৭৯৯.০১	২,০৮৫.৪৮
রিনিউয়াল প্রিমিয়াম	৪,৮১০.৫৬	৪,৮০৪.৯০
গ্রুপ টার্মস্ এবং অন্যান্য	৩১০.৩৬	৩২১.৪৮
সর্বমোট	৬,৯১৯.৯২	৭,২১১.৮৫
লাইফ ফান্ড	২৬,৭৪১.৪৭	২৭,৯৬২.৭৮
বিনিয়োগ	২৪,৯৬৪.৬৩	২৬,১৭০.২৫
মোট সম্পদ	৩১,০১৯.৭৩	৩৪,৮৯৯.২৫

*অনিরীক্ষিত

নন-লাইফ বীমা খাতঃ

ক) সাধারণ বীমা কর্পোরেশন-এর আর্থিক চিত্রঃ

সাধারণ বীমা কর্পোরেশনঃ

সাধারণ বীমা কর্পোরেশন (এসবিসি) বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় নন-লাইফ বীমা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি ৮৮টি জোনাল অফিস এর মাধ্যমে ১০৩৫ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়ে তাদের বীমা ব্যবসা পরিচালনা করে আসছে। ২০১৫ সালে প্রতিষ্ঠানটির নীট প্রিমিয়ামের পরিমান ছিল ৫২৭.৪৮ কোটি টাকা, যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৪.৬৪% বৃদ্ধি পেয়ে ৫৫২.০০ কোটি টাকায় দাড়িয়েছে। ২০১৫ সালে পুনঃবীমা থেকে প্রতিষ্ঠানটি আয় করে ২৭৩.৪১ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৩.৫০% বৃদ্ধি পেয়ে ২৮৩.০০ কোটি টাকায় দাড়িয়েছে। সাধারণ বীমা কর্পোরেশনের আর্থিক অবস্থার সার্বিক চিত্র পাশের ছকে উপস্থাপন করা হলঃ

(কোটি টাকা)

বিবরণ	সাল	
	২০১৫	২০১৬*
গ্রস প্রিমিয়াম	৪০৩.৭১	৪৩৩.৬৮
নীট প্রিমিয়াম	২০৭.৩১	২২২.৭২
পুনঃবীমা	৬৫৪.১৪	৬৬০.৯৪
গ্রস দাবী	৪০.৬১	৮৭.৭৪
নীট দাবী	১৯.৪২	৩৮.৯৩
বিনিয়োগ	৯৯২.০২	৮৯৯.৪১
মোট সম্পদ	২,৩৮৩.৪৭	২,৪০০.০০

*অনিরীক্ষিত

বেসরকারী নন-লাইফ বীমা কোম্পানিসমূহঃ

সরকার ১৯৮৪ সালে The Insurance (Amendment) Ordinance এর মাধ্যমে বেসরকারী খাতে বীমা প্রতিষ্ঠান গঠনের সুযোগ প্রদান করে। এর ফলশ্রুতিতে ১৯৮৫ সালে বেসরকারী মালিকানাধীন ২৪ (চব্বিশ) টি নন-লাইফ বীমা কোম্পানি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বাংলাদেশে ৪৫ টি বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করছে।

২০১৫ সালে বেসর কারি ৪৫ টি নন-লাইফ বীমা কোম্পানির নীট প্রিমিয়ামের পরিমান ছিল ১,৩৩০.৫৭ কোটি টাকা, যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৬.৮৯% বৃদ্ধি পেয়ে ১,৪২২.১৭ কোটি টাকায় দাড়িয়েছে। সকল বেসরকারী নন-লাইফ বীমা কোম্পানিসমূহের আর্থিক অবস্থার সার্বিক চিত্র পাশের ছকে উপস্থাপন করা হলঃ

খ) সকল বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানিসমূহের আর্থিক চিত্রঃ

(কোটি টাকা)

বিবরণ	সাল	
	২০১৫	২০১৬*
গ্রস প্রিমিয়াম	২,৪৩৫.৬৫	২,৫৪৯.৪৭
নীট প্রিমিয়ম	১,৩৩০.৫৭	১,৪২২.১৭
পুনঃবীমা	১,১১৬.৮১	১,১২১.৭০
গ্রস দাবী	৭৬০.৯৬	৫৬৭.২৮
নীট দাবী	৩০৪.১৬	২৯১.৫০
বিনিয়োগ	২,৯৫৪.৫৫	৩,১৮০.২১
মোট সম্পদ	৬,২৭৯.৪৫	৬,৭২৭.৮৪

*অনিরীক্ষিত

বীমা শিল্পের প্রিমিয়াম আয় সম্পদ এবং লাইফ ফান্ডের পরিমানঃ

প্রিমিয়ামঃ

বীমা শিল্পের ২০১৫ সালে প্রিমিয়াম বা বদ মোট আয়ের পরিমান ছিল ১০,১৬২.১৪ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৪.৪৩% বৃদ্ধি পেয়ে ১০৫৯৫.২৯ কোটি টাকায় পৌঁছে। বীমা শিল্পের মোট প্রিমিয়াম আয়ের অধিকাংশ অর্জিত হয় লাইফ বীমা খাত হতে। ২০১৫ সালের বীমা শিল্পের অর্জিত মোট প্রিমিয়াম আয়ের প্রায় ৭২.০৬% অর্জিত হয়েছে লাইফ বীমা খাত থেকে।

বীমা শিল্পের মোট প্রিমিয়াম আয়(কোটি টাকা)		
সাল	২০১৫	২০১৬*
লাইফ	৭,৩২২.৭৮	৭,৬১২.১০
নন-লাইফ	২,৮৩৯.৩৬	২,৯৮৩.১৯
সর্বমোট	১০,১৬২.১৪	১০,৫৯৫.২৯

*অনিরীক্ষিত

মোট সম্পদঃ

বাংলাদেশের বীমা শিল্পের মোট সম্পদের পরিমান প্রতিবছর উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সরকারি ও বেসরকারি বিভিন্ন খাতে বিনিয়োগ, বিভিন্ন মেয়াদে ব্যাংকে জমা, স্থায়ী ও অস্থায়ী সম্পদসহ ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে মোট সম্পদের পরিমান উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ২০১৫ সালে বীমা শিল্পের মোট সম্পদের পরিমান ছিল ৪১,৭৮৮.১৮ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৫.৩৫% বৃদ্ধি পেয়ে ৪৪,০২৪.০৯ কোটি টাকায় দাঁড়িয়েছে।

বীমা শিল্পের মোট সম্পদের পরিমাণ(কোটি টাকা)		
সাল	২০১৫	২০১৬*
লাইফ	৩৩,১২৫.২৬	৩৪,৮৯৯.২৫
নন-লাইফ	৮,৬৬২.৯২	৯,১২৪.৮৪
সর্বমোট	৪১,৭৮৮.১৮	৪৪,০২৪.০৯

*অনিরীক্ষিত

লাইফ ফান্ডঃ

লাইফ বীমা শিল্পের লাইফ ফান্ডের পরিমাণ প্রতিবছরই উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০১৫ সালের লাইফ বীমা শিল্পের মোট লাইফ ফান্ডের পরিমান ছিল ২৮,৪৬৩.৮১ কোটি টাকা। ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে বেসরকারী লাইফ বীমা কোম্পানিসমূহের মোট লাইফ ফান্ডের পরিমান দাঁড়িয়েছে ২৯,৭৯০.৭৯ কোটি টাকা যা পূর্ববর্তী ২০১৫ সালে ছিল ২৮,৪৬৩.৮১ কোটি টাকা। অন্যদিকে একমাত্র রাষ্ট্রীয় লাইফ বীমা প্রতিষ্ঠান জীবন বীমা কর্পোরেশনের ২০১৫ সালের লাইফ ফান্ডের পরিমান ছিল ১,৭২২.৪৪ কোটি টাকা যা ২০১৬ সালের অনিরীক্ষিত তথ্য মতে ৬.১৩% বৃদ্ধি পেয়ে ১,৮২৮.০১ কোটি টাকায় দাড়িয়েছে।

জীবন বীমা কর্পোরেশন
www.jbc.gov.bd



১৯৭২ সনে রাষ্ট্রপতির ৯৫নং আদেশ বলে বাংলাদেশের বীমা শিল্প জাতীয়করণ করা হয়। বীমা শিল্প জাতীয়করণ করার পর জীবন বীমা ব্যবসায় নিয়োজিত ৩৭(সাঁইত্রিশ)টি কোম্পানির সম্পদ ও দায়-দেনা নিয়ে প্রথমে সুরমা ও রূপসা নামে ২ (দুই)টি কর্পোরেশন এবং পরবর্তীতে উল্লিখিত কর্পোরেশনদ্বয়ের সমন্বয়ে ১৯৭৩ সালের ৬নং আইন বলে জীবন বীমা কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। বর্তমানে কর্পোরেশনের মোট লাইফ ফান্ড ১৮২৮০.১ মিলিয়ন টাকা এবং মোট সম্পদের পরিমাণ ১৯৭০৮.৮ মিলিয়ন টাকা। এছাড়া জীবন বীমা কর্পোরেশনের ৪৭০টি অফিসে স্থায়ী কাঠামোভুক্ত মোট ১০৯৮ জন কর্মকর্তা ও কর্মচারী এবং ১১,১৯৮ জন উন্নয়ন জনবল কর্মরত রয়েছে। এছাড়া প্রতিটি বিভাগীয় পর্যায়ে পৃথক ট্রেনিং বিভাগ রয়েছে, যেখানে নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হয় এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমীর সঙ্গেও কর্মকর্তাদের প্রশিক্ষণের সুব্যবস্থা আছে। কর্পোরেশনের ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪০০২.৫ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৪০০২.৫ মিলিয়ন টাকা এবং ৫৩,৬৯১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

আলফা ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড
www.alphalife.com.bd

আলফা ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিবন্ধন সনদ লাভের পর ২৩ মে, ২০১৪ থেকে ব্যবসা কার্যক্রম শুরু করে। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হয়নি। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। কোম্পানিটির মোট ১৪টি শাখা/জোনাল অফিস রয়েছে, যেখানে মোট ১৪ জন কর্মকর্তা ও কর্মচারী এবং ৩৬০ জন উন্নয়ন জনবল কর্মরত আছে। এছাড়া সাংগঠনিকভাবে ট্রেনিং প্রদান করা হচ্ছে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৫৮.২৯ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৫৮.২১ মিলিয়ন টাকা এবং ০১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

বেস্ট লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড
www.bestlifebd.com



বেস্ট লাইফ ইন্স্যুরেন্স লিঃ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক (আইডিআরএ) অনুমোদন পেয়ে ২০১৩ সালের ২৫ আগস্ট লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানিটির অনুমোদিত মূলধন ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। কোম্পানিটির মোট ২০টি শাখায় স্থায়ী ও অস্থায়ী মিলিয়ে প্রায় ৮৪ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন। এছাড়াও উন্নয়ন কর্মকর্তা হিসেবে ১৬২৩ জন কর্মরত আছেন এবং উন্নয়ন কর্মী/কর্মকর্তাদের নিজস্ব ব্যবস্থাপনায় প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১২৪.০৪ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১২২.০৭ মিলিয়ন টাকা এবং ১৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.charteredlifebd.com

চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন পেয়ে ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানিটির অনুমোদিত মূলধন ২৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। পরিচালনা পর্ষদ অদূর ভবিষ্যতে কোম্পানিকে আশানুরূপ ক্রেডিট রেটিং এর উচ্চমান পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য বদ্ধপরিকর। কোম্পানির ২৩টি ব্রাঞ্চ অফিস ও ২টি ইউনিট অফিসে ৫৮ জন কর্মকর্তা ও কর্মচারী রয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৬৯.৯৬ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৬৯.৩০ মিলিয়ন টাকা এবং ০৩টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ডেল্টা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড

www.deltalife.org

ডেল্টা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ১৯৯৫ সালের ১৩ সেপ্টেম্বর ঢাকা স্টক এক্সচেঞ্জে এবং ৬ ডিসেম্বর চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ৫০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১২৩৭.৫০ মিলিয়ন টাকা। বাংলাদেশের লাইফ বীমা শিল্পে ডেল্টা লাইফ একমাত্র প্রতিষ্ঠান ক্রেডিট রেটিং-এ ২য় বছরের মতো 'AAA' অর্জন করেছে। গণ-গ্রামীণ বীমা ২৩টি জোনাল অপারেশন সেন্টার (জক) এবং ৬৪২টি ইউনিট, ১৩টি সার্ভিস সেন্টার, ১৩টি সার্ভিসিং সেল এবং ২১১টি এজেন্সী অফিসের মাধ্যমে ডেল্টা লাইফ বীমার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ডেল্টা লাইফের নিয়মিত অফিস স্টাফ ২,৭৩১ জন। বীমা পেশায় দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে ডেল্টা লাইফ ট্রেনিং ইনস্টিটিউট নামে একটি নিজস্ব ট্রেনিং ইনস্টিটিউটের মাধ্যমে কর্মী ও কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করছে।



কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৫৮৮৬.৬১ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৫৮৩৯.৬১ মিলিয়ন টাকা এবং ১,২৭,০০০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.fareastislamilife.com

ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২৯ মে, ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৫ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৬২২.৯ মিলিয়ন টাকা। বিগত বছরগুলোতে ক্রেডিট রেটিং A^+ এবং AA পেয়েছে, যা কোম্পানির সুদৃঢ় আর্থিক ভিত্তি ও উচ্চ মাত্রার দাবী পূরণে সফলতার স্বীকৃতি। বর্তমানে কোম্পানিতে বেতনভূক্ত জনবল রয়েছে ৪,৪৪০ জন, শাখা অফিস রয়েছে ১৫৫টি, প্রিমিয়াম কালেকশন বুথ ৬৩০টি ২০১৪ থেকে ২০১৬ সালে কোম্পানি দেশ বিদেশের বিভিন্ন ট্রেনিং ওয়ার্কশপ এর মাধ্যমে ১২,৩৮০ জনকে প্রশাসনিক ও উন্নয়ন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৯২৫৫.০০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৯২৪১.১৮ মিলিয়ন টাকা এবং ৮৪,৪৬৭ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেড

www.goldenlife-insurance.com

গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেড ২৬ ডিসেম্বর, ১৯৯৯-এ তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বাংলাদেশে লাইফ বীমা ব্যবসা শুরু করে। কোম্পানিটির অনুমোদিত মূলধন ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩০ মিলিয়ন টাকা। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানির ১৪৩টি শাখায় যথাক্রমে ৩৪৩ জন প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারী এবং ১৮২১ জন উন্নয়ন কর্মকর্তা ও কর্মী কর্মরত আছেন। কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সর্বদা অভ্যন্তরীণ প্রশিক্ষণের পাশাপাশি বিভিন্ন ইন্স্যুরেন্স বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রেরণ করা হয়ে থাকে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৩৩.১০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩১৩.৭০ মিলিয়ন টাকা এবং ২০,০৫০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

www.guardianlife.com.bd

গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়ে জীবন বীমা খাতে বীমা ব্যবসা শুরু করে। কোম্পানিটির অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮২ মিলিয়ন টাকা। কোম্পানিটি স্টকএক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানির ৫টি শাখায় ৯১ জন কর্মকর্তা ও কর্মচারী কর্মরত আছেন। এছাড়াও বীমা উন্নয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে প্রায় ৫০০ জন ব্রাঞ্চ ম্যানেজার ও ফাইন্যান্সিয়াল এসোসিয়েট রয়েছে। প্রধান কার্যালয়ে পরিচালিত ট্রেনিং কক্ষে দক্ষ প্রশিক্ষকদের মাধ্যমে কোম্পানিতে নিয়োগ প্রাপ্ত সকল মাঠ কর্মীদেরকে ন্যূনতম ৭২ ঘণ্টা ট্রেনিং প্রদান করা হয়ে থাকে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪৬১.১ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৪১৯.১৫ মিলিয়ন টাকা এবং ৭,৬৬৮ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

হোমল্যান্ড লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.homelandlife.com

হোমল্যান্ড লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ কোম্পানী আইন-১৯৯৪ এর অধীনে পাবলিক লিঃ কোম্পানি হিসেবে প্রতিষ্ঠিত হয়। কোম্পানিটি ১৯৯৬ সালের ১৫ সেপ্টেম্বর তারিখে তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে লাইফ বীমা ব্যবসার যাত্রা শুরু করে। বর্তমানে কোম্পানিটির পরিশোধিত মূলধন ৩০ মিলিয়ন টাকা। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানির ২৭৭টি শাখায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বিভিন্ন অফিসে মোট ১০,৪৫৬ জন কর্মী কর্মরত আছে। বিভিন্ন কর্মকর্তাকে প্রশিক্ষণের পাশাপাশি প্রায় ৯৮০ জন এজেন্টকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১১৭৫.৬৩ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১১৭৪.১৭ মিলিয়ন টাকা এবং ৪৭,৩৮১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



যমুনা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড
www.jamunalife.com

যমুনা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানিটির অনুমোদিত মুলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। কোম্পানিতে মোট ৭০ জন কর্মকর্তা ও কর্মচারী রয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১০১.৬ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১০১.৬ মিলিয়ন টাকা এবং ০২টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

লাইফ ইনস্যুরেন্স কর্পোরেশন (এল আই সি) অব বাংলাদেশ লিমিটেড
www.licbangladesh.com

লাইফ ইনস্যুরেন্স কর্পোরেশন (এল আই সি) অব বাংলাদেশ লিমিটেড ২০১৫ সালে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। ২০১৬ সালের ১৮ই অক্টোবর এল আই সি অব বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং বর্তমানে কোম্পানিটির পরিশোধিত মূলধন ৬০০ মিলিয়ন টাকা। নতুন কোম্পানি স্টক এক্সচেঞ্জ তালিকাভুক্ত নয়। কোম্পানির ৮টি শাখায় যথাক্রমে ২৫ জন কর্মকর্তা, ৩৯৫ জন ফাইন্যান্সিয়াল এস্যোসিয়েট এবং ৫২৭ জন ট্রেনিংপ্রাপ্ত এজেন্ট রয়েছে। কোম্পানির কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

২০১৬ সালের ১৮ই অক্টোবর এল আই সি অব বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করেছে। কোম্পানির প্রথম বর্ষ প্রিমিয়াম আয় হয়েছে ১.৪২ মিলিয়ন টাকা।

মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.meghnalife.com

মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৫ সালে ঢাকা এবং চট্টগ্রাম উভয় স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ৬০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩১৯. ২৬ মিলিয়ন টাকা। ক্রেডিং রিপোর্ট রেটিং এর জরিপ মতে কোম্পানিটির রেটিং হচ্ছে 'A1'। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এর ২৪৪টি শাখায় যথাক্রমে এজেন্ট ২৭,২৩৬ জন ও কর্মকর্তা ও কর্মচারী ১,৬৬১ জনসহ মোট ২৮,৮৯৭ জন লোক কর্মরত আছে। ২০১৫ ইং সালে ২,০৮৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।



কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪২৪৩.১২ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৪২৩৪.৬২ মিলিয়ন টাকা এবং ১,১৪,৭৩২ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

www.mercantile-islamilife.com

মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কোম্পানী আইন ১৯৯৪ এর অধীনে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে গঠিত একটি লাইফ বীমা কোম্পানি। কোম্পানিটি ২৫ সেপ্টেম্বর, ২০১৩ সালে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে লাইসেন্সপ্রাপ্ত হয়ে লাইফ বীমা ব্যবসা শুরু করে। বর্তমানে কোম্পানিটির পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানির ৩৪টি শাখায় প্রশাসনিক মোট জনবল ৭৮ জন ও উন্নয়ন কর্মকর্তা ৩৪ জন এবং ১৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালের গ্রস প্রিমিয়াম আয় ৮০২ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৭৬২ মিলিয়ন টাকা এবং ০৪ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



মেটলাইফ

www.metlife.com.bd

যুক্তরাষ্ট্রভিত্তিক বহুজাতিক প্রতিষ্ঠান আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি (মেটলাইফ) বাংলাদেশে শাখা কার্যালয় স্থাপনের মাধ্যমে জীবন বীমা ব্যবসা পরিচালনা করে আসছে। আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি বিশ্বের শীর্ষস্থানীয় বীমা কোম্পানি মেটলাইফ ইনকর্পোরেটেড এর সাবসিডিয়ারী কোম্পানি। কোম্পানিটিকে ১৯৭৪ সালের ২৫ জানুয়ারি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বীমা অধিদপ্তর নিবন্ধন প্রদান করে। বর্তমানে মূলধন এবং রক্ষিত রিজার্ভের পরিমাণ প্রায় ৪১৮ কোটি টাকা। সর্বশেষ ক্রেডিট রেটিং প্রতিবেদন অনুযায়ী মেটলাইফ সর্বোচ্চ রেটিং AAA অর্জন করে। বর্তমানে বাংলাদেশে মেটলাইফের ২৭৭টির অধিক এজেন্সি ও শাখা অফিসে যথাক্রমে ২,৮৯৭ জন নারী ও ১১,৮৯৩ জন পুরুষসহ সর্বমোট ১৪,৭৯০ জন ফাইন্যান্সিয়াল এসোসিয়েটস্ এবং ৩৫৩ জন কর্মকর্তা ও কর্মচারী কর্মরত রয়েছে। ২০১৬ সালে মোট ৯,৮৫০ জন ফাইন্যান্সিয়াল এসোসিয়েটস্ এবং কর্মচারী ও কর্মকর্তাকে ট্রেনিং প্রদান করা হয়েছে।



কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২১,৫০৬ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২১,৫০৬ মিলিয়ন টাকা এবং ৯,০৯৭ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.nlibd.com

ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ১৯৯৫ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৮২০.৫৮ মিলিয়ন টাকা। ক্রেডিট রিপোর্ট রেটিং এর জরিপমতে কোম্পানিটির রেটিং হচ্ছে AA3। এছাড়া প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিঃ এর ১,৬২১ টি শাখা এবং ৪২০ টি জোনে ৪,২৩৬ জন স্থায়ী (ডেস্কে) লোক কর্মরত আছে। এছাড়া মাঠ পযায়ে ৩১,৯০৬ জন এজেন্ট ও ১৮,৭০১ জন এমপ্লয়ার অব এজেন্ট কর্মরত আছেন।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৮১৯৫.৪ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৮১৭৬.২৬ মিলিয়ন টাকা এবং ২,৯৯৩টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



এনআরবি গ্লোবাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.nrbgloballife.com

এনআরবি গ্লোবাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ মিটেড ২৫ আগস্ট, ২০১৩ তারিখে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয়। কোম্পানিতে ৫২ জন প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারী, ৪টি শাখা অফি স রয়েছে এবং ২০১৬ সাল পর্যন্ত মোট ৫০ জন এফ.এ কে প্রশিক্ষণ প্রদান করা হয়।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪১.৭২ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৪১.৬২ মিলিয়ন টাকা এবং ০৫টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



পদ্মা ইসলামী লাইফ ইনসিওরেন্স লিমিটেড

www.padmalife.com

পদ্মা ইসলামী লাইফ ইনসিওরেন্স লিমিটেড গত ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০১২ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩২৪ মিলিয়ন টাকা। সর্বশেষ ২০১১ সালের ক্রেডিট রেটিং রিপোর্ট অনুযায়ী কোম্পানির প্রাপ্ত ক্রেডিট রেটিং BBB3 কোম্পানির শাখা অফিস, সার্ভিসিং অফিস, জোন অফিস ও জোনাল হেড কোয়ার্টার অফিস মিলিয়ে চালু অফিসের সংখ্যা ৪১৬টি এবং ১,২৭৯ জন লোক বিভিন্ন পদে কর্মরত রয়েছেন। প্রশাসনিক ও উন্নয়ন বিভাগে কর্মরতদের ট্রেনিং প্রদানের জন্য প্রধান কার্যালয়ের অধীনে একটি ট্রেনিং সেন্টার রয়েছে এবং ২০১৬ সালে প্রায় ২৯০ জনকে বিভিন্ন বিষয়ের উপর ট্রেনিং দেয়া হয়।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১৪২৪.১ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৪২১.৩৬ মিলিয়ন টাকা এবং ৪১,৫২৫ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.popularlifeins.com

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড কোম্পানী আইন, ১৯৯৪-এর অধীনে গঠিত একটি পাবলিক লিঃ কোম্পানি। কোম্পানিটি ২০০০ সালের ৪ অক্টোবর তদানীন্তন বীমা অধিদপ্তর হতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত হয়ে বাংলাদেশে লাইফ বীমা ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৭ সালে ঢাকা ও ২০০৮ সালে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ৫০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৬০৪.৩ মিলিয়ন টাকা। কোম্পানির ২০১৪ সালে সম্পাদিত ক্রেডিট রেটিং রিপোর্ট অনুযায়ী রেটিং A+ অর্জন করেছে। দাপ্তরিক এবং উন্নয়ন কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ২০১৬ সনে এসে দাঁড়িয়েছে ১,৬৫,৬৬০ জন। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্র থেকে ২০১৬ সাল পর্যন্ত ১,০৭৫ জন কর্মকর্তা প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছেন।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৬০০১.৩ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৫৯৯২.২৯ মিলিয়ন টাকা এবং কোম্পানিটি ১০,১৫,৬৭৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

www.pragatilife.com

প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৫ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ২৫০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১০৩.৭ মিলিয়ন টাকা। আলফা রেটিং কোম্পানি দাবি পরিশোধের ভিত্তিতে প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডকে A+ রেটিং প্রদান করেছে। কোম্পানিটির মোট জনবল ৮৩১ জন, শাখা কার্যালয় ৩২১টি এবং ২,৫৮৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২২০৫.০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২১৭৭.৭০ মিলিয়ন টাকা এবং কোম্পানিটি ৩৯৫ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

www.primeislamilifebd.com

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২০০১ সাল থেকে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৭ সালের ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩০৫.২০ মিলিয়ন টাকা। ২০১৫ সালের বার্ষিক হিসাব প্রতিবেদনের ভিত্তিতে নিরূপিত ক্রেডিট রেটিং রিপোর্ট অনুসারে কোম্পানির রেটিং A+। কোম্পানির ৪১৫টি অফিসের মাধ্যমে ১,২২৭ জন কর্মকর্তা ও ৩০৫ জন কর্মচারীসহ মোট ১,৫৩২ জন ডেস্ক কর্মকতা কর্মরত আছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩১২১.২৩ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩১১২.২২ মিলিয়ন টাকা এবং ৬০,৬৩৭ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড

www.progressivelife.com.bd

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড ২০০০ সালে তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বাংলাদেশে লাইফ বীমা ব্যবসা শুরু করে। বর্তমানে কোম্পানিটির পরিশোধিত মূলধন ১২৮.৬৬ মিলিয়ন টাকা। ক্রেডিট রিপোর্ট রেটিং-এর জরিপমতে কোম্পানির রেটিং হচ্ছে BBB+। এছাড়া প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কোম্পানির ১০৫টি শাখায় যথাক্রমে ৩৫১ জন ও প্রধান কার্যালয়ে ২৫৬ জনসহ মোট ৬০৭ জন লোক কর্মরত আছে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৭৭৯ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৭৭৪ মিলিয়ন টাকা এবং ৫০৭ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইনস্যুরেন্স লিমিটেড
www.protectivelife.com.bd

প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইনস্যুরেন্স লিমিটেড কোম্পানী আইন ১৯৯৪ এর অধীনে পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে গঠিত একটি লাইফ বীমা কোম্পানি। কোম্পানিটি ২০১৩ সালে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে ব্যবসা শুরু করে। বর্তমানে কোম্পানিটির পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। মোট জনবলের সংখ্যা ৬৭ জন এবং শাখা অফিসের সংখ্যা ৬টি। ইতোমধ্যে কোম্পানির দাপ্তরিক এবং উন্নয়ন বিভাগের অফিস ইন-চার্জদের বুনিয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৭৩.২৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৭২.১১ মিলিয়ন টাকা এবং ১৫৯ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড
www.rupalilife.com

রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুর করে। কোম্পানিটি ২০০৯ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন এবং পরিশোধিত মূলধন ২৭৭.৩ মিলিয়ন টাকা। ২০১৬ সালে কোম্পানিটি ক্রেডিট রেটিং A_3 রেটিং অর্জন করে। কোম্পানির ৫২টি শাখার স্থায়ী (প্রশাসনিক) ৭৬৮ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছে। অভ্যন্তরীণ প্রশিক্ষণ ছাড়াও কোম্পানি ইনসিওরেন্স একাডেমী, ইন্স্যুরেন্স এসোসিয়েশন ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত কোর্সেও কর্মকর্তা কর্মচারীগণ নিয়মিত প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২,০১৮.৩০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২,০১৭.৭০ মিলিয়ন টাকা এবং ৬২৮ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ
www.sandhanilife.com

সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯০ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পনিটি ১৯৯৬ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। বর্তমানে কোম্পানির অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৭৬১.৮০ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং এজেন্সি অফ বাংলাদেশ লিঃ এর অক্টোবর ২৬, ২০১৫ তারিখের জরিপমতে অত্র কোম্পা নির রেটিং A_1। কোম্পানির জনবল ১,২২৯ জন (প্রশাসন) এবং মোট ৭,৯৮৪ জন এফএ, এজেন্ট নিয়োগকারী ও উন্নয়ন কর্মকর্তা। কোম্পানির মোট শাখা অফিস ৪৬১ টি এবং ২০১৬ সালে ৯৫৩ জনকে ট্রেনিং দেওয়া হয়েছে।



কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১,৮১০.৫৩ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১,৮০৫.৩৪ মিলিয়ন টাকা এবং ৮৩,৬১১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.sonalilife.com

সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২০১৩ সনের ১ আগস্ট বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে অনুমোদন প্রাপ্ত হয়ে ব্যবসা শুরু করে। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। প্রশাসনিক মোট জনবলের সংখ্যা ১৩২ জন, মার্কেটিং এর জন্য জনবল ১,৬১৬ জন এবং শাখা অফিসের সংখ্যা ৪৮টি। কোম্পানির দক্ষ জনবল গঠনে আইটি ও মার্কেটিং এ উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ১,২৬৬ জনকে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১৯৩.৯৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৯৩.১৫ মিলিয়ন টাকা এবং ৪৩৫ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ
www.sunflowerlife.com

সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে ২০০০ সালে লাইফ বীমা ব্যবসা শুরু করে। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩০ মিলিয়ন টাকা। কোম্পানির ৭৮টি সার্ভিসিং সেলে স্থায়ী (প্রশাসনিক) ৪১৫ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছে এবং কমিশনভিত্তিক জনবল আছে ১২,৭৮৯ জন। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ র্কতৃপক্ষের নির্দেশনা মোতাবকে কোম্পানিতে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং ২০১৬ সনে ৪১৫ জন উন্নয়ন কর্মকর্তার প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১১৪৪.৯৪ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১১৩৭.৭৩ মিলিয়ন টাকা এবং ৩০,৯৩১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



সানলাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড
www.sunlifeinsbd.org

সানলাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড বীমা আইন ১৯৩৮ এর অধীনে পাবলিক লিঃ কোম্পানি হিসেবে গঠিত একটি লাইফ বীমা কোম্পানি। কোম্পানিটি ২০০০ সালে তৎকালীন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বাংলাদেশে লাইফ বীমা ব্যবসা শুরু করে। বর্তমানে কোম্পানির পরিশোধিত মূলধন ৩৫০.৫৯ মিলিয়ন টাকা। ক্রেডিট রিপোর্ট রেটিং এর জরিপমতে কোম্পানিটির রেটিং হচ্ছে BBB3। কোম্পানির ১,০৭৪টি সাংগঠনিক অফিসের মাধ্যমে পরোক্ষভাবে প্রায় ৩,২৫৮ জন লোক ও প্রত্যক্ষভাবে ১,৩৭১ জন লোক, মোট ৪,৬২৯ জন লোক কর্মরত আছে। তাছাড়া ২০১৬ সালে কোম্পানি কর্তৃক প্রায় ১,০২০ জনকে বীমা পেশায় প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১২৫১.২০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১২৫০.৯৫ মিলিয়ন টাকা এবং ৩৬,৯৮০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

স্বদেশ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.swadeshlife.com

স্বদেশ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩০০ মিলিয়ন টাকা। কোম্পানির জনবল ৫৯ জন, প্রধান কার্যালয় ব্যতীত শাখা ২৭ টি, উন্নয়ন কর্মী ১,৯০৮ জন এবং পর্যায়ক্রমে তাদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১৮.৮১ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৮.০৮ মিলিয়ন টাকা এবং ০১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ট্রাস্ট ইসলামী লাইফ ইনসিওরেন্স লিমিটেড
www.trustislamilife.com

ট্রাস্ট ইসলামী লাইফ ইনসিওরেন্স লিমিটেড ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে । কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। কোম্পানির ১১ টি জোনাল হেডকোয়ার্টার, জোনাল অফিস ২৩ টি এবং সাংগঠনিক অফিস ৩৭ টি এর মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২০০.৭২ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৯৯.১২ মিলিয়ন টাকা এবং কোম্পানিটি ১৬ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড
www.zenithlifebd.com

জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়ে লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৮০ মিলিয়ন টাকা। জেনিথ ইসলামী লাইফ এর বর্তমান প্রশাসনিক জনবল ১০৬ জন এবং ২২টি অফিস রয়েছে। কর্মরত প্রশাসনিক কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১৮০.৩০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৮০.২১ মিলিয়ন টাকা এবং ১০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ক্রমিক নং	পেশাদির নাম	সাল	গ্রস জিমিয়াম	নীট জিমিয়াম			পুলিশিত সংখ্যা	এজেন্টের সংখ্যা	বীমা দাবি				বিনিয়োগ				সেটে সম্পদ		শহীদ ফান্ড	বিনিয়োগ হতে আয়	সেটে অপারেশনাল খাত	জিমিয়াম আয়ের উপর ফাংশনাল হারে প্রদত্ত	সেটে প্রদানকৃত আহরণ
				চুক্তি ক্ষয়	দাবিকৃত	সেটে			সেটে	অনিষ্পত্তিকৃত	দিষ্পত্তিকৃত		সেটে	সুবিধাভোগী পিরিয়ডিটিজ	অন্যান্য	সেটে								
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
১	ঞ্জিলা ঘাস কর্পোরেশন লিঃ	২০১৮	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০১৯	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২০	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২১	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
২	ঞ্জিলা ঘাস কর্পোরেশন লিঃ	২০১৮	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০১৯	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২০	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২১	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
৩	ঞ্জিলা ঘাস কর্পোরেশন লিঃ	২০১৮	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০১৯	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২০	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২১	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
৪	ঞ্জিলা ঘাস কর্পোরেশন লিঃ	২০১৮	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০১৯	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২০	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২১	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
৫	ঞ্জিলা ঘাস কর্পোরেশন লিঃ	২০১৮	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০১৯	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২০	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২১	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
৬	ঞ্জিলা ঘাস কর্পোরেশন লিঃ	২০১৮	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০১৯	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২০	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২১	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
৭	ঞ্জিলা ঘাস কর্পোরেশন লিঃ	২০১৮	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০১৯	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২০	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯
		২০২১	৩৫৮৯৯৯৯	২৩.৫৮%	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯	৩৬৮৯৯৯

	কোম্পানির নাম	সাল	গ্রস প্রিমিয়াম	নীট প্রিমিয়াম			পলিসির সংখ্যা	এজেন্টের সংখ্যা	বীমা দাবি			বিনিয়োগ			মোট সম্পদ	লাইফ ফান্ড	বিনিয়োগ হতে আয়	মোট ব্যবস্থাপনা ব্যয়	প্রিমিয়াম আয়ের উপর ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার	মোট প্রদানকৃত আয়কর
				১ম বছর	নবায়ন	মোট			নিষ্পত্তিকৃত	অনিষ্পত্তিকৃত	মোট	সরকারি সিকিউরিটিজ	অন্যান্য	মোট						
	১	২	৩	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
৭	ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৭৬৭১.৩১	১৯০৪.৬৪	৫৭৬৬.৬৬	৭৬৭১.৩০	১২৬৫৪১৩	১৮৫২৫৪	৪৯৫১৬		৪৯৫১৬	১৫.০০	৩৮৬৪১.২৩	৩৮৬৫৬.২৩	৩৮৬৫৬.২৩	২৮৮৬২.৮১	১৮৮৩.৯৬	২৫৯৪.০৫	৩৩.৮১%	১৯০.৭৩
		২০১৫	৮৫১১.২২	২৫৮০.০৪	৫৯৩১.১৭	৮৫১১.২১	১৩৩০৮৮১	২০৪৭০৭	৬০৫৩৬		৬০৫৩৬	১৫.০০	৪০৬৮২.২৭	৪০৬৯৭.২৭	৪০৬৯৭.২৭	৪০৬৯৭.২৭	৩১২৯৭.৭১	১৬১১.৫৪	৩৩৫৩.৫৮	৩৯.৪০%	১৬৯.৮২
		২০১৬	৯২৫৫.০০	৩২৫১.৬২	৬০০৩.৩৮	৯২৫৫.০০	১৪৪৪৫৫৬	২১৬০৪৮	৮৪৪৬৭	১১৩৭৭	৯৫৮৪৪	১৫.০০	৪১৫১৭.১২	৪১৫৩২.১২	৪২০৬২.১৭	৩২৫৭২.১৭	১৮২১.৪৭	৩৯৭৩.৩৬	৪২.৯৩%	১২৮.৭১
৮	গোল্ডেন লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৭০৮.৩৯	২০৫.৫৪	৫০২.৮৫	৭০৮.৩৯	৫৪০৭১	২৫২৬	২৪৮৮৩	৩২৭৯৫	৫৭৬৭৮	৩১৪.০০	২০১৩.০৩	২৩২৭.০৩	২৩২৭.০৫	২৩২৭.০৫	১৬৯৩.৪৮	৭৯.৬৬	৩৪৮.০৮	৪৯.১৪%	
		২০১৫	৫৫১.২৫	১৬৪.৮৮	৩৮৬.৩৭	৫৫১.২৫	৩৯৭৭৮	৪৪৮২	২০৯৭৮	৪৪০৩২	৬৫০১০	৩১৭.৩১	২০১৪.৪৫	২৩৩১.৭৬	২৩৩১.৭৬	১৬৯৪.৪	৭২.৯৮	৪২১.০৮	৭৬.৩৯%	
		২০১৬	৩৩৩.১০	১২৯.১০	২০৪.০০	৩৩৩.১০	১৮৭০২	১৮২১	২০০৫০	৩০৩২০	৫০৩৭০	৩৫১.৯০	১৫২৬.৬৬	১৮৭৮.৫৬	১৮৭৮.৫৬	১২৭৮.৪	৪৩.৩২	২৫৫.৪	৭৬.৬৭%	
৯	গার্ডিয়ান লাইফ ইন্স্যুঃ লিঃ	২০১৪	৩৩.৪৬	২৭.৮৩		২৭.৮৩	২০৫	৫৮	৩১		৩১	১৫.২০	১৪৯.০০	১৬৪.২০	১৯৬.৯৭	৬.১৫	১৪.০২	৪১.৮২	১২৪.৯৮%	০.৮৫
		২০১৫	১০৭.৪৮	৯৭.৮৬	০.৪৪	৯৮.৩০	৩৬৩৬৪	৯৭	১৩৭		১৩৭	১৫.২০	১৮৪.০০	১৯৯.২০	২৪৪.৬৫	৪২.৬৮	১৫.৫১	৫৬.৭৮	৫২.৮৩%	২.১৫
		২০১৬	৪৬১.১২	৪১৫.১৮	৩.৯৭	৪১৯.১৫	১৩০০৪৯	৫৮৭	৭৬৬৮	৪৮	৭৭১৬	৩৫.২০	৪৫০.০০	৪৮৫.২০	৫২৮.৫১	৩০৯.৪৩	১৮.৬৭	৭৮.৬২	১৭.০৫%	৩.৯৯
১০	হোমল্যান্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	১৩৫১.২৮	৩১৭.০৫	১০৩৪.২৩	১৩৫১.২৮	২৫১৪০	৯৪৮০	৩৭৬৯২	৩৮৫৪	৪১৫৪৬	১০৩৬.৯০	৯২৪.০০	১৯৬০.৯০	৩০৪৯.৩৫	২৬২৪.২৫	১৯৭.০৪	৪৯৫.৬২	৩৬.৬৮%	১৩.৫৪
		২০১৫	১৩৮১.৯১	৩২৮.৫৩	১০৫৩.৩৮	১৩৮১.৯১	২৫৪৫১	৭৮৭০	৪০৪৯১	৯২৪	৪১৪১৫	১০৮৬.৯০	৮৮৪.০০	১৯৭০.৯০	৩২১১.১	২৮৫৭.৪৮	১৮২.২৩	৪৯২.৭৬	৩৫.৬৬%	৯.৮৭
		২০১৬	১১৭৫.৬৩	৩৮৪.২৬	৭৯১.৩৭	১১৭৫.৬৩	৩৯৬৯৬	৬৫৯১	৪৭৩৮১	৩৪৩	৪৭৭২৪	১১০১.৯০	৭৭৬.০০	১৮৭৭.৯০	৩১৭২.১৯	২৮০৩.৯২	১৬৬.১৮	৫০১.২৫	৪২.৬৪%	৭.৭৮
১১	যমুনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	১০১.০৪	১০১.৪০		১০১.৪	২০৮	২৭৯			০	১১৫.০০	৪০.০০	১৫৫.০০	৪৫.১১	১৪.৩৩	৬.২৪	১২৮.৭১	১২৬.৯৩%	১৮.৪৬
		২০১৫	৮৫.২৫	৭৪.৫৪	১০.৭১	৮৫.২৫	৪২৪	৫৭৬	১		১	১১৫.০০	৪০.০০	১৫৫.০০	৪২.২২	৪০.৬৫	১৬.৩২	১১১.১৭	১৩১.৮৭%	৭.০২
		২০১৬	১০১.০৬	৭৭.০০	২৪.৬০	১০১.৬	২১৮১	৪৭৩	২	২	৪	১১৫.০০	৪০.০০	১৫৫.০০	৪৪.৩৯	৪০.৯৯	১৫.৯০	১০০.৬৫	১০৪.৮২%	৭.১৫
১২	এলআইসি বাংলাদেশ লিঃ	২০১৪				০					০			০.০০						
		২০১৫				০					০			০.০০						
		২০১৬		১.৪২		১.৪২	২১৭	২১৮			০	১৫.০০	৫৩৫.০০	৫৫০.০০	৫৪৯.৯৩	২১.৭০	৭.১৮	১২.৫০	৮৯৩.০০%	৮.২৮
১৩	মেঘনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৪৪৩১.৫০	১৪২৪.১৬	৩০০৭.৩৪	৪৪৩১.৫০	১৬২২৯১	৩১৫৪০	৭৪৭২৬	২৮৩	৭৫০০৯	৩৮৬৩.৭৮	৬৩৫৭.০০	১০২২০.৭৮	১৪৭০৩.০৩	১৩৪০৬.৬৮	৯৭৭.৮৫	৯৬৯.৭৬		১২৫.৮১
		২০১৫	৪৩৫১.৪৬	১২১৪.৩৯	৩১৩৭.০৭	৪৩৫১.৪৬	১৫০৮১৩	২৭৪৩৮	৯১১৩৪	৩৬৭	৯১৫০১	৪১৭৩.৩৫	৭২০৭.০০	১১৩৮০.৩৫	১৫১৭৯.৪২	১৩৭৭৩.০৪	৯৪২.১৪	৮৭০.৩৪		৯৫.৫৩
		২০১৬	৪২৪৩.১২	১০৯২.৫০	৩১৫০.০৭	৪২৪২.৫৭	১২৯১৩০	২৭২৩৬	১১৪৭৩২	৩৩২	১১৫০৬৪	৪৩৪৮.৮৩	৭১৮৫.০০	১১৫৩৩.৮৩	১৬১৪৯.৪২	১৪৮২৯.৪৬	৯১৩.৭১	৭২২.৩৭		৬৭.৮৯
১৪	মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুঃলিঃ	২০১৪	৪২.৯৪	৪২.৫৭	০.৪৭	৪৩.০৪	৩৬৫৯	১১০		৩	৩	১৫	১৭৮.৯৩	১৯৩.৯৩	১৯৩.৯৩	০.৫১	১৬.৮৫	৩৫.৪১	১২০.০০%	০.১২
		২০১৫	৭১.০০	৬৪.৬০	৫.৫০	৭০.১০	৪৯৮০	১৭০	৫	৩	৮	১৫	১৬৬.৫০	১৮১.৫০	১৮১.৫০	০.৫২	১৬.৬১	৮১.৬০	৮৪.০০%	০.২৩
		২০১৬	৮০.২০	৬৫.২০	১১.০০	৭৬.২০	৫৫৩০	২০৩	৪	৫	৯	১৫	১৬৪.৫০	১৭৯.৫০	১৮১.৫০	০.৫২	১৩.২০	৮৮.৪০	১১০.০০%	০.২৩
১৫	মেটলাইফ	২০১৪	১৯২১৯.০০	৩৪৯৮.০০	১৫৭২০.০০	১৯২১৮	১৪০১৮৩৫	১৫২২৬	৯৫৬৪	১১৭৯	১০৭৪৩	৬১৬৪৩.০০	২২৪৫২.০০	৮৪০৯৫.০০	৯০০৬১.০০	৭৯৪৫৬.০০	৯১০৮.০০	৪৬৬৮.০০	২৪.০০%	১৮৮২.০০
		২০১৫	১৯৩০০.০০	৩৭২৮.০০	১৫৫৭২.০০	১৯৩০০	১৩৬০৬৪৪	১৪১১২	৯৬৩০	১৫৭৫	১১২০৫	৭২৫২৮.০০	২৩৯৬০.০০	৯৬৪৮৮.০০	১০১০৫০.০০	৮৭৭৪৫.০০	৯৮০৪.০০	৪৭২০.০০	২৪.০০%	১৮৮২.০০
		২০১৬	২১৫০৬.০০	৪৫৯৫.০০	১৬৯১১.০০	২১৫০৬	১৩১৯৮১৪	১৪৭৯০	৯০৯৭	১৫২৪	১০৬২১	৭৯৬২০.০০	২৮৬৭০.০০	১০৮২৯০.০০	১১৩৪৮৮.০০	৯৭৭৯৮.০০	১০৪৭১.০০	৫৪৭৬.০০	২৫.০০%	২০৮৯.০০

	কোম্পানির নাম	সাল	গ্রস প্রিমিয়াম	নীট প্রিমিয়াম			পলিসির সংখ্যা	এজেন্টের সংখ্যা	বীমা দাবি			বিনিয়োগ			মোট সম্পদ	লাইফ ফান্ড	বিনিয়োগ হতে আয়	মোট ব্যবস্থাপনা ব্যয়	প্রিমিয়াম আয়ের উপর ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার	মোট প্রদানকৃত আয়কর
				১ম বছর	নবায়ন	মোট			নিষ্পত্তিকৃত	অনিষ্পত্তিকৃত	মোট	সরকারি সিকিউরিটিজ	অন্যান্য	মোট						
	১	২	৩	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
১৬	ন্যাশনাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৭৬৪০.৪৯	২০৭১.৬৫	৫৫৬৮.৮৪	৭৬৪০.৪৯	১২১৮৬৬৬	১৪০৭২	২২১৮	২৫৭১	৪৭৮৯	৮৪৬০.৬০	১৯৭৮২.১৩	২৮২৪২.৭৩	৩৬১৬৪.৯৯	৩০৩০০২.৩৬	২৮৩১.৯০	২৩১০.২৩	৩০.২৪%	
		২০১৫	৭৮১৫.৮৯	২০৬৫.৫৫	৫৭৫০.৩৪	৭৮১৫.৮৯	১২২৩০৫২	১২৫০৩	২৬৮৯	২৯৬৫	৫৬৫৪	৯৬৯৫.৬০	২০৩৮৯.৫২	৩০০৮৫.১২	৩৭৬৬১.৯৬	৩১৩৫২.০৮	২৮৯১.২৪	২৪০৩.৯৬	৩০.৭৬%	
		২০১৬	৮১৯৫.৪০	২০৯৫.০০	৬১০০.৪৪	৮১৯৫.৪৪	১১৯১৫৬২	১২৬৫৭	২৯৮৩	৩৩১৯	৬৩১২	৯৮৯৫.৪০	২১৪৬৭.৯৫	৩১৩৬৩.৩৫	৩৯৭৯.৮১	৩২৩৯৬.৫৬	২৭৭৪.০৫	২৪৮৮.৭২	৩০.৩৭%	
১৭	এনআরবি গ্লোবাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৮১.৭৪	৮০.৫০	০.৯৭	৮১.৪৭	৫৭৭১	৫২৮	৩		৩	১৬.৩০	১৭২.৮০	১৮৯.১০	২০০.৯৪	১৪.৪৯	১৭.০৫	১০৭.৭৫	১৩১.৮০%	১.২৮
		২০১৫	৫৫.৯৭	৪৮.৭৭	৬.৫৯	৫৫.৩৬	৩৫৩৬	৮০১	২	৭	৯	১৬.৩০	১৬৭.২০	১৮৩.৫০	১৯৩.৯১	২১.৯৫	১৫.২৪	৭১.৭২	১২৮.১৪%	১.৪৯
		২০১৬	৪১.৭২	৩৩.১১	০.৫৭	৩৩.৬৮	২৬৮৬	১৯১	৫	২	৭	১৬.৩০	১৬১.৬৮	১৭৭.৯৮	১৮৮.৬০	২৯.২২	১১৭.৯৯	৫২.৮২	১২৬.৬০%	০.৫৬
১৮	পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	১৫৯৮.১৭	৪৯০.৭৯	১০৫৭.৬৮	১৫৪৮.৪৭	৩৭৩৬২৪	১৫৭০১	২৭১৮৪	১০৫১৯	৩৭৭০৩	৪৩৬.৬০	২১৯৭.৫২	২৬৩৪.১২	৩৬৪৯.৪২	৩১৩২.৫৫	২২০.৮৯	৯১২.১০	৫৭.০৭%	১৮.১৭
		২০১৫	১৪৩৫.৬৭	৫৪০.৩৭	৮৯০.৪০	১৪৩০.৭৭	৩৯০৭৮৩	১৬২৬২	২৯১৯২	১৭২৭২	৪৬৪৬৪	৪৩৫.৬০	২০৭৬.৬৮	২৫১২.২৮	৩৬৩৭.২৫	৩১৪২.৯১	১৬৬.৮৯	৭২০.১১	৫০.১৬%	১৩.৭৮
		২০১৬	১৪২৪.০৫	৫৩৩.৬৫	৮৯০.৪০	১৪২৪.০৫	৩৬৪৮৩৫	১৬৭৩৭	৪১৫২৫	৮৪০৬	৪৯৯৩১	৭৫১.৬১	১৪৩২.৯৯	২১৮৪.৬০	৩৩৩৭.৫২	২৯৪৪.৬১	১২৯.৮১	৬৯৩.১৪	৪৮.৬৭%	১৩.৬১
১৯	প্রগতি লাইফ ইন্স্যুঃ লিঃ	২০১৪	১৬৫৫.৫২	৯৭৮.৪৫	৬৭৭.০৭	১৬৫৫.৫২	৩২৩৫৯৮	৬২৭৯	৪৪৪	৫১	৪৯৫	১৫৯৩.৭০	১৬৩৮.০০	৩২৩১.৭০	৩৭৯৪.২২	৩৮৮৬.৮৬	৩৩৬.০৭	৬৮৮.৩০	৪১.৫৭%	১৭.৫০
		২০১৫	১৯৮৯.৭৮	১২১৯.০৫	৭৭০.৭৩	১৯৮৯.৭৮	৩২১৭৬৫	৭৯৫৪	৪৯৫	১০৯	৬০৪	১৮০৬.৯০	১৬৪৪.০০	৩৪৫০.৯০	৪১২৬.৭৯	৪২৬০.১৪	৩৪৪০৭.০০	৭৪৫.২৮	৩৭.৪৫%	১৭.৫০
		২০১৬	২২০৪.৯৭	১৪০৫.৩৪	৭৯৯.৬৩	২২০৪.৯৭	৩৩৯১৯০	৭২৯৯	৩৯৫	৯১	৪৮৬	১৮৩৪.৯০	২৩৭.০০	৩৯৭১.৯০	৪৭৩৮.৩৩	৪৭৬১.৮২	৩৭০.৭৮	৭৯৮.৩২	৩৬.২০%	২৫.০০
২০	পপুলার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৬৬২৩.১৭	১৬১৩.৩৪	৫০০৮.৫১	৬৬২১.৮৫	২৪৩৩৯১৮	২০১৮৯০	৭৪৬৬৯	৮৫৩৯৬	১৬০০৬৫	১০৮৩৯.১০	১৩৬৫০.০০	২৪৪৮৯.১০	২৮৭৭৪.৬৮	২৮০১৭.৩৫	২১৫৩.৫৫	২৫২৮.৩২	৩৮.১৭%	১০২.৮২
		২০১৫	৬৭০৬.৮২	১৬৯৯.৭৭	৫০০৭.০৫	৬৭০৬.৮২	১৭০৩০৩৮	২০৭১৯৩	৬৯৩৮৩৯	২১২৩৪	৭১৫০৭৩	১০৪৩৯.১০	১৪৫৮৪.০০	২৫০২৩.১০	২৯৩২৭.৭৯	২৮০৯৭.৩৫	২৩৮৫.৯৬	২৪৪৩.৭০	৩৬.৪৭%	৪৮.৩৬
		২০১৬	৬০০১.২৫	২৫০০.০৩	৩৫০১.২২	৬০০১.২৫	১০৯০০২৮	১৬২৬৪৪	১০১৫৬৭৩	৩৮৩	১০১৬০৫৬	১০২৩৯.১০	১১৯৫১.০০	২২১৯০.১০	২৬০৯০.২৭	২৫০৪২.৪৬	১৮৫০.২২	২৫০৬.৪০	৪১.৭৬%	৮১.৬০
২১	প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	২২৭৩.০৮	৬২১.০৪	১৬৫২.০৪	২২৭৩.০৮	২১৯৮৬৭	৯২৮৬	৪৪১৫০	১০৪৯	৪৫১৯৯	১২৫.০০	৫৬১৩.০০	৫৭৩৮.০০	৭৯৮৫.২৩	৭১১৯.৭৮	৫২৬.৯১	৮০৭.৯৯	৩৫.৫৫%	৪১.৬৪
		২০১৫	২৬০৬.৯৮	৯২০.০১	১৬৮৬.৯৭	২৬০৬.৯৮	২৫১৯৫৪	১০১০৪	৫৪২৮৬	১৮৮০	৫৬১৬৬	১৫.০০	৫৯৩৫.০০	৫৯৫০.০০	৮৫২৫.৪৭	৭৫৮২.৭৫	৪৩৮.১০	৯৮৮.৪৬	৩৭.৯২%	৪৮.৪৯
		২০১৬	৩১২১.২৩	১১২০.৩৫	২০০০.৮৮	৩১২১.২৩	২৮২৭৭৪	১১৫১৫	৬০৬৩৭	৪৭৬৭	৬৫৪০৪	৩৫.০০	৬২২৬.০০	৬২৬১.০০	৯০৬৯.৫০	৭৯৭৩.৫০	৩৪৪.৪৭	১১৫৬.৫০	৩৭.০৫%	৫১.৮৬
২২	প্রোগ্রেসিভ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৮০৫.০০	১৮৯.০০	৫৮৪.০০	৭৭৩	৩৬৪৮৪৮	১৭১৫৭	৪৭০	৭৪	৫৪৪	১৩৭৩.০০	১১৫৪.০০	২৫২৭.০০	৪১৯১.০০	৩৭৯৪.০০	১৯৩.০০	৪১২.০০	৫১.২৩%	১৬.৯৯
		২০১৫	৮৯০.০০	২২২.০০	৬৩৩.০০	৮৫৫	৩৫০৭০৮	১৬২৮০	৫৪৯	৪৯	৫৯৮	১৫২৭.০০	১১৩২.০০	২৬৫৯.০০	৪৩৪৬.০০	৩৮৬৭.০০	২৩৬.০০	৪২৪.০০	৪৭.৬১%	১৫.৬৮
		২০১৬	৭৭৯.০০	১৮০.০০	৫৬৪.০০	৭৪৪	৩১২৬০৮	১৬২৯৫	৫০৭	৫৭	৫৬৪	১৫২২.০০	১১৮৫.০০	২৭০৭.০০	৪৩৯৮.০০	৩৮৭৮.০০	২৩১.০০	৩৬৭.০০	৪৭.১২%	৪.৫৩
২৩	প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ	২০১৪	২২.৬১	২২.৬১		২২.৬১	১৮৩৪	১৯৬	৫০		৫০	১৫.০০	১৫৬.০০	১৭১.০০	২০৭.০৭	৩.৩৪	৫.৫২	৩১.৪৮	১৩৯.২২%	০.৫৪
		২০১৫	৬২.১২	৬১.৮৯	০.২৩	৬২.১২	১২১৭	২৭৩	৬৬		৬৬	১৫.০০	১৭১.০০	১৮৬.০০	২২৬.৫৭	৩৪.২৬	১২.৭০	১০৫.৮২	১৭০.৩৬%	১.৬০
		২০১৬	৫১.১০	৪৮.১৬	২.৯৪	৫১.১	৪৫১৬	৪৬৪	১৫৯		১৫৯	১৫.০০	১৬১.০০	১৭৬.০০	২১৮.৭৬	৫৩.৭৮	১৩.৫৭	৭৭.৩৬	১৫৩.৭৪%	২.৬৭

	কোম্পানির নাম	সাল	গ্রস প্রিমিয়াম	নীট প্রিমিয়াম			পলিসির সংখ্যা	এজেন্টের সংখ্যা	দাবী দাবি			বিনিয়োগ			মোট সম্পদ	লাইফ ফান্ড	বিনিয়োগ হতে আয়	মোট ব্যবস্থাপনা ব্যয়	প্রিমিয়াম আয়ের উপর ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার	মোট প্রদানকৃত আয়কর
				১ম বছর	নবায়ন	মোট			নিষ্পত্তিকৃত	অনিষ্পত্তিকৃত	মোট	সরকারি সিকিউরিটিজ	অন্যান্য	মোট						
	১	২	৩	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
২৪	রূপালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	১৭৫২.৬২	৬০০.৫৪	১১৫১.০৩	১৭৫১.৫৭	৫০৬৪৩	৮৭৪৮	৬৯২	৪৭০	১১৬২	১০৩১.০০	৩২০৯.০০	৪২৪০.০০	৪২৪০.৯৪	৩৩৭০.৪২	২২৮.৬৯	১৬২৭.৮৮	৩৯.৯০%	২৫.৩১
		২০১৫	১৯০৭.০৭	৮০১.৯২	১১০১.৫৮	১৯০৩.৫	১৮৩৪৩৩	৭৬৪৮	৫৮৬	৩৯৩	৯৭৯	১০৯৬.০০	৩৬৭৪.০০	৪৭৭০.০০	৪৭৭০.২০	৩৬৭০.৫৩	২৩৩.১০	৮৬৭.৭০	৪৫.৫০%	৩৫.০০
		২০১৬	২০১৮.৩০	৮৫০.৪০	১১৬৭.৯০	২০১৮.৩	১৮০৩০২	৯৩৩৫	৬২৮	৩২১	৯৪৯	১১৪৬.০০	৩৭৫৫.০০	৪৯০১.০০	৪৯০১.১১	৪০১০.৯০	২৩৪.৫৫	৮৩৯.৪০	৪১.৫৯%	৩৫.০০
২৫	সন্ধানী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	২২২৬.২৯	৬৫২.০৯	১৫৫২.০৫	২২০৪.১৪	৩৫৫০৭৯	৮০১০	৭৬৯১৬	৪৪০২৭	১২০৯৪৩	২৮০৩.৮০	৬৩৪২.০০	৯১৪৫.৮০	১১১২৬.০৪	৮৯৮০.০২	৯২১.৪০	৯৯৪.০৯	৪৪.৬৫%	৬৮.৩৩
		২০১৫	২১৬২.৯৬	৬৮০.৮০	১৪৬০.২২	২১৪১.০২	২৬১৩০৪	৭৮৭৪	৮৬৬৯২	৩৭১৫	৯০৪০৭	২৬১৪.৮০	৬৭০৪.০০	৯৩১৮.৮০	১০৮৯৯.০২	৯০১২.৯৫	৮৬৭.৯৭	৮৮৬.৩২	৪০.৯৮%	৮৬.৭২
		২০১৬	১৮১০.৫৩	৬০১.৩১	১১৯৪.১৬	১৭৯৫.৪৭	২২৮৮৪৯	৩৮৯৮	৮৩৬১১	৫৯২২	৮৯৫৩৩	২৪৪৩.১০	৬২৭৯.০০	৮৭২২.১০	১০৭৩৪.১৩	৮৬০৮.৩৬	৮৫৪.২৭	৭৪০.৭৮	৪০.৯২%	১৫০.৪৫
২৬	স্বদেশ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৯.২২	৯.১৮		৯.১৮	৮৬১	৮৮	১		১	১৫.০০	১৫১.৩৫	১৬৬.৩৫	২০২.৭০	৩.৯০	১৭.৭৮	৩০.৯০		
		২০১৫	১৭.৯০	১.৯০	০.৩৪	২.২৪	১৪৯৭	১৬২	৪		৪	১৫.০০	১৬০.৫৪	১৪৫.৫৪	১৮৪.৫২	১৩.৪৮	১৪.৩০	৪৩.৭২		
		২০১৬	১৭.৯০	১৬.১২	২.৬৮	১৮.৮	১৬৬৫	৪৬৪	১		১	১৫.০০	১৬০.৫০	১৪৫.৫০	১৭৭.৮০	২০.৭১	১১.৭০	৩৭.৬৫		
২৭	সোনালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	১৫১.১৭	১৫০.৫৮	০.৫৮	১৫১.১৬	১৪৬৪	১৫৭	৯৯	৬৯	১৬৮	১৫.০০	৩৫৪.০০	৩৬৯.০০	৩২৭.৬৬	৮০.৯২	২৯.৭৮	৬৯.২০	৪৫.৭৮%	
		২০১৫	২৩৬.৩৮	২১৩.৯৩	২২.৪৫	২৩৬.৩৮	৩২৫৬	৬৩৯	৬৪২	৬৭	৭০৯	১৫.০০	৩৭৬.০০	৩৯১.০০	৪০৪.০১	১০২.২৭	৩০.৪২	৯৫.৯১	৪০.৫৭%	
		২০১৬	১৯৩.৯৭	১৫৬.৯২	৩৭.০৪	১৯৩.৯৬	৪৬৩৬	১৫৭২	৪৩৫	২৩৮	৬৭৩	১৫.০০	৩৫৪.০০	৩৬৯.০০	৪৩২.৬৮	৫৭.৫০	৩০.৭২	১৩৫.৭৬	৬৯.৯৯%	
২৮	সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	১৫১.১৭	১৫০.৫৮	০.৫৮	১৫১.১৬	১৪৬৪	১৫৭	৯৯	৬৯	১৬৮	৪৩.৮০	৩৫৪.০০	৩৬৯.০০	৩২৭.৬৬	৮০.৯২	২৯.৭৮	৬৯.২০	৪৫.৭৮%	২.৪৭
		২০১৫	২৩৬.৩৮	২১৩.৯৩	২২.৪৫	২৩৬.৩৮	৩২৫৬	৬৩৯	৬৪২	৬৭	৭০৯	১৫.০০	৩৭৬.০০	৩৯১.০০	৪০৪.০১	১০২.২৭	৩০.৪২	৯৫.৯১	৪০.৫৭%	২.৪০
		২০১৬	১৯৩.৯৭	১৫৬.৯২	৩৭.০৪	১৯৩.৯৬	৪৬৩৬	১৫৭২	৪৩৫	২৩৮	৬৭৩	১৫.০০	৩৫৪.০০	৩৬৯.০০	৪৩২.৬৮	৫৭.৫০	৩০.৭২	১৩৫.৭৬	৬৯.৯৯%	২.১৩
২৯	সানলাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৯৬২.০০	৩৭৫.৪৮	৫৮৬.২৯	৯৬২.০০	২৭৬১০৭	৮৪১১	২৯২৭৮	৯১৪১	৩৮৪১৯	৫৬৫.০০	৬৮৬.০০	১২৫২.০০	১২৫২.২১	১৮৯১.৯৬	৫৯৪.৩৮	৬১.৮০		
		২০১৫	৮৯০.৪৫	৩৬৬.৭৩	৫৫৩.৪৯	৮৯০.০০	২৩৯৭৯৭	১১৭৯০	৩১৮০২	১২৫১৪	৪৪৩১৬	৬৫১.০০	৫১০.০০	১০৭২.০০	১০৭১.৭৭	১৬৯৪.৯৯	৫৭১.০৩	৬৪.১৫		
		২০১৬	১১৪৪.৯৪	৪৭৯.৭০	৬৬৪.১০	১১৪৪.০০	৩০৭০০৬	১০৫০৯	৩০৯৩১	১১৮৯৭	৪২৮২৮	৫৬৪.০০	৫০০.০০	১০৬৫.০০	১০৬৪.০০	১৭৮০.৫০	৬৪১.৪০	৫৭.৭৭		
৩০	ট্রাষ্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	১১২.৯৯			০	৬০১৭	৭৭২	৩১		৩১	১৫.০০	৪৬৮.০০	৪৮৩.০০	২২.০৮		২১.৫৮	১৫৬.৪১	১৩৮.৪২%	
		২০১৫	১৬৯.৮৮			০	৪৭৫৭	১১৫২	৪০		৪০	১৫.০০	৬৩৯.০০	৬৫৪.০০	২৩.৬৫		১৫.৮৭	১৭৫.১২	১০৩.০৮%	
		২০১৬	২০০.৭২			০	৯৪৭০	১৫৭৬	১৬১	২০	১৮১	১৫.০০	৭২০.০০	৭৩৫.০০	২৩.৫৮		১১.১৭	২১৮.৭২	১১৮.০০%	
৩১	জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ	২০১৪	১০০.০৭	৯৭.৮৪	২.২৪	১০০.০৭৩		২৩৬	৭		৭	১৫.০০	১৯৮.০০	২১৩.০০	২১৩.০৫	২৪.১০	১৮.৪৫	১৩৭.৪০	১৩৭.৩০%	১.৯৬
		২০১৫		১৭৬.৫১	১৪.১৯	১৯০.৭০৩		৪৩৩	১৬		১৬	১৫.০০	১৯৩.০০	২০৮.০০	২০৮.১৯	৪৮.৫৯	১৩.৬৭	২১৯.২০	১১৪.৯৪%	১.৬৫
		২০১৬		১৫৫.৩৩	২৪.৯৭	১৮০.৩		৬০৫	১০	৩	১৩	১৫.০০	১৯৮.০০	২১৩.০০	২১৩.৮৯	৭৭.৩৩	৯.৫৪	১৯৫.৩২	১০৮.৩৩%	০.৯৬

সাধারণ বীমা কর্পোরেশন
www.sbc.gov.bd



Act VI of 1973 বলে ১৯৭৩ সনে সাধারণ বীমা কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। উল্লেখ্য, সাধারণ বীমা কর্পোরেশন সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন একটি নন-লাইফ বীমা প্রতিষ্ঠান। বাংলাদেশের নন-লাইফ ইন্স্যুরেন্স সেক্টরে সাধারণ বীমা কর্পোরেশন সর্ববৃহৎ নন-লাইফ বীমাকারী ও পুনঃবীমাকারী প্রতিষ্ঠান হিসেবে সর্বদা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সংস্থাটির বর্তমানে অনুমোদিত মূলধন ২০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১০০ মিলিয়ন টাকা। সাধারণ বীমা কর্পোরেশন ১৯৮৫ সাল থেকে বাংলাদেশের সকল বেসরকারী বীমা কোম্পানির একমাত্র পুনঃবীমাকারী প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করে আসছে। সাধারণ বীমা কর্পোরেশন-এর জোনাল, রিজিওনাল, শাখা, উপশাখা ও ইউনিট অফিস মিলে মোট ৮৮টি অফিসে ৪৯৮ জন কর্মকর্তা ও ৫৩৭ জন কর্মচারীসহ মোট ১,০৩৫ জন লোক কর্মরত আছে যার মধ্যে প্রায় ১৫০ জন কর্মকর্তা স্বীকৃত প্রতিষ্ঠান (বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী) হতে বীমা বিষয়ক এ্যাসোসিয়েটশীপ ডিগ্রীর অধিকারী। অত্র প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের অনেককে দেশে-বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ প্রদানসহ নিজস্ব প্রশিক্ষণ সেন্টারের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪৩৩৬.৯০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২২২৭.১০ মিলিয়ন টাকা এবং ৩০১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

অগ্রণী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.agraniins.com

অগ্রণী ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৫ সালে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২৬৬.৩ মিলিয়ন টাকা। ২০১৪, ২০১৫ সালের অর্থনৈতিক প্রতিবেদনের ভিত্তিতে আলফা রেটিং কোঃ লিঃ এর রিপোর্ট অনুযায়ী কোম্পানি পরপর দুই বছর A+ রেটিং প্রাপ্ত হয়। কোম্পানিটির মোট ৩০টি শাখায় ৪২৪ জন কর্মরত আছেন। বিভিন্ন সময়ে বীমা বিষয়ে প্রায় ০৫ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪০৭.০৬ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৯৩.২০ মিলিয়ন টাকা এবং ১১৯ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেড

www.asiainsurancebd.com

এশিয়া ইন্সুরেন্স লিমিটেড কোম্পানী আইন, ১৯৯৪-এর অধীনে পাবলিক লিঃ কোম্পানি হিসেবে গঠিত একটি নন-লাইফ বীমা কোম্পানি। এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেড ২০০০ সালে তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বংলাদেশে নন-লাইফ বীমা ব্যবসা শুরু করে। কোম্পানিটির পরিশোধিত মূলধন ৪৭০.৭০ মিলিয়ন টাকা। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হয়নি। বিগত বছরসমূহের ন্যায় ২০১৬ সালেও কোম্পানি **A+** ক্রেডিট রেটিং প্রাপ্ত হয়। কোম্পানিটির মোট ২২টি শাখায় ২৭২ জন কর্মরত আছেন, লাইসেন্স প্রাপ্ত বীমা এজেন্ট আছেন ২৭ জন এবংবিভিন্ন সময়ে বীমা বিষয়ে প্রায় ৩১ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪৭৭.৬৯ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩১৯.৬৩ মিলিয়ন টাকা এবং ১৯১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.apgicl.com

এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৫ ও ২০০৬ সালে যথাক্রমে চট্টগ্রাম ও ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪২৩.৫০ মিলিয়ন টাকা। কোম্পানির ক্রেডিট রেটিং হচ্ছে দীর্ঘমেয়াদে: A+, স্বল্প মেয়াদে AR-2, আউটলুক- স্থিতিশীল। কোম্পানিটির মোট ১৪ টি শাখায় ১০৬ জন কর্মরত এবং উন্নয়ন কর্মকর্তা হিসেবে ১৫২ জন কর্মরত আছেন। বিভিন্ন সময়ে বীমা বিষয়ে প্রায় ১২৫ জন কর্মকর্তা (উন্নয়নসহ) প্রশিক্ষণ গ্রহণ করেছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪০৪.২ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২০৮.৯০ মিলিয়ন টাকা এবং ১২৮ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুরেন্স লিমিটেড

bcil2011@gmail.com

বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুরেন্স লিমিটেড ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটির অনুমোদিত মূলধন ৫০ মিলিয়ন টাকা এবং কার্যকরী মূলধন ১৩.৫ মিলিয়ন টাকা। অত্র বীমা প্রতিষ্ঠানটি দেশের "জাতীয়, কেন্দ্রীয় এবং স্থানীয়" সমবায় সমিতির সদস্যদের (শেয়ার হোল্ডার) সমন্বয়ে গঠিত একমাত্র সমবায় বীমা প্রতিষ্ঠান। কোম্পানির ক্রেডিট রেটিং হচ্ছে ২০১৬- "BBB 3"। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হয়নি। কোম্পানিটির মোট ২২ টি শাখায় ২২০ জন কর্মরত আছেন। বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী থেকে প্রতি বছর সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের ট্রেনিং করানো হয়ে থাকে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় **৭৯.১** মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় **৭৬.৬** মিলিয়ন টাকা এবং ০৫ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



বাংলাদেশ জেনারেল ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড

www.bgicinsure.com

বাংলাদেশ জেনারেল ইনুসওরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ১৯৮৯ সালে ঢাকা ও ১৯৯৬ সালে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৫৪০.২৭ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং ২০১৬ সালে দীর্ঘমেয়াদি A+ এবং ২০১৫ সালে A+, স্বল্পমেয়াদী ২০১৬ সালে ST-২ এবং ২০১৫ সালে ST-২। কোম্পানিটির জনবল ২০১৬ সালে ৫৩০ জন, শাখা ৪২টি এবং ২০১৬ সালে ১০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৬৮৬.০১ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩৮২.৫৭ মিলিয়ন টাকা এবং ৪৮৬টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.bniclimited.com

বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০১৬ সালে স্টক একচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪৪২.৫০ মিলিয়ন টাকা। ২০১৬ সালে কোম্পানি **A+** ক্রেডিট রেটিং প্রাপ্ত হয়। কোম্পানিটির ৩২টি শাখায় ৪১৯ জন কর্মরত আছেন। এছাড়া একাধিক কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী ও বাংলাদেশ ব্যাংকের মানি লন্ডারিং কর্মশালা হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪৪১.০৪ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩৪৬.২৯ মিলিয়ন টাকা এবং ২৭৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



সেন্ট্রাল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.cicl-bd.com

সেন্ট্রাল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৭ সালে অনুমোদন প্রাপ্ত হয়ে নন-লাইফ ব্যবসা শুরু করে। কোম্পানিটি ১৯৯৪ ইং সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪৪৮.৪১ মিলিয়ন টাকা। ২০১৬ সালে কোম্পানি **A** ক্রেডিট রেটিং প্রাপ্ত হয়। কোম্পানিটির ২৯টি শাখায় সর্বমোট ৩১৫ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োজিত আছেন। প্রতি মাসেই পর্যায়ক্রমে বিশেষ ট্রেনিং কোর্সে প্রশিক্ষণের ব্যবস্থা করে তাদেরকে যোগ্য ও দক্ষ হিসেবে গড়ে তোলা হচ্ছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৪৩.১৮ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৪১.৮৬ মিলিয়ন টাকা এবং ৭৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.cityinsurance.com.bd

সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৭ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৬১৯.৬৯ মিলিয়ন টাকা। ২০১৫ সালের জন্য CRISL সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড বীমা দাবী পরিশোধে সামর্থ্য ও অন্যান্য খাতে ব্যয় নির্বাহ করার সামর্থ্য থাকায় A+ রেটিং করেছে। কোম্পানিটির মোট ৬৫টি শাখায় ৪৪২ জন কর্মরত আছেন এবং বিভিন্ন সময়ে বীমা বিষয়ে প্রায় ১০ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪১৮.০৯ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩০১.৯৭ মিলিয়ন টাকা এবং ৬৭ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



কন্টিনেন্টাল ইন্স্যুরেন্স লিমিটেড
www.cilbd.com

কন্টিনেন্টাল ইন্স্যুরেন্স লিমিটেড ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৭ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ৬০০ মিলিয়ন টাকা এবং পরিশোধীত মূলধন ৩২৯.১২ মিলিয়ন টাকা। কোম্পানিটি ২০১২, ২০১৩, ২০১৪ এবং ২০১৬ সালে A+ রেটিং অর্জন করেছে। কোম্পানিটির মোট ৪৭টি শাখায় ৭১৩ জন লোক কর্মরত আছেন।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৫৩২.৫৫ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৪১.৫৯ মিলিয়ন টাকা এবং ২৪৮ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ক্রিস্টাল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.ciclbd.com

ক্রিস্টাল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয় নাই। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪০০ মিলিয়ন টাকা। বর্তমানে অত্র কোম্পানি **Long Term A3** রেট প্রাপ্ত। কোম্পানিটির মোট ৩৯টি শাখায় ৭০৮ জন লোক কর্মরত আছে এবং বিভিন্ন সময়ে বীমা বিষয়ে প্রায় ৩২ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৯০.৩৫ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৯২.৬০ মিলিয়ন টাকা এবং ১৬৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.dgicbd.com

দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ কোম্পানী আইন ১৯৯৪ এর অধীনে পাবলিক লিঃ কোম্পানি হিসেবে গঠিত একটি নন-লাইফ বীমা কোম্পানি। কোম্পানিটি ২০০০ সালে তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বাংলাদেশে ব্যবসা শুরু করে। কোম্পানিটি এখনও স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১০২.২ মিলিয়ন টাকা। কোম্পানির বর্তমান ক্রেডিট রেটিং হচ্ছে A। প্রধান কার্যালয় ও ১৮ টি শাখায় প্রায় ২৫২ জন লোক কর্মরত আছে এবং দক্ষ মানবসম্পদ তৈরিতে বিভিন্ন সময় কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ১৩১.৭০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৬১.৮২ মিলিয়ন টাকা এবং ২৪ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



ঢাকা ইন্স্যুরেন্স লিমিটেড

www.dhakainsurancebd.com

ঢাকা ইন্স্যুরেন্স লিমিটেড কোম্পানী আইন ১৯৯৪ এর অধীনে পাবলিক লিঃ কোম্পানি হিসেবে গঠিত একটি নন-লাইফ বীমা কোম্পানি। কোম্পানিটি ২০০০ সালে তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বাংলাদেশে সাধারণ বীমা ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০১০ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ১২০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪০১.২৫ মিলিয়ন টাকা। কোম্পানিটির বর্তমান ক্রেডিট রেটিং হচ্ছে A। ঢাকা ইন্স্যুরেন্স লিমিটেড এর ১৭টি শাখা রয়েছে এবং বর্তমানে ২২৬ জন কর্মরত আছে। ২০১৫ সালে মোট ৫৩ জন (বীমা এজেন্টসহ) বিভিন্ন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২৬৪.৮২ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৬৯.৯৮ মিলিয়ন টাকা এবং ৬৮ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.eastlandinsurance.com

ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৬ সালে প্রতিষ্ঠা লাভের পর নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানি ১৯৯৪ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং ১৯৯৭ সালে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৬৫৪.৪০ মিলিয়ন টাকা। বিগত ০৫ (পাঁচ) বছর যাবৎ ক্রেডিট রেটিং ইনফরমেশন এন্ড সার্ভিসেস কোম্পানী লিমিটেড এর সার্ভিলেন্স রির্পোট অনুযায়ী অত্র কোম্পানি AA রেটিং প্রাপ্ত হয়েছে। কোম্পানিটির মোট ২৭টি শাখায় ২৮৭ জন লোক কর্মরত আছেন এবং দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন মেয়াদে/বিষয়ের উপর আয়োজিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য নিয়মিতভাবে মনোনয়ন প্রদান করা হয়ে থাকে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৮৬২ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩৫৬ মিলিয়ন টাকা এবং ৩২৭ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



ইষ্টার্ণ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.easterninsurancebd.com

ইষ্টার্ণ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ১৯৯৪ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জ ও ১৯৯৬ সালে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪৩১.১০ মিলিয়ন টাকা। ২০১৬ সালের অনিরীক্ষিত আর্থিক বিবরণীকে ভিত্তি ধরে আর্গাস ক্রেডিট রেটিং সার্ভিসেস্ লিঃ, ইষ্টার্ণ ইন্স্যুরেন্স কোম্পানীকে ২০১৭ সালে AA+ রেটিং এ অন্তর্ভূক্ত করেছে। কোম্পানিটির মোট ২৫ টি শাখায় ৩৫০ জন লোক কর্মরত আছেন এবং ২০১৬-১৭ সালে ৩ (তিন) জন কর্মকর্তাকে বি.আই.এ ও ৩ (তিন) জন কর্মকর্তাকে বি.আই.সি.এম এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৯৩.৩৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২০৯.৮২ মিলিয়ন টাকা এবং ২৩৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড
www.eilbd.com

এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড কোম্পানী আইন, ১৯৯৪ এর অধীনে পাবলিক লিঃ কোম্পানি হিসেবে গঠিত একটি নন-লাইফ বীমা কোম্পানি। অত্র কোম্পানি ২০০০ সালে তৎকালীন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বাংলাদেশে নন-লাইফ বীমা ব্যবসা শুরু করে। কোম্পানির অনুমোদিত মূলধন ৭৫০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩৯১.১৮ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং রিপোর্ট অনুযায়ী কোম্পানিটির রেটিং A এবং অত্র কোম্পানি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তিকরণ প্রক্রিয়াধীন আছে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড এর ২০ টি শাখাসহ কোম্পানিতে মোট ৫৪৫ জন লোক কর্মরত আছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৮৫.২৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৩২.৭০ মিলিয়ন টাকা এবং ১৮৫ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.federalinsubd.com

ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড তৎকালীন বীমা অধিদপ্তর থেকে লাইসেন্স প্রাপ্ত হয়ে ১৯৮৭ সালে নন-লাইফ বীমা ব্যবসা শুরু করে। ২০১৬ সনের শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৫৮৪.৪ মিয়লয়ন টাকা। কোম্পানিটি ১৯৯৫ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। আর্থিক প্রতিবেদনকে ভিত্তি করে ক্রেডিট রেটিং ইনফরমেশন এবং সার্ভিসেস্ লিমিটেড এই কোম্পানিকে A রেটিং প্রদান করেছে। কোম্পানির পরিচালনা পর্ষদ অদূর ভবিষ্যতে রেটিং আরও উচ্চ পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য অঙ্গীকারাবদ্ধ।

কোম্পানিটির মোট ২৮টি শাখায় ৪৯১ জন কর্মরত আছেন এবং ২০১৬ সালে ৯১ জন কর্মকর্তা বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে। কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪২৮.০৬ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৪৩.৪৬ মিলিয়ন টাকা এবং ৭৩৫ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



গ্লোবাল ইন্স্যুরেন্স লিমিটেড
www.globalinsurancebd.com

গ্লোবাল ইন্স্যুরেন্স লিমিটেড ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৫ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩২৭.৩৮ মিলিয়ন টাকা। ন্যাশানাল ক্রেডিট রেটিংস লিমিটেড (NCR) কর্তৃক গ্লোবাল ইন্স্যুরেন্স লিমিটেড ক্রেডিট রেটিং A অর্জন করেছে। কোম্পানির কর্মকর্তা-কর্মচারী মিলিয়ে মোট জনবল ২৩০ জন। অত্র কোম্পানি মোট ২৩ টি শাখার মাধ্যমে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে আসছে। কর্মীদের যথাযথ দক্ষতা অর্জনের স্বার্থে স্ব-স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থার প্রেক্ষিতে ২০১৬ সালে বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনসহ বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে ২৩ জন কর্মকর্তা বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২২৬.২৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১০৭.২৯ মিলিয়ন টাকা এবং ৮০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.green-delta.com

গ্রীন ডেল্টা ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৬ সালে নন-লাইফ বীমা খাতে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। কোম্পানি ১৯৯০ সালে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। বর্তমানে কোম্পানির অনুমোদিত মূলধন ৫০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৮০৬.৯ মিলিয়ন টাকা। কোম্পানি বিগত ৩ বৎসর যাবৎ দেশের সর্বোৎকৃষ্ট রেটিং কোম্পানি CRAB কর্তৃক AAA রেটিং ভোগ করছে। দেশের অভ্যন্তরে ৩৯টি শাখা এবং ৬৩০ এর বেশী দক্ষ জনশক্তি রয়েছে। কোম্পানি দ্রুত উন্নত ও সুস্থ সেবা প্রদানের লক্ষ্যে দেশে এবং বিদেশে বিভিন্ন প্রকার ট্রেনিং এর মাধ্যমে প্রতিবছর দক্ষ জনবল তৈরি করছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩১৬৩.২৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৩২২.০৩ মিলিয়ন টাকা এবং ২৩৮০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ইসলামী কমার্শিয়াল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.islamicommercialinsurance.com

ইসলামী কমার্শিয়াল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানির অনুমোদিত মূলধন ৭৫০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২৪৩.৮৫ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং রিপোর্ট এর জরিপ মতে কোম্পানির রেটিং হচ্ছে A। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানির ৩২টি শাখায় মোট ৪১৫ জন লোক কর্মরত আছে। এদের মধ্যে ৩ জন কর্মকর্তা বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি হতে বীমা বিষয়ক ডিগ্রীর অধিকারী। এছাড়া বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি ও বাংলাদেশ ইন্স্যুরেন্স এসাসিয়েশন কর্তৃক আয়োজিত বিভিন্ন কোর্সে কোম্পানির বিভিন্ন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেছেন।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩২৫.৮৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৮৩.৪১ মিলিয়ন টাকা এবং ২১১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড
www.islamiinsurance.com

ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ লিমিটেড ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৯ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩০৮.৬ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং রিপোর্ট এর জরিপ মতে কোম্পানির রেটিং হচ্ছে দীর্ঘমেয়াদে A_3 স্বল্পমেয়াদে ST_3। দেশের অভ্যন্তরে ৪২টি শাখা এবং ৩১৫ এর বেশী দক্ষ জনশক্তি রয়েছে। কোম্পানির দক্ষ জনশক্তি তৈরিতে ২০১৬ সালে ০৮ জন এবং ২০১৭ সালে ০৮ জন প্রশিক্ষণ গ্রহণ করেছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪৪৪.১৫ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩৩৩.৫৮ মিলিয়ন টাকা এবং ১৮১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

জনতা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.janatainsurance.com

জনতা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ১৯৯৪ সালে ঢাকা এবং ১৯৯৫ সালে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩৮৪ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং রিপোর্ট এর জরিপ মতে কোম্পানির ২০১৫ ও ২০১৬ সালে দীর্ঘ মেয়াদে A ও স্বল্প মেয়াদে-AR-3 অর্জন করেছে। দেশের অভ্যন্তরে ১০টি শাখা এবং ১৬০ জন কাজ করছে। কোম্পানির দক্ষ জনশক্তি তৈরিতে ২০১৬ সালে ০৮ জন প্রশিক্ষণ গ্রহণ করেছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৩৭.১৬ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২০১.২৫ মিলিয়ন টাকা এবং ৭১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

কর্ণফুলী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.kiclbd.com

কর্ণফুলী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানি ১৯৯৫ সালে ঢাকা স্টক এক্সজেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ৬০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪০৭.০৪ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং রিপোর্ট এর জরিপ মতে কোম্পানির রেটিং হচ্ছে A+ (by Alpha Rating)। কোম্পানিটি ২৮টি শাখায় ৩২০ জন কাজ করছে এবং দক্ষ জনশক্তি তৈরিতে ৭৯ জন কর্মকর্তা একাডেমিক প্রশিক্ষণপ্রাপ্ত। এর পাশাপাশি অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চালু আছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২৯৪.৮৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৬২.১৪ মিলিয়ন টাকা এবং ১৪৪ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



মেঘনা ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড

www.micl.com.bd

মেঘনা ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে । অত্র কোম্পানির আইপিও তে যাওয়ার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা ও পরিশোধিত মূলধন ৬৯ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং রিপোর্ট এর জরিপ মতে কোম্পানির বর্তমানে ক্রেডিট রেটিং A+। কোম্পানিটি ৪৫টি শাখায় ৫৭০ জন কাজ করছে এবং দক্ষ জনশক্তি তৈরিতে ১৮ জন কর্মকর্তা একাডেমিক এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪৭১.৪৮ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩৫৩.১৮ মিলিয়ন টাকা এবং ২২৪ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

মার্কেন্টাইল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.mercantileins.com

মার্কেন্টাইল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৪ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪৩০.৯৫ মিলিয়ন টাকা। ক্রেডিং রিপোর্ট রেটিং এর জরিপ মতে কোম্পানিটির রেটিং হচ্ছে A+। কোম্পানির ১৭টি শাখায় ৩৩৫ জন কাজ করছে এবং অধিকাংশ জনশক্তিই প্রশিক্ষণপ্রাপ্ত।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩০২.৬৩ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৭৪.৩০ মিলিয়ন টাকা এবং ৩০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

নিটল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.nitolinsurance.com

নিটল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৫ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩১২.১০ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং রিপোর্ট এর জরিপ মতে কোম্পানির ২০১৫ সালে ক্রেডিট রেটিং A+। কোম্পানিটি ১৯ টি শাখায় ১৭৬ জন কাজ করছে এবং দক্ষ জনশক্তি তৈরিতে নিজস্ব ট্রেনিং কার্যক্রমের পাশাপাশি বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি ও বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন দ্বারা পরিচালিত সকল ট্রেনিং কার্যক্রমে অংশগ্রহণ করা হয়।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৬১৩.৮৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৪৯০.৮৮ মিলিয়ন টাকা এবং ১৯৭২ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

নর্দার্ণ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.ngicl.com

নর্দার্ণ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবস্যা শুরু করে। কোম্পানিটি ২০০৮ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩৮৭.৮০ মিলিযন টাকা। কোম্পানির ৩১ শে ডিসেম্বর ২০১৫ সালের নিরীক্ষিত আর্থিক বিবরণীর উপর ARGUS ক্রেডিট রেটিং লিমিটেড কর্তৃক দীর্ঘমেয়াদে **A+** এবং স্বল্পমেয়াদে **ST-2**। কোম্পানিটি ২৪টি শাখায় ২৯৭ জন কাজ করছে। প্রতিষ্ঠানটি দক্ষ জনশক্তি তৈরিতে নিজস্ব ট্রেনিং কার্যক্রমের পাশাপাশি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি দ্বারা পরিচালিত সকল ট্রেনিং কার্যক্রমে অংশগ্রহণ করে থাকে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৭৩.৩৮ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৫০.৬৮ মিলিয়ন টাকা এবং ২৪০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.paramountgroupbd.com/insurance

প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। ২০০৭ সালে কোম্পানিটি স্টক একচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ৬০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২৬৬.৩০ মিলিয়ন টাকা। কোম্পানিটির ১১টি শাখায় ১৩২ জন কাজ করছে এবং কোম্পানির দক্ষ জনবল এর সাথে অদক্ষ জনবল নিয়োগ করত: তাদের উন্নততর ট্রেনিং এর সুব্যবস্থা রয়েছে। এছাড়াও বীমা একাডেমি এবং বীমা বিষয়ক বিভিন্ন একাডেমিতে প্রশিক্ষণের মাধ্যমে মেধা উন্নয়নের সুযোগ করে দেয়া হয়। বর্তমানে কোম্পানির ক্রেডিট রেটিং আছে A লংটার্ম।

২০১৬ সালে কোম্পানিটির গ্রস প্রিমিয়াম আয় ছিল ১৬৯.৩৩ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ছিল ৯৮.৪২ মিলিয়ন টাকা এবং ২১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



পিপলস্ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.peoplesinsurancebd.com

পিপলস্ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৫ সালে তৎকালীন বীমা অধিদপ্তর থেকে নন-লাইফ বীমা ব্যবসা পরিচালনার সনদপত্র পেয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ১৯৯০ সালে ঢাকা এক্সচেঞ্জে এবং ১৯৯৫ সালে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪৬২ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং ইনফরমেশন এন্ড সার্ভিসেস লিমিটেড (CRISL) ২০১৫ সালের তথ্যের ভিত্তিতে ২০১৬ সালে প্রদত্ত প্রতিবেদনে কোম্পানির ক্রেডিট রেটিং A+। কোম্পানিটির ৩৫টি শাখায় ৬২৬ জন কাজ করছে এবং দক্ষ জনশক্তি তৈরিতে অভ্যন্তরীণ ট্রেনিং এর সুবিধাসহ বীমা একাডেমী এবং বীমা বিষয়ক বিভিন্ন একাডেমিতে প্রশিক্ষণ এর মাধ্যমে মেধা উন্নয়ন এর সুযোগ করে দেওয়া হচ্ছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ছিল ৬০৮.৮১ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ছিল ৩৮৩.৬৯ মিলিয়ন টাকা এবং ২৮৭টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



ফিনিক্স ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড
www.phoenixinsurance.com.bd

ফিনিক্স ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৬ সালে তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বীমা ব্যবসা শুরু করে এবং ১৯৯৪ সালে স্টক একচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪০৩.৪২ মিলিয়ন টাকা। ২০১৫ সালের তথ্যের ভিত্তিতে ক্রেডিট রেটিং হচ্ছে AA-। কোম্পানিটির ৩১টি শাখায় ৫৮৬ জন কাজ করছে এবং দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে ২১ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

২০১৬ সালে কোম্পানিটির গ্রস প্রিমিয়াম আয় ছিল ৬৫২.১৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ছিল ৩৭৫.৯০ মিলিয়ন টাকা এবং ২৮৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



পাইওনিয়ার ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.pioneerinsurance.com.bd

পাইওনিয়ার ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০১ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৬৯৯.৮১ মিলিয়ন টাকা। পাইওনিয়ার ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড এর আর্থিক অবস্থা, ব্যবসা, পরিশোধিত মূলধন, রিজার্ভ এবং অন্যান্য বিষয় বিবেচনা করে আলফা রেটিং কোম্পানি 'AAA' রেটিং প্রদান করেছে। কোম্পানিটির ৪২টি শাখায় ৫৩২ জন কাজ করছে এবং দক্ষ জনশক্তি তৈরিতে কোম্পানি নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেছে। এছাড়া দেশে বিদেশে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কর্মকর্তাদের প্রেরণ করা হয়।

২০১৬ সালে কোম্পানিটির গ্রস প্রিমিয়াম আয় ছিল ২,৫০৪.৩৫ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ছিল ১,০৬৬.০০ মিলিয়ন টাকা এবং ১,২১২ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.prime-insurance.net

প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানী লিমেটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে । কোম্পানিটি ২০০১ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪০৮.৭৭ মিলিয়ন টাকা। ২০১৩, ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে ক্রেডিট রেটিং A+, ২০১০, ২০১১, ২০১২ সালে ক্রেডিট রেটিং ছিল A গ্রেড। কোম্পানিটির ১৯টি শাখায় ২১২ জন কাজ করছে এবং দক্ষ জনশক্তি তৈরিতে কাম্পানি নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে টেনিং এব পাশাপাশি বিদেশে প্রশিক্ষণের জন্য ৩টি কর্মকর্তাদের প্রেরণ করে থাকে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ছিল ৫৩৫.০১ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৯৭.১০ মিলিয়ন টাকা এবং ৫২৪ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড
www.pragatiinsurance.com

প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড কোম্পানি ১৯৮৬ সালে তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানির অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৫২৯.৫২ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং রির্পোট এর জরিপ মতে কোম্পানিটির রেটিং হচ্ছে AA2। কোম্পানিটির ৪১ টি শাখায় ৫৪৫ জন কাজ করছে যার মধ্যে ৭ জন কর্মকর্তা স্বীকৃত প্রতিষ্ঠান হতে বীমা বিষয়ক ডিগ্রীর অধিকারী। ২০১৬ সালে কোম্পানিটির গ্রস প্রিমিয়াম আয় ছিল ১৫৩৪ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ছিল ৬৩৯ মিলিয়ন টাকা এবং ১০৫০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.provati-insurance.com

প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০১০ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ১২৫০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২৯০.২১ মিলিয়ন টাকা। ২০১৬ সালে কোম্পানির ক্রেডিট রেটিং হলো দীর্ঘ মেয়াদে AA- এবং স্বল্প মেয়াদে ARGUS-2। কোম্পানির ৫৫ টি শাখায় বর্তমানে ৭৩৪ জন কর্মরত রয়েছে। দেশে এবং বিদেশে কোম্পানির দায়গ্রহণ, দাবী, পুনঃবীমা, হিসাব ও প্রশাসন বিভাগের ২৫ জন কর্মকর্তা বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ছিল ৪৪৩.২৮ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ছিল ৩৫৮.৭৯ মিলিয়ন টাকা এবং ৮৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.purabiinsurance.com

পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৮ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ১৯৯৫ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪৪৮.৯০ মিলিয়ন টাকা। ২০১৫ সালে কোম্পানির ক্রেডিট রেটিং ছিল 'BB'। কোম্পানির ১৮ টি শাখায় ৯৭ জন কর্মরত আছেন। বিভিন্ন উন্নয়নমূলক সেমিনার ও প্রশিক্ষণে তাদের অংশগ্রহণ ছিল অত্যন্ত উৎসাহব্যঞ্জক।

২০১৬ সালে কোম্পানিটির গ্রস প্রিমিয়াম আয় ছিল ৫৮.৬৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ছিল ১৭.৫৩ মিলিয়ন টাকা এবং ২০১৫ সালে ৪ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



রিলায়েন্স ইনস্যুরেন্স লিমিটেড
www.reliance.com.bd

রিলায়েন্স ইনস্যুরেন্স লিমিটেড ১৯৮৮ সালে একটি নন-লাইফ বীমা কোম্পানি হিসেবে প্রতিষ্ঠিত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ২০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৮৯৬.১০ মিলিয়ন টাকা। রিলায়েন্স সিআরআইএসএল কর্তৃক 'AAA' রেটিং অর্জন করেছে। কোম্পানিটির ৩২ টি শাখায় ৩৫৫ জন কাজ করছেন। দেশে বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে ট্রেনিং এর জন্য কর্মকর্তাদের প্রেরণ করে থাকে।

২০১৬ সালে কোম্পানিটির গ্রস প্রিমিয়াম আয় ছিল ২৪,৮৬.৮৯ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ছিল ৯৫৮.২৯ মিলিয়ন টাকা এবং ৬,৩১১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

রিপাবলিক ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.riclbd.com

রিপাবলিক ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৯ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩১০ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং ২০১৪ সালে A, AR-২ এবং ২০১৫ A, AR-২। কোম্পানিটি ২৯টি শাখায় ৭২৭ জন কাজ করছে এবং কোম্পানির কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় ট্রেনিং এর ব্যবস্থা করা হয়ে থাকে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪৫৮ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৩৩১ মিলিয়ন টাকা এবং ১৯০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



রূপালী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.rupaliinsurance.com

রূপালী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড তৎকালীন বীমা অধিদপ্তর থেকে সনদপত্র পেয়ে ১৯৮৮ সাল থেকে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। ২০১৬ সাল শেষে কোম্পানির অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমান ছিল যথাক্রমে ১০০০ মিলিয়ন টাকা ও ৬৩২.১৬ মিলিয়ন টাকা। কোম্পানীটি সিআরআইএসএল কর্তৃক 'AA' রেটিং অর্জন করেছে। কোম্পানিটির ৪৬টি শাখায় ৬১৯ জন কাজ করছে এবং ২০১৬ সালে ৪ জন প্রশিক্ষণ নিয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৮৪৫.৯৩ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ৪৯৯.৩০ মিলিয়ন টাকা এবং ৬৬৪ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



সেনা কল্যাণ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.senakalyanicl.com

সেনা কল্যাণ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড নভেম্বর ২০১৩ সালে বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২৪০ মিলিয়ন টাকা। ২০১৫ সালের নিরীক্ষিত হিসাব অনুযায়ী ক্রেডিট রেটিং হচ্ছে 'BBB+'। কোম্পানিটির ৬ টি শাখায় ১০২ জন কাজ করছে এবং কর্মকর্তাদের বীমা একাডেমী ও অন্যান্য অনুমোদিত সংস্থা হতে প্রতিনিয়ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২০৩.৯৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১০৯.৫৯ মিলিয়ন টাকা এবং ৫৭ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

সিকদার ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

www.sikderinsurance.com

সিকদার ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ২০১৩ সালে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। অত্র কোম্পানিটির ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির জন্য প্রক্রিয়াধীন। কোম্পানির অনুমোদিত মূলধন ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২৪০ মিলিয়ন টাকা। বর্তমানে কোম্পানির ক্রেডিট রেটিং 'A' যা ২০১৬ সালের আর্থিক বিবরণীর ভিত্তিতে ARGUS Credit Rating Services Ltd. কর্তৃক নির্ধারণ করা হয়েছে। কোম্পানিটির ৮ টি শাখায় ১৬১ জন কর্মরত আছে। তাদের মধ্যে ২০ জন কর্মকর্তাদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ২১৫.৫৪ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৩২.০৪ মিলিয়ন টাকা এবং ১১ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

সোনার বাংলা ইন্স্যুরেন্স লিমিটেড

www.sonarbanglains.com

সোনার বাংলা ইন্স্যুরেন্স লিমিটেড ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৫ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩১২.১৯ টাকা। সর্বশেষ রেটিং অনুযায়ী কোম্পানিটির রেটিং A+। কোম্পানিটির ২৭টি শাখায় ৬০১ জন কাজ করছেন এবং কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রতি বছর বিভিন্ন ট্রেনিংয়ে পাঠানো হয়ে থাকে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৮১.৩৬ মিলিয়ন টাকা , নীট প্রিমিয়াম আয় ২৮০.৩২ মিলিয়ন টাকা এবং ৫৩ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



স্ট্যান্ডার্ড ইন্স্যুরেন্স লিমিটেড
www.standardinsurance.com.bd

স্ট্যান্ডার্ড ইন্স্যুরেন্স লিমিটেড ১৯৯৯ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৮ সালে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩৩০ মিলিয়ন টাকা। ARGUS Credit Rating Service Ltd. স্ট্যান্ডার্ড ইন্স্যুরেন্স কে দীর্ঘ মেয়াদী বিনিয়োগে A এবং স্বল্পমেয়াদী বিনিয়োগে ST-3 গ্রেড দেওয়া হয়েছে। দেশের বিভিন্ন স্তরে ২৫টি শাখায় একজন শাখা ব্যবস্থাপক, প্রয়োজনীয় সংখ্যক মার্কেটিং অফিসার এবং অবলিখন অফিসার রয়েছে। বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমীতে কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়ে থাকে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৯.৪০ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৫.৪১ মিলিয়ন টাকা এবং ২ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

সাউথ এশিয়া ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড
www.southasiainsurance.com

সাউথ এশিয়া ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়নি। কোম্পানির অনুমোদিত মূলধন ৩০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৬০ মিলিয়ন টাকা। ২০১৪ সালে কোম্পানির ক্রেডিট রেটিং ছিল Long Term 'BBB' এবং Short Term 'ST'-3। কোম্পানিটির ২টি শাখায় ২১ জন কাজ করছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৫৫.৪৬ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ১৩.৯৩ মিলিয়ন টাকা এবং ২ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

তাকাফুল ইসলামী ইন্স্যুরেন্স লিমিটেড
www.takaful.com.bd

তাকাফুল ইসলামী ইন্স্যুরেন্স লিমিটেড ২০০১ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটি ২০০৮ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৩৬০.৯ মিলিয়ন টাকা। ক্রেডিট রেটিং এজেন্সি অব বাংলাদেশ (ক্রেব) কোম্পানির ২০১৫ সালের আর্থিক বিবরনীর উপর ভিত্তি করে ক্রেডিট রেটিং কাজ সম্পন্ন করেছে। তাদের প্রতিবেদন অনুযায়ী কোম্পানিটির দীর্ঘ মেয়াদে A3এবং সল্প মেয়াদে ST-3 রেটিং অর্জন করেছে। কোম্পানির ৩৪টি শাখায় ১০৮৬ জন লোক কর্মরত আছে যার মধ্যে ০২ জন কর্মকর্তা স্বীকৃত প্রতিষ্ঠান হতে বীমা বিষয়ক ডিগ্রীর অধিকারী। এছাড়াও বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশান কতৃক আয়োজিত বিভিন্ন কোর্সের উপর ৬৮ জন কর্মকর্তা প্রশিক্ষণ নিয়েছেন।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩৮৫ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২১৩.৫৯ মিলিয়ন টাকা এবং ১২২ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
www.unioninsurancebd.com

ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। কোম্পানিটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৭৪.৯০ মিলিয়ন টাকা। কোম্পানির ক্রেডিট রেটিং হচ্ছে 'A1' এবং ৩৮ টি শাখার মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৩১০.৮৭ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২২৭.৬৯ মিলিয়ন টাকা এবং ৯৪ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।

ইউনাইটেড ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড
www.unitedinsurance.com.bd

ইউনাইটেড ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয়ে নন-লাইফ বীমা খাতে ব্যবসা শুরু করে। অত্র কোম্পানি ১৯৯০ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪২০ মিলিয়ন টাকা। কোম্পানির ক্রেডিট রেটিং 'AA' যা ২০১৫ সালের নিরীক্ষিত হিসাবের ভিত্তিতে Credit Rating Information Services Limited (CRISL) কর্তৃক নির্ধারণ করা হয়েছে। কোম্পানির ১১ টি শাখায় ২৬৭ জন লোক কর্মরত আছেন। তাছাড়া কমিশনভিত্তিক ৬১ জনের মধ্যে ২৫ জন কর্মকর্তা স্বীকৃত প্রতিষ্ঠা হতে প্রশিক্ষণ নিয়েছেন।

কোম্পানিটির ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম আয় ৪১৮.৭২ মিলিয়ন টাকা, নীট প্রিমিয়াম আয় ২৫০.৫০ মিলিয়ন টাকা এবং ১২২০ টি বীমা দাবি নিষ্পত্তি করেছে।



	কোম্পানীর নাম	সাল	গ্রস প্রিমিয়াম	নীট প্রিমিয়াম					পলিসির সংখ্যা	এজেন্টের সংখ্যা	বীমা দাবি		
				অগ্নি	নৌ	মোটর	অন্যান্য	মোট			নিষ্পত্তিকৃত	অনিষ্পত্তিকৃত	মোট
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১	সাধারণ বীমা কর্পোঃ	২০১৪	৩৩৭৫.৯	২৩৫.৯	৭৩৮.১	১১৭.২	৬৬৯.৯	১৭৬১.১	১২০২৪২.০		২৩৪.০	২৭৫.০	৫০৯.০
		২০১৫	৪০২৭.০	২০৫.৫	৬৪১.২	১৩৭.১	১০৮৯.৩	২০৭৩.১	১৬২০৫৮.০		৩৪৮.০	২৪৮.০	৫৯৬.০
		২০১৬	৪৩৩৬.৯	২৫৫.৬	৯১৭.৬	১৪১.২	৯১২.৭	২২২৭.১	১৭৮২৭২.০		৩০১.০	২৯৪.০	৫৯৫.০
২।	অগ্রণী ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৩০২.৩	৫০.২	৭৪.২	২৯.৪	৭.৭	১৬১.৫	৩৫৫৩৬.০	৭২.০	৬৬.০	৫৯.০	১২৫.০
		২০১৫	৩৫৭.৬	৫৫.৭	৭৯.৯	৩৬.২	১৩.৯	১৮৫.৭	৩৫৬০৭.০	৬৬.০	১২৮.০	১১২.০	২৪০.০
		২০১৬	৪০৭.১	৫৮.৩	৮১.২	৪৯.০	৪.৭	১৯৩.২	৩৮৪৬৬.০	৬৬.০	১১৯.০	৮৯.০	২০৮.০
৩	এশিয়া ইন্স্যুঃ লিঃ	২০১৪	৪০২.২	৬৯.২	১২৭.৪	২২.৩	২৩.২	২৪২.২	১৬০৭৯.০	৪৮.০	১৩৩.০	৮৭.০	২২০.০
		২০১৫	৪৫৩.৭	৯৯.৬	১৪৩.৪	২৯.৪	৩৫.৭	৩০৮.২	১৮৯১৭.০	৪৩.০	১৪০.০	২৩.০	১৬৩.০
		২০১৬	৪৭৭.৭	১১২.৩	১৩৯.৮	৪০.৬	২৬.৯	৩১৯.৬	২১৮৪৮.০	২৯.০	১৯১.০	৩১.০	২২২.০
৪	এশিয়া প্যাসিফিক জেনাঃ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৩২৮.০	২৪.০	১০৬.০	৩৫.১	৬.০	১৭১.১	১৬০৯৮.০	২০.০	১২০.০	৭৫.০	১৯৫.০
		২০১৫	৩৬৬.৯	২৯.৩	১১৯.০	৩৮.৭	৩.৬	১৯০.৬	১৭৬১৩.০	২০.০	১২৮.০	১২৬.০	২৫৪.০
		২০১৬	৪০৪.২	২৫.৯	১৩৪.০	৪৪.৩	৪.৭	২০৮.৯	১৯৫৩১.০	২০.০	২১৮.০	৯০.০	৩০৮.০
৫	বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুঃ লিঃ	২০১৪	৭৮.১	১৬.৮	৪৩.২	১০.৬	১.৩	৭১.৯		২১.০	২.০	৬.০	৮.০
		২০১৫	৯৯.০	২০.২	৫২.৯	১৬.১	৬.১	৯৫.৩		২৩.০	৪.০	৩.০	৭.০
		২০১৬	৭৯.১	২১.৩	৪৮.৯	৭.৩	১.৬	৭৯.১		২৩.০	৫.০	৫.০	১০.০
৬	বাংলাদেশ জেনাঃ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৬৩৫.৭	১৩২.৬	৮৫.০	১০৩.৯		৩২১.৪	৬৪৯৯৭.০	১৩৪.০	৪৭৯.০	২২৯.০	৭০৮.০
		২০১৫	৬৫৯.৬	১৪৫.৩	১১৩.৮	১১৫.৭		৩৭৪.৯	৭৪৪১৬.০	১০৭.০	৪৮৬.০	৯২.০	৫৭৮.০
		২০১৬	৬৮৬.০	১৫৭.২	৮৫.৪	১৪০.০		৩৮২.৬	৮৭৮২৯.০	১১২.০	৪২৫.০	১৯৫.০	৬২০.০
৭	বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৩২৬.১	৬৭.৮	৯৭.৮	৬৩.১	২০.৮	২৪৯.৪	২৩৭৪৫.০	৩৫.০	৯৮.০	২৮২.০	৩৮০.০
		২০১৫	৩৬২.৪	৫৯.৯	১১৬.২	৭১.৪	২২.৭	২৭০.২	৩২২৬০.০	৪১.০	১৮১.০	৩৪২.০	৫২৩.০
		২০১৬	৪৪১.০	৮১.৮	১২২.৪	৯৮.৬	৪৩.৫	৩৪৬.৩	৩৫৩৯০.০	৪০.০	২৭৩.০	৪৪৭.০	৭২০.০
৮	সেন্ট্রাল ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৩০৩.০	৭৮.১	৯৫.৫	২২.৯	৭.৩	২০৩.৯	২৫৫৬৮.০	৬১.০	৭০.০	৭০.০	১৪০.০
		২০১৫	৩০৮.৫	১০২.৭	৮৭.৫	২৫.১	৬.০	২২১.২	৩৫৫৬৯.০	৫৮.০	৫০.০	৭৯.০	১২৯.০
		২০১৬	৩৪৩.২	৯৬.৫	১০২.২	৩৪.২	৮.৯	২৪১.৯	৪১৮১১.০	৫২.০	৭৩.০	৪৮.০	১২১.০
৯	সিটি জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	২৯৩.৯	৬৬.৩	৯৯.৫	১২.৯	৭.০	১৮৫.৭	০.০	৬১.০	২১.০	৩৩.০	৫৪.০
		২০১৫	৩৫৩.৯	৯৬.৮	১১৯.১	২৩.৮	৮.০	২৪৭.৭	০.০	৬১.০	৬৪.০	৩৮.০	১০২.০
		২০১৬	৪১৮.১	১০১.৮	১৬১.৭	২৭.১	১২.০	৩০২.৭	৫৮৬৩৫.০	৬৫.০	৬৭.০	৫৬.০	১২৩.০
১০	কন্টিনেন্টাল ইন্স্যুঃ লিঃ	২০১৪	৭০৪.৮	১১৬.৭	৮৯.৬	৯৩.৫	৫১.৪	৩৫১.২	৫৭৭৯৯.০	৫২.০	৩২০.০	১৩.০	৩৩৩.০
		২০১৫	৫৬৯.৯	১১৩.৫	৮১.৩	৭২.৩	৬.৭	২৭৩.৯	৬৫৯৩৩.০	৫২.০	২৮১.০	২১.০	৩০২.০
		২০১৬	৫৩২.৬	১১২.১	৫৩.৯	৪৭.৩৪	২৮.২	২৪২.০	৭১৭৫০.০	৫২.০	২৪৮.০	৬৩.০	৩১১.০
১১	ক্রিষ্টাল ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৩৫০.৫	৫৯.০	১৫৯.৫	৩১.৮	১৪.৪	২৬৪.৭	২৫১৩৭.০	৩৬.০	১৩৪.০	৩৯.০	১৭৩.০
		২০১৫	৩৬৫.৩	১২৪.৪	৯৫.২	৩৭.৯	১৮.২	২৭৫.৭	২৮৪৬৮.০	৩৫.০	১২০.০	৭৩.০	১৯৩.০
		২০১৬	৩৯০.৪	১১৮.৫	১১৪.৮	৩৫.৩	২৪.০	২৯২.৬	২৮২১০.০	৩৪.০	১৬৩.০	৯৮.০	২৬১.০
১২	দেশ জেনাঃ ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	১১৩.০	১৮.৯	৫.২	১০.৪	১.৪	৩৫.৯	১০৭৬৬.০	৪৬.০	৯.০	৭.০	১৬.০
		২০১৫	১১৯.৯	২২.০	২৪.৩	৫.৩	৪.৬	৫৬.২	১৩৫৩৫.০	৩২.০	২৬.০	৩.০	২৯.০
		২০১৬	১৩১.৭	২৪.২	২৬.৭	৫.৮	৫.১	৬১.৮	১৫৫৬৫.০	২৭.০	২৪.০	৭.০	৩১.০

	কোম্পানীর নাম	প্রিমিয়াম আয়ের উপর বীমা দাবি পরিশোধের শতকরা হার	বিনিয়োগ			বিনিয়োগ হতে আয়	রিজার্ভ	মোট সম্পদ	মোট ব্যবস্থাপনা ব্যয়	প্রিমিয়াম আয়ের উপর ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার	মোট প্রদানকৃত আয়কর	নীট মুনাফা	ইপিএস (টাকা/শেয়ার)
			সরকারি সিকিউরিটিজ	অন্যান্য	মোট								
	১	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
১			১.৭২	৯৪২১.০	৯৪২২.৭	১৩৫২.৭	৯৬৭৮.৪	২০৫২৮.৭	৫৬০.৬		৭০৪.৭	১৭৬৬.০	
	সাধারণ বীমা কর্পোঃ		১.৭২	১০৪৫৭.০	১০৪৫৮.৭	১২৪৪.৫	১১৪১৩.৪	২৩৮৩৪.৭	৫৫৮.১		৮৪৭.৬	১৯৮৫.০	
			১.৭২	৭৭৩২.৪	৭৭৩৪.২			২৪০০০.০০					
২।		০.১	২৫.০	৪১৫.০	৪৪০.০	২৬.৯	১৪০.৯	৬১৯.৬	১০১.৫	০.৩	২১.১	৪৬.৬	১.৮
	অগ্রণী ইন্স্যুঃ কোং লিঃ	০.১	২৫.০	৪১৫.০	৪৪০.০	২১.৭	১৬৪.৮	৬২৮.৮	১১৬.৭	০.৩	২৪.১	৪৯.২	১.৯
		০.১	২৫.০	৪৬১.০	৪৮৬.০	২৫.৩	১৮৯.৯	৬৯৯.৩	১৩৩.৪	০.৩	১৮.৫	৫০.৫	১.৯
৩	এশিয়া ইন্স্যুঃ লিঃ	০.৩	২৫.০	৮১০.০	৮৩৫.০	১২০.৬	২১৮.৬	১৪৬২.৫	১৯১.০	০.৫	১০.৪	৫১.৭	১.১
		০.১	২৫.০	৮৫৫.০	৮৮০.০	৭৩.৯	২২৬.৬	১৫৩৪.৪	২০১.৯	০.৪	২১.১	৫৭.০	১.২
		০.১	২৫.০	১০১৯.০	১০৪৪.০	৭০.০	২৫৩.৭	১৬৪৬.৮	২১৯.৩	০.৫	২৫.১	৭৫.৪	১.৬
৪	এশিয়া প্যাসিফিক জেনাঃ ইন্স্যুঃ কোঃ লিঃ	০.১	২৫.০	৭৬৭.০	৭৯২.০	৭২.৬	২০৭.২	১০৭৯.৮	৫৩.৬	০.২	২২.২	৯৩.৩	১.৫
		০.১	২৫.০	৭৫৯.০	৭৮৪.০	৬০.১	২৩৪.৫	১১৪৬.১	৫৪.২	০.১	২২.৬	৯১.৪	১.৫
		০.২	২৫.০	৭৫৮.০	৭৮৩.০	৫৬.৯	২৫৯.৯	১২১৭.৮	৫৭.৯	০.১	২০.৮	৯১.৯	১.৫
৫	বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুঃ লিঃ	০.০	৩০.৫	২০.০	৫০.৫	১০.৭	৩২.১	৮৫.৬	৬৪.২	০.৮	০.২	২.৫	
		০.১	৩০.৫	২৫.০	৫৫.৫	১২.০	৩২.১	৯৪.১	৬৯.০	০.৭	০.৩	৪.৬	
		০.০	৩০.৫	২৫.০	৫৫.৫	৯.০	৩২.১	৯৪.১	৬৫.৮	০.৮	০.৩	৫.২	
৬	বাংলাদেশ জেনাঃ ইন্স্যুঃ কোঃ লিঃ		২৫.০	১০৮১.০	১১০৬.০	১১৬.৫	৩৩৮.২	১৫৬২.৫	২০৭.৬		১২৯.৮	৬৫.৩	১.৩
			২৫.০	১০৫৪.০	১০৭৯.০	১১১.৩	৩৬৯.৭	১৬০১.৬	২১৫.২		১২৯.৮	৬০.২	১.৩
			২৫.০	৯৫৭.০	৯৮২.০	৫১.১	৩৬৫.১	১৬৪৯.৩	২৩২.৫		১০৭.৭	৬০.০	১.২
৭	বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুঃ কোঃ লিঃ		২৫.০	৬২৬.০	৬৫১.০	৪২.২	১৩২.৮	৭২৩.৭	৯৫.৫		১৪.৩	৫৯.১	২.৬
			২৫.০	৭১৪.০	৭৩৯.০	৫৮.০	১৫৯.৮	৮৩২.৩	৯১.৪		২০.০	৭৪.৩	২.০
			২৫.০	৯৮১.০	১০০৬.০	৫৮.৭	১৯৪.৪	১১২৪.১	১০৬.২		২০.৫	৮৬.৩	১.৪
৮	সেন্ট্রাল ইন্স্যুঃ কোঃ লিঃ	০.২	২৫.০	১০১২.০	১০৩৭.০	৯৩.৬	৪৭৯.৭	১৫৭২.২	১৩১.৪	০.৪	৩৭.৪	১৩৪.২	২.২
		০.২	২৫.০	১০৩৬.০	১০৬১.০	৭৫.১	৪৮৬.৬	১৬২৫.৬	১৬৫.৯	০.৫	২৮.১	৯৭.৫	১.৫
		০.১	২৫.০	১০১৫.০	১০৪০.০	৬৪.৭	৫১৯.০	১৬০৮.৬	১৮৩.২	০.৫	২৬.৮	১০৭.২	১.৭
৯	সিটি জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ	০.২	২৫.০	৬৮১.০	৭০৬.০	৭৩.৪	১৬১.৭	১০০৯.৯	৮৫.৩	০.৩	৩০.৮	১০৫.৪	১.৬
		০.১	২৫.০	৭২০.০	৭৪৫.০	৬৬.২	১৮৭.১	১১২৮.৬	১০১.৪	০.৩	১৯.৭	১১২.৭	১.৫
		০.০	২৫.০	৭৫১.০	৭৭৬.০	৪৯.০	১৮৩.২	১২১১.৩	১২৪.০	০.৩	২৬.৪	১৩৩.০	১.৫
১০	কন্টিনেন্টাল ইন্স্যুঃ লিঃ		২৫.০	৯৭৫.০	১০০০.০	২০.৬	৩৩২.২	১০০০.০	১৭৬.৯	০.৩	১৯.৩	৬৩.৯	১.৭
			২৫.০	৯৬২.০	৯৮৭.০	২৪.৫	৩৩৫.৭	৯৮৬.৮	১৫৪.৩	০.৩	১৫.৮	৫৮.১	১.৫
			২৫.০	৯৯৯.০	১০২৪.০	২৬.০	৩৩৫.৯	১০২৩.২	১৬৯.২	০.৩	১৮.৪	৫৭.১	১.৪
১১	ক্রিস্টাল ইন্স্যুঃ কোঃ লিঃ	০.৪০	৯.০	২১৩.০	২২২.০	১৫.৭	১৭০.০	৫৫১.৭	১১১.৫	০.৩	৩.১	৪০.০	৬.৭
		০.৪০	৯.০	২০২.০	২১১.০	১৫.৭	২৫২.৩	৬৫৬.৪	১১৬.৬	০.৩	২.৮	৪১.০	৬.৮
		০.৩০	৯.০	২০৭.০	২১৬.০	১২.৯	৩৩৪.৭	৭৫৪.৪	১০৬.১	০.৩	৪.৩	৪৫.২	২.৫
১২	দেশ জেনাঃ ইন্স্যুঃ কোঃ লিঃ	০.১০	২৫.০	৬০.০	৮৫.০	৭.১	১২.৪	৩৬.৪	৪০.২	০.৪	৮.৪	১১.৩	১.৬
		২.৪০	২৫.০	৬০.০	৮৫.০	৮.২	২২.৫	৪৮.১	৩৮.২	০.৩	০.৬	১১.৪	১.৪
		০.১০	২৫.০	৭১.৫	৯৬.৫	০.০	০.০	০.০	৪২.০০	০.৩	০.০	০.০	০.০

	কোম্পানীর নাম	সাল	গ্রস প্রিমিয়াম	নীট প্রিমিয়াম					পলিসির সংখ্যা	এজেন্টের সংখ্যা	বীমা দাবি		
				অগ্নি	নৌ	মোটর	অন্যান্য	মোট			নিষ্পত্তিকৃত	অনিষ্পত্তিকৃত	মোট
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১৩	ঢাকা ইন্স্যুঃ লিঃ	২০১৪	২৮৪.১	৪৭.৪	১৩৭.৫	১৭.৮	০.০	২০২.৭	২০১২৪.০	১০৪.০	৫৭.০	৩৪.০	৯১.০
		২০১৫	২৮৮.২	৫১.৫	১৩০.৬	১৮.১	০.০	২০০.২	২৩১২৭.০	৩৭.০	৫০.০	৪৩.০	৯৩.০
		২০১৬	২৬৪.৮	৫৭.৪	৯৪.৩	১৮.৩	০.০	১৭০.০	২৪৪৪৪.০	৩৩.০	৬৮.০	৩৬.০	১০৪.০
১৪	ইষ্টল্যান্ড ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৭০০.০	৭৭.০	২০৮.০	৫৪.০	১৮.০	৩৫৭.০	৪৯৪৬৩.০	৬৪.০	২৫৯.০	৯৫.০	৩৫৪.০
		২০১৫	৮২০.০	৮৯.০	২১৪.০	৭১.০	১০.০	৩৮৪.০	৬৯৮২১.০	৫৩.০	২৯৫.০	১২২.০	৪১৭.০
		২০১৬	৮৬২.০	৭৮.০	১৯১.০	৭৬.০	১১.০	৩৫৬.০	৬৯৯৭৪.০	৫৪.০	৩২৭.০	১৫৮.০	৪৮৫.০
১৫	ইস্টার্ণ ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৩৬০.৮	৬৩.৪	৮৮.২	৫০.৫	৩.৫	২০৫.৬	৩২০৭৮.০	৪২.০	১৫৭.০	১৫৫.০	৩১২.০
		২০১৫	৩৮০.৬	৭৪.৪	৬৯.৪	৫৪.২	৯.৭	২০৭.৭	৩১৩৬১.০	৪২.০	১২৬.০	১৭২.০	২৯৮.০
		২০১৬	৩৯৩.৪	৬৭.১	৭৯.৯	৫৭.১	৫.৭	২১০.০০	২৯৯৩০.০	৪২.০	২৩৩.০	১৪৫.০	৩৭৮.০
১৬	এক্সপ্রেস ইন্স্যুঃ লিঃ	২০১৪	৪২০.৩	৬৭.৮০	১৫৫.০	৫২.৫	৩.২	২৮০.১	১৫৯৩২.০	২৮.০	১৫৯.০	৬৬.০	২২৫.০
		২০১৫	৪০০.৩	৪৩.৪৪	১৪৩.৬	৭৩.২	৬.২	৩০২.৮	২২২৭১.০	২৫.০	১৮০.০	৩৩.০	২১৩.০
		২০১৬	৩৮৫.৩	৩৩.২	১২৫.৪	৭০.১	৪.০	২৩২.৭	৩১৭৯৭.০	২২.০	১৮৫.০	৫৬.০	২৪১.০
১৭	ফেডারেল ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৪৩৭.৮	৫২.০	১২২.২	৫৩.১	২৪.০	২৫১.৪	৪২৯৩৫.০	৬০.০	১৩৪.০	২৩৬.০	৩৭০.০
		২০১৫	৪৮০.৭	৫৯.৫	১৩৭.২	৫৭.৭	১৯.৭	২৭৪.০	৪৩৬৫৪.০	৬৩.০	৬৭৯.০	২৮২.০	৯৬১.০
		২০১৬	৪২৮.১	৫১.৩	১১২.০	৬৫.৫	১৪.৭	২৪৩.৫	৪৬৬৮৯.০	৭৯.০	৭৩৫.০	২৪৯.০	৯৮৪.০
১৮	গ্লোবাল ইন্স্যুঃ লিঃ	২০১৪	২৩১.৬	২৪.৪	৯২.৩	১৩.৫	১.৭	১৩১.৯	১৮৮৫২.০	৯.০	৮৩.০	২৫.০	১০৮.০
		২০১৫	২৬০.৫	৫২.৭	৬৫.৫	১১.৭	৮.৯	১৩৮.৮	২১১৮৮.০	১১.০	৬৪.০	৩৮.০	১০২.০
		২০১৬	২২৬.৩	১৪.০	৬৯.৫	১২.০	১১.৮	১০৭.৩	২২৮৯৫.০	৫.০	৮০.০	৪৮.০	১২৮.০
১৯	গ্রীণভেল্টা ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	২৬৮১.৪	২৯৪.৪	৭১৪.২	১০৬.৬	১১৪.০	১২২৯.২	১২২১৭২.০	৫৩.০	২০২১.০	৩৩৬.০	২৩৫৭.০
		২০১৫	৩০১৫.৬	৩৯৩.৭	৬২০.৬	১৪৩.৭	৯৯.০	১২৫৭.০	১৫৪১৯৪.০	৫৯.০	১৬৯৯.০	৪৯৭.০	২১৯৬.০
		২০১৬	৩১৬৩.৩	৩৬৫.৮	৬৮৮.৯	১৭৬.৮	১০৬.০	১৩৩৭.৫	১৮০৪৪৩.০	৬০.০	২৩৮০.০	৫৫৭.০	২৯৩৭.০
২০	ইসলামী কর্শিয়াল ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	২৪৫.০	১০২.৭	৭১.৬	২০.৬	১৩.১	২০৭.৯	১৯১৯৮.০	৩৪.০	১১০.০	১০৬.০	২১৬.০
		২০১৫	২৬৭.০	১০৮.৩	৭৬.৮	৩৩.১	১১.১	২২৯.২	২৬২২৩.০	৩৭.০	১৩৫.০	১২৯.০	২৬৪.০
		২০১৬	৩২৫.৯	১৪৬.৪	৬৩.৭	৪৩.৮	২৯.৫	২৮৩.৪	৩৫০৯৮.০	৩৭.০	২১১.০	১৬৫.০	৩৭৬.০
২১	ইসলামী ইন্স্যুঃ বাং লিঃ	২০১৪	৩৬২.৮	৯৫.১	১২৮.৮	৪৬.৬	৩.৫	২৭৪.০	৩৬৪০৮.০	১০৩.০	২৬৭.০	৯০.০	৩৫৭.০
		২০১৫	৪১৭.০	১১০.৯	১৪২.৭	৫২.৭	৪.৬	৩১০.৯	৪৯০৮২.০	৭২.০	১৯৫.০	৯৩.০	২৮৮.০
		২০১৬	৪৪৪.২	১১১.৭	১৫৮.৮	৫৮.৬	৪.৫	৩৩৩.৬	৫৩৮৬০.০	৫৬.০	১৮১.০	১২০.০	৩০১.০
২২	জনতা ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	২৯৫.৩	৪৯.৫	৮০.৬	২৩.৩	৩.১	১৫৬.৫	১৪২৬১.০	৩০.০	৫৯.০	১৭.০	৭৬.০
		২০১৫	২৬৮.৭	৩৯.০	৪৪.০	৪৩.৫	১৪.৮	১৪১.৪	১৬০১৩.০	৩১.০	৬৮.০	২৩.০	৯১.০
		২০১৬	৩৩৭.২	৯৮.৩	৫৯.৯	২৮.৮	১৪.২	২০১.৩	১৬৩১০.০	৩১.০	৭১.০	৫০.০	১২১.০
২৩	কর্ণফুলী ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	২৭৪.৩	৫৭.৩	৪৮.০	১৮.০	১৬.৩	১৩৯.৬	৩৪০১৮.০	৬১.০	১২৩.০	১২৫.০	২৪৮.০
		২০১৫	২৮০.৮	৫২.৩	৬০.৭	১৮.৪	১৬.৬	১৪৮.১	৪৩৫১১.০	৩৭.০	১৪১.০	১১১.০	২৫২.০
		২০১৬	২৯৪.৯	৬২.৫	৫৬.৫	২০.৬	২২.৫	১৬২.১	৪০৪৩৪.০	৩৯.০	১৪৪.০	১৮৩.০	৩২৭.০
২৪	মেঘনা ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৩৯৪.৯	৮০.৮	১১৯.৩	৫৫.৩	১০.১	২৬৫.৬	৪৮৩০১.০	৩১.০	১০৭.০	৬৬.০	১৭৩.০
		২০১৫	৪১৯.৮	৮৮.১	১১৮.৯	৮৩.৫	৬.৩	২৯৬.৮	৬৩৩০৩.০	১১.০	১৩২.০	৯১.০	২২৩.০
		২০১৬	৪৭১.৫	১০৪.৭	১২৭.৩	১১৩.৪	৭.৭	৩৫৩.২	৭৯৫৫২.০	৪.০	২২৪.০	১৫৩.০	৩৭৭.০

	কোম্পানীর নাম	লিমিয়াম আয়ের উপর বীমা দাবি পরিশোধের শতকরা হার	বিনিয়োগ			বিনিয়োগ হতে আয়	রিজার্ভ	মোট সম্পদ	মোট ব্যবস্থাপনা ব্যয়	প্রিমিয়াম আয়ের উপর ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার	মোট প্রদানকৃত আয়কর	নীট মুনাফা	ইপিএস (টাকা/শেয়ার
			সরকারি সিকিউরিটিজ	অন্যান্য	মোট								
	১	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
১৩	ঢাকা ইন্স্যুঃ লিঃ	০.০	২৫.০	১১২০.০	১১৪৫.০	৭২.৬	১৮৩.৫	১৪২৫.৬	১৪২.০	০.৫	৫৬.৬	১৪৪.৫	১.৮
		০.০	২৫.০	১১৫৫.০	১১৮০.০	৫১.২	২০৩.৬	১৫৩৮.০	১৪১.৮	০.৫	৫৫.৮	১১৮.৬	১.৪
		০.১	২৫.০	১১০৪.০	১১২৯.০	৪৯.৪	২২০.৬	১৫৮৬.৭	১৪৫.৮	০.৬	৪৩.৯	১০৪.১	০.০
১৪	ইষ্টল্যান্ড ইন্স্যুঃ কোং লি	০.৪	২৫.০	১৩১৮.০	১৩৪৩.০	১২১.০	৮২৯.০	১৭৮৪.০	১৫৯.০	০.২	৪১.০	১৫৮.০	২.৯
		০.৪	২৫.০	১৬৫৪.০	১৬৭৯.০	১৪৯.০	১০৯৭.০	২১৭০.০	১৬১.০	০.২	১৯.০	১২০.০	২.০
		০.২	২৫.০	১৫৬৫.০	১৫৯০.০	১২৮.০	১১৫৪.০	২৩৪৭.০	১৬৭.০	০.২	১২.০	১৪১.০	১৯৮.০
১৫	ইস্টার্ণ ইন্স্যুঃ কোং লিঃ	০.১	২৫.০	১৮১০.০	১৮৩৫.০	৯৭.৮	১০৮৯.০	১৯৭৮.৩	১১২.৯	০.৩	৫৩.৬	১৬২.১	২.৫
		০.২	২৫.০	১৮৬৭.০	১৮৯২.০	১০০.৮	১১১৯.৫	২০৪৯.১	১১৮.৭	০.৩	৪৬.৫	১৬২.৭	২.৭
		০.১	২৫.০	১৯১৭.০	১৯৪২.০	১২১.৪	১১৭১.৭	২০৯২.১	১২০.৯	০.৩	৪৫.০	১৮৩.৫	৩.২
১৬	এক্সপ্রেস ইন্স্যুঃ লিঃ	০.২	২৫.০	৬৫৬.০	৬৮১.০	৪৫.৯	২৪১.৯	৯৭৪.৯	১৭৮.৮	০.৪	৩২.৫	১১৫.৮	২.৬
		০.৩	২৫.০	৬৫৮.০	৬৮৩.০	৪১.৭	২৫৪.৮	১০৩২.৪	১৭৭.৮	০.৪	৩৯.৯	৮৬.৫	১.৪
		০.১	২৫.০	৬৬৭.০	৬৯২.০	৩৪.৮	২৫২.৮	১০৭৭.৩	১৭৪.৭	০.৫	৩৩.৩	৭৯.৩	১.২
১৭	ফেডারেল ইন্স্যুঃ কোং লিঃ	০.৩	২৫.০	৪৩৭.০	৪৬২.০	৩৫.৫	৫৪.০	১১৮৮.৮	১৯৬.৪	০.৪	৩৮.৪	৯৪.৫	১.১
		০.৬	২৫.০	২৪১.০	২৬৬.০	২৬.০	৫৪.৫	১০৯৮.২	১৯৮.৭	০.৪	১১.৫	২৯.১	০.৩
		০.২	২৫.০	২৩৬.০	২৬১.০	১৩.৩	৫৬.৩	১১২৯.৩	১৮৮.০	০.৪	১৯.৭	৫১.১	০.৫
১৮	গ্লোবাল ইন্স্যুঃ লিঃ	০.১	২৫.০	৩৬২.০	৩৮৭.০	২৩.৯	৪৯.১	৫৮৮.৪	৯৪.৪	০.৪	২২.৯	৫৪.১	১.২
		০.১	২৫.০	৩৬২.০	৩৮৭.০	২৪.৫	৪৯.১	৬৭৩.০	১১৩.৪	০.৪	২০.৪	৫১.১	১.০
		০.১	২৫.০	৩৬৬.০	৩৯১.০	২১.৫	৪৯.১	৭২৭.৫	১১১.৪	০.৫	১১.৮	২৯.৯	০.৬
১৯	গ্রীনভেল্টা ইন্স্যুঃ কোং লিঃ	০.৪	২৫.০	৫৫৫৪.০	৫৫৭৯.০	২২০.৭	৩৬৮৪.৯	৬৫৯৯.৪	৫৫৭.২	০.২	৪২.২	২৩৯.৩	৩.৩
		০.৪	২৫.০	৬৩৮৮.০	৬৪১৩.০	২১২.৫	৪৪৯৭.২	৭৬৬০.৫	৫৩৭.৭	০.২	৫১.৩	২৩০.৩	২.৯
		০.৪	২৫.০	৬৩৬৬.০	৬৩৯১.০	১৮১.৩	৪৪৬১.৮	৮৫৮৮.২	৮৪৮.৪	০.৩	৩৩.৯	২৪৮.৬	৩.১
২০	ইসলামী কর্পোরেশিয়াল ইন্স্যুঃ কোঃ লিঃ	০.১	২৫.০	৪৩৭.০	৪৬২.০	৩৩.৬	১৫০.২	৬২৭.৬	১০৫.০	০.৪	২৩.৬	৬৭.৭	২৫.৯
		০.৪	২৫.০	৪৭১.০	৪৯৬.০	২৮.০	১৬৫.৫	৭০৭.৬	১২৪.১	০.৫	২২.৪	৫৪.৯	১৬.৫
		০.১	২৫.০	৪৯৯.০	৫২৪.০	৩৯.১	১৯৭.৩	৭৯৬.৫	১৬০.৮	০.৫	১৭.৩	৫১.৬	১৩.৮
২১	ইসলামী ইন্স্যুঃ বাং লিঃ	০.২	১৫.০	৫৭৫.০	৫৯০.০	৩৩.৫	১৭১.৫	৭৬৪.২	২২৭.০	০.৬	১৪.০	৮১.৯	২.০
		০.২	১৫.০	৫৭৮.০	৫৯৩.০	২৭.৫	১৯১.১	৭৯৩.১	২৫৪.২	০.৬	৩৭.৩	৪৯.৫	১.২
		০.১	১৬.৮	৬৩৩.০	৬৪৯.৮	১৬.৯	২১০.৭	৮৩৪.৩	২১৪.০	০.৫	১৭.৩	৬১.৪	১.৩
২২	জনতা ইন্স্যুঃ কোং লিঃ	০.৩	২৫.০	৪৪২.০	৪৬৭.০	৩৬.২	১২৪.০	৮০৭.৮	৫৮.৭	০.২	১০.১	৫.৬	০.২
		০.৪	২৫.০	৪২৫.০	৪৫০.০	২৯.১	১১৭.৩	৮১১.০	৫৯.৫	০.২	১৯.০	১৯.৯	০.৫
		০.৪	২৫.০	৩৯৫.০	৪২০.০	২০.৬	১৪৩.৭	৮২২.৪	৫৯.০	০.২	১০.২	৪.০	০.১
২৩	কর্ণফুলী ইন্স্যুঃ কোং লি		২৫.০	৮৬২.৯	৮৮৭.৯	৭২.৬	২৪৭.৯	১২৩৮.৭	১২৭.৬	০.৫	৩৩.১	৯০.৫	১.৫
			২৫.০	৭৯৬.৭	৮২১.৭	২৫.৯	২২০.৪	১২১৬.৯	১২৫.৬	০.৪	২৮.১	৪৪.৩	০.৫
			২৫.০	৭৯৯.৭	৮২৪.৭	৪৭.০	২৪১.৬	১২৩৪.৮	১১৯.২	০.৪	২৭.৮	৮০.৩	১.৪
২৪	মেঘনা ইন্স্যুঃ কোং লিঃ	০.০	২৫.০	১৮৭.০	২১২.০	১৭.২	৫৪.৭	৪৯১.৭	২৬৯.৭	১.০	৩.৮	১৩.০	১.৮
		০.০	২৫.০	১৯৫.০	২২০.০	১৫.৯	৬৭.৮	৫৬৪.৪	২৮৯.১	১.০	১৬.২	১৪.৩	১.৯
		০.১	২৫.০	২০৩.০	২২৮.০	১৩.০					২৪.৫		

	কোম্পানীর নাম	সাল	গ্রস প্রিমিয়াম	নীট প্রিমিয়াম					পলিসির সংখ্যা	এজেন্টের সংখ্যা	বীমা দাবি		
				অগ্নি	নৌ	মোটর	অন্যান্য	মোট			নিষ্পত্তিকৃত	অনিষ্পত্তিকৃত	মোট
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
২৫	মার্কেন্টাইল ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	২৮৫.৬	৮৬.০	১৫৮.১	১৩.২	২৮.৩	২৮৫.৬	১৮৪১৫.০	৩০.০	৯৬.০	২৭.০	১২৩.০
		২০১৫	২৯৭.০	১১২.০	১৩৭.০	১৫.০	৩৩.০	২৯৭.০	১৮৩১০.০	২৮.০	৫৩.০	১২.০	৬৫.০
		২০১৬	৩০২.৬	১১২.৭	১৩৯.৪	১৪.০	৩৬.৬	৩০২.৬	১৮৫৮০.০	২৮.০	৩০.০	৩৭.০	৬৭.০
২৬	নিটল ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৬০৪.৬	৩৫.৯	১১৩.৫	৩১৪.৮	৭.২	৪৭১.৩	৪৪৫০৬.০	৯১.০	১১৬৩.০	২৪৪.০	১৪০৭.০
		২০১৫	৬০৮.৩	১.০	১১১.২	৩২২.০	৮.১	৪৪২.৩	৪৮৫০০.০	৫৬.০	২০৭০.০	৪৭৯.০	২৫৪৯.০
		২০১৬	৬১৩.৯	২২.৪	১২৫.৫	৩৩৪.২	৮.৮	৪৯০.৯	৫৬৭৪৯.০	৪৮.০	১৯৭২.০	৪৩৬.০	২৪০৮.০
২৭	নর্দার্ণ জেনাঃ ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৩২৯.১	৯৭.৮	৪৪.৫	৫১.১	১৫.৬	২০৯.০	৩৩০৮০.০	৫২.০	২২৭.০	৯২.০	৩১৯.০
		২০১৫	৩৫১.৫	১০৪.৯	৭২.৫	৫০.৬	১৩.৬	২৪১.৬	৪২৩৪৬.০	৩১.০	২১০.০	৯০.০	৩০০.০
		২০১৬	৩৭৩.৪	৯৩.৭	৯৭.৪	৪৮.৫	১১.২	২৫০.৭	৪৭১৪৩.০	৩৫.০	২৪০.০	৯৭.০	৩৩৭.০
২৮	প্যারামাউন্ট ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	১৩৬.৮	১০.৬	৩৮.৪	১৫.৯	৩.৪	৬৮.৩	৪৪৬২.০	৩৮.০	১২.৫	৩৭.৬	৫০.১
		২০১৫	১৪২.২	২৩.৮	২৮.৬	২০.৬	৪.৫	৭৭.৪	৫০৮৭.০	২২.০	৪৪.৫	৮.৮	৫৩.৩
		২০১৬	১৬৯.৩	৩৫.৮	৩৭.৪	২০.৬	৪.৭	৯৮.৪	৬০০০.০	২২.০	২১.২	২.৫	২৩.৭
২৯	পিপলস ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৪৭০.৩	৮৩.০	১২৬.৮	৭১.০	৪.০	২৮৪.৮	৩৮৯৪২.০	৩০২.০	২৬৯.০	১১১.০	৩৮০.০
		২০১৫	৫৩৫.৭	১২৭.৫	১০৪.৫	১১৪.২	৮.০	৩৫৪.২	৪৩০০০.০	৩০৫.০	২৫৮.০	১৩৯.০	৩৯৭.০
		২০১৬	৬০৮.৮	১২৯.৭	১০২.৭	১৪৪.৯	৭.০	৩৮৪.২	৪৫৬৪১.০	৩১৯.০	২৮৭.০	২৪০.০	৫২৭.০
৩০	ফিনিক্স ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৬১০.৪	২১৩.০	২৮৫.৬	৬৪.৮	৪৭.০	৬১০.৪	৫০১৫১.০	৭৯.০	২৯২.০	৩৭৫.০	৬৬৭.০
		২০১৫	৬৪৪.৭	২৪১.৪	২৪৭.২	৬০.৮	৯৫.৩	৬৪৪.৭	৫৫৭৩৬.০	৯৪.০	৪৪৫.০	২৮২.০	৭২৭.০
		২০১৬	৬৫২.২	২৫২.৪	২৫১.০	১০০.৯	৪৭.৯	৬৫২.২	৫৬৯৮৯.০	১২৪.০	২৮৩.০	৩৩০.০	৬১৩.০
৩১	পাইওনিয়ার ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	২১৩৫.৫	১৮২.৮	৪১৪.০	২৫৭.০	১৪৪.৫	৯৯৮.৩	৮২৯৯৫.০	১৯৩.০	১১৮৩.০	৪৫৮.০	১৬৪১.০
		২০১৫	২২৮৩.৬	৩৩৬.৩	৩২৬.৯	২৯২.১	৭৬.৬	১০৩১.৯	৮৯২৫১.০	১৫১.০	১১৫৫.০	৫৫১.০	১৭০৬.০
		২০১৬	২৫০৪.৪	২৪৬.৬	৪১৮.২	২৭৯.৭	১২১.৬	১০৬৬.০	৯১৬১৮.০	১৪৩.০	১২১২.০	৬৭০.০	১৮৮২.০
৩২	প্রগতি ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	১৩৮৮.০	৮৭.০	২৮৯.০	১৪৪.০	৩৮.০	৫৫৮.০		১২১.০	১০০২.০	২৪৫.০	১২৪৭.০
		২০১৫	১৫১৩.০	১৩৩.০	২০৬.০	২০১.০	৬৮.০	৬০৮.০		৯৬.০	১১১৬.০	৩৩০.০	১৪৪৬.০
		২০১৬	১৫৪৩.০	১২৭.০	২৩৬.০	২১২.০	৬৩.০	৬৩৮.০		৬৭.০	১০৫০.০	৩৮২.০	১৪৩২.০
৩৩	প্রাইম ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৫৫০.৪	১৬৫.৭	১৯৭.১	৪৩.৪	১৪৪.৩	৫৫০.৪	৩১৩০০.০	৫০.০	১৫৮.০	২৪৬.০	৪০৪.০
		২০১৫	৫৭৯.৬	২০৫.০	১৪৭.৯	৪৬.৭	১৭১.১	৫৭০.৬	৩১৫৫০.০	৫০.০	২৮৯.০	৩১৯.০	৬০৮.০
		২০১৬	৫৩৫.০	২৬৩.৯	১৪৪.০	৪৬.৪	৬৮.৯	৫২৩.২	৩২৫০০.০	২৫.০	৫২৪.০	২৬০.০	৭৮৪.০
৩৪	প্রভাতী ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৩৩২.৭	১১৬.৫	৮২.২	৩৯.৫	১১.৩	২৪৯.৫		৮৪.০	১২৬.৯	১১০.০	২৩৭.০
		২০১৫	৪০৫.১	১৪৬.৪	১০৭.৬	৫৩.২	১০.০	৩১৭.১		৮৪.০	১২৯.৬	১১৩.৬	২৪৩.২
		২০১৬	৪৪৩.৩	১৮৩.৭	১১২.২	৫৪.১	৮.৮	৩৫৮.৮		৮৪.০	৮৩.৫	১৯৮.৬	২৮২.১
৩৫	পূরবী জেনাঃ ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৫৩.৭	৩.৭	৬.৭	৮.৩	০.৮	১৯.৫		৯.০	৭.০	৪.০	১১.০
		২০১৫	৫২.৯	২.০	৬.৭	৮.৬	০.৮	১৮.১		৯.০	৪.০		৪.০
		২০১৬	৫৮.৭	২.৩	৭.০	৭.৩	১.০	১৭.৫		৯.০			০.০
৩৬	রিলায়েন্স ইন্স্যুঃ লিঃ	২০১৪	২০২৬.৭	২০১.৯	৪৬৪.১	১৬৩.৬	৭৮৪.০	১৬১৩.৫	৭০৪৬৪.০	১৪২.০	৫৯১৬.০	৫৯৬.০	৬৫১২.০
		২০১৫	২২৭১.৭	২১৫.০	৩৯৪.৭	১৯২.৫	৭৫৮.০	১৫৬০.২	৭২৯৭৭.০	১৬৭.০	৬৩০৬.০	৭২৪.০	৭০৩০.০
		২০১৬	২৪৮৬.৯	২৫৬.১	৩৯৪.৫	২১০.০	৯০৭.০	১৭৬৭.৬	৭৮৩৫৪.০	১৬৫.০	৬৩১১.০	৯৩৪.০	৭২৪৫.০

	কোম্পানীর নাম	প্রিমিয়াম আয়ের উপর বীমা দাবি পরিশোধের শতকরা হার	বিনিয়োগ			বিনিয়োগ হতে আয়	রিজার্ভ	মোট সম্পদ	মোট ব্যবস্থাপনা ব্যয়	প্রিমিয়াম আয়ের উপর ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার	মোট প্রদানকৃত আয়কর	নীট মুনাফা	ইপিএস (টাকা/শেয়ার
			সরকারি সিকিউরিটিজ	অন্যান্য	মোট								
	১	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
২৫	মার্কেন্টাইল ইন্স্যুঃ কোং লিঃ		২৫.০	৯০২.০	৯২৭.০	৭৭.৩	২৪৩.৪	১২৩৭.৬	৪৪.৪		২৩.৬	৮৮.৬	১.৫
			২৫.০	৯৩৪.০	৯৫৯.০	৭৯.৭	২৬০.৯	১৩০৪.১	৪৭.৬		২১.৬	৮৩.১	১.৪
			২৫.০	৯৭১.০	৯৯৬.০	৮৩.৪	২৮১.১	১৩৪২.৯	৬৩.৬		২৬.৯	৮৭.৭	১.৪
২৬	নিটল ইন্স্যুঃ কোং লিঃ		২৫.০	৭১০.০	৭৩৫.০	৪০.৪	৪৯৭.৩	১০০০.৫	১৪৪.৬		২৩.৬	৮৭.৫	৩.৬
			২৫.০	৭৬১.০	৭৮৬.০	৩৫.৫	৫৩৯.৬	১০৯২.৮	১১৭.৬		২২.৩	৭৫.৯	২.৭
			২৫.০	৮৮৩.০	৯০৮.০	৪১.৭	৫৯১.৪	১২৮০.৮	১১৭.৪		১৯.৫	৮৪.৬	২.৮
২৭	নর্দার্ণ জেনাঃ ইন্স্যুঃ কোং লিঃ		২৫.০	৭৩৫.০	৭৬০.০	৩৫.৭	৩০২.৫	১১৮৮.০	৯২.৭	০.৩	১১.৭	৩৬.৩	১.৮
			২৫.০	৪৭১.০	৪৯৬.০	২৫.০	৩২৭.৫	১১১০.৭	৭৩.৬	০.২	৩৫.৩	৬৪.১	১.৯
			২৫.০	৪৭৪.০	৪৯৯.০	১৯.৪	৩৫৭.৫	১১৬০.৫	৬৪.৪	০.২	২৩.৩	৭২.১	১.৮
২৮	প্যারামাউন্ট ইন্স্যুঃ কোং লিঃ	০.২	২৫.০	২৯৩.০	৩১৮.০	২৭.৩	৬৬.৬	৪৭৭.৪	৫৫.৬	০.৮	১৭.৭	৩৩.৫	১.৫
		০.৬	২৫.০	৩১৬.০	৩৪১.০	২৫.৮	৭৬.৬	৪৮১.১	৬২.৫	০.৮	১৮.৪	৩৫.৭	১.৫
		০.২	২৫.০	৩৬০.০	৩৮৫.০	২৩.০	৮১.৬	৫৩৮.৯	৭৩.৪	০.৭	১৬.০	২৮.৫	১.১
২৯	পিপলস ইন্স্যুঃ কোং লিঃ	০.১	২৫.০	১৩৩৯.০	১৩৬৪.০	১১৩.৬	৩৬১.৮	১৭৪৩.৭	২২৪.৩	০.৫	৪৯.৬	১৭৬.৬	২.১
		০.৩	২৫.০	১৩৫৫.০	১৩৮০.০	১২৫.৩	৩৯৩.৮	১৭৮৯.৪	২৫০.৮	০.৫	৪০.৯	১১৪.৪	১.৮
		০.২	২৫.০	১৪৬৩.০	১৪৮৮.০	১৩৫.৪	৪৬১.৩	১৮৯২.০	২৬৮.৮	০.৪	৪৩.৮	১৭৯.২	০.০
৩০	ফিনিক্স ইন্স্যুঃ কোং লিঃ	০.২	২৫.০	১১২৩.০	১১৪৮.০	১২৪.১	৪৫০.২	১৭৭৬.৫	২৫৮.৫	০.৪	২৯.৬	১৬৭.৮	৩.৪
		০.১	২৫.০	১০৮৭.০	১১১২.০	৭৮.৫	৪৯৯.১	১৭৯৯.০	২৫৬.৪	০.৪	৩৭.০	১৫১.৭	২.৮
		০.১	২৫.০	১১২৭.০	১১৫২.০	৬০.৬	৫২৩.১	১৮২২.০	২৬৬.৮	০.৪	৩৩.০	১৩৪.৫	০.০
৩১	পাইওনিয়ার ইন্স্যুঃ কোং লিঃ	০.৩	২৫.০	১৬৯৬.০	১৭২১.০	১০৪.৫	৫২৭.৭	২২৭৪.৫	৬৫০.৪	০.৩	৪৭.৯	২৭৪.৬	৩.৯
		০.৪	২৫.০	২১০১.০	২১২৬.০	১১২.৬	৯৪৬.৪	২৭২১.৩	৭১৩.২	০.৩	৭১.৪	২৬৬.৮	৩.০
		০.৪	২৫.০	২৩১২.০	২৩৩৭.০	১০৮.৮	১২৪০.৩	২৯৯৩.০	৭১৭.১	০.৩	৫৩.৬	২৫৮.৬	২.৬
৩২	প্রগতি ইন্স্যুঃ কোং লিঃ	০.২	২৫.০	৩১১০.০	৩১৩৫.০	১৪৭.০	২২৪৩.০	৩৯৬৮.০	৩৬১.০	০.৬	১৯.০	১১২.০	১.৭
		০.৩	২৫.০	৩১১৬.০	৩১৪১.০	১৩০.০	২৩২৭.০	৪০৬৫.০	৩৫৮.০	০.৬	২৫.০	১২২.০	১.৭
		০.৪	২৫০.০	৩০৯৭.০	৩৩৪৭.০	১২০.০	২৫০৭.০	৪২০০.০	৩৩৭.০	০.৫	৫৪.০	১৮৬.০	২.৪
৩৩	প্রাইম ইন্স্যুঃ কোং লিঃ	০.০	৯.০	১১৮১.০	১১৯০.০	৬০.৫	২৭৪.১	১১৮৯.৮	২৩০.৭	০.৪	৪০.২	৯৮.৪	২.৪
		০.০	৯.০	১১৯৮.০	১২০৭.০	৩৪.৫	২৩৮.১	১১৩৭.০	২৩২.০	০.৪	৪৬.৫	৮৭.৭	২.২
		০.০	৯.০	১১০৩.০	১১১২.০	৪৩.৬	২৬১.৪	১১১১.০	২১০.২	০.৪	৫৩.২	৭৪.২	১.৮
৩৪	প্রভাতী ইন্স্যুঃ কোং লিঃ ২	০.৪	২৫.০	৪৯১.০	৫১৬.০	৩৬.৭	২১৩.৭	৬৮৭.৯	১১৪.১	০.৩	১৬.৭	৬৬.৩	১.৬
		০.৩	২৫.০	৫৮৪.০	৬০৯.০	২৯.৯	২৯২.৪	৭৮৪.১	১৩৪.৭	০.৩	২৬.৭	৭৪.৫	১.৮
		০.২	২৫.০	৫৯৫.০	৬২০.০	২২.৯	৩২৮.৫	৯৪৮.৫	১৪০.৪	০.৩	২৩.১	৭১.৫	১.৮
৩৫	পূরবী জেনাঃ ইন্স্যুঃ কোং লিঃ	০.০	৪.৫	৫২৭.০	৫৩১.৫	৭৫.১	১০.৮	৭৩৫.১	১৮.৬	০.৩	৩.২	৭২.১	১.৪
		০.২	৪.৫	৫৮৭.০	৫৯১.৫	৭৩.৬	৩৫.৫	৮০০.১	১৭.১	০.৩	১৪.৯	৭২.৪	১.৪
			৪.৫	৬৩৪.০	৬৩৮.৫	৭২.৫	৩৫.৫	৮৭৮.২	১৮.৫	০.৩	২৪.৪	৭০.৫	১.২
৩৬	রিলায়েন্স ইন্স্যুঃ লিঃ		২৫.০	৪৮১৩.৮	৪৮৩৮.৮	২৯৮.৫	৩৬৮৬.১	৫৭২৮.১	৩৮০.৪		১৬০.২	২৯৮.২	৪.৩
			২৫.০	৫১৬১.০	৫১৮৬.০	২৮৮.৪	৩৮২৮.৩	৬৩১২.১	৩৯৪.৯		১৪০.২	৩১৬.৭	৪.৬
			২৫.০	৫৪৮১.৭	৫৫০৬.৭	২৮৬.৫	৪০০৬.১	৬৫৯৯.৫	৪১৭.০		১৩৬.৯	৩৫৭.৮	৪.৫

	কোম্পানীর নাম	সাল	গ্রস প্রিমিয়াম	নীট প্রিমিয়াম					পলিসির সংখ্যা	এজেন্টের সংখ্যা	বীমা দাবি		
				অগ্নি	নৌ	মোটর	অন্যান্য	মোট			নিষ্পত্তিকৃত	অনিষ্পত্তিকৃত	মোট
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
৩৭	রিপাবলিক ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৪৩১.০	১২৭.০	১৬৬.০	৩১.০	১৯.০	৩৪৩.০		৪৩.০	১২৫.০	৩৭.০	১৬২.০
		২০১৫	৪৩৭.০	১২১.০	১৫৪.০	৩৮.০	২১.০	৩৩৪.০		২৫.০	১১৫.০	৪২.০	১৫৭.০
		২০১৬	৪৫৮.০	১২৬.০	১৩৪.০	৪৮.০	২৩.০	৩৩১.০		৩১.০	১৯০.০	৯৯.০	২৮৯.০
৩৮	রূপালী ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৭৪৫.৪	১১১.৯	৮৫.৭	২২৯.৮	১৪.০	৪৪১.৪	১০৬১৫৯.০	৮৬.০	৫৮৭.০	৩০৫.০	৮৯২.০
		২০১৫	৮২১.৮	১০৯.২	৯১.৪	২৮৫.৫	১২.৪	৪৯৮.৫	১২৩৫১৫.০	৯০.০	৬৯৯.০	২৩৩.০	৯৩২.০
		২০১৬	৮৪৫.৮	১৩২.৫	১২৩.১	২৩১.৪	১২.৩	৪৯৯.৩	১২৯৮৫২.০	১২০.০	৬৬৪.০	২৮৯.০	৯৫৩.০
৩৯	সেনাকল্যাণ ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	৮৬.৫	৫.৩	৩০.৬	১৪.২	১৭.০	৬৭.০	৩৮৭৩.০	১০.০	১৯.০	৩.০	২২.০
		২০১৫	১৭০.৯	৫.৪	৪৬.৭	১৮.২	৩০.০	১০০.৩	৫৬৪৪.০	৯.০	৩৭.০	৬.০	৪৩.০
		২০১৬	২০৪.০	৩১.৯	৩৮.৬	১৯.১	২০.০	১০৯.৬	৬৫৪৮.০	১৭.০	৫৭.০	১৭.০	৭৪.০
৪০	সিকদার ইন্স্যুঃ কোং লিঃ	২০১৪	১৯৩.৩	৪৫.৯	৫৬.০	৭.৭	৪১.৩	১৫০.৯	৩৫৬৯.০	৩.০	২১.০		২১.০
		২০১৫	২৯৩.১	৪৮.২	৩৯.৯	১৩.৫	৫৪.০	১৫৫.৭	২৮৪০.০	১১.০	১৭.০	৪.০	২১.০
		২০১৬	২১৫.৫	৬৫.৬	৩২.৩	১১.৫	২২.৮	১৩২.০	২৩৪২.০	১১.০	১১.০	১৪.০	২৫.০
৪১	সোনার বাংলা ইন্স্যুঃ	২০১৪	৩১০.৫	৪৩.০	১৩৭.৫	১৮.৫	২.৭	২০১.৬	১৫২৪২.০	৪৫.০	৪২.০	২৪.০	৬৬.০
		২০১৫	৩১৯.৭	৮৯.২	৯৮.৮	১৮.৮	১০.৮	২১৭.৬	১৮৩১৪.০	৩৯.০	৫৫.০	১৮.০	৭৩.০
		২০১৬	৩৪৬.১	১৫০.৮	৬৬.৮	২৭.২	৫.৯	২৫০.৭	১৮৭৪০.০	৩৭.০	৪৮.০	২১.০	৬৯.০
৪২	স্ট্যান্ডার্ড ইন্স্যুঃ লিঃ	২০১৪	৩৮৬.৯	৪৯.২	১৫৯.৯	২৮.১	৭.৩	২৪৪.৫		৪২.০	১৩৩.০	৭৮.০	২১১.০
		২০১৫	২১১.৬	১৭.১	৭২.৯	১৬.৯	২.৯	১০৯.৮		৩৬.০	৫২.০	৮৯.০	১৪১.০
		২০১৬	৩৯.৪	৬.৩	১৭.৯	০.৯	০.৩	২৫.৪		১০.০	২.০	৮৬.০	৮৮.০
৪৩	সাউথ এশিয়া ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৬১.৬	৪.০	৯.৫	৩.৪	১.৭	১৮.৬	৯৩৯.০	৭.০	৭.০	৩.০	১০.০
		২০১৫	৪৯.৪	৪.৮	৮.৫	৩.২	২.৫	১৯.০	৬২৭.০	৫.০	১.০	৩.০	৪.০
		২০১৬	৫৫.৫	১.৪	৯.৪	২.৫	০.৭	১৩.৯	৮৭৬.০	৫.০	২.০	২.০	৪.০
৪৪	তাকাফুল ইসলামী ইন্স্যুঃ লিঃ	২০১৪	৩৬২.০	৮২.০	৯৪.০	২৫.০	১.৫	২০২.৫	৩৬২০৫.০	৫৪.০	১০৮.০	৯২.০	২০০.০
		২০১৫	৩৩৪.০	৬৯.০	৯৮.০	২১.০	১.৭	১৮৯.৭	৪৪৫১৫.০	৪৮.০	১৪৬.০	১৪৭.০	২৯৩.০
		২০১৬	৩৮৫.০	৯৬.০	৯৩.০	১৯.০	৫.৬	২১৩.৬	৫৩৩৪০.০	৪৭.০	১২২.০	৮৫.০	২০৭.০
৪৫	ইউনিয়ন ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৩১৪.৮	৪৩.৬	১৪২.৫	২৫.৪	৫.৪	২১৬.৯		১০৭.০	৫৪.০	১০.০	৬৪.০
		২০১৫	৩০৯.৪	৮৬.১	৮৮.৭	৩৯.৬	৫.৭	২২০.১		১১২.০	৬৯.০	৩.০	৭২.০
		২০১৬	৩১০.৪	৮৮.৮	৯১.১	৪১.০	৬.৮	২২৭.৭		১১৩.০	৯৪.০	২৫.০	১১৯.০
৪৬	ইউনাইটেড ইন্স্যুঃ কোঃ লিঃ	২০১৪	৩৪৫.৩	১২৩.২	১১৩.৮	৪৩.৭	৬৫.০	৩৪৫.৮	০.০	৮৬.০	৯৯০.০	৯৭.০	১০৮৭.০
		২০১৫	৩৮৩.৪	১৪৭.৮	১২৪.০	৪৪.৫	৬৭.০	৩৮৩.৩	০.০	৬১.০	১০৩২.০	৮.০	১০৪০.০
		২০১৬	৪১৮.৭	১৫৮.৯	১৪২.৮	৪৯.২	৬৮.০	৪১৮.৯	০.০	৬১.০	১২২০.০	২১৯.০	১৪৩৯.০
	ইন্স্যুঃ	২০১৪	২৬০৬২.৫	৩৮৬৭.৬	৬৯০২.৫	২৬৭৮.১	২৪২৪.১	১৫৮৭২.৩	২৬০৬২.৫	২৮৭৯.০	১৭৭৬০.৪	৫৭২০.৭	২৩৪৮১.১
		২০১৫	২৮৩৫৮.০	৪৬২০.০	৬২১১.৫	৩১৪৬.২	২৮৭৬.৭	১৬৮৫৪.৪	১৬৫০৩৩৬.০	২৫৪৫.০	১৯৯২৫.১	৬৩১৯.৪	২৬২৪৪.৫
		২০১৬	২৯৮১৪.২	৪৯৪০.৪	৬৬২৯.৯	৩৩৪০.৫	২৭৫৫.৬	১৭৪৫৬.৬	১৮৭৪০০৫.০	২৫০৩.০	২১৩৬৯.৭	৭৭৮৭.১	২৯১৫৬.৮

	কোম্পানীর নাম	প্রিমিয়াম আয়ের উপর বীমা দাবি পরিশোধের শতকরা হার	বিনিয়োগ			বিনিয়োগ হতে আয়	রিজার্ভ	মোট সম্পদ	মোট ব্যবস্থাপনা ব্যয়	প্রিমিয়াম আয়ের উপর ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার	মোট প্রদানকৃত আয়কর	নীট মুনাফা	ইপিএস (টাকা/শেয়ার
			সরকারি সিকিউরিটিজ	অন্যান্য	মোট								
	১	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
৩৭	রিপাবলিক ইন্স্যুঃ কোং লিঃ	০.১	২৫.০	৪২০.০	৪৪৫.০	৪৪.০	১১৪.০	৭৬৭.০	১৩৪.০	০.৩	৪৬.০	৪৩.০	১.৭
		০.১	২৫.০	৪৩৬.০	৪৬১.০	৩৯.০	১২৮.০	৮১৭.০	১৬২.০	০.৪	৩৯.০	৫৩.০	১.৯
		০.১	২৫.০	৪৪৯.০	৪৭৪.০	৪১.০	১৪১.০	৮৯৫.০	১৭৭.০	০.৪	৩৪.০	৫৪.০	১.৮
৩৮	রূপালী ইন্স্যুঃ কোং লিঃ	০.২	২৫.০	১৩৮৪.০	১৪০৯.০	১১৫.৯	৩২৭.৪	২০৫৮.৯	২০৮.৯	০.৩	০.০	১৭২.৫	১.৯
		০.২	২৫.০	১৪২৯.০	১৪৫৪.০	৭৯.৬	৩৪৭.৪	২১৪৫.০	১৮৬.৭	০.২	০.১	১৭৮.৩	১.৯
		০.২	২৫.০	১৪৩৩.০	১৪৫৮.০	৭৮.০	৩৬৭.৪	২২১০.৭	২১০.৪	০.২	০.০	১৮০.২	১.৮
৩৯	সেনাকল্যাণ ইন্স্যুঃ কোং লিঃ	০.৯	২৬.৫	২৫১.০	২৭৭.৫	২০.৯	২৬.৬	৩৩২.১	৬.৭	০.১	১.৭	১২.৪	০.৫
		০.০	২৬.৫	২৮৫.০	৩১১.৫	২৪.৬	৫১.০	৩৬৩.২	৫৬.৯	০.৩	৪.০	৪২.৭	১.৫
		০.১	২৬.৫	৩১৩.০	৩৩৯.৫	২৩.৫	৮৭.১	৪১৯.১	৬৭.১	০.৩	৮.১	৪২.৮	১.৪
৪০	সিকদার ইন্স্যুঃ কোং লিঃ	০.৭	২৫.০	৫০৮.০	৫৩৩.০	১১.৩	০.৫	৭৫৩.৭	৮০.৮	৪১.৮	১.২	১.০	০.০
		০.৮	২৫.০	৫৮৯.০	৬১৪.০	৬৩.১		৯০৪.৬	১৬৮.৯	৫৭.৬	০.৬	৬০.৬	
		০.০	২৫.০	৮০৭.০	৮৩২.০			১০০৪.১	১০৬.৪	৪৯.৪	১.০	৫০.৮	১.৩
৪১	সোনার বাংলা ইন্স্যুঃ		২৫.০	৩৭৫.০	৪০০.০	৪১.৩	২২০.৪	৬৪৩.৫	৫৮.৮		১৪.০	৬৬.৯	১.৪
			২৫.০	৩৫৩.০	৩৭৮.০	৪৩.৮	২৩৯.০	৬৫৬.২	৫২.৯		১৩.২	৬৮.৯	১.৫
			২৫.০	৩২১.০	৩৪৬.০	২৩.৯	১৭৪.১	৬৬২.৬	৫৮.০		১৫.৬	৭৩.৫	১.৬
৪২	স্ট্যান্ডার্ড ইন্স্যুঃ লিঃ	০.০	২৫.০	৭২১.০	৭৪৬.০	৭৬.০	১৮৮.৯	৮৫৯.১	৮০.১	০.০	৩৬.৬	৬৬.০	২.৩
		০.০	২৫.০	৭৫৪.০	৭৭৯.০	৬৪.৬	২৩৩.৯	৮৯৭.০	৭২.২	০.০	৩৭.১	৭৬.৭	২.৭
		০.০	২৫.০	৭২৩.০	৭৪৮.০	৩৬.৮	১৯২.৩	৮৭২.৮	৪৬.৯	০.০	৩৬.২	৬৯.০	২.৭
৪৩	সাউথ এশিয়া ইন্স্যুঃ কোঃ লিঃ		২৫.০	১৭৬.৯	২০১.৯	২২.৪	৬৭.৩	২৫২.৫	২৩.৫		২.০	১৯.৮	৩.৩
			২৫.০	৪৬০.১	৪৮৫.১	১৭.০	১০৮.৪	২৫৭.১	২২.৯		৬.০	৯.৬	১.৬
			২৫.০	১৫৪.৮	১৭৯.৮	১২.৩	১০৯.৭	২৫২.৪	১৬.৮		১০.৩	৭.৩	১.২
৪৪	তাকাফুল ইসলামী ইন্স্যুঃ লিঃ		২৫.০	৫৪৪.০	৫৬৯.০	৪৭.০	২৪৬.০	৭৪৮.০	১৩১.০		৩৬.০	৪৩.০	১.৪
			২৫.০	৫৯৪.০	৬১৯.০	৫০.০	২৫৯.০	৭৯৫.০	১৩৫.০		১৪.০	৫৩.০	১.৬
			২৫.০	৬৭৫.০	৭০০.০	৩২.০	২৯৪.০	৮৮৯.০	১৩৯.০		১৮.০	৪৮.০	১.৪
৪৫	ইউনিয়ন ইন্স্যুঃ কোঃ লিঃ	০.০	৯.০	২০৮.৮	২১৭.৮	৮.৮	২৭.৯	৩৮৮.৪	১৪৬.১	০.৫	৩.২	১৩.৩	০.৯
		০.০	২৫.০	২১২.৪	২৩৭.৪	৬.১	৩৯.০	৪৬৭.৭	১২৭.৩	০.৪	৩.০	৫২.২	২.৩
		০.০	২৫.০	১৪২.৭	১৬৭.৭	৪.২	৪০.৯	৪৯১.১	১৩৩.৭	০.৪	১.৪	৫৪.৮	
৪৬	ইউনাইটেড ইন্স্যুঃ কোঃ লিঃ	০.০	২৫.০	১১৮৭.০	১২১২.০	১১৯.৪	৬২৯.৬	১২১১.৮	১১৯.৮	০.৩	৩২.০	১১৬.২	২.৯
		০.০	২৫.০	১২৭৩.০	১২৯৮.০	১২০.২	৭০৯.৮	১২৯৭.২	১৪৬.৪	০.৪	৩০.০	১২৪.৩	৩.১
		০.১	২৫.০	১৩৭৪.০	১৩৯৯.০	১০৪.৯	৭৮২.৯	১৩৯৮.৯	১৫৯.৭	০.৪	২৬.০	১২০.৫	২.৯
	ইন্স্যুঃ	৮.৮	১০৫৫.২	৫২৫৩৮.৫	৫৩৫৯৩.৭	৪৪১০.৭	২৯৫০৯.৬	৭৮৭২৩.৫	৭৬১২.৯		১৯৮৮.৯	৫৭৩১.৭	১১৪.৭
		১১.৬	১০৭১.২	৫৬১০৬.২	৫৭১৭৭.৫	৪০৫০.০	৩৩৮০৩.১	৮৬৪২৮.০	৭৯৭৩.৯		২১৪৬.৮	৫৮০৭.৮	৯৮.০
		৬.৬	১২৯৮.০	৫৪৬২০.৮	৫৫৯১৮.৮	২৪৮৪.৩	২৩৬৯১.৪	৬৬১২৭.৮	৭৫১৬.১		১২২৩.৭	৪০৫২.৫	২৭৫.৩

পুঁজিবাজার



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকূল দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। পুঁজিবাজারের নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধীন ৮ জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়। কমিশনের উদ্দেশ্য হল-সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত আনুষংগিক বিধি-বিধান প্রণয়ন। পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান হচ্ছেঃ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, স্টক ডিলার/ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার, এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানি, সিকিউরিটি কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং এজেন্সী ইত্যাদি।

পুঁজিবাজারের অর্জনসমূহ ঃ

বিবরণ	২০০৫-২০০৬	২০১৫-২০১৬	২০১৬-২০১৭ (মার্চ পর্যন্ত)
বাজার মূলধন (মিলিয়ন টাকা)	২১৫৪২০	৩,১৮৫,৭৪৯.৩৪	৩,৭৯৮,৩০৫.৯৯
সিকিউরিটিজ লেনদেন (মিলিয়ন টাকা)	৫৭৪৫০	১,০৭২,৪৬০.৬৯	১,৪২৭,৮৯৮.২৫
বৈদেশিক মোট লেনদেন (মিলিয়ন টাকা)	৬৯০	৮০,৮৩৯.১৪	৭১,৭২১.৯৯
মূলধন সরবরাহ (মিলিয়ন টাকা)	৪১৭৫০	১,১২৭,৪০৯.৯৭	১,১৫২,৫৫১.৯৬
বিও একাউন্ট সংখ্যা	৭১৯২৬৫	৩১,৫৫,৫৮৫	২৯,৫৯,৯৯০
তালিকাভুক্ত সিকিউরিটিজের সংখ্যা	৩০৩	৫৫৯	৫৬২
বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের সংখ্যা	৩৬০	১১৯৫	১২৪৯

আইন/ বিধি প্রণয়ন/ সংশোধন

- তালিকাভুক্ত সিকিউরিটিজের ইস্যুয়ার সমূহকে Securities and Exchange Rules, 1987 এর rule 13 হতে অব্যাহতি প্রদান;
- প্রাথমিক গণপ্রস্তাব এর মাধ্যমে শেয়ার ইস্যুকারী কোম্পানিসমূহের উপর শর্তারোপ;
- মিউচ্যুয়াল ফান্ডের স্কীমের অবলুপ্তির পর বন্টনযোগ্য অর্থ পরিশোধ সংক্রান্ত নির্দেশনা প্রদান;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড) রুলস, ২০১৬ প্রণয়ন;
- ফিনান্সিয়াল ডেরিভেটিভস এর নীতিমালা প্রণয়ন;
- Bangladesh Securities and Exchange Commission (Qualified Investors Offer by Small Capital Companies) Rules, 2016 প্রণয়ন;

- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট) বিধিমালা, ২০১৭ প্রনয়ণ;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ প্রনয়ণ;
- ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর সংশোধন;
- স্টক এক্সচেঞ্জ কর্তৃক কোন পাবলিক ইস্যুর উপর চূড়ান্ত সুপারিশ কমিশনে দাখিলের সময়সীমা প্রসঙ্গে নির্দেশনা প্রদান;
- কোম্পানীর বোর্ড সভা করা; ১ম, ২য়, ৩য় ত্রৈমাসিক আর্থিক প্রতিবেদন দাখিল করা; NAV, EPS, NOCFPS প্রকাশ করা প্রসঙ্গে নির্দেশনা প্রদান;
- ক্যাপিটাল ইস্যুর জন্য কমিশনের অনুমোদন গ্রহণের বাধ্যবাধকতা হতে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) কোম্পানিকে অব্যাহতি প্রদান;
- পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরের জন্য কমিশনের শর্ত হতে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) কোম্পানিকে অব্যাহতি প্রদান;
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ প্রণয়ন;
- সরাসরি তালিকাভুক্তি সম্পর্কে স্টক এক্সচেঞ্জসমূহকে নির্দেশনা প্রদান;
- স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির বিপরীতে রক্ষিতব্য প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা প্রদান;
- মার্জিন রুলস, ১৯৯৯ এর রুল ৩(৫) এর কার্যকারিতা ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা প্রসঙ্গে আদেশ জারী।

প্রশাসনিক কার্যক্রম

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ০৮ জানুয়ারি ২০১৭ তারিখে ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, প্রশাসনিক এলাকা, ঢাকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) -এর নবনির্মিত ১০ তলা "সিকিউরিটিজ কমিশন ভবন" এর শুভ উদ্বোধন করেন এবং নবনির্মিত ভবনের অংশ বিশেষ পরিদর্শন করেন। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী ২৪ নভেম্বর ২০১৩ তারিখে উক্ত ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন;
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ০৮ জানুয়ারি ২০১৭ তারিখে ফিন্যান্সিয়াল লিটারেসির ওয়েবসাইট উন্মুক্তকরণের মাধ্যমে দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচির উদ্বোধন ঘোষণা করেন। ফিন্যান্সিয়াল লিটারেসি এর জন্য TVC, বুশিয়ার, বুকলেট ও ওয়েবসাইটসহ বিভিন্ন প্রচারণায় অংশ গ্রহণ করা এবং পূর্নাঙ্গ বাস্তবায়নের জন্য ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে। ইতোমধ্যে দেশব্যাপী ফিন্যান্সিয়াল লিটারেসি কার্যক্রম শুরু হয়েছে;
- ডিপজিটরির বিও হিসাবের বার্ষিক রক্ষণাবেক্ষণ ফি ৫০০ টাকা থেকে ৪৫০ টাকায় নির্ধারণ এবং ট্রানজেকশন ফি সহ বিভিন্ন সেবার ফি হ্রাসকরণ;
- বিনিয়োগকারীর বিও হিসাবে কোন ডেবিট/ক্রেডিট হলে বিনা ফি'তে এসএমএস প্রেরণের ব্যবস্থা গ্রহণ;

- ২২ নভেম্বর ২০১৫ তারিখ Bangladesh Securities and Exchange Commission (BSEC) এবং Securities and Exchange Board of India (SEBI) -এর মধ্যে পুঁজিবাজার এবং মানব সম্পদ উন্নয়ন বিষয়ে একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে তাঁর কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। BSEC এর চেয়ারম্যান এবং SEBIএর চেয়ারম্যান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে MoU তে স্বাক্ষর করেন। উক্ত সমঝোতা চুক্তির আওতায় ইতোমধ্যে দুটি পর্যায়ে BSEC এর মোট বিশ (২০) জন কর্মকর্তার SEBI অনুমোদিত Nism এ এক মাস ব্যাপী প্রশিক্ষণ গ্রহণ;

- কমিশনের নিজস্ব ভবনে ফেব্রুয়ারি-২০১৭ থেকে দাপ্তরিক কার্যক্রম শুরু;

- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন Small and Medium Enterprise (SME) এর জন্য পুঁজিবাজার থেকে মূলধন উত্তোলন এবং স্টক এক্সচেঞ্জে লেনদেনের জন্য পৃথক Small Cap Platform প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2016 প্রণয়ন, যা ২৭ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে;

- পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য সরকার ঘোষিত প্রণোদনা স্কিম বাস্তবায়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৪ জুলাই ২০১৩ তারিখের পত্রের মাধ্যমে পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল নামে ৯০০(নয়শত) কোটি টাকার একটি পৃথক তহবিল গঠন করা হয়েছে, যার সর্বশেষ ৩০০(তিনশত) কোটি টাকার কিস্তিটি ৩০ জুন ২০১৫ তারিখে অবমুক্ত করা হয়। উক্ত তহবিল থেকে মার্চ ২০১৭ পর্যন্ত ৬৪২.০৯ কোটি টাকা বিতরণ করা হয়েছে এবং উক্ত সময়ে ৫১১.৭৯ কোটি টাকা আদায় হয়েছে;

- পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানির নিরীক্ষকদের প্যানেলভুক্তির লক্ষ্যে ১৪ অক্টোবর ২০১৪ তারিখে কমিশন একটি গাইডলাইনস্ অনুমোদন করেছে। ১৬ জুলাই ২০১৫ তারিখে অনুমোদিত নিরীক্ষকদের প্যানেল প্রকাশিত হয়েছে; যা কমিশনের ওয়েবসাইটেও বিদ্যমান রয়েছে এবং নিরীক্ষকদের এ তালিকা প্রয়োজন মাফিক হালনাগাদ করা হয়েছে। ফলে, তালিকাভূক্ত কোম্পানিগুলো এ প্যানেল বর্হিভূত কোন অডিট ফার্ম নিয়োগ করতে পারবে না;

- মিউচ্যুয়াল ফান্ড সেক্টরের গতিশীলতা আনয়নের লক্ষ্যে মেয়াদি মিউচ্যুয়াল (Close-end) ফান্ডগুলোকে বে-মেয়াদি মিউচ্যুয়াল (Open-end) ফান্ডরূপে চলমান রাখার উদ্দেশ্যে প্রয়োজনীয় রূপান্তর প্রক্রিয়া সম্পন্নের নির্দেশনা সম্পর্কিত একটি গাইডলাইন প্রণয়ন করা হয়েছে। ইতোমধ্যে দীর্ঘদিন যাবৎ চলমান Investment Corporation of Bangladesh (ICB) এর অধীন পরিচালিত ৮ টি মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড কে বেমেয়াদি মিউচ্যুয়াল ফান্ড এ রূপান্তর করা হয়েছে। একইভাবে অন্যান্য বিদ্যমান মেয়াদি ফান্ডগুলো মেয়াদ শেষে ইউনিট মালিকগণের তিন চতুর্থাংশ সদস্যের ভোটে বে-মেয়াদি ফান্ডে রূপান্তরিত হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে;

- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অলটারনেটিভ ইনভেস্টমেন্ট) রুলস, ২০১৫ প্রণয়ন পূর্বক কমিশন ২২ জুন ২০১৫ তারিখ নোটিফিকেশন জারী করেছে। উক্ত বিধির আওতায় ৭টি কোম্পানিকে Fund Manager হিসাবে কমিশন থেকে সনদ প্রদান করা হয়েছে। Fund Manager কর্তৃক বিভিন্ন ধরনের ফান্ড; যেমনঃ ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড, প্রাইভেট ইক্যুইটি ফান্ড, ইমপ্যাক্ট ফান্ড গঠনপূর্বক স্বল্পপুঁজির কোম্পানি, গ্রীনফিল্ড কোম্পানি, বুদ্ধি ভিত্তিক বা নতুন ধারণা নিয়ে গঠিত কোন কোম্পানিকে পুঁজি সরবরাহ করার মাধ্যমে দেশের আর্থিক ও সামাজিক উন্নয়নে বহুমুখী অবদান রাখার সুযোগ সৃষ্টি হয়েছে।

রূপকল্প, ২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রেক্ষিত পরিকল্পনার (২০১০-২০২১) বাস্তবায়ন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজার উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। পুঁজিবাজারের সার্বিক উন্নয়নের উদ্দেশ্য পূরণের লক্ষ্যে প্রয়োজন নিয়ন্ত্রক সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন, পুঁজিবাজার সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন, কর্পোরেট সুশাসন ব্যবস্থার উন্নয়ন ও সিকিউরিটিজে বিনিয়োগকারীগণের সচেতনতা ও নিরাপত্তা নিশ্চিতকরণ, প্রয়োজনীয় আইনগত ও প্রশাসনিক সংস্কার সাধন, বিনিয়োগ ব্যবস্থার উন্নয়ন ইত্যাদি।

রূপকল্প-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনে কমিশন কর্তৃক গৃহীত নিম্নোক্ত পদক্ষেপগুলি দেশের অর্থনৈতিক উন্নয়ন ও স্থিতিশীলতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করে আসছে ঃ

উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা	মনিটরিং অগ্রগতি পরিমাপক সূচক
উদ্দেশ্য-১: নিয়ন্ত্রক সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন	
লক্ষ্যমাত্রা-১: বিএসইসি'র নিজস্ব অফিস ভবন নির্মাণ। বাস্তবায়ন মেয়াদঃ জানুয়ারি ২০১৪- ডিসেম্বর ২০১৬	বাস্তবায়িত
লক্ষ্যমাত্রা-২: বিএসইসি'র জনবল বৃদ্ধির লক্ষ্যে নতুন সাংগঠনিক কাঠামো উপস্থাপন। বাস্তবায়ন মেয়াদঃ ডিসেম্বর ২০১৬	সরকারের চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে।
উদ্দেশ্য-২: পুঁজিবাজার সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠা	
লক্ষ্যমাত্রা-১: পুঁজিবাজারের জন্য স্পেশাল ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা। বাস্তবায়ন মেয়াদঃ ২০১২-২০১৫	বাস্তবায়িত
লক্ষ্যমাত্রা-২: ক্লিয়ারিং কোম্পানি প্রতিষ্ঠার জন্য আইন কানুন প্রণয়ন। বাস্তবায়নের মেয়াদঃ ডিসেম্বর ২০১৬	ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট কোম্পানি গঠনের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট) বিধিমালা, ২০১৭ প্রনয়ন করা হয়েছে।
উদ্দেশ্য-৩: সিকিউরিটিজে বিনিয়োগ ব্যবস্থার উন্নয়ন	
লক্ষ্যমাত্রা-১: Startup ও নতুন কোম্পানির পুঁজি সরবরাহের জন্য Alternative Investment পদ্ধতি প্রবর্তন। বাস্তবায়নের মেয়াদকালঃ জুন ২০১৫	বাস্তবায়িত
লক্ষ্যমাত্রা-২: ডেরিভেটিভ ব্যবস্থা চালুকরণ। বাস্তবায়নের মেয়াদকালঃ ডিসেম্বর ২০১৭	এ বিষয়ে নীতিমালা প্রস্তুত করা হয়েছে।
লক্ষ্যমাত্রা-৩: ছোট পেইড আপ কোম্পানির জন্য এক্সচেঞ্জে তালিকাভুক্তি ও লেনদেনের নিমিত্ত পৃথক Small Cap Platform প্রতিষ্ঠা। বাস্তবায়নের মেয়াদকালঃ মার্চ ২০১৬	এ লক্ষ্যে Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2016 প্রণয়ন, যা ২৭ অক্টোবর ২০১৬

	তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে;
লক্ষ্যমাত্রা-৪: Exchange Traded Fund (ETF) চালুর জন্য রুলস তৈরি। বাস্তবায়নের মেয়াদকালঃ জুন ২০১৬	Bangladesh Securities and Exchange Commission (Exchange Traded Fund) Rules, 2016 প্রণয়ন;
উদ্দেশ্য-৪: সিকিউরিটিজে বিনিয়োগকারীগণের সচেতনতা ও নিরাপত্তা নিশ্চিতকরণ	
লক্ষ্যমাত্রা-১: পুঁজিবাজারে ক্ষতিগ্রস্থ বিনিয়োগকারীগনের জন্য প্রণোদনা স্কীমের মাধ্যমে সহায়তা প্রদান। বাস্তবায়নের মেয়াদঃ ২০১২-২০১৫	ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে বিশেষ প্রণোদনা স্কীম এর আওতায় গঠিত তহবিল থেকে মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত ৬৪২.০৯ কোটি টাকা বিতরণ করা হয়েছে এবং উক্ত সময়ে ৫১১.৭৯ কোটি টাকা আদায় হয়েছে;
লক্ষ্যমাত্রা-২: সাধারণ বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ।	বিএসইসি সাধারণ বিনিয়োগকারীদের পুঁজিবাজার বিষয়ে সচেতনতা ও ধারনা দেয়ার নিমিত্ত প্রতিমাসে পৃথকভাবে শুধুমাত্র নারীদের জন্য ১টি সহ মোট ৩টি করে প্রশিক্ষণ কর্মসূচি (তিনদিন ব্যাপী) পরিচালনা করে থাকে, যা সম্পূর্ণ ফি-মুক্ত।
লক্ষ্যমাত্রা-৩: দেশব্যাপী Financial Literacy উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন।	ইতোমধ্যে ফাইন্যানসিয়াল লিটারেসি কার্যক্রম শুরু হয়েছে।

বাজার বিশ্লেষণ ও পর্যালোচনা

বাজারের স্থিতিশীলতা ও স্বচ্ছতা রক্ষার জন্য কমিশন কর্তৃক গৃহীত গত কয়েক বছরের বিভিন্ন সংস্কার কার্যক্রমের প্রেক্ষাপটে বাজারে তার প্রভাব লক্ষ্য করা যায়। গত কয়েক বছর ধরে বাজারের পরিবর্তন স্বাভাবিক পর্যায়ে রয়েছে। কমিশনের পরামর্শে ঢাকা স্টক এক্সচেঞ্জ লি: আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন প্রতিষ্ঠান Standard and Poors এর সহায়তায় ২৮ জানুয়ারি ২০১৩ তারিখে ডিএসইএক্স ইনডেক্স প্রবর্তন করে। জানুয়ারি ২০১৩ থেকে মার্চ ২০১৭ এর মধ্যে ডিএসইএক্স ইনডেক্স ও বাজার মূলধন চার্ট-ক, মাসিক লেনদেন চার্ট-খ এবং বাজার পিই অনুপাত এর পরিবর্তন চার্ট-গ এর মাধ্যমে উপস্থাপিত হল।





চার্ট-ক থেকে লক্ষ্য করা যায় যে, উল্লিখিত সময়ের মধ্যে এপ্রিল ২০১৩ এ ডিএসইক্স সূচক ও বাজার মূলধন সর্বাপেক্ষা কম ছিল এবং মার্চ ২০১৭ তে তা সর্বাধিক হয়। উক্ত সময়ে ডিএসইক্স সূচক ও বাজার মূলধন এর পরিবর্তন কিছুটা ধণাত্বক তবে স্বাভাবিক পর্যায়ে রয়েছে। চার্ট-খ থেকে দেখা যায় বিভিন্ন মাসে বাজারের মোট লেনদেনের মধ্যে বেশ পার্থক্য রয়েছে, এপ্রিল ২০১৩ তে সর্বাপেক্ষা কম এবং জানুয়ারি ২০১৭ সর্বাপেক্ষা বেশি চার্ট-গ থেকে বুঝা যায় যে, উল্লিখিত সময়ের মধ্যে বাজার পিই অনুপাত এপ্রিল ২০১৩ তে সর্বাপেক্ষা কম ১০.৬১ ছিল এবং অক্টোবর ২০১৪ তে তা ছিল সবচেয়ে বেশি ১৮.৯১।

নতুন পুঁজির জোগান ও বিনিয়োগ অনুমোদন

কমিশন বিগত কয়েক বছরে আইপিও, আরপিও, রাইট ইস্যু, মূলধন উত্তোলন (পাবলিক অফার ব্যতীত), ডাইরেক্ট লিস্টিং এর মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য পরিমাণে সিকিউরিটিজে বিনিয়োগ তথা উক্ত প্রতিষ্ঠানসমূহে পুঁজির যোগান অনুমোদন করেছে, যা নিচের সারণিতে প্রদর্শন করা হয়েছে।

আইপিও, আরপিও, রাইট ইস্যু, মূলধন উত্তোলন (পাবলিক অফার ব্যাতীত), ডাইরেক্ট লিস্টিং এর মাধ্যমে বিনিয়োগ (টাকা মিলিয়ন)

অর্থ বছর	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	২০১৪-২০১৫	২০১৫-২০১৬	২০১৬-২০১৭ মার্চ পর্যন্ত
আইপিও	১০৪৭০.৩৮	৮৩৩৪	৬৫২৫.৯০	৮০৮১.৭	৭২৩৬	১৬০০
আরপিও	৩১৩৭	-	-	-	-	-
রাইট ইস্যু	২০৪০২.৭	১৬৬৭.২	৭৪৭৯.৫০	১৩৫৪১	৩৬৫৮.১৫	৪২৫৮.১
মূলধন উত্তোলন (নন-পাবলিক)	১০০৮৯৭.১	১১৫২২৫.৩	১৬৪৩৯৮.৫০	১৪৮০৯৩	১৩৭৭৬৮.৩৮	১১৭৯২৯.৫১
ডাইরেক্ট লিস্টিং	-	-	-	-	-	-
মোট	১৩৪৯০৭.২	১২৫২২৬.৫	১৭৮৪০৩.৯০	১৬৯৭১৫.৭	১৪৮৬৬২.৫৩	১২৩৭৮৭.৬১

মিউচ্যুয়াল ফান্ড

মিউচ্যুয়াল ফান্ড খাতে কমিশন এপ্রিল ২০১৬ হতে মার্চ ২০১৭ পর্যন্ত ১৮টি ফান্ডে টাকা ১১১৩০.১ মিলিয়ন, ২০১৬ সালে ১টি ফান্ডে টাকা ১৪২০ মিলিয়ন, ২০১৫ সালে ৫টি ফান্ডে টাকা ৩০৪০ মিলিয়ন, ২০১৪ সালে ১টি ফান্ডে টাকা ৬০০ মিলিয়ন, ২০১৩ সালে ২টি ফান্ডে টাকা ২০০০ মিলিয়ন, ২০১২ সালে ২টি ফান্ডে টাকা ২০০০ মিলিয়ন , ২০১১ সালে ১১টি ফান্ডে টাকা ৬০৪৫০ মিলিয়ন, ২০১০ সালে ১৩টি ফান্ডে টাকা ১৪৪৫০ মিলিয়ন এবং ২০০৯ সালে ৩টি ফান্ডে টাকা ১৭০০ মিলিয়ন বিনিয়োগ অনুমোদন করেছে। এগুলি ছাড়া আরও ৬টি ফান্ড কমিশনের নিবন্ধন প্রাপ্ত হয়েছে, যা এখনও আইপিও তে আসে নাই।

নতুন নিবন্ধন

কমিশন এপ্রিল ২০১৬ হতে মার্চ ২০১৭ পর্যন্ত ঢাকা স্টক এক্সচেঞ্জ লি: এর জন্য ১২টি ট্রেক হোল্ডার সনদ, ৮টি স্টক ডিলার সনদ এবং ৭টি ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ প্রদান করেছে। উভয় স্টক এক্সচেঞ্জ এর মোট ১৩৩ টি অনুমোদিত প্রতিনিধি সনদ প্রদান করেছে। এ ছাড়া ৩টি সম্পদ ব্যবস্থাপক সনদ, ৩টি Fund Manager সনদ ও ২১টি ডেট সিকিউরিটি ইস্যুর ট্রাস্টি সনদ ইস্যু করে।

এনফোর্সমেন্ট কার্যক্রম

কমিশন সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার/স্টক ডিলার এবং অন্যান্যদের বিরুদ্ধে জরিমানা ও সতর্কীকরণসহ জুলাই ২০১০ - ২০১৭ (মার্চ ১৭ পর্যন্ত) সময়কালে নিম্নরূপ এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণ করে।

বিভিন্ন প্রতিষ্ঠানের বিরুদ্ধে এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণ	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭ মার্চ পর্যন্ত
ইস্যুয়ার কোম্পানি এর বিরুদ্ধে	৩০	৬০	৩১	১৮৮	৭৭
স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে	৪১	৬৩	৬৯	৪৫	২০
ইস্যু ম্যানেজার এর বিরুদ্ধে	২	০১	০৪	০	
মার্চেন্ট ব্যাংকার	০	০	০	০৪	১
চার্টার্ড একাউন্টটেন্ট ফার্ম এর বিরুদ্ধে	০	০	০২	০	
ক্রেডিট রেটিং কোম্পানি এর বিরুদ্ধে	০	০	০	০	
অনুমোদিত প্রতিনিধি এর বিরুদ্ধে	১	০	০	০১	১১
সম্পদ ব্যবস্থাপক	০	০	০	০	১
অন্যান্যের বিরুদ্ধে	১৭	২৮	২৫	১৫	৯

উল্লেখযোগ্য কর্মপরিকল্পনা

পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছরের জন্য আরও কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে পদক্ষেপ গ্রহণ ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, সেগুলি বাস্তবায়িত হলে বাজার উন্নয়নে মৌলিক পরিবর্তন সাধিত হবে। উক্ত বিষয়গুলির সম্ভাব্য পদক্ষেপ ও লক্ষ্যমাত্রা নিম্নরূপঃ

- ❖ Securities and Exchange Ordinance, 1969 বাংলা ভাষায় রূপান্তর।
- ❖ ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ট্রেড পরবর্তী ক্লিয়ারিং ফাংশনের জন্য একটি পৃথক ক্লিয়ারিং কোম্পানী প্রতিষ্ঠা।
- ❖ সর্বস্থরে ফিন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচী প্রনয়ন।
- ❖ স্টক এক্সচেঞ্জে Separate Small Cap Platform প্রতিষ্ঠা।
- ❖ Exchange Traded Fund (ETF) চালুকরণ।
- ❖ পুঁজিবাজারে ডেরিভেটিভ ব্যবস্থা চালু করার জন্য আইনী কাঠামো তৈরি।

পুঁজিবাজার উন্নয়ন বিষয়ক প্রকল্প

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক বাস্তবায়নাধীন এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর সহায়তাপুষ্ট ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম-৩ (CMDP-III) এর আওতায় পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সাপেক্ষে ADB বাংলাদেশ সরকারকে বাজেট সহায়তা হিসেবে ২৫০ (দুইশত পঞ্চাশ) মিলিয়ন মার্কিন ডলার [অনমনীয় শর্তের প্রকৃত মূলধন উৎসমূহ (OCR) হতে ১৫০ (একশত পঞ্চাশ) মিলিয়ন মার্কিন ডলার এবং সহজ শর্তের এশীয় উন্নয়ন তহবিল (ADF) হতে ১০০ (একশত) মিলিয়ন ডলার ঋণ প্রদান করবে। এ ঋণ প্রদানের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে ২২ নভেম্বর ২০১৫ইং তারিখে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম-৩ এর অধীন ঋণ সহায়তা চুক্তির আওতায় আর্থিক খাত সম্পৃক্ত নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ কর্তৃক তথা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC), বাংলাদেশ ব্যাংক (BB) এবং ইন্স্যুরেন্স উন্নয়ন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক দু'টি ধাপে (tranche) মোট ২৬টি কর্মসূচি বাস্তবায়নের বিষয় উল্লেখ আছে। এর মধ্যে প্রথম ধাপে (1^{st} tranche) ৮টি এবং দ্বিতীয় ধাপে (2^{nd} tranche) ১৮টি কর্মসূচি রয়েছে।

১ম ধাপের (1^{st} tranche) ৮টি কর্মসূচী বাস্তবায়ন করায় বাংলাদেশ সরকারকে এশীয় উন্নয়ন ব্যাংক ইতোমধ্যে ৮০ মিলিয়ন মার্কিন ডলার ছাড় করেছে। অবশিষ্ট ১৭০ (একশত সত্তর) মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদানের বিষয়টি ২য় ধাপের (2^{nd} tranche) ১৮টি কর্মসূচি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত। উল্লেখিত ১৮টি কর্মসূচির মধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় সংশ্লিষ্ট ২টি, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সংশ্লিষ্ট ১১টি, বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ৩টি, এবং ইন্স্যুরেন্স উন্নয়ন ও নিয়ন্ত্রণকারী সংস্থা সংশ্লিষ্ট ২টি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ

বিএসইসি সাধারণ বিনিয়োগকারীদের পুঁজিবাজার বিষয়ে সচেতনতা ও ধারনা দেয়ার নিমিত্ত প্রতিমাসে ৩টি করে প্রশিক্ষণ কর্মসূচি (তিনদিন ব্যাপী) পরিচালনা করে থাকে, যা সম্পূর্ণ ফি মুক্ত। বাজার মধ্যস্থতাকারীদের পুঁজিবাজার সম্পর্কে জ্ঞান দান এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য আলোচ্য সময়ে কমিশন ঢাকা স্টক এক্সচেঞ্জ লি: ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লি: এর সদস্যদের অনুমোদিত প্রতিনিধিদের জন্য ঢাকা ও চট্টগ্রামে বেশ কয়েকটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করেছে। সাধারণ বিনিয়োগকারীদের পুঁজিবাজার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য বিএসইসি ২০১৬-২০১৭ সালে ৬৪৬, ২০১৫-২০১৬ সালে ৪৪০, ২০১৪-২০১৫ সালে ৪১০, ২০১৩-১৪ সালে ৮০, ২০১২-২০১৩ সালে ১৬০ এবং ২০১১-২০১২ সালে ২৪০ জন বিনিয়োগকারকে প্রশিক্ষণ প্রদান করে।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসাবে বিএসইসি ৯ সেপ্টেম্বর ২০১৩ তারিখে শুদ্ধাচার প্রতিষ্ঠায় প্রাতিষ্ঠানিক/সাংগঠনিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে একটি নৈতিকতা কমিটি গঠন করেছে। বিএসইসিতে একজন ফোকাল পয়েন্ট নিয়োগ করা হয়েছে এবং এ কৌশল বাস্তবায়নের নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। বিএসইসি 'র মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার বিষয়ে নিয়মিত আলোচনা হয়ে থাকে। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে এপ্রিল ১৬ হতে মার্চ ১৭ পর্যন্ত বিএসইসি'তে বিভিন্ন গ্রেডের কর্মচারীদের জন্য ৪টি প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। এছাড়া বিএসইসিতে সেবার মানের উন্নতিকরণের লক্ষ্যে একটি ইনোভেশন টিম ও একটি উপ-ইনোভেশন টিম গঠন করা হয়েছে। ইনোভেশন টিম ইতোমধ্যে কমিশনের সকল বিভাগের সাথে কাজের মান উন্নয়নের লক্ষ্যে সভার আয়োজন করেছে এবং সকল বিভাগ থেকে এ বিষয়ে ইনোভেশন আইডিয়া সংগ্রহ করেছে। উক্ত ইনোভেশন আইডিয়া বাছাই পূর্বক ২টি আইডিয়া বাস্তবায়নের করেছে।

ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই)

ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান স্টক এক্সচেঞ্জ হিসেবে গঠিত হয়। পরবর্তীতে ১৯৬৪ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড হিসাবে এর পুনঃ নামকরণ করা হয়। আনুষ্ঠানিকভাবে এর ট্রেডিং কার্যক্রম শুরু হয় ১৯৫৬ সালে। কোম্পানি আইনের আওতায় গঠিত ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানি। ডিএসই নিজস্ব রুলস, বাইল'জ, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অধ্যাদেশ ১৯৬৯, কোম্পানি আইন ১৯৯৪ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ অনুসারে পরিচালিত হয়। ১০ আগস্ট ১৯৯৮ থেকে এর ট্রেডিং কার্যক্রম সম্পূর্ণ অটোমেটেড অন-লাইন পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। ডিএসই ২১ শে নভেম্বর ২০১৩ তারিখে ডিমিউচ্যুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ হিসাবে আত্মপ্রকাশ করে। ডিএসইতে বর্তমান পরিচালনা পর্ষদে ১২ জন পরিচালক আছেন। এর মধ্যে ৭ জন স্বাধীন পরিচালক, ৪ জন শেয়ারহোল্ডার পরিচালক এবং ১জন এক্স-অফিসিও পরিচালক (ব্যবস্থাপনা পরিচালক) হিসেবে রয়েছেন।

বর্তমানে ডিএসইতে ২৫০ জন ট্রেকহোল্ডারস্ আছে। এর মধ্যে ব্রোকার লাইসেন্সপ্রাপ্ত ২৪০ এবং ডিলার লাইসেন্স প্রাপ্ত ২২৮। সারা দেশে ট্রেকহোল্ডারদের ৬২৫ টি শাখা অফিস রয়েছে।

ডিএসইকে বিশ্বমানের আধুনিক এক্সচেঞ্জে রূপান্তরের স্বপ্ন পূরণের লক্ষ্যে ১০ আগস্ট ১৯৯৮ সালে ডিএসই স্বয়ংক্রিয় পদ্ধতিতে যাত্রা শুরু করে। ডিএসই এর বর্তমান ট্রেডিং প্লাটফরম-কে সর্বাধুনিক প্রযুক্তি দ্বারা প্রতিস্থাপন করার জন্য NASDAQ OMX এবং FlexTrade Systems এর দ্বারা পরিচালিত ট্রেডিং সফটওয়্যার ডিএসই এক্স-স্ট্রীম আইনেট ম্যাচিং ইঞ্জিন এবং ডিএসই ফ্লেক্স-টিপি অর্ডার ম্যানেজমেন্ট সিস্টেম (ওএমএস) ১১ ডিসেম্বর ২০১৪ তারিখে চালু করা হয়।

ঢাকা স্টক এক্সচেঞ্জের বিগত পাঁচ বছরের অর্জিত সাফল্য

- ২৮ জানুয়ারি ২০১৩ তারিখে S&P Dow Jones কর্তৃক প্রণয়নকৃত গাইড লাইন অনুযায়ী ডিএসই নতুন দুটি সূচক (ডিএসইএক্স ও ডিএস৩০) চালু করে।
- ১৮ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে ডিএসই তার ওয়েব সাইট এর বাংলা সংস্করণ চালু করে।
- ২১ নভেম্বর ২০১৩ তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেডকে ডিমিউচ্যুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ এ পরিণত হয় ।
- ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সেটেলমেন্ট গ্যারান্টি ফান্ড) রেগুলেশনস, ২০১৩ গেজেট আনুমোদন।
- ২০ জানুয়ারি ২০১৪ তারিখে S&P Dow Jones কর্তৃক প্রণয়নকৃত গাইড লাইন অনুযায়ী ডিএসই নতুন একটি সূচক ডিএসইএক্স শরিয়াহ ইনডেক্স (ডিএসইএস) চালু করে।
- ডিএসই এর সার্ভিলেন্স কার্যক্রম কে আরও শক্তিশালী ও উন্নত করার উদ্দেশ্যে সুইডিশ কোম্পানি "TRAPETS-AB" এর সহায়তায় ১১ ই ফেব্রুয়ারি ২০১৪ তারিখে নতুন সার্ভিলেন্স সফটওয়্যার চালু করা হয় ।
- ডিএসই ২২ মে ২০১৪ তারিখে ইহার অফিসিয়াল ওয়েবসাইট এর পূর্ণ বাংলা সংস্কণের লক্ষ্যে ট্রেনিং একাডেমি এবং ওটিসি মার্কেটের অংশ অন্তর্ভূক্ত করে।
- ডিএসই এর বর্তমান ট্রেডিং প্লাটফরম-কে সর্বাধুনিক প্রযুক্তি দ্বারা প্রতিস্থাপন করার জন্য NASDAQ OMX এবং FlexTrade Systems এর দ্বারা পরিচালিত ট্রেডিং সফটওয়্যার ডিএসই এক্স-স্ট্রীম আইনেট ম্যাচিং ইঞ্জিন এবং ডিএসই ফ্লেক্স-টিপি অর্ডার ম্যানেজমেন্ট সিস্টেম (ওএমএস) ১১ ডিসেম্বর ২০১৪ তারিখে চালু করা হয়।
- ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (লিস্টিং) রেগুলেশনস, ২০১৫ গেজেট আনুমোদন।
- বিনিয়োগকারীসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে সুবিধা বৃদ্ধির জন্য অনলাইন পেমেন্ট সিস্টেম ১১ জানুয়ারি ২০১৬ তারিখে চালু করা হয় ।
- মোবাইল এর মাধ্যমে শেয়ার লেনদেনের জন্য নতুন অ্যাপ ''ডিএসই- মোবাইল'' ৯ মার্চ ২০১৬ তারিখে চালু করা হয় ।
- পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিগুলোর আর্থিক প্রতিবেদন থেকে শুর করে সব ধরনের তথ্য বিনিয়োগকারীদের কাছে সহজে তুলে ধরতে ডিএসই'র ওয়েবসাইটে কোম্পানি প্রোফাইলের আপডেট ভার্সন ৭ এপ্রিল ২০১৬ তারিখে চালু করা হয় ।
- ডিএসই'র নিজস্ব বুক বিল্ডিং সিস্টেমের সফটওয়্যার ২৬ মে ২০১৬ তারিখে চালু করা হয় ।

ঢাকা স্টক এক্সচেঞ্জ এর গত পাঁচ বছরের বাজার পরিসংখ্যান

ঢাকা স্টক এক্সচেঞ্জ					
বিবরণ	২০১৩	২০১৪	২০১৫	২০১৬	জানুয়ারি থেকে মার্চ ২০১৭
তালিকাভুক্ত ইস্যু সংখ্যা	৫২৯	৫৪৬	৫৫৯	৫৬০	৫৬২
তালিকাভুক্ত সিকিউরিটিজের পরিশোধিত মূলধনঃ					
(ক) মিলিয়ন টাকায়	৯৯৯,৯৩৬.৬৭	১,০৫৪,৯২৬.৪৯	১,১০৫,৯২৪.৮৬	১,১৪৫,৩০০.১০	১,১৫২,৫৫১.৯৬
(খ) মিলিয়ন মার্কিন ডলারে	১২,৮৬০.৯২	১৩,৫৪৭.২৮	১৪,০৪১.৭১	১৪,৫৩২.৪২	১৪,৪৮৮.৪০
মার্কেট ক্যাপিটালাইজেশন ঃ					
(ক) টাকায়	২,৬৪৭,৭৯০,৮৩৪,৪৭৬.০০	৩,২৫৯,২৪৬,৭৬১,০৬৫.৩০	৩,১৫৯,৭৫৭,৭৪৭,১০০.০০	৩,৪১২,৪৪১,৪৯২,৭৮০.৪৪	৩,৭৯৮,৩০৫,৯৮৫,৪০৫.৮৪
(খ) মিলিয়ন মার্কিন ডলারে	৩৪,০৫৫.১৯	৪১,৮৫৪.৯৭	৪০,১১৮.৮১	৪৩,২৯৯.৬০	৪৭,৭৪৭.৪০
শেয়ার মূল্য সূচক ঃ					
ডিএসই-ব্রড ইনডেক্স (ডিএসইএক্স)	৪২৬৬.৫৫	৪৮৬৪.৯৬	৪৬২৯.৬৪	৫০৩৬.০৫	৫৭১৯.৬১
ডিএসই ৩০ ইনডেক্স (ডিএসই৩০)	১৪৬৬.২৫	১৮০৩.০৬	১৭৫০.৫৯	১৮১০.৯১	২০৯০.৭৬
ডিএসইএক্স শরীয়াহ ইনডেক্স (ডিএসইএস)		১১৫০.২২	১১০৭.১২	১১৯১.৮৭	১৩০৩.৭২
মোট টার্নওভার ঃ					
(ক) সংখ্যায়	২২,৯৮৮,৫২৫,৯৪৯	২৫,৯৯৬,১৬৮,১৬০	২৬,১০৬,০৭০,৯০৫	৩৪,৯১১,৯৯৭,৭২৫	২২,৯২০,৯৫৯,১৪৪
(খ) মূল্য (টাকায়)	৯৫২,৭৪২,০৭৯,৩৯৯.৪০	১,১৮৮,৫২১,৫৪১,২২০.৯৫	১,০৩১,৩৯৮,৬৩৭,১৮৯.০০	১,১৯১,৫৭১,২৭০,২৭৬.৩০	৭৫৪,০৬৯,৯৬০,৯৭৮.১০
(গ) মূল্য (মার্কিন ডলারে)	১২,২৫৩,৯১৭,৪১৯.৫৪	১৫,২৯২,৮৯৩,৮১৩.০৩	১৩,২৫৭,০৫১,৮৯১.৮৫	১৫,১১৯,৫৪৪,০৯৬.৯০	৯,৫১৫,৩৭৮,৩৭১.৯৬
দৈনিক গড় টার্নওভার ঃ					
(ক) সংখ্যায়	৯৬,৫৯০,৪৪৫	১০৯,২২৭,৫৯৭	১০৬,৯৯২,০৯৪	১৪৪,৮৬৩,০৬১	৩৬৩,৮২৪,৭৪৮
(খ) মূল্য (টাকায়)	৪,০০৩,১১৭,৯৮০.৫৪	৪,৯৯৩,৭৮৭,৯৮৮.৩২	৪,২২৭,০৪৩,৫৯৫.০২	৪,৯৪৪,২৭৯,১৩০	১১,৯৬৯,৩৬৪,৪৬০
(গ) মূল্য (মার্কিন ডলারে)	৫১,৪৮৭,০৪৭.৯৮	৬৪,১২৯,৮০৫.৯৪	৫৪,৩৩২,১৭৯.৮৮	৬২,৭৩৬,৬৯৭	১৫১,০৩২,৯৯০
নতুন পাবলিক ইস্যু					
সংখ্যা	১২	২০	১২	১১	১
টাকায় (মূলধন)	১৩,৩৭৭,২৪০,৮৬০.০০	১৭,১২৫,০৫৯,৬৫০.০০	১২,৮১৯,০৭২,৬৪০.০০	১১,৩৩৭,২৭৭,০০০.০০	১,২৪২,০৫৯,৮৬০.০০
মূল্য (মার্কিন ডলারে)	১৭২,০৫৪,৫৪৪.৮২	২২০,১৭৩,০৪৭.৭০	১৬২,৭৬১,২০৬.৭০	১৪৩,৮৫৫,৮১৭.৭৯	১৫,৬১৩,৫৭৪.৬১
পাবলিক অফার (টাকায়)	৮,৩০৫,০০০,০০০.০০	১২,৬৩৬,২০০,০০০.০০	৮,৩০৭,২২১,২০০.০০	৮,৪৯৩,০০০,০০০.০০	২০০,০০০,০০০.০০
(মার্কিন ডলারে)	১০৬,৮১৯,৭২০.২৬	১৬২,৪৬০,৭৮৬.৮৩	১০৫,৪৭৫,১২৯.৫১	১০৭,৭৬৫,৫১১.৯৯	২,৫১৪,১৪২.০৫

ঢাকা স্টক এক্সচেঞ্জের লেনদেন সংক্রান্ত পরিসংখ্যান			
বছর /মাস	লেনদেন দিবস (সংখ্যা)	মোট লেনদেন (মিলিয়ন টাকা)	দৈনিক গড় লেনদেন (মিলিয়ন টাকা)
২০১০	২৪৪	৪,০০৯,৯১২.৬৭	১৬,৯৭৪.৫২
২০১১	২৩৫	১,৫৬০,৯১২.০৯	৬,৬৪২.১৮
২০১২	২৩৮	১,০০১,০৮৪.৯০	৪,২০৬.২৪
২০১৩	২৩৮	৯৫২,৭৪২.০৮	৪,০০৩.১২
২০১৪	২৩৮	১,১৮৮,৫২১.৫৪	৪,৯৯৩.৭৯
২০১৫	২৪৪	১,০৩১,৩৯৮.৬৪	৪,২২৭.০৪
২০১৬	২৪১	১,১৯১,৫৭১.২৭	৪,৯৪৪.২৮
জানুয়ারি থেকে মার্চ ২০১৭	৬৩	৭৫৪,০৬৯.৯৬	১১,৯৬৯.৩৬

সামাজিক দায়বদ্ধতা

বাংলাদেশ সেনাবাহিনী দ্বারা পরিচালিত প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান ''প্রয়াস'' কে ডিএসই ২০১৬ সালে ২৫ লাখ টাকা অর্পণ করে।

ভবিষ্যৎ পরিকল্পনা

ডিমিউচ্যুয়ালাইজেশন পরবর্তী ঢাকা স্টক এক্সচেঞ্জ একটি লাভজনক প্রতিষ্ঠান হিসেবে এর মুনাফা বৃদ্ধির লক্ষ্যে দীর্ঘমেয়াদি বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করেছে এবং এর বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। উল্লেখযোগ্য কর্মপরিকল্পনাসমূহ নিম্নরূপঃ

- পুঁজিবাজারের বিনিয়োগকারী এবং এর সাথে সংশ্লিষ্ট মধ্যস্থতাকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে নির্দিষ্ট ফি এর বিনিময়ে তথ্য ও উপাত্ত সরবরাহ;
- মূল বাজারে তালিকাভুক্ত কোম্পানি ও কর্পোরেট বন্ডের সংখ্যা বৃদ্ধির মাধ্যমে প্রাপ্ত ফি;
- ওটিসি মার্কেটের আধুনিকায়নের মাধ্যমে নতুন নতুন কোম্পানির তালিকাভুক্তির সংখ্যা ও লেনদেনের পরিমাণ বৃদ্ধি;
- আধুনিক পুঁজিবাজারের বিভিন্ন ইন্সট্রুমেন্ট (যেমনঃ ETF, Sukuk, Derivatives, Options) এর লেনদেন চালু করা;
- পুঁজিবাজারে সরকারি ঋণপত্র (Govt. Treasury Bonds)এর লেনদেন চালু করা;
- প্রস্তাবিত ক্লিয়ারিং কোম্পানির সিংহভাগ শেয়ারের মালিকানা গ্রহণের মাধ্যমে কোম্পানির অর্জিত মুনাফায় অংশীদারিত্ব;
- একটি সতন্ত্র আইটি সাবসিডিয়ারি কোম্পানি প্রতিষ্ঠার মাধ্যমে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে আইসিটি সেবা প্রদান;
- কৌশলগত বিনিয়োগকারীর কাছে ডিএসইর পরিশোধিত মূলধনের ২৫% পর্যন্ত শেয়ার বিক্রয় সম্পন্নকরণ এবং
- সর্বোপরি পুঁজিবাজারের নিয়ন্ত্রক সংস্থা, বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সমন্বিত উদ্যোগের মাধ্যমে বাংলাদেশের পুঁজিবাজারে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ ও লেনদেন বৃদ্ধি।

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

বাংলাদেশের পুঁজি বাজারে দ্বিতীয় স্টক এক্সচেঞ্জ হিসেবে ১৯৯৫ সালের ১২ ফেব্রুয়ারি চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ প্রতিষ্ঠিত হয়। সিএসই প্রতিষ্ঠা লগ্ন থেকে দেশের মূলধন বাজারকে সক্রিয় করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভুমিকা রেখে আসছে। ১২ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ সিএসই'র কার্যক্রম পরিচালনা করেন। ৪ জন সদস্য এক্সচেঞ্জ ট্রেক হোল্ডারদের মধ্য হতে নির্বাচিত হন এবং ৭ জন ইন্ডিপেন্ডেন্ট সদস্য, কমিশনের অনুমোদনক্রমে, নির্বাচিত সদস্যগণ কর্তৃক মনোনীত হন যারা এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার নহেন এবং বাকি একজন হলেন ব্যবস্থাপনা পরিচালক। বর্তমানে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের মোট ট্রেক হোল্ডার সংখ্যা ১৪৮। বর্তমানে সিএসই তার অনলাইন ট্রেডিং কার্যক্রম দেশের বিভাগীয় শহরসহ বেশ কিছু জেলা শহরে বিস্তৃত করেছে যেমন চট্টগ্রাম, ঢাকা, নারায়ণগঞ্জ, ফেনী, সিলেট, চৌমুহনী, নোয়াখালী, কক্সবাজার, খুলনা, যশোর, বরিশাল ও রাজশাহী। এছাড়া সিএসই ইন্টারনেট ট্রেডিং সিস্টেম চালু করেছে যার মাধ্যমে সিএসইতে সিকিউরিটিজ কেনা-বেচা করতে পারেন।

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের পাঁচ বছরের অর্জন

নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম চালু করা

নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস), স্বয়ংক্রিয় পদ্ধতিতে ইন্টারনেট সহ সকল প্রকার আধুনিক সুযোগ সুবিধার সমন্বয়ে লেনদেন সম্পন্ন করার লক্ষ্যে সিএসই ২০১১ সালের ২০ অক্টোবর নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) চালু করে। এটি বিশ্বের অন্যতম দ্রুতগতি সম্পন্ন ট্রেডিং সফটওয়্যার। এই ট্রেডিং সিস্টেমটি ইক্যুইটি, বন্ড ইত্যাদি ছাড়াও ডেরিভেটিভস ও ফিউচার প্রোডাক্টস এর লেনদেন সম্পাদনে সক্ষম।

পুঁজিবাজার মেলা

সিএসই ২০১৫ সালের ৮ ও ৯ ই অক্টোবর চট্টগ্রামের জিইসি কনভেনশন সেন্টারে পুঁজি বাজার মেলার আয়োজন করে। পুঁজি বাজারের সামগ্রিক উন্নতি এবং বিনিয়োগকারীদের পুঁজি বাজারের প্রতি আস্থা ফিরিয়ে আনার লক্ষ্যে ২ দিন ব্যাপী এই মেলার আয়োজন করা হয়। দেশের বিভিন্ন জায়গা থেকে সিএসই ট্রেকহোল্ডার ও লিস্টেড কোম্পানিগুলো প্রায় ৫০ টি স্টল এর মাধ্যমে মেলায় অংশ গ্রহণ করে। এছাড়া বিনিয়োগকারীদের জন্য মেলায় ইটিএফ, পার্সোনাল পোর্টফোলিও ম্যানেজমেন্ট, আইপিও'র সুযোগ সুবিধা, সিএসই'র ইন্টারনেট ট্রেডিং সার্ভিস এর উপর সেমিনার ও ট্রেনিং সেশন অনুষ্ঠিত হয়। এছাড়াও সিএসই ২০১৭ সালে দেশ ব্যাপী অনুষ্ঠিত উন্নয়ন মেলায় বিএসইসি এবং ডিএসই'র সাথে যুগ্মভাবে এবং বিভিন্ন পুঁজিবাজার মেলায় অংশগ্রহণ করে।

ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (ইএফটিএন)

সিএসই তার ট্রেকহোল্ডারদের সাথে আর্থিক লেনদেনকে আরও সহজ ও গতিশীল করার লক্ষ্যে ২৫ সেপ্টেম্বর ২০১১ ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার চালু করে। বর্তমানে সিএসই'র ১৪৮ ট্রেকহোল্ডারদের মধ্যে সক্রিয় ১৩১ ট্রেকহোল্ডার সিএসই'র ইএফটিএন এর মাধ্যমে লেনদেন করছে।

সিএসই'র ডিজাস্টার রিকভারি সিস্টেম (ডিআরএস) চালু

সিএসই নেক্সট জেনারেশন এর আওতায় ২২ জুলাই ২০১২ থেকে সিএসই'র প্রধান কার্যালয়ে স্থাপিত প্রাইমারি ট্রেডিং সিস্টেমের পাশাপাশি ঢাকা অফিসেও একটি পূর্ণাঙ্গ ডিজাস্টার রিকভারি বা ডিআরএস সিস্টেম চালু করছে। কোন কারণে চট্টগ্রামের ট্রেডিং সিস্টেমটি অকেজো হয়ে গেলে স্বয়ংক্রিয় ভাবে ঢাকাস্থ ট্রেডিং সিস্টেমটি চালু হয়ে যাবে এবং এ সময় ট্রেডিংয়ে কোন প্রকার ব্যাঘাত ঘটবে না।

সিএসই ই-লাইব্রেরি ও নতুন ওয়েবসাইটের উদ্বোধন

